University of Rajshahi **Rajshahi-6205** **Bangladesh.**

RUCL Institutional Repository **http://rulrepository.ru.ac.bd**

Department of Urdu PhD Thesis

2021-06

Contribution of Non-Muslims in Urdu Literature

Khatun, Mst. Josna

University of Rajshahi

http://rulrepository.ru.ac.bd/handle/123456789/1045

Copyright to the University of Rajshahi. All rights reserved. Downloaded from RUCL Institutional Repository.

পিএইচ.ডি থিসিস

উর্দু সাহিত্যে অমুসলিমদের অবদান

মোসাঃ জোসনা খাতুন

উর্দু বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

জুন, ২০২১

উর্দু সাহিত্যে অমুসলিমদের অবদান

(CONTRIBUTION OF NON-MUSLIMS IN URDU LITERATURE)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পিএইচ. ডি ডিগ্রীর জন্য উপস্থাপিত অভিসন্দর্ভ

গবেষক

মোসাঃ জোসনা খাতুন
রোল নংঃ ১৩০২৩
সেশনঃ ২০১৩-২০১৪

উর্দু বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী, বাংলাদেশ

জুন, ২০২১

উর্দু সাহিত্যে অমুসলিমদের অবদান

(CONTRIBUTION OF NON-MUSLIMS IN URDU LITERATURE)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পিএইচ. ডি ডিগ্রীর জন্য উপস্থাপিত অভিসন্দর্ভ

গবেষক

মোসাঃ জোসনা খাতুন
রোল নং: ১৩০২৩
সেশন: ২০১৩-২০১৪

গবেষণা তত্ত্বাবধায়ক

ড. মুহাম্মাদ শহীদুল ইসলাম
প্রফেসর
উর্দু বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

উর্দু বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী, বাংলাদেশ

প্রত্যয়ন পত্র

আমি এ মর্মে প্রত্যয়ন করছি যে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের শিক্ষার্থী মোসাঃ জোসনা খাতুন কর্তৃক পিএইচ. ডি ডিগ্রীর জন্য উপস্থাপিত ***উর্দু সাহিত্যে অমুসলিমদের অবদান*** শীর্ষক অভিসন্দর্ভটি আমার প্রত্যক্ষ তত্ত্বাবধানে সম্পাদিত একটি মৌলিক গবেষণাকর্ম ।

আমার জানা মতে ইতোপূর্বে কোথাও এবং কোন ভাষায় এ শিরোনামে পিএইচ. ডি ডিগ্রীর উদ্দেশ্যে কোন গবেষণাকর্ম সম্পাদিত হয়নি । আমি গবেষণা নিবন্ধের চূড়ান্ত কপিটি প্রথম থেকে শেষ পর্যন্ত অধ্যয়ন করেছি । অত্র গবেষণা অভিসন্দর্ভটি পিএইচ. ডি ডিগ্রী লাভের উদ্দেশ্যে উপস্থাপন করার জন্য অনুমতি প্রদান করছি ।

ড. মুহাম্মাদ শহীদুল ইসলাম

প্রফেসর
উর্দু বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

ঘোষণা পত্র

আমি ঘোষণা করছি যে, ***উর্দু সাহিত্যে অমুসলিমদের অবদান*** শীর্ষক অভিসন্দর্ভটি সম্পূর্ণরূপে আমার নিজস্ব ও একক গবেষণাকর্ম। আমার জানা মতে এই শিরোনামে ইতোপূর্বে কোনো গবেষণাকর্ম সম্পাদিত হয়নি এবং এটি বা এর অংশ বিশেষ অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে কোন ডিগ্রীর জন্য উপস্থাপিত হয়নি।

মোসাঃ জোসনা খাতুন
উর্দু বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

কৃতজ্ঞতা স্বীকার

সকল প্রশংসা মহান আল্লাহ রাব্বুল আলামীনের যিনি পরম করুণাময় ও অসীম দয়ালু, যিনি সকল জ্ঞানের অধিকারী। যাঁর ইচ্ছা ও অনুগ্রহে আমার গবেষণাকর্মটি সম্পন্ন করতে পেরেছি। লাখো কোটি দরূদ ও সালাম সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব ও মানুষের পথ প্রদর্শক এবং মানবজাতির শিক্ষক হযরত মুহাম্মদ (সা.) এর প্রতি, যিনি মানবজাতিকে অন্ধকার জগৎ থেকে আলোর সন্ধান দিয়েছেন।

সর্বপ্রথম আমি অন্তরের অন্তরস্থল থেকে কৃতজ্ঞতা ও শ্রদ্ধা নিবেদন করছি এ অভিসন্দর্ভের সম্মানিত তত্ত্বাবধায়ক এবং আমার প্রাণপ্রিয় ও শ্রদ্ধাভাজন শিক্ষক ড. মুহাম্মদ শহীদুল ইসলাম, প্রফেসর উর্দু বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর প্রতি। যিনি অত্যন্ত ধৈর্যের সহিত আমার গবেষণাকর্মটি সম্বন্ধে পরামর্শ, সংশোধন, পরিমার্জন ও সংযোজন করেছেন এবং বিষয়ের গভীরে প্রবেশ করে আমাকে আন্তরিকভাবে সহযোগিতা করেছেন। বিষয়বস্তু সুবিন্যাস্ত করণে তার পাণ্ডিত্যপূর্ণ পরামর্শ সত্যিই প্রশংসনীয়। তার নিকট আমি চিরঋণী।

আমি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের প্রফেসর ড. মো. নাসির উদ্দীন স্যারের প্রতি, যিনি অধ্যায় বিন্যাসে সুচিন্তিত মতামত, ব্যক্তিগত বই ও তথ্য উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে মূল্যবান পরামর্শ দিয়ে আমার গবেষণাকর্মকে সমৃদ্ধ করতে সহায়তা করেছেন। কৃতজ্ঞতা প্রকাশ করছি ফারসি বিভাগের প্রফেসর ড. এম. শামীম খান এবং ড. মো. কামাল উদ্দিন স্যারের প্রতি যারা আমাকে গবেষণাকর্ম সম্পাদনের ক্ষেত্রে বিভিন্ন মতামত, পরামর্শ এবং উৎসাহ প্রদান করেছেন।

আমি বিশেষভাবে কৃতজ্ঞতা জানাই বাংলা বিভাগের প্রফেসর ড. অনীক মাহমুদ স্যারকে যার অনুপ্রেরণা এবং বাংলা বানানের ক্ষেত্রে সঠিক দিক নির্দেশনা আমার গবেষণা কাজকে তথ্য সমৃদ্ধ ও সহজ করার ক্ষেত্রে অসামান্য অবদান রেখেছে। আমি বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের শিক্ষকমণ্ডলীর প্রতি, যাদের অনুপ্রেরণা ও উৎসাহে আমার গবেষণাকর্মটি ত্বরান্বিত হয়েছে।

গবেষণাকর্মটি সম্পাদনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান, ব্যক্তিবর্গ ও সংস্থা বিভিন্নভাবে আমাকে সহযোগিতা করেছেন। বিশেষ করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার এবং উর্দু বিভাগের সেমিনারে দায়িত্বপ্রাপ্ত কর্মচারী এবং কর্মকর্তাবৃন্দের নিকট আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ।

গভীর ভালোবাসার সাথে স্মরণ করছি আমার স্বামী কাওসার আহমেদকে, যিনি এককভাবে সংসারের দায়িত্ব মাথায় নিয়ে সীমাহীন কষ্ট সহ্য করে দুই সন্তানকে আগলে রেখে আমার গবেষণাকাজে বিভিন্নভাবে সহায়তা করেছেন। তার অনুপ্রেরণা ও সহযোগিতা আমার গবেষণাকর্ম সম্পাদনে বিশেষ ভূমিকা পালন করেছে। আমি বিশেষভাবে স্মরণ করছি আমার অত্যন্ত স্নেহের ও ভালোবাসার সন্তান ইসতিয়াক আহমেদ অনিককে। সে আমাকে গবেষণাকর্মটি সম্পাদনে বিভিন্নভাবে সার্বিক সহযোগিতা করেছে। সে রাতদিন অক্লান্ত পরিশ্রম করে গবেষণাকর্মটি সম্পাদনে বিভিন্নভাবে সহায়তা করে আমাকে ঋণী করেছে। আমি তাকে ধন্যবাদ জানাই এবং তার মঙ্গল কামনা করি।

আমার অভিসন্দর্ভটির পাণ্ডুলিপি যত্নসহকারে কম্পিউটার কম্পোজ ও গবেষণাপত্রটি প্রস্তুত করণের জন্য হাফিয মাওলানা আনোয়ার হোসাইনকে জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ।

মোসা. জোসনা খাতুন

শব্দ সংক্ষেপ

হি.	= হিজরী
খ্রি.	= খ্রিস্টাব্দ
বাং	= বাংলা
তা. বি.	= তারিখ বিহীন
রা.	= রাদিয়াল্লাহু তা'আলা আনহু
সা.	= সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
দ্র.	= দ্রষ্টব্য
মৃ	= মৃত/মৃত্যু
ড.	= ডক্টর
পৃ.	= পৃষ্ঠা
p.	= page
Co.	= Company
Ltd.	= Limited
Vol.	= Volume

সূচিপত্র

ভূমিকা **১**

প্রথম অধ্যায় : উর্দু সাহিত্যের উৎপত্তি ও বিকাশ **৪**

১.১ উর্দু সাহিত্যের প্রাথমিক যুগ ৪

১.২ উর্দু সাহিত্যের মধ্যযুগ ৫

১.৩ উর্দু সাহিত্যের আধুনিক যুগ ৬

দ্বিতীয় অধ্যায় : উর্দু কাব্যসাহিত্যে অমুসলিমদের অবদান **৮**

২.১ গজল ৮

২.২ নজম ২৫

২.৩ মছনবী ৪৮

২.৪ মারছিয়া ৭০

তৃতীয় অধ্যায় : উর্দু গদ্যসাহিত্যে অমুসলিমদের অবদান **৯১**

৩.১ উপন্যাস ৯১

৩.২ নাটক ১৫৭

৩.৩ ছোটগল্প ১৬৭

৩.৪ প্রবন্ধ ২৩৪

৩.৫ সাংবাদিকতা ২৩৬

চতুর্থ অধ্যায় : অমুসলিম সাহিত্যিকদের সাহিত্যে বিধৃত সমাজচিত্র **২৬০**

৪.১ কাব্যসাহিত্যে বিধৃত সমাজচিত্র ২৬০

৪.২ গদ্যসাহিত্যে বিধৃত সমাজচিত্র ২৬৩

উপসংহার **২৭১**

গ্রন্থপঞ্জি **২৭৩**

ভূমিকা

উর্দু একটি জনপ্রিয় ও বহুল ব্যবহৃত ভাষা। তবে অনেকে মনে করেন উর্দু কেবল মুসলমানদের ভাষা। আসলে তা সত্য নয়, ভাষার কোন ধর্ম নেই। সব ভাষায় সকল ধর্মের মানুষ কথা বলতে, লিখতে ও জ্ঞান চর্চা করতে পারে। যেমন আরবি সমগ্র বিশ্বের মুসলমানদের মাতৃভাষা হতে পারে না। সংস্কৃত বিশ্বজুড়ে হিন্দুদের ভাষা হতে পারে না। কোন ভাষার উপর কোন ধর্মের একচেটিয়া কোন অধিকার নাই। কোন ভাষার উন্নতি হওয়ার পূর্ব শর্ত হলো তার সাধারণ গ্রহণযোগ্যতা। উর্দু সাহিত্যে মুসলমানরা যেমন অবদান রেখেছেন অমুসলিমরা তেমনি অবদান রাখার চেষ্টা করেছেন। উর্দু কবিতা হোক বা গদ্য, সমালোচনা বা গবেষণা, রসিকতা সাহিত্য, প্রতিটি ক্ষেত্রে অমুসলিম লেখকরা জড়িত রয়েছেন। মুসলমান সম্প্রদায়ের পাশাপাশি উর্দু সাহিত্যের উন্নতি, বিকাশ, অগ্রগতি এবং প্রচারে হিন্দু, খ্রিস্টান, শিখ, জৈন ইত্যাদি সম্প্রদায়ের লোকেরাও বিশেষ অবদান রেখেছেন। স্বাধীনতার আগে উর্দু ছিল অমুসলিমদের একটি বিশাল জনগোষ্ঠীর চিন্তাভাবনা ও মনের ভাব প্রকাশের সৃজনশীল মাধ্যম। কবিতা বা গদ্যই হোক, সমস্ত অমুসলিম লেখকদের দীর্ঘ তালিকা রয়েছে। যাদের সৃজনশীল প্রচেষ্টা উপেক্ষা করা যায় না। তারা সাহিত্যের বিভিন্ন শাখায় বিচরণ করেছেন।

গবেষণার শিরোনাম নির্বাচন

মানবিক মূল্যবোধ ও মানব জীবনকে সামনে রেখে যতগুলো ললিতকলার জন্ম হয়েছে সাহিত্য তাদের মধ্যে অন্যতম। সাহিত্য বলতে যথা সম্ভব কোন লিখিত বিষয়বস্তুকে বুঝায়। মানুষের আবেগ অনুভূতি চিন্তা কল্পনাকে লেখক ভাষার মাধূর্য দিয়ে যা লেখনীর মাধ্যমে প্রকাশ করেন তার নাম সাহিত্য। উর্দু সাহিত্যের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, উর্দু সাহিত্যের উন্নয়ন ও সমৃদ্ধিতে মুসলমানদের পাশাপাশি অমুসলিম কবি সাহিত্যিকরাও অসামান্য অবদান রেখেছেন। প্রেমচাঁদ, কৃষণচন্দ্র, পণ্ডিত রতন নাথ সরশার, রাজেন্দ্র সিং বেদী, সুদর্শন, ব্রজ নারায়ণ চাকবাস্ত, তিলোক চাঁদ মাহরুম, নেহাল চাঁদ লাহোরী, আনন্দ নারায়ণ মোল্লা, ফেরাক গোরাখপুরী, জগন্নাথ আজাদ প্রমুখ অমুসলিম কবি সাহিত্যিক তাদের সাহিত্যকর্মের মাধ্যমে উর্দু সাহিত্যকে উন্নতির সর্বোচ্চ শিখরে পৌঁছাতে সহায়ক ভূমিকা পালন করেছেন। এসব অমুসলিম কবি সাহিত্যিক ছাড়াও আরো অনেক কবি সাহিত্যিক রয়েছেন যারা তাদের লেখনীর মাধ্যমে চিরস্মরনীয় হয়ে আছেন। অথচ

তাদের সম্পর্কে এখন পর্যন্ত অথ্যসমৃদ্ধ কোন গবেষণাকর্ম সম্পাদিত হয়নি। তাই এই গবেষণাকর্মের শিরোনাম **"উর্দু সাহিত্যে অমুসলিমদের অবদান"** নির্বাচন করা হয়েছে।

গবেষণা পদ্ধতি

গবেষণা পদ্ধতি মূলত কোন লক্ষ্যকে সামনে রেখে নতুন তথ্য উদঘাটন ও সত্যে উপনীত হওয়ার মাধ্যম। এ ক্ষেত্রে প্রাথমিক (Primary) এবং গৌণ (Secondary) উভয় ধরনের উৎস থেকে সংগৃহীত তথ্য ও উপাত্তের উপর ভিত্তি করেই গবেষণাকর্মটি সম্পাদিত হয়েছে।

অমুসলিম কবি সাহিত্যিকদের কাব্য ও গ্রন্থাবলী এ গবেষণাকর্মের প্রাথমিক উৎস হিসেবে গৃহীত হয়েছে। তাদের জীবনী ও সাহিত্যকর্ম এবং সংশ্লিষ্ট যুগের সমকালীন অবস্থা সম্পর্কিত গ্রন্থাবলী এ গসেষণাকর্মের উৎস হিসেবে ব্যবহৃত হয়েছে। তাদের সাথে সংশ্লিষ্ট বিষয়ে উর্দু, ইংরেজি এবং বাংলা ভাষায় রচিত গ্রন্থাবলী থেকেও তথ্য ও উপাত্ত আহরণে সাহায্য নেওয়া হয়েছে। সংগৃহীত উপাত্ত ও তথাবলী সংযোজনের ক্ষেত্রে প্রমিত বাংলা বানানের নিয়ম পদ্ধতি অনুসৃত হয়েছে।

থিসিসের অধ্যায় ভিত্তিক পর্যালোচনা

এ গবেষণাকর্মকে ভূমিকা ও উপসংহার ব্যতীত চারটি অধ্যায়ে সুবিন্যস্ত করা হয়েছে। এ অধ্যায়গুলো সম্পর্কে সংক্ষিপ্ত পর্যালোচনা নিম্নে উপস্থাপন করা হলো:

প্রথম অধ্যায় : উর্দু সাহিত্যের উৎপত্তি ও বিকাশ। এই অধ্যায়ে উর্দু সাহিত্যের উৎপত্তির ইতিহাসসহ উর্দু সাহিত্যের বিকাশের সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায় : উর্দু কাব্যসাহিত্যে অমুসলিমদের অবদান। এই অধ্যায়ে গজল, নজম, মছনবী ও মারছিয়ার সংক্ষিপ্ত পরিচয় ও সংজ্ঞা এবং কাব্যের এই শাখাগুলোতে অমুসলিম কবিদের পরিচয় এবং উর্দু কাব্য সাহিত্যে তাদের অবদান সংক্ষিপ্তভাবে তুলে ধরা হয়েছে।

তৃতীয় অধ্যায় : উর্দু গদ্যসাহিত্যে অমুসলিমদের অবদান। এই অধ্যায়ে উপন্যাস, নাটক, ছোটগল্প, প্রবন্ধ এবং সাংবাদিকতার সংক্ষিপ্ত পরিচিতি এবং বিভিন্ন সমালোচক ও সাহিত্যিকদের উদ্ধৃতি উপস্থাপন করা হয়েছে। গদ্যের এই শাখাগুলোতে যে অমুসলিম সাহিত্যিগণ অবদান রেখেছেন তাদের সংক্ষিপ্ত পরিচয় এবং সাহিত্যকর্ম সম্বন্ধে আলোকপাত করা হয়েছে।

চতুর্থ অধ্যায় : অমুসলিম কবি সাহিত্যিকদের সাহিত্যে বিধৃত সমাজচিত্র। এ পর্যায়ে উর্দু কাব্য সাহিত্যে কবিগণের কবিতায় সমাজের বিভিন্ন যে দিকগুলো চিত্রায়ন করেছেন, তারা তাদের কাব্য

সাহিত্যের মাধ্যমে সমাজের বিভিন্ন যে সকল সমস্যার সমাধান তুলে ধরার চেষ্টা করেছেন, উর্দু গদ্য সাহিত্যের মাধ্যমে সাহিত্যিকগণ সমাজের যে সুক্ষ্ম দিকগুলো তুলে ধরেছেন এবং তারা তাদের গদ্য সাহিত্যের দ্বারা সামাজিক সমস্যাবলী প্রতিকার করার প্রচেষ্টা চালিয়েছেন তা এই অধ্যায়ে আলোকপাত করা হয়েছে।

উপসংহার: গবেষণার শেষে উপসংহার সন্নিবেশিত হয়েছে। এতে গবেষণাকর্মের সংক্ষিপ্ত রূপরেখা তুলে ধরা হয়েছে।

এই গবেষণাকর্মের সর্বশেষে লেখকের নাম গ্রন্থের নাম, প্রকাশনা ও প্রকাশকাল সম্বলিত একটি গ্রন্থপঞ্জি এবং ইন্টারনেট থেকে লিংক সংযোজন করা হয়েছে।

প্রথম অধ্যায়

উর্দু সাহিত্যের উৎপত্তি ও বিকাশ

উর্দু সাহিত্যের ইতিহাস পর্যবেক্ষণ করলে দেখা যায় যে, দুই বা ততোধিক ভাষাভাষী লোকের সংমিশ্রণে এই ভাষার উৎপত্তি হয়। কিন্তু এই ভাষা উৎপত্তির জন্য দু'চার বছর যথেষ্ট ছিল না, বরং শত শত বছরের প্রয়োজন হয়েছিল। ভারতীয় উপমহাদেশে মুসলমানদের আগমনে আরবি, ফারসি, তুর্কি এবং স্থানীয় ভাষাভাষীদের সংমিশ্রণে উর্দু ভাষার উৎপত্তি হয়।

১.১ উর্দু সাহিত্যের প্রাথমিক যুগ

ইতিহাস থেকে জানা যায় যে, উর্দু ভাষার প্রথম কবি ছিলেন শাহ মোহাম্মদ আলী ওলী (১৬৬০-১৭২০ খ্রি.)।[১] তিনি দক্ষিণ ভারতের বিখ্যাত কবি ছিলেন। উর্দু কবিতায় ওলী বিশেষ খ্যাতি অর্জন করেন। তাকে উর্দু কবিতার আদি পিতা বলা হয়।[২] তার কবিতার ভাষা ছিল সহজ, সরল ও প্রাঞ্জল। তার কবিতা পাঠ করলে পাঠকমনে আলোড়ন সৃষ্টি করে। তার কবিতায় সহজ-সরল ভাষা ব্যবহার করলেও কবিতায় নিয়মের অভাব ছিল না। নমুনা হিসেবে তার একটি পংক্তি তুলে ধরা হলো-

شغل بہتر ہے عشق بازی کا
کیا حقیقی و کیا مجازی کا۔[৩]

আলোচ্য যুগে কবি মীর তক্বী মীর (১৭২২-১৮১০) খ্রি.) উর্দু সাহিত্যের চরম উৎকর্ষ সাধন করেন। মীরের কবিতা তার স্বীয় জীবনের প্রতিচ্ছবি। তার কবিতায় নৈরাশ্য ও উদ্বেগ, ব্যথা ও বেদনা এবং দুঃখ যন্ত্রণার ছাপ উপস্থাপিত হয়। তার ভাষা সহজ, সরল, গীতিময় ও মাধুর্যপূর্ণ। তাকে উর্দু গজলের সম্রাট বলা হয়।[৪] মীর তক্বী মীরের সমসাময়িক আর একজন বিখ্যাত কবি হলেন মীর সওদা (১৭১২-১৭৮১ খ্রি.)। উর্দু ভাষায় কাসিদা লিখে তিনি বিশেষ খ্যাতি অর্জন করেন। তাকে উর্দু কাসিদার বাদশাহ বলা হয়।[৫] আলোচ্য যুগে উর্দু কাব্য সাহিত্যে আরো যারা বিশেষ অবদান রাখেন তাদের মধ্যে মীর হাসান, মীর দরদ, মীর সুয, কায়েম চাঁদপুরী, ইনশাল্লাহ খান ইনশা, মাসহাফী, নজীর প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

উর্দু কাব্য সাহিত্যের ন্যায় উর্দু গদ্য সাহিত্যের সূচনা হয়েছিল দক্ষিণ ভারতে। উর্দু গদ্য সাহিত্যের যে সমস্ত প্রাচীন নমুনা উৎঘাটন করা হয়েছে তার অধিকাংশ দক্ষিণ ভারতের লিখিত দুষ্প্রাপ্য গ্রন্থ। মোল্লা ওয়াজহীর سب رس (সবরছ) এবং মৌলবী আব্দুল্লাহ-এর احکام الصلوۃ (আহকামুস সালাত) এ ক্ষেত্রে উল্লেখযোগ্য। এ যুগে মাওলানা ফযল আলী ফযলী সর্বপ্রথম পূর্ণাঙ্গ উর্দু গ্রন্থ রচনা করেন।

তার গ্রন্থের নাম دہ مجلس (দাহ মাজলিশ) (১৭৩২ খ্রি.)। এরপর মীর আতা হুসাইন তাহাসিন نوطرز مرصع (নোও তরযে মুরাস্‌সা) ১৭৮৯ খ্রি.) লিখে উত্তর ভারতে উর্দু গদ্য সাহিত্য চর্চার ধারা অব্যাহত রাখেন।

১.২ উর্দু সাহিত্যের মধ্যযুগ

উর্দু সাহিত্যের মধ্যযুগকে স্বর্ণ যুগও বলা হয়। উর্দু কাব্য সাহিত্যের সমৃদ্ধিতে এ যুগের বিখ্যাত কবি ইব্রাহীম জোক, আসাদুল্লাহ খান গালিব এবং মু'মিন খান মু'মিন বিশেষ পাণ্ডিত্য দেখিয়েছেন। এই যুগে তাদের মাধ্যমে উর্দু কাব্য সাহিত্য বিকশিত হয়। ইব্রাহীম জোক (১৭৮৯-১৮৫৪ খ্রি.) সে সময়ে অসাধারণ প্রতিভার অধিকারী ছিলেন। তিনি কাসিদায় যেমন দক্ষ ছিলেন তেমনি গজলেও বিশেষ পারদর্শী ছিলেন। এই যুগের আর একজন শ্রেষ্ঠ কবি হলেন- মু'মিন খাঁ মু'মিন (১৮০০-১৮৫২ খ্রি.)। তিনি সৌন্দর্যপ্রিয় ও নন্দিত কবি হিসেবে অধিক পরিচিত ছিলেন। যদিও তিনি কাসিদা, মছনবী ইত্যাদি রচনা করেছেন তথাপি তার মূল কাব্য রচনার ক্ষেত্র ছিল গজল। গজলে তিনি প্রেমঘটিত বিষয়াবলী অত্যন্ত সুন্দরভাবে উপস্থাপন করেছেন। তিনি তার এক গজলে প্রেমিকাকে উদ্দেশ্য করে বলেন-

تم میرے پاس ہوتے ہو گویا
جب کوئی دوسرا نہیں ہوتا۔[৬]

এই পংক্তিটি শুনে মির্যা গালিব এত মুগ্ধ হয়েছিলেন যে, তিনি এর বিনিময়ে তার দীওয়ানটি মু'মিনকে দিয়ে দিতে চেয়েছিলেন।[৭] এছাড়া আলোচ্য যুগে আরও যারা উর্দু ভাষায় কাব্যচর্চা করেন তাদের মধ্যে বাহাদুর শাহ জাফর, শাহ নাসির, নওয়াব মোস্তফা খান শিফতা, আনিস, দবীর প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

এই যুগে উর্দু গদ্য সাহিত্যের ভিত্তি রচিত হয়েছিল কলকাতায় ফোর্ট ইউলিয়াম কলেজ (১৮০০ খ্রি.) প্রতিষ্ঠার মধ্যদিয়ে। ইংরেজ অফিসারদেরকে ভারতীয় ভাষায় (উর্দু) শিক্ষাদান এবং ভারতীয় ভাষায় খ্রীষ্টধর্ম প্রচারের উদ্দেশ্যে এ কলেজ প্রতিষ্ঠা লাভ করে।[৮] এ কলেজে ভারতীয় অতিপুরাতন ও দুষ্পাপ্য গ্রন্থগুলো ইংরেজ অফিসারদেরকে পড়ানোর উদ্দেশ্যে সহজ সরল উর্দু ভাষায় অনুবাদ করা হতো। ফলে উর্দু গদ্য সাহিত্য খুব দ্রুত ও চমৎকারভাবে সমৃদ্ধি লাভ করে। এ কলেজে উর্দু গদ্য সাহিত্যের উন্নতির জন্য যারা বিশেষভাবে ভূমিকা পালন করেন তাদের মধ্যে ড. জন গিলক্রিষ্ট অন্যতম। এছাড়া মীর আম্মান দেহলবী, লাল্লু লালজী, বেইনী নারায়ণ প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ফোর্ট উইলিয়াম কলেজের পরে দিল্লী কলেজ উর্দু গদ্য সাহিত্যের ক্রমবিকাশে বিশেষ

ভূমিকা পালন করে। এ কলেজটি একটি মাদ্রাসা হিসেবে ১৮২৭ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়। ইংরেজরা ভারতীয়দেরকে ইংরেজি শিখানোর উদ্দেশ্যে এই মাদ্রাসাকে ১৮৩১ খ্রিস্টাব্দে কলেজ হিসেবে প্রতিষ্ঠিত করে।[৯] এ কলেজে একটি অনুবাদ শাখাও ছিল। এ শাখায় বিভিন্ন বিষয়ে দেশীয় (উর্দু) ভাষায় রচিত প্রায় দেড়শ ইংরেজি পুস্তকের অনুবাদ করা হয়।

১.৩ উর্দু সাহিত্যের আধুনিক যুগ

১৮৫৭ খ্রিস্টাব্দের সিপাহী বিদ্রোহের পর থেকে আধুনিক উর্দু কাব্য সাহিত্যের সূচনা হয়।[১০] এই যুগের বিখ্যাত কবি হলেন- খাজা আলতাফ হুসাইন হালী (১৮৩৭-১৯১৪ খ্রি.) ও মুহাম্মদ হুসাইন আজাদ (১৮৬০-১৯১০ খ্রি.)। তাদের মাধ্যমে আধুনিক উর্দু কাব্য সাহিত্যের ভিত্তি প্রস্তর স্থাপন হয়েছিল। উর্দু সাহিত্যের প্রাথমিক ও মধ্যযুগে উর্দু কাব্য রচিত হতো শুধু আধ্যাত্মিক ও প্রেম-ভালোবাসা বিষয়ক। প্রকৃতি ও বাস্তব জীবন সংক্রান্ত কোন বিষয়ে উর্দু কাব্য রচনা করা হতো না। স্যার সৈয়দ আহমদ খান ছিলেন আধুনিক যুগের লেখক। তার অনুপ্রেরণায় হালী ও আজাদ সর্বপ্রথম আধুনিক উর্দু কাব্য চর্চা শুরু করেন। এখানে হালীর কবিতার একটি পংক্তি তুলে ধরা হলো-

آتی نہیں ہے شرم تجھے اے خدا پرست
دل میں کہیں نشاں نہیں تیرے یقین کا۔[১১]

আজাদ ও হালী ছাড়া আধুনিক যুগের কবিদের মধ্যে আল্লামা ইকবাল, জিগর মুবাদাবাদী, জোশ মালিহাবাদী, ইসমাঈল মেরীঠী, ব্রজ নারায়ণ চাকবাস্ত, ফেরাক গোরাখপুরী, আনন্দ নারায়ণ মোল্লা, সুরজ নারায়ণ মেহের প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

আধুনিক উর্দু গদ্য সাহিত্যের ভিত্তি স্থাপনকারী ছিলেন মির্যা আসাদুল্লাহ খান গালিব (১৭৯৭-১৮৬৯ খ্রি.)। সর্বপ্রথম তিনি উর্দু ভাষায় পত্র লিখে আধুনিক উর্দু গদ্য সাহিত্যে একটি নতুন মাত্রার সংযোজন করেন। তার পত্র সংকলন اردوئے معلی (উর্দুয়ে মুয়াল্লা), عود ہندی (উদে হিন্দি), مکاتب غالب (মাকাতীবে গালিব) ও نادرات غالب (নাদরাতে গালিব) বিশেষভাবে উল্লেখযোগ্য। গ্রন্থগুলোতে তার সর্বমোট ৮৭৭টি উর্দু পত্র স্থান পেয়েছে। তার পত্রের ভাষা অত্যন্ত সাবলীল, প্রাঞ্জল ও চিত্তাকর্ষক। গালিবের পত্রাবলীতে উর্দু গদ্যের যে সূচনা হয়েছিল মোহাম্মদ হুসাইন আজাদ তাকেই সমৃদ্ধ করেন। আজাদের সবচাইতে সার্থক রচনা ابِ حیات (আবে হায়াত), نیرنگ خیال (নৈরাঙ্গে খেয়াল) এবং دربار اکبری (দরবারে আকবরী) ইত্যাদি।

এছাড়া আলোচ্য যুগের অন্যান্য সাহিত্যিকদের মধ্যে- স্যার সৈয়দ আহমদ খা, নজীর আহমদ, জাকাউল্লাহ, আল্লামা শিবলী নোমানী বিশেষভাবে উল্লেখযোগ্য।

টীকা ও তথ্য নির্দেশ

১ ড. খুশহাল যাইদী, *মুরাসসায়ে* (নয়াদিল্লীঃ ইদারায়ে বখশে খিযরে রাহ, তা.বি.), পৃ. ২০১।

২ নুরুল ইসলাম নাকবী, *তারিখে আদবে উর্দু* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৪ খ্রি.), পৃ. ৭৪।

৩ *ইন্তেখাবে মাঞ্জুমাত*, ২য় খণ্ড (লক্ষ্ণৌঃ উত্তর প্রেস উর্দু একাডেমি, ১৯৯৭ খ্রি.), পৃ. ৮।

৪ এ. বশীর, *সহীফায়ে আদব* (আলীগড়ঃ আনোয়ার বুক ডিপো, ১৯৯৭ খ্রি.), পৃ. ২৯।

৫ ড. মোঃ নাসির উদ্দীন, *আলতাফ হুসাইন হালীঃ উর্দু সাহিত্যে তার অবদান*, পি-এইচ-ডি থিসিস, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২০১১ খ্রি.), পৃ. ২৫।

৬ *ইন্তেখাবে মাঞ্জুমাত*, *প্রাগুক্ত*, পৃ. ২৮।

৭ ড. মোঃ নাসির উদ্দীন, *আলতাফ হুসাইন হালীঃ উর্দু সাহিত্যে তার অবদান*, *প্রাগুক্ত*, পৃ. ২৭।

৮ আবিদা বেগম, *ফোর্ট উইলিয়াম কলেজ কী আদবী খেদমাত* (লক্ষ্ণৌঃ নিসরাত পাবলিকেশন, ১৯৮৩ খ্রি.), পৃ. ৯।

৯ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কী তারিখ* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৯৪ খ্রি.), পৃ. ২০৩।

১০ ড. সৈয়দ ইজাজ হুসাইন, *মুখতাছার তারিখে আদবে উর্দু* (দিল্লীঃ উর্দু কতাবঘর, ১৯৬৪ খ্রি.), পৃ. ১০৯।

১১ মাওলানা আলতাফ হুসাইন হালী, *দীওয়ানে হালী* (দিল্লীঃ উর্দু একাডেমি, ১৯৯৭ খ্রি.), পৃ. ৩১।

দ্বিতীয় অধ্যায়

উর্দু কাব্যসাহিত্যে অমুসলিমদের অবদান

কাব্য হচ্ছে শব্দ প্রয়োগের ছান্দনিক কিংবা অনিবার্য ভাবার্থের বাক্য বিন্যাস যা একজন কবির আবেগ অনুভূতি, উপলব্ধি ও চিন্তার সংক্ষিপ্ত রূপ তা উপমা ও চিত্রকল্পের সাহায্যে প্রকাশ করা হয়। উর্দু কাব্যসাহিত্যের বিভিন্ন শাখা রয়েছে। যেমন: গজল, নজম, কাসিদা, মছনবী, মারছিয়া, রুবাঈ, কেতআ, হামদ, না'ত, মুসাদ্দাস, মুনাজাত, মুনকাবাত ইত্যাদি। উর্দু কাব্যসাহিত্যের এই শাখাগুলোতে বিভিন্ন সময়ে বিভিন্ন কবি অবদান রেখেছেন। যদিও উর্দু কাব্যসাহিত্যে মুসলিম কবিদের অবদান অনেক বেশি, কিন্তু অমুসলিম কবিদের অবদানও কম নয়। উর্দু কাব্যসাহিত্যে গজল, নজম, মছনবী ও মারছিয়ায় অমুসলিম কবিগণের অবদান বেশি বিধায় এখানে উল্লিখিত বিষয়ে অমুসলিম কবিদের অবদান তুলে ধরা হয়েছে।

২.১ গজল

গজল আরবি ভাষা থেকে উৎপত্তি হলেও ফারসি ভাষায় এটি বিশেষ বিকাশ লাভ করে। পরবর্তীতে উর্দু ভাষায় এটি অধিক জনপ্রিয়তা লাভ করে। গজলের অর্থ নারীদের সাথে কথা বলা। কাব্যের এ শাখায় মেয়েদের প্রেম-প্রীতি ও ভালোবাসা বিষয়ে আলোকপাত করা হয়। এ প্রসঙ্গে ড. মুহাম্মদ আব্দুল হাফিজ কাতীল বলেছেন-

"غزل کے لغوی معنی عورتوں سے باتیں کرنے، ان کے ساتھ خوش طبعی سے پیش آنے اور عاشقی کرنے کے ہیں۔"[১]

গজলের সংজ্ঞা বিভিন্ন সাহিত্যিক ও সমালোচক বিভিন্নভাবে দিয়েছেন, তবে আজিমুল হক জুনায়দীর গজলের সংজ্ঞাটি যুক্তিযুক্ত। আজিমুল হক জুনায়দী বলেছেন-

"غزل اس نظم کو کہتے ہیں جس میں حسن و عشق، تصوف، اخلاق، فلسفہ وغیرہ سے متعلق مضامین ہوں اور ہر شعر کا مضمون الگ ہو۔"[২]

প্রতিটি গজলের বিষয়বস্তু ও অর্থ আলাদা। গজল আমাদের সভ্যতার একটি অংশ হয়ে গেছে। এ কারণে আমাদের সমাজে প্রত্যেক জায়গায় গজল জনপ্রিয় হয়েছে। প্রফেসর রশিদ আহমেদ সিদ্দিকী গজলকে উর্দু কবিতার 'আবরু' বলেছেন।[৩] গজল উর্দু কাব্যসাহিত্যের একটি জনপ্রিয় শাখা। এই শাখায় যে অমুসলিম কবি বিশেষ অবদান রেখেছেন তিনি হলেন- ব্রজ নারায়ণ চাকবাস্ত।

ব্রজ নারায়ণ চাকবাস্তঃ তিনি উর্দু কাব্যসাহিত্যের অন্যতম প্রধান কবি। তিনি জনসাধারণকে সচেতন করার জন্য গজল রচনা করেছেন। উর্দু কাব্যসাহিত্যের ইতিহাসে চাকবাস্তের নাম অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি ১৮৮২ খ্রিস্টাব্দে ১৯ শে জানুয়ারি ফয়েজাবাদে জন্মগ্রহণ করেন।[৪] তিনি ১৯২৬ খ্রিস্টাব্দে ১২ই

ফেব্রুয়ারি মৃত্যুবরণ করেন।[৫] তার পিতার নাম ছিল উদিত নারায়ণ চাকবাস্ত। তার পিতা একজন কবি ছিলেন। তার পাঁচ বছর বয়সেই তার পিতা মৃত্যুবরণ করেন।[৬] তিনি ঘরে বসেই উর্দু, ফারসি পড়া শিখেছেন। তারপর তিনি সরকারি হাই স্কুলে ভর্তি হন, সেখান থেকে ১৯০০ খ্রিস্টাব্দে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস করেন এবং ১৯০২ খ্রিস্টাব্দে এফ এ পরীক্ষায় পাস করেন। তারপর তিনি ১৯০৩ খ্রিস্টাব্দে বিএ ভর্তি হন এবং ১৯০৫ খ্রিস্টাব্দে বি.এ ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯০৭ খ্রিস্টাব্দে এল. এল. বি ডিগ্রী অর্জন করেন।[৭] ১৯০৮ খ্রিস্টাব্দে তিনি ওকালতি জীবনে পদার্পণ করেন এবং ১৯২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত ১৮ বছর ওকালতি করেন।[৮] তারপর তিনি চাকরি ছেড়ে গজলে ঝুঁকে পড়েন। তার গজল পড়লে তা সহজে বোধগম্য হয়।

فکر دنیاداری ہے دشمن سخن۔اس کشمکش میں غزل کہنا ہمارا کام ہے[৯]

তিনি উর্দু কাব্যসাহিত্যের ইতিহাসে একজন জাতীয় কবি। তিনি উর্দু গজলে যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছেন। তিনি ১৮৯৪ খ্রিস্টাব্দে সর্বপ্রথম গজল রচনা শুরু করেন যা ১৯০৮ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১০] তারপর থেকে তিনি একটানা বহু উৎকৃষ্ট গজল রচনা করেন। তার গজলের বিষয়বস্তু ছিল বেশির ভাগই দেশপ্রেম। তিনি দেশকে ছাড়া কোন কিছুই ভাবতে পারতেন না। দেশের মাটি ও মানুষ সবই তার কাছে আপনজন। সে কারণে তিনি দেশকে নিয়ে অনেক গজল রচনা করেছেন। এ সম্পর্কে তার গজলের একটি পংক্তি উদ্ধৃত হলো-

یہ وہ غم ہے کہ جس کی پرورش دل خوب کرتا ہے☆زباں تک لا نہیں سکتا میں شکوے بیوفائی کے[১১]

চাকবাস্ত দেশের প্রাকৃতিক দৃশ্য নিয়েও অনেক গজল লিখেছেন। তার গজলের মূলে রয়েছে প্রাকৃতিক সৌন্দর্য। অনেক উর্দু কবি বিহারের সকালের দৃশ্যের বর্ণনা করেছেন; কিন্তু চাকবাস্ত তার গজলে রাতের দৃশ্য অঙ্কন করেছেন। কবি তার অনুভূতি ও আবেগ দিয়ে রাতের দৃশ্যকে এত সুন্দর করে ফুটিয়ে তুলেছেন তা অকল্পনীয়। কবি বিহারের রাতের দৃশ্যকে এভাবে বর্ণনা করেছেন-

عکس گل رہتا ہے آب جوئے گلشن پر☆پھولوں کی جھولیوں میں ہیں موتی بھرے ہوئے
شبنم لٹا رہی ہے خزانہ بہار کا☆پھیلی ہو جیسے گور غریباں میں چاندنی۔[১২]

চাকবাস্তের গজল বেশিরভাগ রাজনৈতিক ইভেন্ট দ্বারা প্রভাবিত বলে মনে হয়। এছাড়া তার আরো গজল রয়েছে যা মুক্তিযোদ্ধাদের সাহস বাড়ানোর চেষ্টা করে। তিনি রাজনৈতিক আন্দোলন ও সমস্যা নিয়ে অনেক গজল লিখেছেন। তিনি জাতীয়তাবাদ ও দেশপ্রেমকে তার গজলের মূল বিষয়বস্তু

হিসেবে তৈরি করেছেন। চাকবাস্ত তার গজলে রাজনৈতিক মতাদর্শ খুব সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন। যেমন-

گردنیں خم ہیں ندامت سے دل آزاروں کی ☆ رہ گئی بات زمانہ میں وفاداروں کی
قید سے چھوٹ کے آئے ہیں وفا کے یوسف ☆ سر بازار ہے کیا بھیڑ خریداروں کی۔[১৩]

চাকবাস্তের কাছে মানবতা ধারণাটি একটি গুরুত্বপূর্ণ বিষয় যা প্রতিটি ধর্মে বিদ্যমান। তিনি একজন নক্ষত্রের মতো উজ্জ্বল জাতীয় কবি ছিলেন। তার কথাগুলো দেশপ্রেম এবং মানবতার এক নিখুঁত উদাহরণ। গজল তাকে আরো বেশি সম্মানিত ও বিশিষ্ট কবি হিসেবে মর্যাদা দিয়েছে। তিনি গজলের মাধ্যমে মুসলিম জাতিকে জাগিয়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন। তিনি কোন সম্প্রদায়িক কবি ছিলেন না। তার গজলে মানবতাবাদের উদাহরণস্বরূপ দুইটি পংক্তি উদ্ধৃত হলো-

قوم کی شیزازہ بندی کا گلہ بیکار ہے ☆ طرز ہندو دیکھ کر رنگ مسلمان دیکھ کر
انتشار قوم سے جاتی رہی تسکین قلب ☆ نیند رخصت ہو گئی خواب پریشاں دیکھ کر[১৪]

চাকবাস্তের সবচেয়ে অন্যতম দিক হলো তিনি মানুষের জীবন সম্পর্কে একটি আদর্শ ধারণা তৈরি করতেন এবং তারপরে গজলে সেই ধারণা উপস্থাপন করতেন। বর্ণ, সমাজ ও জাতীয়তাবাদ সংস্কার ছাড়াও চাকবাস্তের গজলে প্রতিপাদ্য বিষয় অভূতপূর্ব শক্তির প্রতিচ্ছবি। তিনি জীবন ও দর্শন বিষয়ে অসংখ্য গজল লিখেছেন। উদাহরণস্বরূপ-

فنا کا ہوش آنا زندگی کا درد سر جانا ☆ اجل کیا ہے خمار بادۂ ہستی اتر جانا[১৫]

চাকবাস্ত ছিলেন একজন বড় মাপের কবি। তিনি সূফীদের জীবনী নিয়ে গজল লিখেছেন। সূফীরা তাদের নিজের জীবনকে ভুলে যান। তারা আত্মতৃপ্তিতে ব্যস্ত থাকেন। তিনি তার গজলে সূফীদের জীবনী খুব সুন্দরভাবে উপস্থাপন করেছেন। কবি বলেন-

نظر آتا ہے فقیری میں تماشائے جہاں ☆ ٹھیکرا بھیک کا جمشید کا پیمانہ ہے
کیسا ہوائے حرص میں برباد بشر ☆ سمجھا ہے زندگی کو یہ مشت غبار کیا[১৬]

চাকবাস্ত শুধু ভারতের গজলকার ছিলেন না, তিনি সারা বিশ্বের গজলকার ছিলেন। তিনি গজলে অনেক সুনাম অর্জন করেছেন। তার গজলের ভাষা ছিল খুবই সহজ-সরল এবং প্রাণবন্ত। তার গজলের ভাষা শুনলে মনে হয় এটা শুধু মানুষের জন্যই লেখা এবং দেশের জন্যই লেখা। তার গজলের লাইনগুলো পড়ে মানুষ আত্মতৃপ্তি লাভ করে।

জগন্নাথ আজাদঃ জগন্নাথ আজাদ ছিলেন একজন ভারতীয় উর্দু কবি, লেখক এবং শিক্ষাবিদ। তিনি ৫ই ডিসেম্বর ১৯১৮ খ্রিস্টাব্দে ব্রিটিশ ভারত পাঞ্জাবের মিয়ানওয়ালী জেলায় জন্মগ্রহণ করেন।[১৭] তার পিতার নাম তিলোক চাঁদ মাহরুম। তার পিতাও একজন কবি ছিলেন। তার আসল নাম জগন্নাথ এবং উপাধি আজাদ।[১৮] তিনি ১৯৩৩ খ্রিস্টাব্দে রাজা রামমোহন রায় উচ্চ বিদ্যালয় থেকে ম্যাট্রিক পাস করার পরে দয়ানন্দ অনল বৈদিক কলেজ থেকে ১৯৩৭ খ্রিস্টাব্দে এম. এ ডিগ্রী অর্জন করেন। তিনি পাঞ্জাবের লাহোর বিশ্ববিদ্যালয় থেকে ফারসিতে এম. এ ডিগ্রী অর্জন করেন।[১৯] কলেজে প্রথম স্থান অর্জন করার জন্য তাকে রবীন্দ্রনাথ ঠাকুরের বই উপহার দেওয়া হয়। তিনি কলেজে প্রথম দিনগুলোতে 'পত্রিকা গর্ডিয়ান' এর সম্পাদক হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে যোগদান করেন। ১৯৫৫ খ্রিস্টাব্দে তিনি তথ্য অফিসার পদে পদোন্নতি লাভ করেন। এরপর তিনি বিভিন্ন সরকারি পদে যুক্ত ছিলেন। তিনি ১৯৭৭ খ্রিস্টাব্দে সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরে জম্মু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপনায় নিযুক্ত হন। অবশেষে তিনি ১৯৯৩ খ্রিস্টাব্দে রাষ্ট্রপতি হন এবং একেবারে শেষ অবধি এ পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি ২০০৪ খ্রিস্টাব্দে ২৪ শে জুলাই নায়াদিল্লীতে ক্যান্সারে ৮৫ বছর বয়সে পরলোকগমন করেন।[২০]

অধ্যাপক জগন্নাথ আজাদ অন্যতম সম্মানিত বিশেষজ্ঞ হলেও তিনি একজন সুপরিচিত গজলকার। জগন্নাথ আজাদ অতি অল্প সময়ের মধ্যে গজলে জনপ্রিয়তা অর্জন করেছেন। জগন্নাথ আজাদ যে সময়ে গজল লিখতে শুরু করেন, সে সময় শুধু রাজনৈতিক ও সামাজিক অবস্থা ছিল না সাহিত্যের অবস্থানও বর্তমান ছিল। ওই সময়ে কবিগণ সমাজের বাস্তব চিত্র ও দুঃখের বিষয়ে গজল রচনা করতেন। আজাদ এ বিষয়ে কিছু একমত ছিলেন; কিন্তু তার গজলে প্রেমের বিষয়টি সুন্দরভাবে চিত্রায়িত হয়েছে। আজাদের গজলে প্রথম দিকে প্রেমের অনুভূতি জাগ্রত হয়। তার প্রেমিকা কোন বস্তু নয়; বরং জীবন্ত মানুষ। তিনি তার গজলে প্রেমিকাকে উদ্দেশ্যে করে এভাবে বলেন-

دل ہر قدم پہ ترے سہارے کا منتظر ☆ دنیا تمام دل کا سہارا لئے ہوئے[২১]

প্রেমের জীবনে গুরুত্ব রয়েছে এটা কখনো অস্বীকার করা যায় না। এটির মাধ্যমে ইচ্ছার জন্ম হয়, যা জীবনকে রঙিন করে তোলে এবং মানুষ সেটির পেছনে দৌঁড়াতে থাকে। জগন্নাথ আজাদের বেশিরভাগ গজল প্রেম সংক্রান্ত, প্রেমের বিষয় সুস্পষ্ট। প্রতিটি যুগে প্রেমের সাথে দুঃখকে আলাদাভাবে ব্যাখ্যা করা হয়। এটি হতাশা এবং ব্যর্থতার অর্থে ব্যবহৃত হয়েছিল। জগন্নাথ আজাদ তার গজলে দুঃখকে এভাবে তুলে ধরেছেন-

میں ہر غم جہاں سے گزرتا چلا گیا ☆ اک ترے غم نے کتنا بڑا آسرا دیا[২২]

অনন্য সাফল্যের সাথে জগন্নাথ আজাদ তার জীবন অতিবাহিত করেছেন। প্রতিটি সাফল্য জীবনের তলদেশে যেখানে ব্যক্তিত্ব, ধার্মিকতা, কঠোর পরিশ্রম এবং জীবনের প্রতি আদর্শিকভাবে গুণাবলী নিজে অর্জন করে। সবারই জীবনের সামগ্রিক চিত্র পরিপূরক করতে, বিভিন্ন দুর্বলতা, পরীক্ষামূলক প্রতিক্রিয়া, মানসিক পক্ষপাত এবং উদ্বেগ রয়েছে। কবি যেহেতু অসাধারণ অনুভূতি ও আবেগের একজন ভাস্কর তাই কেউ তার মুক্তিলাভ থেকে বাধা দিতে পারেনি। এ প্রসঙ্গে তার গজলে তিনি বলেন-

اے مجھے بھول کر بھی یاد نہ کرنے والے ☆ دن تو کیا ہجر میں راتیں بھی مری بیت گئیں
مری تقدیر کانٹے چن رہی ہے ☆ بہار بوستاں ہے اور میں ہوں [২৩]

জগন্নাথ আজাদ যখন তার জন্মভূমি পাকিস্তান সম্পর্কে চিন্তা করেন এবং যখন তিনি এ দেশটি অপরিচিত ব্যক্তির মতো পরিদর্শন করেন, তখন তিনি রাজনীতির সংকীর্ণ বাস্তবতা নির্বিশেষে প্রেমের ক্ষমার অযোগ্য পরিবেশকে স্বাগত জানান। তাই তার হৃদয় থেকে এই অনুভূতি ফেটে যায়-

وطن نے تجھ کو بلایا تو کیا ہوا ازاد ☆ دیار غیر میں تو اپنے احترام کو دیکھ
کیا خبر کیا بات اس کے کفر میں پوشیدہ ہے ☆ ایک کافر کیوں حرم والوں کو یاد آیا بہت [২৪]

তিনি হিন্দু ও মুসলমানকে কখনো আলাদা চোখে দেখতেন না। তিনি হিন্দু নন, মুসলমান নন, তিনি একজন সাধারণ মানুষ। তিনি শুধু একজন সাধারণ মানুষ নন, তিনি একজন কবি। তিনি একজন বড় কবি নন, তিনি একজন মানুষের কবি। এ প্রসঙ্গে হামিদা সুলতান আহমেদ বলেছেন-

"ازاد ہر دور میں انسانیت کے علمدار رہے۔ اس جھنڈے کو پریشانی کے دور میں بھی سرنگوں نہ ہونے دیا۔ سچ پوچھئے تو آزاد نہ ہندو ہیں نہ مسلمان، وہ ان تعصبات سے الگ ایک انسان ہیں محض انسان۔ اسی انسانیت کے پرچم کو بلند کرنے کے لیے وہ کوشاں ہیں"۔ [২৫]

তিনি হিন্দু ও মুসলমান প্রসঙ্গে অনেক গজল লিখেছেন। এ প্রসঙ্গে তিনি তার গজলে বলেন-

گرچہ انسان ہے زبوں حال مگر میں اے دوست ☆ درد مستقبل انسان سے نہیں ہوں مایوس [২৬]

জগন্নাথ আজাদের গজলের মধ্যে শুধু দেশপ্রেম এবং হিন্দু মুসলমান বিষয়ে দেখা যায় না। তিনি রাজনৈতিক বিষয়েও গজল লিখেছেন। তার গজলের মধ্যে রাজনৈতিক কর্মকাণ্ড দেখা যায়। এ বিষয়ে তার গজলের দু'টি পংক্তি তুলে ধরা হলো-

بس ایک نور جھلکتا ہوا نظر آیا ☆ پھر اس کے بعد نہ جانے چمن پہ کیا گزری
میں کاش تم کو بھی اہل وطن بتا سکتا ☆ وطن سے دور کسی ہے وطن پہ کیا گزری [২৭]

জগন্নাথ আজাদের গজলে প্রেম, দেশপ্রেম, রাজনৈতিক এবং সামাজিক বিষয়গুলো খুব সুন্দরভাবে ফুটে উঠেছে তার সাথে সাথে দৃশ্যের সুন্দর বর্ণনা রয়েছে। দৃশ্যের সৌন্দর্যের বর্ণনা তার গজলে সচরাচর পাওয়া যায়। তার গজলে সৌন্দর্যের বর্ণনা তিনি এভাবে তুলে ধরেছেন-

غزل میں حُسن بیان بڑی شے ہے شک نہیں مجھ کو اس میں لیکن ☆ میں شوز جذبے کا دیکھتا ہوں غزل میں حُسن بیان سے پہلے [২৮]

আজাদের গজলের ভাষা গঙ্গায় অতিবাহিত সভ্যতার চেয়ে পাঞ্জাবের প্রভাব বেশি প্রস্ফুটিত হয়। তার গজলের ভাষা সহজ ও সরল এবং তার গজলে শান্তির ঘনঘটা পাওয়া যায়।

ফেরাক গোরাখপুরীঃ ফেরাক গোরাখপুরী উর্দু সাহিত্যে এক অনন্য সৃষ্টিশীল নাম। ফেরাক গোরাখপুরী **১৮৯৬** খ্রিস্টাব্দে একটি শিক্ষিত পরিবারে গোরাখপুরে জন্মগ্রহণ করেন। তার আসল নাম রঘুপতি সাহায়ে এবং ফেরাক তার উপাধি।[২৯] তার পিতার নাম ছিল মুন্সী গোরাখ প্রসাদ ইবরত। তিনি ছিলেন বিখ্যাত উকিল ও খুব সম্মানী কবি। ফেরাকের প্রাথমিক পড়াশুনা তার ঘরেই হয়েছিল। সাত বছর বয়সে তার পিতা তাকে ইংরেজি স্কুলে ভর্তি করে দিয়েছিলেন। তিনি খুব মেধাবী ছিলেন। সে জন্য তিনি পড়াশুনায় অনেক দূর এগিয়ে গিয়েছিলেন।[৩০] তিনি পড়াশুনার জন্য গোরাখপুর ছেড়ে এলাহাবাদ চলে আসেন এবং **১৯১৮** খ্রিস্টাব্দে তিনি এলাহাবাদে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন।[৩১] পড়াশুনা শেষ করে তিনি ডেপুটি কালেক্টর পদে চাকরি পান। ডেপুটি কালেক্টর পদ পাওয়ার পূর্বে তিনি কংগ্রেসের সঙ্গে যুক্ত ছিলেন। তাই তাকে জেলে যেতে হয়েছিল।[৩২] তিনি সর্বদা কবিতার আকর্ষণ অনুভব করেছেন। তিনি সমসাময়িকদের মধ্যে যেমন আল্লামা ইকবাল, ফয়েজ আহমেদ ফয়েজ, কাইফি আজমি এবং শাহির লুধিয়ানীর মতো বিখ্যাত উর্দু কবিদের অন্তর্ভুক্ত ছিলেন। তবুও তিনি অল্প বয়সে উর্দু কবিতায় নিজের জায়গা তৈরি করতে সক্ষম হয়েছেন। তিনি **৩ই মার্চ ১৯৮৩** খ্রিস্টাব্দে ভারতের নয়াদিল্লীতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।[৩৩]

ফেরাক গোরাখপুরী সে সময়ের একজন সুপরিচিত কবি ছিলেন। তার গজলগুলো তার নিজস্ব একটি সমুদ্র। ফেরাকের গজলের একটি বিশেষ গুণ হলো তার কবিতায় বহু ভাষা ও সংস্কৃতির প্রভাব স্পষ্টভাবে লক্ষ্য করা যায় এবং তার গজলে সমস্ত প্রকারের সংমিশ্রণ রয়েছে। তার গজলের বিষয় হলো সৌন্দর্য এবং প্রেম, তবে তার গজলে মানবতার উজ্জ্বল নিদর্শন এবং মূল্যবোধ পাওয়া যায়। তার গজলে প্রেম, প্রেমের বিষয়গুলো, দেহ এবং লিঙ্গের ধারণা, সুন্দর ভারতীয় দেওয়ালি উপাদানগুলো মার্জিত ও নাটকীয়তায় পরিপূর্ণ। তিনি ভারতীয় সভ্যতাটিকে গজলের অংশ হিসেবে তৈরি করেছেন। তিনি তার জীবনে অসংখ্য গজল সৃষ্টি করেছেন। তার গজলের সংখ্যা সম্বন্ধে শামীম হানফী সাহেব বলেছেন-

"۱۹۴۵ء میں فراق صاحب نے اپنی غزلوں کا ایک اشاریہ بنوایا تھا۔اس اشاریہ کے مطابق فراق صاحب نے کل چھ سو چوبیس غزلیں کہیں تھی، ۱۹۴۵ء کے بعد سے ۱۹۸۲ء یعنی فراق صاحب کے سال وفات تک اس تعداد میں کم سے کم سو غزلوں کا اور اضافہ کر لیجے یعنی تقریباً سوا سات سو غزلیں ان میں زیادہ سے زیادہ چالیس پچاس غزلیں ایسی ہو گی جنہیں فراق صاحب کے واسطے سے نئی حیثیت کا ترجمان قرار دیا جاسکے"۔[৩৪]

ফেরাক প্রকৃতপক্ষে গজলের কবি ছিলেন।[৩৫] তার গজলের অনন্য গুরুত্বপূর্ণ বৈশিষ্ট হলো, তার গজলে পূর্ব ও পাশ্চাত্য মেজাজের মিশ্রণ রয়েছে।[৩৬] তিনি যা দেখেছেন এবং উপলব্ধি করেছেন, সেগুলো তিনি তার গজলে অন্তর্ভুক্ত করেছেন। তার গজলে সরলতা, বিচ্যুতি, আন্দোলনের প্রভাব এবং প্রিয়জনের কাছ থেকে বিচ্ছিন্ন হওয়ার অনুভূতিও রয়েছে। ফেরাকের গজলে ঐতিহ্যের রং রয়েছে। আমরা যদি ফেরাকের গজলগুলো মনোযোগ সহকারে প্রথম থেকে শেষ পর্যন্ত অধ্যয়ন করি, তবে তার গজলে ঐতিহ্যের রং খুব বেশি চোখে পড়ে। এ প্রসঙ্গে প্রফেসর আতিকুল্লাহ সাহেব বলেছেন-

"فراق کلاسیکی اور شاعری کا گہرا اثر رکھتے تھے۔ان کی دینی اور فنی تربیت میں کلاسیکیت کا بہت بڑا ہاتھ تھا"۔[৩৭]

এ প্রসঙ্গে আবুল কালাম কাসেমী সাহেব একটু আলাদা করে এভাবে বলেছেন-

"فراق کے شعر میں بلاشبہ میر کے شعر کی بازگشت بھی موجود ہے مگر میر کے شعر میں محبوب کو ساری خوبیوں اور خامیوں کے ساتھ قبول کرنے پر اصرار ہے جبکے فراق محبوب کے منفرد اور آزاد وجود کی اہمیت کو واضح کرنا چاہتے ہیں۔"[৩৮]

ফেরাকের গজলগুলো জীবনের খুব কাছাকাছি ছিলো। তাই তিনি উর্দুতে গজলকে অনেক উঁচুতে নিয়ে গেছেন।[৩৯] যদিও ফেরাকের গজলে মীরের কিছু কবিতার প্রতিধ্বনি রয়েছে তবুও ফেরাকের গজলের কথাগুলো বিশিষ্ট এবং পর্যবেক্ষণের ভিত্তিতে তার গজলগুলোর একটু আলাদা বৈশিষ্ট্য রয়েছে। ফেরাকের উপভাষা ও রূপকগুলো গজলের ক্ষেত্রে দেখা যায় এবং এটি আশ্চর্যজনক যে এর বর্ণ ও রূপকগুলো ভারতীয় রঙে পাওয়া যায়। যেমন-

"دلوں میں تیری تبسم کی یادیوں آئی ☆ کے جگمگا اٹھیں جس طرح مندروں میں چراغ۔"[৪০]

ফেরাকের গজলে বিভিন্ন ভাষার সংমিশ্রণ এবং বিভিন্ন উপাদান রয়েছে। তিনি রাতকে নিয়ে অনেক গজল লিখেছেন। যেমন-

"غزل کے ساز اٹھاؤ، بڑی اداس ہے رات ☆ نوائے میر سناؤ، بڑی اداس ہے رات۔"[৪১]

ফেরাকের গজলে শব্দ চয়নের ব্যাপারটি খুব দেখা যায়। তিনি তার অনুভূতি দিয়ে এমন শব্দ চয়ন করে গজল লিখেন, যেন তা দক্ষতার উর্ধ্বে চলে যায়। উদাহরণস্বরূপ-

"سفید پھول زمین پر برس پڑیں جیسے ☆ فضا میں کیف سحر ہے جدھر کو دیکھتے ہیں
تو ایک تھا میرے اشعار میں ہزار ہوا ☆ اس اک چراغ سے کتنے چراغ جل اٹھے۔"[৪২]

রোমান্টিক কবি ফেরাক ইংরেজি কবিদের কবিতাগুলো খুব অধ্যয়ন করতেন। ইংরেজি কবিতার রোমান্টিকতা ফেরাক তার গজলে দেখানোর চেষ্টা করেছেন। ফেরাক ভারতীয় সভ্যতায় ইংরেজি কবিদের রোমান্টিকতার রূপ দেওয়ার ক্ষেত্রে তার গজলে এক অনন্যতা সৃষ্টি হয়েছে। উদাহরণস্বরূপ-

"زندگی کیا ہے اس کو آج اے دوست ☆ سوچ لیں اور اداس ہو جائیں
مہربانی کو محبت نہیں کہتے اے دوست ☆ آہ اب مجھ سے تری رنجش بے جا بھی نہیں۔"[৪৩]

প্রেম ও প্রেমের বিষয়গুলো ফেরাকের গজলের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ফেরাক গোরাখপুরীর গজলে তার প্রেমিকার কথা উল্লেখ রয়েছে। তিনি তার প্রেমিকাকে গজলে এমনভাবে বর্ণনা করেছেন যেন, তার প্রেমিকার হৃদয় সহজ সরল এবং সে দুনিয়ার মধ্যে সবচেয়ে সুন্দরী নারী। তিনি তার প্রেমিকার দৈহিক সৌন্দর্যের বর্ণনা তার গজলে খুব সুন্দরভাবে চিত্রায়িত করেছেন। প্রেমিকার সৌন্দর্যের বর্ণনা করতে গিয়ে তিনি বলেন-

"تمام بادہ بہاری تمام خندۂ گل ☆ شمیم زلف کی ٹھنڈک بدن کی آنچ نہ پوچھ
قبا میں جسم ہے یا شعلہ زیر پردہ ساز ☆ بدن سے لپٹے ہوئے پیرہن کی آنچ نہ پوچھ۔"[৪৪]

ফেরাকের গজলে তিনি তার প্রেমিকার সৌন্দর্যের এবং দৈহিক অবয়বের বর্ণনা দিয়েছেন। তবে তিনি তার গজলে সুন্দর মনের প্রেমিকার প্রতিচ্ছবি দেখতে পান। ফেরাকের গজল পড়লে মনে হয় যেন তার প্রেমিকা জীবন্ত কোন মানবী। এ সম্বন্ধে কবি বলেন-

"پیکر یہ مہکتا ہے کہ گلزار ارم ہے ☆ یہ عضو چہکتا ہے کہ ہے صوت ہزاراں
زیر و بم سینہ میں وہ موسیقی بے صوت ☆ یہ پنکھڑی ہونٹوں کی ہے گلزار بداماں۔"[৪৫]

ফেরাক গোরাখপুরী প্রেমের একজন মূর্ত প্রতীক। তিনি প্রেমকে তার গজলে এমনভাবে উপস্থাপন করেন যেন ভালোবাসা সবকিছুর উর্ধ্বে, ভালোবাসার রঙে তিনি সবকিছু রাঙ্গিয়ে দেন। তিনি মনে করেন প্রেম করা কোন গোনাহের কাজ নয় বরং এক ধরনের শক্তি। এতে রয়েছে মানব প্রশান্তি এবং মানুষকে ভালোবাসার অফুরন্ত সৌন্দর্য। কবি বলেন-

"کوئی سمجھے تو ایک بات کہوں
عشق توفیق ہے گناہ نہیں

نفس پرستی پاک محبت بن جاتی ہے جب کوئی
وصل کی جسمانی لذت سے روحانی کیفیت سے۔"[৪৬]

ফেরাকের প্রেম একটি চরিত্র। তিনি এই চরিত্রটিকে তার গজলে খুব সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন। তিনি এই চরিত্র এমনভাবে তার গজলে তুলে ধরেছেন যেন তার প্রেম অতি গভীর। তিনি তার প্রেমিকার একাকীত্ব দেখতে পারতেন না। আর সেই কারণেই তিনি গজলে এই পংক্তি তুলে ধরেছেন-

"کہاں کا وصل تنہائی نے شاید بھیں بدلا ہے ☆ ترے دم بھر کے مل جانے کو ہم بھی کیا سمجھتے ہیں۔"[৪৭]

ফেরাকের গজলে প্রেমিকার সৌন্দর্য, প্রেমিকার ভালোবাসা যেমন আছে তেমনি প্রেমিকার কাছে থেকে দূরে যাওয়ার পরে প্রেমিকের মনে যে ধ্যান-ধারণা বা চিন্তা-ভাবনা আসে, তার মনে যে কষ্ট আছে, তা তার গজলে সুন্দরভাবে উপস্থাপন করেছেন। যেমন-

"دل دکھ کے رہ گیا یہ الگ بات ہے مگر ☆ ہم بھی ترے خیال سے مسرور ہو گئے
ارے خود اپنا قریب نگاہ کیا کم ہے ☆ یہ کیا ضرور کہ اس کی نظر کے دھوکے کھاؤ۔"[৪৮]

প্রেমিকার কাছ থেকে দূরে যাওয়ার পরে প্রেমিকার কথা কবির বারবার মনে পড়ে এ কারণে কবি বলেছেন-

ترے پہلو میں کیوں ہوتا ہے محسوس ☆ کہ تجھ سے دور ہوتا جا رہا ہوں
ایسی راتیں بھی ہو پہ گزری ہیں ☆ تیرے پہلو میں تیری یاد آئی۔[৪৯]

ফেরাকের গজলে প্রেমের সাথে সাথে যৌনতার বিষয়টিও চলে আসে। তিনি তার গজলে যৌনতা সম্পর্কে যা তুলে ধরেছেন তা হলো-

لاجواب انداز سے طے کیا ہے
ایک مدتسے تری یاد بھی آئی نہ ہمیں
اور ہم بھول گئے ہوں تجھے ایسا بھی نہیں۔[৫০]

ফেরাকের গজল পড়লে বোঝা যায় যে, তিনি শুধু প্রেমের বিষয়গুলোকে তার গজলে তুলে ধরেননি, শুধু একজন মানুষ তার প্রেমের বিষয় নয়, প্রাকৃতিক দৃশ্যও তার প্রেমের বিষয়। তিনি প্রকৃতিপ্রেমী ছিলেন। তিনি প্রকৃতিকে খুব ভালোবাসতেন। তাই তিনি প্রকৃতি নিয়ে অনেক গজল লিখেছেন। প্রকৃতির দৃশ্য দেখাতে গিয়ে তিনি বলেন-

روک تھام ایسی ہے نکھرے جسم کے ہر لوچ میں ☆ جیسے اک دنیائے رنگ وبو ہو گہرے سوچ میں
لب نگار ہیں یا شعلہ نوائے بہار ☆ سکوت ناز ہے یا کوئی مطلب رنگیں۔[৫১]

ফেরাকের গজলে মানুষের জীবন একটি গুরুত্বপূর্ণ বিষয় ছিল। তিনি মানুষকে অনেক মর্যাদা দিয়েছেন। তিনি প্রত্যেকটি মানুষকে মনে করতেন তার গজলের মুল অভিপ্রায়। তিনি মানুষকে গভীরভাবে অনুসন্ধান করতেন এবং তা তার গজলে তুলে ধরতেন। তার গজলে মানুষকে, মানুষের আবেগকে প্রাধান্য দিতেন। মানুষ আবেগের বসে অনেক কিছুই করে থাকে। তিনি তার গজলে মানুষ সম্বন্ধে লিখেছেন। যেমন-

ظلمت ونور میں کچھ نہ محبت کو ملا ☆ آج تک ایک دھندلکے کا سماں ہے کہ جو تھا
اسی عالم کے کچھ نقش ونگار اشعار ہیں میرے ☆ جو پیدا ہو رہا ہے حق وباطل کے تصادم سے۔[৫২]

ফেরাকের গজলে মানব প্রেমের সাথে সাথে দেশপ্রেমও ছিল। তিনি তার গজলে দেশের বিষয়ে খুব একটা বেশি লিখেননি, তবুও যতটুকু লিখেছেন তা তার দেশপ্রেমেরই বহিঃপ্রকাশ। দেশপ্রেম সম্বন্ধে তার গজলে তিনি বলেন-

کرد کچھ سرزمین ہند کی بات ☆ سنا ہے خاک اس کی سیمیار ہے
ارض جنت کے بھی بس میں نہیں حسن کا دنیا ☆ ہند کی خاک نے وہ سوز وطن مجھ کو دیا۔[৫৩]

ফেরাক গোরাখপুরী যদিও প্রেমিক কবি তবুও তিনি কিছু আন্দোলনের কথাও তার গজলে তুলে ধরেছেন। তিনি সাম্প্রদায়িকতা পছন্দ করতেন না। তিনি ছিলেন একজন বিপ্লবী মানুষ। তিনি তার জীবনে অনেক যুদ্ধ এবং লড়াই করেছেন। তাই তিনি রাজনৈতিক বিষয়টিও তার গজলে তুলে ধরেছেন চমৎকারভাবে। তিনি বলেন-

اہل زنداں کی یہ محفل ہے ثبوت اس کا فراق ☆ کہ بکھر کر بھی یہ شیرازہ پریشاں نہ ہوا
آنے وہ وقت ہو گی بہار چمن کی بات ☆ اہل وطن ابھی نہ اٹھائیں وطن کی بات۔[৫৪]

তার গজলে অত্যন্ত বিস্ময়কর গুণ রয়েছে। গজলগুলো কবির কাছে অত্যন্ত আবেদনময়, তাই তার কথায়, শব্দের সংমিশ্রণে এবং প্রেমের নরম গুণাবলীর কথা ফেরাকের গজলে সুস্পষ্টভাবে শান্ত ও স্বাচ্ছন্দময় হিসেবে স্বীকৃত। তার গজলের মাধ্যমে এমন একটি পরিবেশ তৈরি করতে চেয়েছিলেন, যেখানে প্রেমীদের অন্তনির্মিত কবিতা থেকে প্রেম এবং কবিতা ফুটে উঠেছে। তার গজলগুলো কেবল হৃদয়ের গভীরতায় পৌঁছেনা ব্যথা ও যন্ত্রণার সাথেও পরিচিত হয়।

তিলোকচাঁদ মাহরুম: তিলোকচাঁদ মাহরুম ছিলেন একজন বিখ্যাত উর্দু কবি। তার আসল নাম ছিল তিলোকচাঁদ এবং মাহরুম ছিল উপাধি।[৫৫] তিনি ১৮৮৭ খ্রিস্টাব্দে মিয়ানওয়ালী জেলার তহসীল ঈসা খেল একটি ছোটগ্রামে জন্মগ্রহণ করেন।[৫৬] তার বাবার নাম ভগতরাম দয়াল। তার মাতৃভাষা ছিল পাঞ্জাবি।[৫৭] তিনি ছোটবেলা থেকেই অত্যন্ত মেধাবী এবং পরিশ্রমী ছিলেন। সে কারণে তিনি পঞ্চম এবং অষ্টম শ্রেণিতে বৃত্তি পেয়েছিলেন। ঐ সময়ে তিনি যে জেলায় ছিলেন সেখানে উচ্চমাধ্যমিক বিদ্যালয় ছিল না। তাই তাকে তাদের এলাকা থেকে সতের মাইল দূরে কাটুরিয়া জোবলী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি করা হয়। তিনি সেখান থেকে ১৯০৭ খ্রিস্টাব্দে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। তারপর তিনি এফ. এ এবং বি.এ ডিগ্রী অর্জন করেন।[৫৮] ১৯০৮ খ্রিস্টাব্দে তিনি ডেরা ইসমাঈল খান মিশন উচ্চমাধ্যমিকে ইংরেজির শিক্ষক হিসেবে নিযুক্ত হন। ১৯৩৩ খ্রিস্টাব্দে তিনি ক্যান্টনমেন্ট বোর্ড মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিযুক্ত হন।[৫৯] ১৯১০ খ্রিস্টাব্দে তিনি প্রথম বিয়ে করেন এবং বিবাহের পাঁচ বছর পরে ১৯১৫ খ্রিস্টাব্দে তার স্ত্রী মৃত্যুবরণ করেন। তিনি ১৯১৬ খ্রিস্টাব্দে দ্বিতীয় বিবাহ করেন। তার পক্ষ থেকে এক ছেলে এবং তিন মেয়ে হয়। ছেলেটি হচ্ছে বিখ্যাত কবি জগন্নাথ আজাদ।[৬০] তিনি দিল্লীতে ৬ই জানুয়ারি ১৯৬৬ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।[৬১]

তিলোকচাঁদ মাহরুম যে সময়ে গজল লিখা শুরু করেছিলেন, সেই সময়ে ইকবাল এবং হালিও গজল লিখতেন। সেই সময়ে বেশিরভাগ গজলই প্রেম ও নারী বিষয়ক ছিল। কিন্তু আলতাফ হোসাইন হালি গজলে সংস্কার নিয়ে এসেছেন। সেই সংস্কারের ধারা মাহরুমও অনুসরণ করেন। তিনি শুধু প্রেমিকার বিষয়ে গজল লিখতেন তা নয়; তিনি বিভিন্ন বিষয়ের উপর গজল লিখতেন। তার গজলে প্রেম ও ভালোবাসার সাথে সাথে সভ্যতা, দর্শন, মাজহাব, রাজনৈতিক ও দেশপ্রেমের বিষয় ছিল।[৬২] মাহরুমের গজলের সবচেয়ে ভালো দিক হলো তার গজলে পবিত্রতা রয়েছে। এই পবিত্রতা দিয়ে তিনি গজলকে রাঙ্গিয়ে দিয়েছেন। উদাহরণস্বরূপ তার গজলের দু'টি পংক্তি উদ্ধৃত হলো-

سبک ہے یا گراں اے زندگی آخر ہے تو اپنی ☆ تجھے اپنائیں گے تجھ سے رہیں گے سر گراں کب تک
صلہ حسن عمل کا فون دل ہے اس زمانے میں ☆ مرے کام آئیگی رنگینی حسن بیاں کب تک۔[৬৩]

মাহরুমের গজলে ভালোবাসার বর্ণনা রয়েছে। তার ভালোবাসার গজলগুলো পড়লে পাঠকমনে ভালোবাসার গতি সঞ্চার হয়। যেমন-

گلشن میں جیسے پھول سے یاد صبا ملے ☆ بالائے بام تم ہو کہ ماہ تمام ہے
کیسی یہ زیر بام نمایاں ہے چاندنی ☆ مزے کی چیز ہے ترک تمنا اور ریاضت بھی
مگر کچھ کم نہیں ہے لذت درد محبت بھی۔[৬৪]

মাহরুমের জীবনের বেশিরভাগ সময় দুঃখ-কষ্টে কেটেছিল। একদিকে তার স্ত্রী ও বাচ্চাদের মৃত্যু এবং অন্যদিকে বন্ধু ও প্রিয়জনদের কাছ থেকে কষ্ট এবং সেই সময়ে দেশের রাজনৈতিক অবস্থা এই সবকিছুই তার জীবনকে অতিষ্ঠ করে দিয়েছিল। এই কষ্ট থেকেই তিনি গজল লিখার অনুপ্রেরণা পেয়েছিলেন। উদাহরণ স্বরূপ-

اچھاہواکہ موت نے مجھ کو مٹادیا☆میں داغ ننگ تھا سر دامان زندگی
نغمے سمجھو رہاہے انھیں ناسخن شناس☆ مجموعہ مرثیوں کا ہے دیوان زندگی۔[৬৫]

মাহরুম একজন দেশপ্রেমিক ছিলেন। তিনি তার দেশের জন্য নিজের জীবন উৎসর্গ করতেও দ্বিধাবোধ করতেন না। মাহরুম যে সময়ে গজল লিখেছেন সেই সময়ে দেশপ্রেমের উপর কোন গজল লিখা হতো না; কিন্তু মাহরুম এই বিষয়ের উপর সেই সময়ে গজল লিখে গজলের মান উন্নততর করে দিয়েছেন। মাতৃভূমি সবার কাছেই প্রিয়। কবি তার দেশকে জান্নাতের সাথে তুলনা করেছেন। দেশের জন্য সবার মনের মধ্যে আলোড়ন সৃষ্টি হয় এবং দেশের স্মৃতি সবার মনের মধ্যে গেথে থাকে। তিনি বলেন-

ہوں وشت و کوہ یاچن اے مادرِ وطن ☆ جنت ہے تیراسایۂ دامن جہان ملے
دل ستم زدہ پر بجلیاں گراتی ہیں ☆ قفس میں یاد جو آتی ہے آشیانے کی۔[৬৬]

তিনি কলমের মাধ্যমে দেশের স্বাধীনতার জন্য লড়াই করেছেন। তার গজলের মাধ্যমে তিনি বিপ্লবকে সাধারণ মানুষের মধ্যে পৌঁছি দিয়েছেন। যেমন-

بدل گئی ہے کچھ ایسی فضازمانے کی☆خوشی کسی کو نہیں فصل گل کے آنے کی
ابھی اندیشہ تاراج خزاں باقی ہے☆وقت ہنسنے کا نہیں اے گل شاداب بھی۔[৬৭]

আনন্দ নারায়ণ মোল্লাঃ উর্দু কাব্যসাহিত্যে আনন্দ নারায়ণ মোল্লা সাহেবের অবদান অবিস্মরণীয়। তার অনেক কবিতা চাকবাস্ত এবং ইকবালের কবিতার সঙ্গে মিল রয়েছে। তিনি নজম, কেতআ, রূবাঈ, মারছিয়া ইত্যাদি লিখে উর্দু সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। আনন্দ নারায়ণ মোল্লা ২২ অক্টোবর ১৯০১ খ্রিস্টাব্দে লক্ষ্মৌতে নিজ বাড়িতে জন্মগ্রহণ করেন।[৬৮] তার বাবার নাম জগত নারায়ণ মোল্লা। তিনি মর্যাদাবান এবং বিখ্যাত অ্যাডভোকেট ছিলেন।[৬৯] আনন্দ নারায়ণ মোল্লার পড়াশোনা লক্ষ্মৌতে হয়েছিল। তিনি ১৯২৩ খ্রিস্টাব্দে ইংরেজিতে খুব মর্যাদার সাথে এম এ পরীক্ষায় পাস করেন। তারপরে তিনি এল. এল. বি কোর্সে ভর্তি হন এবং ১৯২৫ খ্রিস্টাব্দে এল.এল.বি অনেক ভালো নাম্বার নিয়ে পাস করেন।[৭০] মোল্লা সাহেব ছাত্র অবস্থায় কবিতা বলা শুরু করেন। তিনি ইংরেজি কবিতা

থেকে প্রভাবিত হয়েই কবিতার প্রতি আগ্রহী হয়ে উঠেন। তিনি অনেক চমৎকার কবিতা লিখতেন। ঐ সময় বিখ্যাত কবিদের মধ্যে জিগর মুরাদাবাদী তার কবিতা শুনে অনেক প্রশংসা করেছেন। কিন্তু তার বাবা চাইতেন যে তিনি উকিল পেশা গ্রহণ করুক। তাই মোল্লা সাহেব তার বাবার কথা মতো উকিল পেশার সাথে কবিতা লেখা চালিয়ে গেছেন। তিনি এক সময় ওকালতি পেশায় এত খ্যাতি অর্জন করেছেন যে, ১৯৫৪ খ্রিস্টাব্দে তিনি এলাহাবাদের হাই কোর্টের জজ হিসেবে নিযুক্ত হন।[৭১] আনন্দ নারায়ণ মোল্লা ১৯২৬ খ্রিস্টাব্দ থেকে উর্দুতে কবিতা লিখা শুরু করেন।[৭২] আনন্দ নারায়ণ মোল্লা সাহেব জীবনের বেশিরভাগ সময় লক্ষ্মৌতে কাটিয়েছেন; কিন্তু তিনি লক্ষ্মৌতে বসবাসকারী কোন কবি দ্বারা প্রভাবিত হননি। তিনি গালিব এবং ইকবালের গজলের দ্বারা প্রভাবিত হয়েছেন।

মোল্লা সাহেবের গজল সম্বন্ধে আজিমুল হক জুনায়দী বলেছেন-

ان کی غزلوں میں متانت اور سنجید گی ہے۔ ان کے اظہار عشق میں بھی ایک خاص قسم کا وقار ہوتا ہے۔ ان کی غزلوں کی معنویت اور طرز ادا کی متانت دل ودماغ دونوں کو متاثر کرتی ہے۔[৭৩]

আনন্দ নারায়ণ মোল্লা সাহেবের গজলের বৈশিষ্ট্য হচ্ছে সৌন্দর্য এবং আবেগ। তিনি সৌদর্যকে ফুটিয়ে তোলার জন্য তার গজলের মাধ্যমে বলেন-

آج اک غرور حسن بھی شامل ہے حسن میں ☆ شاید کسی نگاہ کا کچھ بھید پا گئے۔[৭৪]

আনন্দ নারায়ণ মোল্লা প্রেম বিষয়ক গজল লিখেছেন। তিনি তার প্রেমিকাকে অনেক সুন্দর মনে দেখতেন। তিনি বলতেন তুমি আমার কাছে আসো বা না আসো তুমি ভালো থেকো। তোমার আসার অপেক্ষায় আমি আছি। কবি বলেন-

نہیں میں پیار کے قابل، تو مجھ کو پیار نہ کر ☆ مگر نگاہ ترحم سے سرشار نہ کر
آئے ہو کیا تمہیں، مجھے آواز دو ذرا ☆ آنکھوں کا نور چھین لیا انتظار نے۔[৭৫]

মোল্লা সাহেবের মাজহাবের কোন প্রভাব ছিল না; কিন্তু গজলের কোন জায়গায় তিনি মাজহাবকে প্রাধান্য দিয়েছেন। তার মাজহাবের নাম হচ্ছে মানবপ্রেম। প্রত্যেক কবি মানবপ্রেম সম্বন্ধে কবিতা বলেছেন বা লিখেছেন। কিন্তু মোল্লা সাহেব যেভাবে এ বিষয়টি তুলে ধরেছেন তা গালিবের পরেই তার অবস্থান। মানবপ্রেম সম্বন্ধে তার গজলে তিনি বলেন-

بشر کو مشعل ایمان سے آگہی نہ ملی ☆ دھواں وہ تھا کہ نگاہوں کو روشنی نہ ملی
ابھی روے حقیقت پر پڑا ہے پڑہ ایمان ☆ ابھی انسان فقط ہندو مسلماں ہے جہاں میں۔[৭৬]

আনন্দ নারায়ণ মোল্লার ভাষা ছিল সহজ-সরল এবং সাবলীল। তিনি তার গজলে মহাবেরা[৭৭] এবং তাশবীহাত[৭৮] ব্যবহার করতেন এবং ব্যাকরণের নিয়ম অনুযায়ী তিনি গজল লিখতেন। উদাহরণস্বরূপ-

اس مے کو نہ پی قطرہ قطرہ کن کن کے نہ لے سانیسی اپنی ☆ جینا ہے تو جی جینے کی طرح، جینے کا فقط الزام نہ لے
رہروی سے نہ رہ نمائی ہے آج دور شکستہ پائی ہے۔[৭৯]

মোল্লা সাহেব গজল আবৃত্তি করতেন। তিনি গজলকে উর্দু সাহিত্যের প্রাণ মনে করতেন। তিনি মনে করেন উর্দু সাহিত্য থেকে গজল বাদ দিলে উর্দু ভাষার অস্তিত্ব থাকবে না। তিনি গজলকে সভ্যতা এবং সম্মানের নিদর্শন মনে করতেন।

মুন্সী সুরজ নারায়ণ মেহেরঃ মুন্সী সুরজ নারায়ণ মেহের দাগ এবং তার সম-সাময়িকদের মধ্যে অন্যতম। তবে তিনি যে কবিদের মধ্যে দাগকে অনুসরণ করেন তাদের মধ্যে তিনি অন্যতম। সেই সময়ে মেহের দাগের কবিতার রং অনুসরণ করার পরিবর্তে সাধারণ কাব্য রীতিতে প্রবাহিত না হয়ে সুফিবাদের রং গ্রহণ করেছেন এবং সত্য ও ধর্মতত্ত্বের বিষয়গুলোকে তার কবিতার বিষয়বস্তুতে পরিণত করেছেন। তার কবিতার কারণে তাকে "বেদ রতন"ও বলা হতো।[৮০] তার আসল নাম মুন্সী সুরজ নারায়ণ এবং মেহের তার উপাধি। তিনি ১৩ই নভেম্বর ১৮৫৯ খ্রিস্টাব্দে দিল্লীতে জন্মগ্রহণ করেন। তিনি ১২ই মে ১৯৩২ খ্রিস্টাব্দে পাঞ্জাবের লাহোরে মৃত্যুবরণ করেন।[৮১] উর্দু কাব্যসাহিত্যে সুরজ নারায়ণ মেহের কবিতার প্রায় সব শাখায় বিচরণ করেছেন। যেমন গজল, মছনবী, নজম ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য। তার গজলের ভাষা ছিল সহজ-সরল এবং পবিত্র। তার ভাষা হচ্ছে আত্মশুদ্ধির আয়নাস্বরূপ। তিনি তার জীবনে অনেক গজল লিখেছেন, যা উর্দু কাব্যসাহিত্যকে সমৃদ্ধির দ্বারে উন্নীত করেছে। তার গজলের সংগ্রহ হলো غزلیات مہر 'গজলিয়াতে মেহের'।

প্রকাশ নাথ পারভেজঃ প্রকাশ নাথ পারভেজ ২৫ শে অক্টোবর ১৯৩০ খ্রিস্টাব্দে কসবা রামদাস জেলা আমৃতসরে জন্মগ্রহণ করেন।[৮২] তার পিতার নাম লালারামজি দাস। তিনি ১৯৪৭ খ্রিস্টাব্দে মেট্রিক পাস করেন এবং ১৯৫৩ খ্রিস্টাব্দে পাঞ্জাব বিশ্ববিদ্যালয় থেকে ফাজিল এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬০ খ্রিস্টাব্দে এম. এ. পাস করেন। তিনি উর্দু ও ফারসি ভাষাও জানতেন। ছোটবেলা থেকেই তার কবিতা বলার খুব ইচ্ছা ছিল। তার প্রথম কবিতা ১৯৪৪ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। তখন তার বয়স ছিল ১৪ বছর। ১৯৫২ খ্রিস্টাব্দে হযরত আল্লামা ইব্রাহাসনী কানুয়ারীর কাছ থেকে কবিতার শিক্ষা অর্জন করেন। তার গজলের বই جادہ منزل (জাদায়ে মঞ্জিল) ১৯৬২ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[৮৩]

বেইতাব আলীপুরী রমানন্দঃ বেইতাব আলীপুরী রমানন্দ একজন প্রখ্যাত গজলকার ছিলেন। তিনি ১৭ই মার্চ ১৯৩২ খ্রিস্টাব্দে আলীপুর জেলা মুজাফফরগড় (পাকিস্তানে) জন্মগ্রহণ করেন। তার পিতার নাম ডক্টর আসনন্দ আলীপুরী।[৮৪] দেশভাগ হওয়ার পরে তিনি পানিপথে বাস করতেন। তিনি বি.এ ডিগ্রী অর্জন করেন। ছোটবেলা থেকেই তার কবিতার শখ ছিল। প্রথমে তিনি হযরত জোশ মালিহাবাদী ও শাহেদ আলীপুরীর কাছে কবিতা শেখেন এবং এরপরে রামদাস ও গোলাম হুসাইন রইস নিয়াজীর সঙ্গে কবিতা লিখেন। কবিতার মধ্যে তিনি গজলে খুব পারদর্শী ছিলেন। তার গজলের غنچہ وگل (গুঞ্চা ও গুল), بیتابیاں اور سوغات (বেতাবীয়াঁ অওর সওগাত) একত্রিত বই।

খাজা চাঁদঃ খাজা চাঁদ উর্দু কাব্যসাহিত্যে এক বিশিষ্ট নাম। খাজা চাঁদ ১৯১১ খ্রিস্টাব্দে রামনগর জেলা জারাতুওয়ালা (পাকিস্তানে) জন্মগ্রহণ করেন। হযরত জোশ মালিহাবাদীর কাছ থেকে কবিতার শিক্ষা অর্জন করেছেন। তিনি পদ্য সাহিত্যে অসামান্য কৃতিত্ব অর্জন করেছেন। তিনি গজলে বিশেষ অবদান রেখেছেন। তবে গজলে তার খ্যাতি ছড়িয়ে পড়েছিল। তার গজলের একত্রিত বইগুলো হলো- پھولوں کے چراغ (ফুলোঁ কে চেরাগ), شگوفے (শুকুনে), تنکے (তানকে)। তিনি ১৯৮৪ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।[৮৫]

গোপাল মিত্তলঃ গোপাল মিত্তল ১৯০৭ খ্রিস্টাব্দে ৪জুন, পাঞ্জাবের মালির কৌটালায় জন্মগ্রহণ করেন।[৮৬] তিনি ১৯৯৩ খ্রিস্টাব্দে ১৫ই এপ্রিল দিল্লীতে মৃত্যুবরণ করেন। তার আসল নাম মদন গোপাল এবং সাহিত্যিক নাম গোপাল মিত্তল। তিনি মালির কৌটালা হাইস্কুল থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস করেন। তারপর সনাতন ধর্ম কলেজ লাহোর থেকে ১৯৩২ খ্রিস্টাব্দে বি. এ ডিগ্রী অর্জন করেন। তিনি কাব্যসাহিত্যের গজলে বিশেষ অবদান রেখেছেন। তার গজলের সংগ্রহ হলো- دوراہا (দোরাহা) এবং صحرا میں اذان (সেহরা মে আযান)।[৮৭]

জিয়া ফতেহ আবাদীঃ জিয়া ফতেহ আবাদী ১৯১৩ খ্রিস্টাব্দে ৯ ফেব্রুয়ারি পাঞ্জাবে জন্মগ্রহণ করেন এবং ১৯৮৬ খ্রিস্টাব্দে ১৯ আগস্ট দিল্লীতে মৃত্যুবরণ করেন। তার আসল নাম মেহেরলাল সোনী। তার পিতা সংগীতের প্রতি অনুরাগী ছিলেন। তিনি প্রাথমিক শিক্ষা ১৯২০ খ্রি. থেকে ১৯২৩ খ্রি. পর্যন্ত খানসা মিডল স্কুল পেশায়ার থেকে নেন। তারপর জয়পুর রাজস্থান মহারাজা উচ্চ বিদ্যালয় থেকে ১৯২৯ খ্রিস্টাব্দে মেট্রিক পাস করেন। তিনি ১৯৩০ খ্রিস্টাব্দে লাহোরে চলে আসেন। তারপর ১৯৩৩ খ্রিস্টাব্দে ফারমন ক্রিশ্চিয়ান কলেজ থেকে ফারসিতে বি. এ পাস করেন এবং ১৯৩৫ খ্রিস্টাব্দে ইংরেজিতে এম. এ ডিগ্রী অর্জন করেন। তিনি কলেজ ম্যাগাজিনের উর্দু সম্পাদক ছিলেন। তিনি

ইংরেজি, ফারসি, উর্দু ও সংস্কৃত ভাষায় অত্যন্ত দক্ষ ছিলেন। তিনি গোলাম কাদির ফরখ অমৃতসরের শিষ্য ছিলেন। জিয়া ফতেহ আবাদী কাব্য ও গদ্য সাহিত্যে অসামান্য সৃষ্টি করেছেন। তিনি গজল, নজম, রুবাঈ এবং কেতআ লিখেছেন। তবে গজলের প্রতি তিনি বেশি আগ্রহী ছিলেন। তার গজলের সংগ্রহ হলো- حسن غزل (হুসনে গজল) যা ১৯৬৬ খ্রিস্টাব্দে আনবালায় প্রকাশিত হয়েছিল।[৮৮]

পণ্ডিত রাঘুন্দর রাওঃ পণ্ডিত রাঘুন্দর রাও ২০ এপ্রিল ১৮৯৪ খ্রিস্টাব্দে কর্ণাটকে জন্মগ্রহণ করেন। তার বাবার নাম পণ্ডিত রাম রাও। তিনি সফল উকিল ছিলেন। নগরের এক ব্রাহ্মণ নারী সিইতাবাঈ তাকে দত্তক নিয়েছে। ১৯৪৮ খ্রিস্টাব্দে তিনি আলীমপুর থেকে হায়দ্রাবাদে চলে আসেন। তিনি মাওলানা আহমদ হুসেন সৌকত মিরঠীর কাছ থেকে কবিতার জন্য পরামর্শ নিতেন। তিনি গোলাম মোহাম্মদ আরফ এবং সৈয়দ নাজির হুসেনের কাছ থেকে কবিতার শিক্ষা অর্জন করেছেন। তিনি গজলও লিখেছেন। তার গজলের একত্রিত বই ساز غزل(সাজ গজল) ১৯৭২ খ্রিস্টাব্দে ছাপা হয়েছিল। তিনি ১৯৭৩ খ্রিস্টাব্দে ২৮ শে ডিসেম্বর মৃত্যুবরণ করেন।[৮৯]

জোশ বাদীউনী রাধা রমনঃ জোশ বাদীউনী রাধা রমন ১৯০৮ খ্রিস্টাব্দে ১৯ শে জুলাই জন্মগ্রহণ করেন। তার পিতার নাম গঙ্গা রাম। পাঁচ বছর বয়সে তিনি পড়াশুনা শুরু করেন। ১৯২১ খ্রিস্টাব্দে তার পিতার মৃত্যুর পরে তার পড়াশুনা থেমে যায়। তারপর তিনি আবার পড়াশুনা শুরু করেন ১৯২৭ খ্রিস্টাব্দে মেট্রিক পাস করেন। তার একবছর পর তিনি কালেক্টর পদে চাকরি করেন। জোশ বাদীউনী ১৯৩৯ খ্রিস্টাব্দে কবিতা লেখা শুরু করেন। প্রথমে কয়েক লাইন লিখে তিনি নারায়ণ জোহর বাদাউনীকে দেখিয়েছিলেন। তারপর থেকে তার কবিতার চর্চা শুরু হয়। তিনি না'ত ও গজল লিখেছেন। তার গজলের বই آتش خاموش (আতিশ খামুশ) প্রকাশিত হয়েছিল।[৯০]

***জোহর বাজনুরী* চন্দর প্রকাশঃ** *জোহর বাজনুরী* চন্দর প্রকাশ একজন বিখ্যাত গজলকার। উপাধি *জোহর* । জনাব চন্দর প্রকাশ ১৭ই ফেব্রুয়ারি ১৯২৩ খ্রিস্টাব্দে বাজনরের এক শিক্ষিত পরিবারে জন্মগ্রহণ করেন।[৯১] তার পিতার নাম পণ্ডিত রাম চাঁদ। ১৯৪২ খ্রিস্টাব্দে তিনি মাধ্যমিক পরীক্ষায় পাস করেন। ১৯৪৩ খ্রিস্টাব্দে চাকরির জন্য তাকে মীরাঠিতে চলে আসতে হয়। এখানে এসে তিনি সাহিত্য লেখায় নিজেকে আত্মনিয়োগ করেন। এখানে তিনি জনাব এজাহার হুসাইন খান এর সঙ্গে থাকেন। তার সাহচর্যে এসে তিনি কবিতা বলতে শুরু করেন। কবিতার বিভিন্ন শাখায় তিনি বিশেষ স্থান দখল করে নিয়েছেন; কিন্তু গজল তার খুব ভাল লাগতো। তার গজলের বই হচ্ছে- اوراق گل (আওরাকে গুল)।

তার গজলের বৈশিষ্ট্যে তুলে ধরতে গিয়ে জগন্নাথ আজাদ বলেছেন-

جوہر بجنوری کی غزل روایت کے احترام کی ایک خوبصورت مثال ہے۔ لیکن روایت کا احترام اپنی حدوں میں رہا ہے اور یہی جوہر صاحب کی غزل کا حسن ہے۔[৯২]

জোহর বাজনুরী তার গজলে মানুষকে যে কোন পরিস্থিতিতে দুঃখ-কষ্ট নিয়ে বেঁচে থাকতে ইঙ্গিত দিয়েছেন। তিনি বলেন-

جس دور میں جینا کو آسان نہیں ہے ☆ اس دور سے جینا کا صلہ مانگ رہا ہوں
دل میں ہے مرے جذبۂ تعمیر محبت ☆ انسان ہوں انسان کا غم لے کہ اٹھا ہوں۔[৯৩]

সাহের হোসিয়ারপুরীঃ সাহের হোসিয়ারপুরী অওম প্রকাশ একজন অতি পরিচিত গজলকার। তিনি ১৯১৩ খ্রিস্টাব্দে ৫ই মার্চ হোসিয়ারপুরের এক শিক্ষিত পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সাহের হোসিয়ারপুরী নামে পরিচিত। তিনি প্রাথমিক লেখাপড়া হোসিয়ারপুরে করেন এবং লাহোরে ১৯৩৫ খ্রিস্টাব্দে এম. এ. ডিগ্রী অর্জন করেন। দেশ ভাগের পরে তিনি কানপুরে বাস করতে থাকেন এবং কবিতা রচনা করতে থাকেন। তিনি গজলে অনেক বেশি বিখ্যাত ছিলেন। তার গজলের বই سحر غزل (সেহরে গজল) ১৯৫৯ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[৯৪]

ছাবের আবু হরীঃ ছাবের আবু হরী ১৯১৯ খ্রিস্টাব্দে ধরমপুর জেলা ফিরোজপুর ভারতে এক জমিদার ঘরে জন্মগ্রহণ করেন। প্রাথমিক লেখা-পড়া নিজের গৃহে হয় এবং পরে লাহোরে গিয়ে বি.এ ডিগ্রী অর্জন করেন। তারপর তিনি ভারতে এসে এম. এ ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৭৭ খ্রিস্টাব্দে ফিরোজাবাদে মৃত্যুবরণ করেন। ছাবের আবু হরী সেই সময়ে গালিব, হাফিজ, মাওলানা রুমী এবং ইংরেজি কবিতা পছন্দ করতেন। উর্দু ছাড়াও তিনি ফারসি, হিন্দি, ইংরেজি, সংস্কৃত এবং আরবি ভাষা জানতেন। জনাব ছাবের আবু হরীর দুইটি বই রয়েছে- نوائے یقین (তুআয়ে ইয়ুন) ১৯৭৮ খ্রিস্টাব্দে এবং نوائے شوق (তুআয়ে শোক) ১৯৮৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল, যার মধ্যে রয়েছে গজল, কেতআ এবং মানজুমাত।[৯৫]

জনাব বেনারসীঃ জনাব বেনারসী একজন বিখ্যাত গজলকার। তিনি ১৯১৪ খ্রিস্টাব্দে কসবায় জন্মগ্রহণ করেন। তিনি কবিতা শুরু করেন ১৯২৮ খ্রিস্টাব্দে। তিনি সরকারি কলেজ আলীগড়ে দশ বছর চাকরি করেন এবং দিল্লীতে বসবাস করেন। তিনি জোশ মালিহাবাদীর কাছ থেকে কবিতার

শিক্ষা নিয়েছেন। তিনি গজল লিখে উর্দু কাব্যসাহিত্যে অসামান্য অবদান রেখেছেন। তার গজলের বইয়ের নাম হচ্ছে- دل کی آواز (দিল কি আওয়াজ)।[৯৬]

কৃষণ লাল মোহনঃ কৃষণ লাল মোহন উর্দু কাব্যসাহিত্যে একজন উজ্জ্বল নক্ষত্র। ক্রিশন লাল মোহন ২৮ শে নভেম্বর ১৯২১ খ্রিস্টাব্দে শিয়ালকোটে জন্মগ্রহণ করেন।[৯৭] তিনি ইংরেজিতে এম. এ ডিগ্রী অর্জন করেন। তিনি ফারসি ও আরবি জানতেন। তার গজলের বইগুলো হলো- دلِ نادان (দিলে নাদান), تماشائی (তামাশায়ী), شبنم شبنم (শবনম শনবম)। তিনি গজল লিখে অনেক সুনাম অর্জন করেছেন।

নানক লক্ষ্মৌবীঃ নানক লক্ষ্মৌবী একজন সুপরিচিত গজলকার ছিলেন। নানক লক্ষ্মৌবী চকমহল্লা বাহুওন টোলাতে ১৮৯৩ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। তার বাবার নাম রাজা রাম। তিনি ২১ বছর বয়সে কবিতা লিখতে শুরু করেন।[৯৮] তিনি গালিব, জোক, মোমিন, আমীর প্রমুখ কবিদের এক হাজারেরও বেশি গজল মুখস্থ করেছিলেন; কিন্তু এখন তার নিজের গজলের কথা রয়েছে। নানকের গজলের নমুনাস্বরূপ একটি পংক্তি উদ্ধৃত হলো-

ہوں وہ میکش بعد مردن یہ اثر ہے خاک میں ☆ جو بنا ساغر مری گل کا وہ جام جم ہوا۔[৯৯]

নানক লক্ষ্মৌবী গজল লিখেছেন। তার গজলের সংগ্রহ- مطلع خورشید (মাতলা খুরশীদ) নামে বেনারসের সুলাইমানী প্রেস থেকে ১৯২৫ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল যাতে দুই হাজার 'আশ'আর' রয়েছে।

২.২ নজম

নজম গজলের মতোই পুরানো একটি শাখা। গজলের পরে কাব্যসাহিত্যে নজমের স্থান। নজম এক ধরনের কবিতা যা একক শিরোনামে একটি বিষয়ে রচিত হয়। নজম কাব্যের ঐ শাখা, যার মধ্যে কোন কাহিনি, কোন ঘটনা, কোন অনুভূতি ধারাবাহিকভাবে বর্ণনা করা হয়, যার এক লাইনের সাথে আরেক লাইনের সাদৃশ্য অত্যাবশ্যক। উর্দুতে প্রথমে নজমের সীমাবদ্ধতা ছিল। তারপর ধীরে ধীরে তা প্রসারিত হয়। উর্দুতে প্রায় সব কবিই নজম লিখেছেন এবং উর্দু নজমকে সামনে নিয়ে গেছেন। মুসলিম কবিরা যেমন উর্দু নজমে অবদান রেখেছেন, অমুসলিম কবিরাও এই শাখার উন্নতিতে অবদান রেখেছেন।

ব্রজ নারায়ণ চাকবাস্তঃ ব্রজ নারায়ণ চাকবাস্ত কবিতা ভাবাপন্ন একজন ব্যক্তি ছিলেন। চাকবাস্ত মীর আনিস ও দবিরের কবিতার প্রভাবে প্রভাবিত হয়েছিলেন যা তাকে যথেষ্ট সাফল্য এনে দিয়েছিল। এ প্রসঙ্গে প্রফেসর শারব রাদুলুবি 'চাকবাস্ত কি শায়েরানা আহমিয়্যাত' প্রবন্ধে লিখেছেন-

"مسدس کی ہیئت لکھنو کے محاورے، زبان کے انداز اور بعض خاص تراکیب استعمال کی وجہ سے کہیں کہیں ان کے یہاں انیس و دبیر کا اثر معلوم ہونے لگتا ہے۔"[১০০]

চাকবাস্তের সকল কবিতায় দেশপ্রেমের চেতনা প্রস্ফুটিত হয়। তার কবিতা পড়লে মনে হয় তার সকল চেতনা দেশপ্রেমকে নিয়ে। দেশপ্রেমের বিষয়টি নিয়ে তার অনুরাগী নজমের মাধ্যমে ভারতীয়দের হৃদয়ে দেশপ্রেমের সত্যিকারের ভালোবাসা বিকশিত করেছেন। নজমের মাধ্যমে কবি যে অনুভূতিগুলো উপস্থাপন করেছিলেন, তা মানুষের হৃদয়ে উত্তেজনা সৃষ্টি করেছিল। মাত্র ৪৪ বছর বয়স পেয়ে চাকবাস্ত জাতীয় ও দেশের কবিতার মাধ্যমে জনসাধারণের মধ্যে দেশপ্রেমের চেতনাকে শক্তিশালী করেছিলেন। তিনি ১২ বছর বয়সে حب قومی (হুব্বে কওমী) নজমটি লিখেছিলেন, যা সহজভাবে দেশপ্রেমের অনুভূতি প্রকাশ করে। তিনি বলেন-

حب قومی کا زبان پر ان دنوں افسانہ ہے ☆ بادۂ الفت سے پر دل کا مرے پیمانہ ہے
جس جگہ دیکھو محبت کا وہاں افسانہ ہے ☆ عشق میں اپنے وطن کے ہر بشر دیوانہ ہے۔[১০১]

চাকবাস্ত দেশপ্রেমের উপর অনেকগুলো নজম লিখেছেন। তার মধ্যে উল্লেখযোগ্য নজম হলো- خاکِ ہند (খাকে হিন্দ), যা ১৯০৫ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এই কবিতাটি বিশেষ করে একটি দেশপ্রেমের কবিতা। একটি দুর্দান্ত শৈল্পিক উপায়ে কবি এই নজমটি রচনা করেছেন। দেশের উজ্জ্বল অতীতের আধ্যাত্মিক মহিমা এবং স্বদেশের মহান নেতারা যারা আলোকিত আলো, এগুলো তিনি সুন্দরভাবে এই নজমে ফুটিয়ে তুলেছেন। এ নজমে তিনি বলেন-

اے خاک ہند تیری عظمت میں کیا گماں ہے ☆ دریائے فیض قدرت تیرے لئے رواں ہے
ہر صبح ہے یہ خدمت چورشید پر ضیا کی ☆ کرنوں سے گوندھتا ہے چوٹی ہمالیا کی۔[১০২]

'খাকে হিন্দ' কবিতা ছাড়াও দেশপ্রেমের উপর তার আরো অনেক নজম রয়েছে। তার মধ্যে বিশেষভাবে যে নজম না উল্লেখ করলেই নয়, সেটি হলো- ہمارا وطن دل سے پیارا وطن (হামারা ওয়াতন দিল সে পেয়ারা ওয়াতন), যা ১৯১৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এ কবিতাতেও তিনি দেশপ্রেমের উজ্জ্বল দৃষ্টান্ত রেখেছেন। তিনি যে দেশকে ভালোবাসতেন, দেশের মানুষকে নিয়ে ভাবতেন, দেশের

মাটিকে তিনি আপন মনে করতেন, তার এই নজমের মাধ্যমে সহজে বোঝা যায়। এই নজমে কবি বলেন-

یہ ہندوستان ہے ہمارا ہے ہمارا وطن☆محبت کی آنکھوں کا تارا وطن
ہمارا وطن دل سے پیارا وطن۔[১০৩]

চাকবাস্ত কাব্যসাহিত্যে একজন উজ্জ্বল কবি। তিনি তার নজমের মাধ্যমে দেশের মানুষকে দেশপ্রেমের দাওয়াত দিতেন এবং মানুষকে বুঝাতেন যে, দেশ হচ্ছে মানুষের জন্য মঙ্গলময়। তিনি দেশপ্রেমের উপর অনেকগুলো কবিতা রচনা করেছেন, তার মধ্যে বিশিষ্ট একটি কবিতা হলো- وطن کو ہم وطن ہم کو مبارک (ওয়াতন কো হাম ওয়াতন হাম কো মুবারক), যা ১৯১৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এ কবিতার মাধ্যমে বোঝা যায় যে, তিনি নিজের দেশকে মঙ্গলময় মনে করতেন। দেশের মানুষকে তিনি অত্যন্ত ভালোবাসতেন। আর সে জন্যই তিনি দেশের প্রতি লক্ষ্য রেখেই এই নজম রচনা করেছেন। তিনি তার দেশকে অত্যন্ত সুন্দর ও প্রিয় বলে আখ্যায়িত করেছেন। তিনি বলেন-

یہ پیاری انجمن ہم کو مبارک☆یہ الفت کا چمن ہم کو مبارک
وطن کو ہم وطن ہم کو مبارک۔[১০৪]

চাকবাস্ত দেশপ্রেম ছাড়াও দেশের সৌন্দর্যের প্রতি আকৃষ্ট হয়েছেন। তিনি দেশের চিত্র এমনভাবে তুলে ধরেছেন যেন মনে হয় একটি জীবন্ত চিত্র। চিত্রের ঐতিহ্যটি রবারবই উর্দুতে প্রিয় হিসেবে বিবেচিত হয়েছে। তিনি বিভিন্ন প্রাকৃতিক দৃশ্যের এত সুন্দর কমনীয় চিত্র উপস্থাপন করেছেন যে, সেগুলো আরো সুন্দর ও মোলায়েম দেখায়। উদাহরণ স্বরূপ তার একটি উল্লেখযোগ্য কবিতা হলো- جلوۂ صبح (জলোওয়ে সুবহে), যা ১৯৯৮ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এই কবিতায় কবি বলেন-

خورشید منور کا دم جلوہ گری تھا☆نور رخ مہتاب چراغ سحری تھا۔[১০৫]

এই নজমে কবি একটি সুন্দর সকালের দৃশ্য উপস্থাপন করেছেন। পাখির হাট, সকালের হিমশীতল দৃশ্য, গাছপালার সমাবেশ এত সুন্দর এবং মনোমুগ্ধকর চিত্র এই নজমে কবি নিখুঁতভাবে উপস্থাপন করেছেন। তার আরেকটি উল্লেখযোগ্য কবিতা হলো- سیر دیرہ دون (সায়রে দেরাদুন), যা ১৯১৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। নজমটি পড়ে মনে হয় যেন কোন শিল্পী দেরাদুনের পাহাড়, নদী, ঝর্ণা ইত্যাদির চিত্র এঁকেছেন। তিনি দেরাদুনের চিত্র আঁকতে গিয়ে বলেন-

گھنے درخت ہری جھاڑیاں زمین شاداب ☆ لطیف دسر وہوا پاک صاف چشمۂ آب
کمی کبھی نہیں شادابیوں کے ساماں میں ☆ ٹھہر گئی ہے بہار آکے اس گلستاں میں۔[১০৬]

এ জাতীয় নজম কেবল সেই কবিই লিখতে পারেন, যিনি প্রকৃতির সৌন্দর্য পূজারী। এই লাইনগুলোর মাধ্যমে দেরাদুন পাহাড়ের সৌন্দর্যের প্রকৃত চিত্র চিত্রিত হয়েছে।

ব্রজ নারায়ণ চাকবাস্ত একজন বিশিষ্ট কবি ছিলেন। তিনি বিভিন্ন আঙ্গিকে নজম রচনা করেছেন। তার নজম لارڈ کرزن (লর্ড কার্জন) একটি স্বচ্ছ রঙের নজম বলে মনে হয়। এ নজমে চাকবাস্ত লর্ড কার্জনের ক্ষমতাকে প্রশ্নবিদ্ধ করেছেন। তাকে ইংরেজ সরকারের একজন অনন্য অফিসার বলেছেন। এছাড়া বিভিন্ন ব্যক্তিত্বের উপর তার নজম বিশেষ করে মিসেস অ্যানি বেসেন্ট, মহাদেব গোবিন্দ রানা, গোপাল কৃষ্ণ গোখলে এবং বাসন নারায়ণ ইত্যাদির নাম উল্লেখযোগ্য।

ব্রজ নারায়ণ চাকবাস্তের আরেকটি উল্লেখযোগ্য নজম হলো- گائے (গায়ে), যা ১৯১২ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এ কবিতায় তিনি হিন্দু ধর্মের বিশ্বাস অনুসারে একটি গরু একটি পবিত্র প্রাণী এবং এর অস্তিত্ব মায়ের ভালোবাসা এবং স্নেহ প্রদর্শন করে। হিন্দুরা তাদের ধর্মীয় বিশ্বাসের ভিত্তিতে তাদের পূজা-অর্চনা করে থাকে। এই কবিতায় গাভীটিকে বিশেষ মর্যাদার আসনে সমাসীন করা হয়েছে যার মর্যাদা মানুষের মর্যাদার সীমা ছাড়িয়ে যায়। একটি গাভী থেকে লাভের বিষয়ে এতই অতুক্তি করা হয়েছে যে বাস্তবের সাথে এর খুব কম মিল রয়েছে। এই নজমে তিনি গাভীকে উদ্দেশ্য করে বলেন-

میرے دل میں ہے محبت کا تری سرمایا ☆ ماں کے دامن سے ہے بڑھ کر مجھے تیرا سایا
یاد ہے فیض طبیعت نے تجھ سے پایا ☆ عین قسمت جو ترا نام زبان پر آیا۔[১০৭]

চাকবাস্ত তার নজমগুলোতে যে বিষয়গুলো বেছে নিয়েছিলেন, তার বেশিরভাগই সমাজ ও রাজনীতির সাথে সম্পর্কিত। তিনি এ বিষয়গুলো সফলভাবে মোকাবেলার চেষ্টা করেছেন।

উপরে উল্লেখিত নজম ছাড়াও তিনি আরও অসংখ্য নজম রচনা করেছেন। তার নজমের সংগ্রহ হলো- صبح وطن (সুবহে ওয়াতন)।

চাকবাস্ত একজন ব্রাহ্মণ ছিলেন। তিনি হিন্দু মুসলিম জোটের সমর্থক ছিলেন। তার নজমে কোন সম্প্রদায়িকতা দেখা যায় না। গোপীচাঁদ নারায়ণ এই প্রসঙ্গে বলেছেন-

وہ تسبیح اور زنار کے پھندے کے قائل نہیں تھے کیونکہ اس کی پیدا کی ہوئی تفریق تحریک آزادی کی رہ میں قدم قدم پر اڑچنیں پیدا کرتی تھی اور انگریزوں کے ہاتھ میں ہندوستان کو غلام رکھنے کے لئے ایک جربہ بن گئی تھی۔ چکبست دونوں مذہبوں کے ظاہری اختلاف اور تہذیبوں کی رنگارنگی کے قائل تھے۔ لیکن ان تمام رنگوں میں بنیادی نور تلاش کرنے کی دعوت دیتے تھے اور ایسا صرف کسی مشترکہ سیاسی تصور یا نصب العین کو اپنانے ہی سے ہو سکتا تھا۔[১০৮]

চাকবাস্তের দেশাত্মবোধক নজমগুলোর মূল বিষয় হলো, নজমগুলোতে দেশের মাটির সুগন্ধ রয়েছে। কবি দেশের প্রাকৃতিক দৃশ্যকে পছন্দ করেন এবং তিনি চান অন্য স্থানীয় নাগরিকরা তাদের জন্মভূমির মাটিকে ভালোবাসুক। তিনি বিপ্লবের বার্তা দেন। তিনি কেবল স্বদেশকে ভালোবাসেন এবং ভালোবাসা শেখান।

মোটকথা চাকবাস্তের নজম দেশপ্রেমে ভরপুর। তিনি তার নজমের মাধ্যমে তার দেশের জন্য একটি ভালোবাসা তৈরি করেছেন। তার নজমগুলো দেশের প্রাকৃতিক দৃশ্য এবং ভৌগোলিক প্রতিচ্ছবি প্রতিফলিত করে। চাকবাস্তের স্বদেশের প্রতি তার গভীর মমতা নজমের মাধ্যমে ফুটে উঠেছে। উর্দু সাহিত্যের ইতিহাসে চাকবাস্ত একজন দেশপ্রেমিক কবি হিসেবে উপস্থিত হন এবং তার নজম সর্বদা মানুষকে স্বদেশের ভালোবাসা শিক্ষা দিয়ে থাকে।

জগন্নাথ আজাদঃ জগন্নাথ আজাদ একাডেমিক ও সাহিত্যিক পরিবারে জন্মগ্রহণ করেছেন। এই পরিবেশের প্রভাবে শৈশব থেকে সাহিত্যের রুচি জন্ম হয়েছিল তার মধ্যে। জগন্নাথ আজাদ বংশানুক্রমিকভাবে কবি ছিলেন। কারণ তার বাবা একজন কবি ছিলেন। ছোটবেলা থেকেই তিনি কবিদের সাহচর্যে ছিলেন। তিনি ইকবালের কবিতা খুব পছন্দ করতেন এবং তার ধারায় তিনি কবিতা চর্চা শুরু করেন। কবি প্রতিটি বিষয়ে কবিতা লিখতেন। তবে তার দৃষ্টি ছিল দেশপ্রেম ও দেশপ্রেমের দিকে। তিনি অনেকগুলো নজম লিখেছেন। জগন্নাথ আজাদ নজমে খুব পরিচিত একটি নাম।

জগন্নাথ আজাদ একজন সুপরিচিত কবি হলেও তিনি একজন দেশ প্রেমিক ছিলেন। তিনি দেশকে মনেপ্রাণে ভালোবাসতেন। দেশের জন্য তিনি অনেক নজম লিখেছেন। তিনি বিভিন্ন দেশে পদচারণা করেছেন, তবে তিনি যে দেশে জন্মগ্রহণ করেছেন, সে দেশের প্রতি গভীর আকর্ষণ অনুভব করেন। তার এরকমই একটি নজম سیر پاکستان (সায়রে পাকিস্তান) যা দেশপ্রেমের উপর নির্ভর করে তিনি রচনা করেছেন। এ নজমে তিনি বোঝাতে চেয়েছেন যে, তিনি নিজের দেশকে কতটা ভালোবাসতেন। তিনি একবার দেশকে ছেড়ে পুনরায় দেশে ফিরে তার স্নেহার্দ হৃদয় দিয়ে তার অনুভূতি এভাবে বর্ণনা করেছেন-

چھوڑی ہوئی انجمن میں واپس آیا☆ مہجور وطن وطن میں واپس آیا
اے اہل چمن ! چمن میں اعلان کرو☆شیدائے چمن، چمن میں واپس آیا۔[১০৯]

জগন্নাথ আজাদের দেশপ্রেমের উপর আরেকটি উল্লেখযোগ্য নজম হলো- پنجاب (পাঞ্জাব)। এতে লেখক পাঞ্জাবের ধ্বংসের অনেক বড় কারণ ও প্রভাব চিত্রায়িত করেছেন। এতে পাঞ্জাবে যে প্রভাব পড়েছে তা তিনি বর্ণনা করেছেন এভাবে-

مٹی ہوئی تقسیم، محبت ہوئی رخصت☆اخلاص گیامہر ومروت ہوئی رخصت
چہروں سے ہنسی دل سے صداقت ہوئی رخصت☆پنجاب کی دیرینہ شرافت ہوئی رخصت۔[১১০]

আজাদ তার দেশকে এতই ভালোবাসতেন যেন সে দেশ তাকে গভীরভাবে টানে। আজাদ তার দেশকে ইচ্ছাকৃতভাবে ছাড়তে চাননি, তবে বাধ্য হয়ে তাকে ছাড়তে হয়েছিল। এজন্য তার অনেক দুঃখ রয়ে যায়। তার কিছু ভুল বুঝাবুঝি হয়েছিল, তার দেশ তার প্রার্থনা শুনতে পায় এবং তার দেশ তাকে আবার ফিরে আসতে আমন্ত্রণ জানায়। তার রচিত নজম شکوۂ پاکستان (শেকওয়ায়ে পাকিস্তান) এ কবি বলেন-

وطن کو بھولنے والے وطن کو واپس آ☆غزال دشت ختن پھر ختن کو واپس آ
اداس اداس ہیں پھولوں کے چہرہائے جمیل☆توائے بہار چمن ! پھر چمن کو واپس آ۔[১১১]

আজাদ যেমন দেশপ্রেমিক ছিলেন তেমনি ধর্মনিরপেক্ষ ছিলেন। আজাদ কখনো কাউকে ধর্মের আয়নায় দেখেননি। তার জন্য মানবতার সম্পর্ক অন্যতম সেরা সম্পর্ক এবং তিনি আজীবন তার নীতিতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি কখনো হিন্দু ও মুসলিমকে আলাদা করে দেখতেন না। তিনি মনে করতেন সবাই মানুষ। এ সমস্ত বিষয় তিনি তার নজমে তুলে ধরার চেষ্টা করেছেন। তার একটি নজম بھارت کے مسلمان (ভারত কে মুসলমান) এর মধ্যে কবি বলেছেন-

اس دور میں تو کیوں ہے پریشاں دہراساں☆کیابات ہے کیوں ہے متزلزل ترا ایماں
دانش کدہ دہر کی اے شمع فروزاں☆اے مطلع تہذیب کے خورشید درخشاں
حیرت ہے گھٹاؤں سے ترا نور ہو ترساں☆بھارت کے مسلماں-[১১২]

আজাদ মুসলমানদের উপর যতগুলো নজম লিখেছেন তা পড়লে বোঝা যায় যে, ইসলামী সংগঠনের সাথে তার গভীর সম্পর্ক রয়েছে। তিনি ওই সময়ে পূর্বদেশে সফরে গিয়েছিলেন। সেখানে তিনি ইসলামী

সংগঠনের ইতিহাসের প্রভাব দেখেছেন এবং সে অনুভূতি থেকে তিনি مسجد قرطبہ سے دیلنشیاں بک (মসজিদ কুরতুবা সে দিলনাশিয়া বেক) নজমটি লিখেছেন। এই নজমে তিনি বলেন-

رفتار وقت دیکھ رہا ہوں ترا طلسم ☆ طوفان سمٹ کے آج فقط رہ گیا ہے تو
ڈھونڈے سے بھی نہ اس کا مجھے مل سکی سراغ ☆ تہذیب وہ کہ جو تھی زمانے کی آبرو۔[১১৩]

এই বিষয়ের উপর আরেকটি কবিতা- دہلی کی جامع مسجد (দিল্লী কি জামে মসজিদ) যা ঐ সময়ে খুব জনপ্রিয় হয়েছিল। এই নজমের মাধ্যমে বোঝা যায় যে, তিনি মুসলিম এবং ইসলামের বন্ধু। তার আরেকটি কবিতা اردو (উর্দু)। যেখানে তিনি দেখানোর চেষ্টা করেছেন যে, হিন্দু ও মুসলিম সংগঠনের একটি পরিণতি হলো- 'উর্দু'। এটিকে শেষ করা মানবতাবিরোধী বরং নিজের সম্প্রদায়কে মেটানোর সমান। হিন্দুস্তানের কিছু লোক মনে করে উর্দু হিন্দুস্তানের ভাষা নয়, এটি শুধু হিন্দুস্তানের মুসলমানদের ভাষা। একরম যারা মনে করে তাদেরকে কবি ঘৃণা করেন এবং সেটি দূর করার জন্য তিনি রাগান্বিত এবং স্নেহ ভরা মন দিয়ে নজমটি লিখেছেন। এই নজমে কবি বলেছেন-

عداوت کی فضا میں ہے محبت کا بیاں اردو ☆ اسے اہل وطن دیکھیں نہ ہر گز بد گمانی سے
کہ ڈھل کر آئی ہے یہ زمزم و گنگا کے پانی سے ☆ ریاض ہند میں اردو وہ اک خوش رنگ پودا ہے
جسے خون جگر سے ہندو مسلم نے سینچا ہے ☆ مرے اہل وطن یہ آدمیت کا تقاضا ہے۔[১১৪]

জগন্নাথ আজাদ মুসলমানদের উপর আরেকটি নজম লিখেছেন, তা হলো- پیغمبر اسلام (পয়গম্বর ইসলাম)। এই নজমে কবি ইসলামের পথপ্রদর্শক মহানবী (স.) কে সালাম জানিয়েছেন। এ নজমে তিনি বলেন-

سلام اس پر کہ جس کے نور سے پر نور ہے دنیا ☆ سلام اس پر کہ جس کے نطق سے مسحور ہے دنیا
سلام اس پر حلائی شمع عرفان جس نے سینوں میں ☆ کیا حق کے لیے بیتاب سجدوں کو جبینوں میں۔[১১৫]

জগন্নাথ আজাদ কিছু রোমান্টিক নজমও লিখেছেন। সেগুলোকে দুই ভাগে ভাগ করা যেতে পারে। ১. প্রকৃতির দৃশ্যের উপর ভিত্তি করে এবং ২. তার স্ত্রীর প্রতি ভালোবাসা বিষয়ক। তিনি দৃশ্যের বর্ণনা তার মনের অনুভূতি দিয়ে এমনভাবে তুলে ধরেন যা পাঠকের মনের মধ্যে আলোড়ন সৃষ্টি করে। প্রাকৃতিক দৃশ্যের উপর তার একটি নজম کنارے راوی (কিনারে রাদি)। এ নজমে কবি দৃশ্যের বর্ণনা খুব সুন্দরভাবে তুলে ধরেছেন। যেমন-

ہر چیز چاندنی سے زر پوش ہو رہی تھی ☆ گردوں سے ماہ تاباں سونا لٹا رہا تھا
دو موسموں میں باہم تھا اتصال گویا ☆ اک وقت آ رہا تھا اک وقت جا رہا تھا
رادی کے پل کے نیچے تھیں نغمہ بار لہریں ☆ لہروں کا راگ دل کو بے خود بنا رہا تھا۔[১১৬]

দৃশ্য এবং সুন্দরের উপর আরেকটি নজম হলো- ڈل کے کنارے ایک صبح (ডাল কে কিনারে এক সুবহে)। এই নজমে কবি সকালের দৃশ্যের বর্ণনা করতে গিয়ে বলেন-

ذرا تو رحم کر صبح کی لطیف ہواؤ ☆ جو بجھ چکی ہیں وہ چنگاریاں نہ پھر سلگاؤ
تھپک تھپک کے سلایا ہے جن کو وقت سے ☆ ان آرزوؤں کو پھر میری روح میں نہ جگاؤ۔[১১৭]

জগন্নাথ আজাদের প্রথম স্ত্রীর নাম ছিল শকুন্তলা। তার স্ত্রীর মৃত্যুর পরে তার খুব কষ্ট হয়। তাই তার স্ত্রীকে স্মরণ করে তার নামে তিনি একটি নজম লিখেছেন, যা রোমান্টিক নজম হিসেবে পরিচিত। شکنتلا (শকুন্তলা) নজমে কবি তার স্ত্রীকে উদ্দেশ্য করে বলেন-

سامنے میرے دعاؤں کا مری انجام ہے ☆ اب تری ہر دور ہر تکلیف کو آرام ہے
اب نہ روئے گی تو اپنی بچوں کو دیکھ کر ☆ اور اس کی معصوم کی خاطر نہ ترسے گی نظر
جو تری دامن میں آیا مسکرایا چل بسا ☆ جس کو یہ انداز دنیا کا نہ بھایا چل لبا۔[১১৮]

তার রোমান্টিকতার উপর আরেকটি নজম হলো- ایک آرزو (এক আরজু), যা তার স্ত্রীর জন্য রচিত হয়েছিল। এই নজমে তার স্ত্রীর প্রতি তার গভীর ভালোবাসার প্রকাশ ঘটেছে। তিনি প্রবল ইচ্ছা পোষণ করেন যেন তার স্ত্রী পুনরায় তার কাছে ফিরে আসে। তিনি বলেন-

اے کہ تجھ کو ڈھنڈتی ہے میری جان درد مند ☆ اے کہ اک پل کی جدائی بھی نہ تھی تجھ کو پسند
ہو سکے تو میری خلوت گاہ میں پھر آ بھی ☆ خاطر اندوہگیں کو شادماں فرما کبھی۔[১১৯]

জগন্নাথ আজাদ ছিলেন একজন মানুষ প্রেমিক। তিনি মানুষের জন্য অনেক নজম লিখেছেন। তিনি যে সকল নজম লিখেছেন সেগুলোর মধ্যে ذرو! قطرو! (জরো ও কাত্রো) বিশেষভাবে উল্লেখযোগ্য। কারণ এখানে কবি মানুষকে জেগে উঠতে বলেছেন। দুনিয়াতে বেঁচে থাকার জন্য যে যুদ্ধ করতে হয় কবি তাতে অংশগ্রহণের দাওয়াত দিয়েছেন।

ایک نئے مضمون کی اب تمہید بنو
ذرو! قطرو!

ایک نئی محفل کا اب ساماں بنو۔[১২০]

জগন্নাথ আজাদের উপরোক্ত বিষয়গুলো ছাড়াও তিনি তার নজমে রাজনৈতিক বিষয়টিও খুব সুন্দরভাবে তুলে ধরেছেন। যদিও তার কবিতায় দেশপ্রেমের বিষয়টি বেশি পরিলক্ষিত হয় তবুও রাজনৈতিক বিষয়টিকেও তিনি প্রাধান্য দিয়েছেন। তিনি রাজনীতির বিষয়টি তার নজমে এমনভাবে উপস্থাপন করেছেন যেন তিনি একজন রাজনীতিবিদ। তিনি সত্যিকার অর্থে একজন রাষ্ট্রপতি ছিলেন। সেই কারণে তিনি রাজনীতির ভাষা ভালো বুঝতেন এবং তিনি তার নজমে সুন্দরভাবে তা তুলে ধরেছেন। যেমন তার রাজনীতি বিষয়ক একটি কবিতা ۱۵اگست ۱۹۴۷ (১৫ ই আগস্ট ১৯৪৭)। এ নজমে তিনি বলেন-

نہ پوچھو جب بہار آئی تو دیوانوں پہ کیا گزری ☆ ذرا دیکھو کہ اس موسم میں فرزانوں پہ کیا گزری۔[১২১]

জগন্নাথ আজাদের আরেকটি উল্লেখযোগ্য রাজনীতি বিষয়ক নজম হলো- آزادی کے بعد (আজাদিকে বা'দ)। তিনি এই নজমেও রাজনীতির বিষয়টি এমনভাবে উপস্থাপন করেছেন যেন এটি দেশের একটি কবিতা। এই নজমে কবি বোঝাতে চেয়েছেন যে, স্বাধীনতার পরেও দেশ সত্যিকার অর্থে স্বাধীন হতে পারেনি। তিনি বলেন-

گرد دامن سے غلامی کی چھڑانے والے ☆ ترے ماتھے پہ غلامی کا نشاں آج بھی ہے

جو سماں پیری نگاہوں سے نہاں ہے شاید ☆ وہ سماں میری نگاہوں پہ گراں آج بھی ہے۔[১২২]

উপরে উল্লেখিত নজম ছাড়াও তিনি অসংখ্য নজম রচনা করে গেছেন। তার নজমের বইগুলো হচ্ছে- بیکراں (বেকরান), ستاروں سے ذروں تک (সিতারোঁ সে জাররোঁ তক), وطن میں اجنبی (ওয়াতন মে আজনবী), نوائے پریشاں (নুয়ায়ে পেরেশান), طبل وعلم (তবল ও ইলম), بوئے رسیدہ (বুয়ে রসিদা), بچوں کی نظمیں (বাচ্চোঁ কি নজমেঁ), شاعر کی آواز (শায়ের কি আওয়াজ), اجنتا (অজন্তা) ইত্যাদি।

জগন্নাথ আজাদ বিভিন্ন বিষয়ের উপর নজম লিখতেন। নজমের জন্য তিনি প্রথমে বিষয়টিকে নির্বাচন করতেন, সেটি সমাজ এবং মানুষের সঙ্গে সম্পর্কিত থাকত। তারপর সে বিষয়ের উপর কবিতার লাইন লিখতেন। তিনি কবিতায় এত মর্যাদাবান ছিলেন যে, তার কবিতাগুলো জনপ্রিয় হয়ে উঠে। তার অনুভূতি ও ভালোবাসার জন্য কবিতাগুলোকে জীবনের একটি অংশ মনে হয়।

ফেরাক গোরাখপুরীঃ ফেরাক গোরাখপুরীর কবিতা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। কারণ তার পিতা ছিলেন একজন কবি। শৈশবকাল থেকে তিনি কবিতা মেজাজে ছিলেন। তবে ফেরাক **১৯১৮** খ্রি. থেকে

১৯১৯ খ্রিস্টাব্দের মধ্যে আনুষ্ঠানিকভাবে নজম লিখা শুরু করেন। তিনি অসীম জ্ঞান সৃষ্টিকারী কবিতার কবিদের মধ্যে অনন্য হিসেবে গণ্য হন। ফেরাক গোরাখপুরী গজল বাদে কবিতার আরেকটি শাখায় বিশেষ খ্যাতি অর্জন করেন তা হলো নজম। এই শাখায় ফেরাক গজলের মতই সুপরিচিত হন। ফেরাক প্রেমমূলক, প্রাকৃতিক দৃশ্য, রাজনৈতিক, ঐতিহাসিক এবং জীবনীমূলক বিষয়ে কবিতা লিখেছেন।[১২৩] ফেরাকের নজম সম্বন্ধে গোপীচাঁদ নারায়ণ বলেছেন-

"فراق گورکھپوری ہمارے عہد کے ان شاعروں سے تھے جو کئی صدیوں میں پیدا ہوتے ہیں۔ ان کی شاعری میں حیات وکائنات کے بھید بھرے سنگیت سے ہم اہنگ ہونے کی عجیب وغریب کیفیت تھی۔ اس میں ایک ایسا حسن، ایسا رس اور ایسی لطافت تھی جو ہر شاعر کو نصیب نہیں ہوتی۔ فراق نے نظمیں بھی کہیں اور رباعیات بھی۔ لیکن وہ بنیادی طور پر غزل کے شاعر تھے۔ ہندوستانی لہجہ اردو میں پہلے بھی تھا۔ فراق کا کارنامہ ہے کہ انہوں نے خدائے سخن میر کی شعری روایت کے حوالے سے اس کی بازیافت کی اور صدیوں کی آریائی روح سے ہم کلام ہو کر اسے تخلیق اظہار کی نئی سطح دی اور آج کے انسان کے دل کی دھڑکنوں کو اس میں سمو دیا۔"[১২৪]

ফেরাক গোরাখপুরী তার জীবদ্দশায় অনেকগুলো নজম লিখেছেন। তার মধ্যে অন্যতম এবং প্রধান নজম হচ্ছে ادھی رات کو (আদহি রাত কো)। এ নজমটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় লিখিত হয়েছিল। এ গুরুত্বপূর্ণ নজমটি একটি যুদ্ধের পরিস্থিতিগুলোর চেয়ে তার প্রভাবের দিকে বেশি ইঙ্গিত করেছে। যেমন-

سیاہ پیڑ ہیں اب آپ اپنی پرچھائیں☆زمیں سے تا مہ و انجم سکوت کے مینار
جدھر نگاہ کریں اک اتھاہ گوشدگی☆اک ایک کر کے فسردہ چراغوں کی پلکیں۔[১২৫]

ফেরাকের একটি সুন্দর এবং করুণ কবিতা হলো- جگنو (জগনু)। এতে একটি ২০ বছর বয়সী ব্যক্তির শোক চিত্রিত করা হয়েছে, যার মা তার জন্মদিনেই মারা গিয়েছিল। উদাহরণস্বরূপ-

مری حیات نے دیکھی ہیں بیس برساتیں☆مرے جنم ہی کے دن مر گئی تھی ماں میری
وہ ماں کہ شکل بھی جس ماں کی میں نہ دیکھ سکا☆جو آنکھ بھر کے مجھے دیکھ بھی سکی نہ وہ ماں۔[১২৬]

ফেরাকের আরেকটি গুরুত্বপূর্ণ নজম হলো- ہنڈولہ (হন্ডোলা)। এই নজমে কবি তার শৈশবকালীন অনুচ্ছেদ এবং অনুভূতি রেকর্ড করেছেন। যেমন-

مری سرشت میں ضدیں کے کئی جوڑے☆شروع ہی سے تھے موجود آب و تاب کے ساتھ

مرے مزاج میں پہناں تھی ایک جدلیت ☆ رگوں میں چھوٹتے رہتے تھے بے شمار انار۔[১২৭]

ফেরাকের আরেকটি অনন্য সৃষ্টি হলো- داستان آدم (দাস্তানে আদম)। ফেরাকের এই সেরা নজমটি একটি ঐতিহাসিক নজম। এতে তিনি প্রাগৈতিহাসিক কাল থেকে এখন অবধি মানব ঐতিহাসিক, ক্রমান্বয়ে বিপ্লবী বিকাশের কথা উল্লেখ করেছেন। এ নজমে কবি বলেন-

سائنس کے یہ معجزے ایجادوں کے یہ دور ☆ دنیا کے سب آئین، تمدن کے سبھی طور
بدلیں گے ابھی اور ابھی اور ☆ تاریخ کی رفتار بہت تیز کریں گے۔[১২৮]

ফেরাকের অন্য আরেক ধরনের কবিতা হলো- پرچھائیاں (পারছায়িয়া)। কবি ঐশ্বরিকভাবে নান্দনিকতা এবং প্রেমের অনুভূতি প্রতিনিধিত্ব করেন। নজমে কবি আল্লাহর অপরূপ সৃষ্টির প্রতি ইঙ্গিত দিয়ে বলেছেন-

یہ چھپ، یہ روپ، یہ جوبن، یہ سج، یہ دھج یہ لہک ☆ چمکتے تاروں کی کرنوں کی نرم نرم پھوڑ
یہ رسماتے بدن کا اٹھان اور ابھار ☆ فضا کے آئینہ میں جیسے لہلہائے بہار۔[১২৯]

ফেরাক গোরাখপুরী প্রাকৃতিক দৃশ্যের উপর অনেকগুলো নজম লিখেছেন। তার মধ্যে অন্যতম নজম হলো- شام عیادت (শাম ইয়াদত)। এ নজমে কবি প্রাকৃতিক দৃশ্যের অপরূপ চিত্র চিত্রায়ন করেছেন যেন সবাই প্রকৃতির প্রেমে পড়ে। প্রাকৃতিক দৃশ্যের উপর রচিত 'শাম ইয়াদত' নজমে কবি প্রকৃতির দৃশ্য এভাবে বর্ণনা করেছেন-

ادائے حسن برق پاس شعلہ زن نظارہ سوز ☆ فضائے حسن اددی اددی بجلیاں لئے ہوئے
جگانے والے نغمۂ سحر لبوں پہ موج زن ☆ نگاہیں نیند لانے والی لوریاں لئے ہوئے۔[১৩০]

ফেরাকের আরেকটি গুরুত্বপূর্ণ প্রেমের নজম হলো- حسن کی دیوی سے (হসন কি দেবী সে)। তিনি প্রকৃতিকে খুব পছন্দ করতেন এবং প্রকৃতির প্রেমে পড়ে যেতেন। এই প্রেম থেকেই তিনি এই নজমটি রচনা করেছেন। উদাহরণস্বরূপ-

یہ رنگ رنگ جوانی، چمن چمن پیکر ☆ یہ غنچہ غنچہ تبسم، قدم قدم گفتار
قد جمیل ہے یا کام دیو کی ہے کماں ☆ نظر کے پھول گندھے تیر کرتے جاتے ہیں دار۔[১৩১]

ফেরাকের আরেকটি উল্লেখযোগ্য নজম হলো- آزادی (আজাদি) যা ১৯৪২ খ্রিস্টাব্দে লিখা হয়েছিল। যখন দেশে স্বাধীনতা অর্জনের জন্য সংগ্রাম চলছিল তখন মানুষ দেশ স্বাধীন হওয়ার স্বপ্ন দেখছিল। এ কবিতাটি ঐ সময়ে লেখা হয়েছিল, যখন দেশের মানুষ স্বাধীন হওয়ার স্বপ্নে বিভোর ছিল। আর এই ঘটনাটি কবি খুব সুন্দরভাবে এ নজমে তুলে ধরেছেন। তিনি বলেন-

ترنم سحری دے رہا ہے لو چھپ کر☆حریف صبح وطن ہے یہ شام آزادی
ہمارے سینے میں شعلے بھڑک رہے ہیں فراق☆ہماری سانس سے روشن ہے نام آزادی۔ [১৩২]

ফেরাকের আরেকটি খুব ছোট নজম হলো- ترانۂ عشق (তারানায়ে ইশক)। এ নজম ছোট হলেও কবি এই নজমটি দেশ প্রেমের উপর ভিত্তি করে রচনা করেছেন। অর্থাৎ তার মধ্যেও যে দেশপ্রেম ছিল তিনি তার নজমে ফুটিয়ে তুলেছেন অত্যন্ত সুন্দরভাবে। দেশের প্রতি ভালোবাসা সব মানুষেরই আছে। তিনিও দেশকে খুব ভালোবাসতেন। আর দেশপ্রেম থেকেই তিনি এ নজমটি লিখেছেন। তিনি বলেন-

جلوہ گل کو بلبل بہت ہے☆شمع کر گریہ شام
باد بہاری گل کو بہت ہے☆مجھ کو تیرا نام۔ [১৩৩]

ফেরাক যদিও একজন দেশ প্রেমিক ছিলেন তবুও রাজনৈতিক কারণে কারারুদ্ধ হয়েছিলেন। কারাগার থেকে বের হয়ে তিনি মুক্ত হওয়ার পরে تلاش حیات (তালাশে হায়াত) নামে একটি নজম লিখেছেন। এ নজমে কবি বলেন-

ہند کے گھونگھٹوں ملتے☆کتنی سہائی آگ ہے
صبح کو ماں کے ماتھے پر☆آج نیا بہاگ ہے۔ [১৩৪]

ফেরাকের রাজনৈতিক বিষয়ের উপর আরেকটি উল্লেখযোগ্য নজম হলো- دھرتی کی کروٹ (ধরতী কি করোট)। এ কবিতায় তিনি রাজনীতির বিষয়টিকে খুব সুন্দরভাবে উপস্থাপন করেছেন।

اتّر، دکھن، پورب، پچّھم☆آگے، پیچھے، اوپر نیچے
دیش دیش میں دنیا بھر میں☆توڑ رہی ہے دم تاریگی
سرخ سویرا ہونے کو ہے۔ [১৩৫]

উপরোক্ত নজম ছাড়াও ফেরাক গোরাখপুরী অসংখ্য নজম রচনা করেছেন। তার নজমের সংকলন হলো- دھرتی کی کروٹ (ধরতী কি করোট), نغمۂ نما (নাগমা নুমা), مشعال (মশাল), روح کائنات (রূহে কায়েনাত), گلبانگ (গুলবাঙ্গ)।

ফেরাক গোরাখপুরী উর্দু কাব্যসাহিত্যে এক উজ্জ্বল নক্ষত্র। তার নজমগুলো পড়লে বোঝা যায় যে, তিনি একজন উচ্চমানের কবি ছিলেন। কবিতার ধারা তার মাধ্যমে বিকশিত হয়েছিল।

তিলোকচাঁদ মাহরুমঃ তিলোকচাঁদ মাহরুম উর্দু সাহিত্যের দুনিয়ায় নিজের জায়গা তৈরি করেছেন কবিতার মাধ্যমে। মাহরুম প্রকৃতপক্ষে একজন নজমের কবি।[১৩৬] মাহরুম কবিতার জন্য পুরো পৃথিবীতে খ্যাতি অর্জন করেছেন। তার খ্যাতি ও সম্মান কাব্যসাহিত্যের মাধ্যমে পুরো পৃথিবীতে বিস্তার লাভ করেছে। তিনি আখলাকী, সামাজিক, রাজনৈতিক, মাজহাবী, দেশ, জাতীয় এবং বাচ্চাদের বিষয়ে কবিতা রচনা করেছেন। মাহরুম সৌন্দর্য সন্ধানী একজন কবি। তার লিখায় সৌন্দর্য একটি বিশেষ বৈশিষ্ট্য। উর্দু নজমে দৃশ্যের বর্ণনা সবচেয়ে বেশি দেখা যায়।[১৩৭] তিনি প্রাকৃতিক দৃশ্যের উপর অনেক সংবেদনশীল। তিনি গ্রামে বাস করতেন, তাই তার কাছে চিত্রের বর্ণনা খুব সহজেই আসে। তিনি গ্রামে বাস করতেন বলেই প্রকৃতিকে অনেক কাছে থেকেই দেখেছেন। তাই তার মনে সব সময় প্রকৃতির চিন্তা আসে।

তার বেশিরভাগ নজমই প্রাকৃতিক দৃশ্য বা চিত্রাবলীর উপর চিত্রায়িত হয়েছে। তিনি প্রকৃতির উপর অনেক নজম লিখেছেন। দৃশ্যের উপর তার একটি উল্লেখযোগ্য নজম হলো- گنگا (গঙ্গা)। এই নজমে কবি দৃশ্যের বর্ণনা এমনভাবে তুলে ধরেছেন যেন 'গঙ্গা' সম্বন্ধে মানুষের ধারণা সহজে চলে আসে। এ নজমে গঙ্গা নদীর বর্ণনা করতে গিয়ে কবি বলেন-

ٹھنڈا میٹھا اس کا پانی ☆ کونسا دریا اس کا ثانی
شہروں کی آبادی اس سے ☆ رونق اس سے، شادی اس سے۔[১৩৮]

দৃশ্যের এবং চিত্রাবলীর উপর তার আরেকটি মনজুড়ানো নজম হলো- آندھی (আন্ধী)। এই নজমে অন্ধের পুরো দৃশ্য সামনে আসে । এ নজমে কবি বলেন-

آتی ہے مثل اژدر صحرا پھنکارتی ☆ للکارتی فلک کو زمین کو پکارتی
ذرّوں کو تا بہ چرخ چہارم ابھارتی ☆ اڑتے ہُوؤں کو روج فضا سے اتارتی۔[১৩৯]

দৃশ্যের উপর মাহরুমের আরেকটি উল্লেখযোগ্য নজম হলো- بادبہاری چلی (বাদ বাহারী চলি)। তিনি এই নজমে প্রাকৃতিক দৃশ্যের বর্ণনা এমনভাবে তুলে ধরেছেন যেন আল্লাহর সৃষ্টিকেই তিনি তুলে ধরেছেন। যেমন-

گلشن آفاق میں پھول کھلاتی ہوئی☆ناچتی گاتی ہوئی
جلوۂ فردوس کا رنگ جماتی ہوئی☆عطر اڑاتی ہوئی
بادبہاری چلی![১৪০]

চিত্রের চিত্রায়ন করা মাহরুমের একটি সৃষ্টিশীল শিল্প। তার চিত্রের উপর আরেকটি সৃষ্টিশীল শিল্পকর্ম হলো دھوپ (ধূপ)। বর্ষার পরে প্রকৃতির যে পরিবর্তন হয় তা কবি এই নজমে অতি চমৎকারভাবে তুলে ধরেছেন। তিনি বলেন-

بارش کے بعد نکلی ہے کیا زرنگار دھوپ☆برسا رہی ہے دشت و چمن پر نکھار دھوپ
ذرّے زمین کی صورت گوہر چمک اٹھے☆دامان کوہسار میں پتھر چمک اٹھے
پاکیزہ مثل دامن پاکاں یہ دھوپ ہے☆حُسن عمل کی طرح درخشاں یہ دھوپ ہے[১৪১]

প্রাকৃতিক দৃশ্যের উপর তার নজমের সংগ্রহ হলো- گنج معانی (গঞ্জে মা'আনি)। এই নজমের বইয়ে প্রায় সব নজমই প্রাকৃতির দৃশ্যের উপর রচিত। তিলোকচাঁদ মাহরুম ঘটনার বর্ণনার উপর অনেক নজম রচনা করেছেন। তার মধ্যে আলোচিত নজম হলো- عزم صحرا (আজম ছেহরা)। এই নজমে শ্রী রামচন্দ্র জী এর বনবাসে যাওয়ার ঘটনা এবং এই ঘটনা শুনে আযোধ্যাদের মনে আশঙ্কা কবি খুব চমৎকারভাবে তুলে ধরেছেন-

صحرا کو رام لچھمن و سیتا جو چل پڑے☆بیتاب ہو کے لوگ گھروں سے نکل پڑے
زار و قطار روتے ہوئے بے قرار سب☆تھے پیچھے پیچھے رام کے باحال زار سب۔[১৪২]

ঘটনার বর্ণনার উপর তার আরো অনেক নজম রয়েছে। ویران کٹیا (বিরান কাটিয়া), سیتا جی کی فریاد (সিতাজী কি ফরিয়াদ), اعجاز عصمت (ইজাজ আসমত), راون کا ماتم (রাবন কা মাতম) এবং رامائن کے سین (রামায়ণ কে সিন) ইত্যাদি উল্লেখযোগ্য।

দেশের উপর অনেক কবিই নজম লিখেছেন তার মধ্যে মাহরুম অন্যতম। তিনি কাব্যসাহিত্যের মাধ্যমে দেশের প্রতি যে আবেগ প্রকাশ করেন, তা অন্যান্য কবিদের মধ্যে দেখা যায় না। তিনি দেশের প্রতি সর্বদা নিবেদিত ছিলেন। তার দেশপ্রেমের নজম সমাজ গঠনের উৎসাহ দেয় এবং

মানুষের মনে দেশের স্বাধীনতার জন্য প্রেরণা যোগায়। দেশ ও জাতির জাগরণের জন্য মাহরুমের নজম অস্বীকার করা যায় না।

হালি ও চাকবাস্ত দেশের উপর অনেক নজম রচনা করেছেন। মাহরুমও দেশের উপর অনেক নজম রচনা করেছেন। মাহরুম দেশকে স্বাধীন দেখতে চেয়েছিলেন। মাহরুম জানতেন যে, ভারতকে গঠন করতে দেশের যুবকদের ভূমিকা রয়েছে। এ জন্য দেশের যুবকদের নিয়ে তিনি একটি নজম রচনা করেছেন ہندوستانی نوجوانوں کی دعا (হিন্দুস্তানি নোজোয়ানুঁ কী দু'আ)। এই কবিতায় হিন্দুস্তানি তরুণরা তাদের দেশের জন্য প্রার্থনা করে।

سینے میں ہو مرے دل بے کینہ، اے خدا☆ ہر گرد سے ہو پاک یہ ائینہ، اے خدا
خالی ہو ہر غرض سے مرا سینہ، اے خدا☆ درد وطن کا اس میں ہو گنجینہ، اے خدا۔[১৪৩]

মাহরুম দেশকে নিয়ে অনেক নজমই রচনা করেছেন। তার মধ্যে উল্লেখযোগ্য নজম হলো- جلوۂ امید (জলোয়ায়ে উম্মিদ)। এই নজমে কবি হিন্দুস্তানি মানুষের মধ্যে স্বাধীনতার রং নিয়ে আসার চেষ্টা করেছেন। এই নজমে কবি বলেছেন-

گلشن ہندوستان میں پھر بہار آنے کو ہے☆ رنگ نو سے لالہ و گل پر نکھار آنے کو ہے
اور بھی چل جم کے تو اے صرصر آہ سحر☆ ظلمت غم کی گھٹا میں انتشار آنے کو ہے۔[১৪৪]

তিলোকচাঁদ মাহরুমের দেশকে নিয়ে লেখা নজমগুলোর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ নজম হলো- ہندوستان ہمارا (হিন্দুস্তান হামারা)। মাহরুমের দেশের প্রতি প্রেম ও ভালোবাসার অফুরন্ত উদাহরণ হলো এই নজম। এই নজমে পুরোপুরিভাবে দেশপ্রেমের প্রকাশ ঘটেছে। তিনি এই নজমে দেশপ্রেমের প্রকাশ এভাবে করেছেন-

گلشن اجڑ چلا ہے اے باغبان ہمارا☆ ہونے کو تنکے تنکے ہے آشیان ہمارا
کس دشن میں الٰہی اب خاک چھانتے ہیں☆ باد بہار اپنی، آب روان ہمارا۔[১৪৫]

মাহরুম শুধু তার দেশ হিন্দুস্তান নিয়ে নজম রচনা করেছেন তা নয়, তিনি পাকিস্তান ও পাঞ্জাব দেশ নিয়েও নজম রচনা করেছেন। তার এমনই একটি নজম হলো- پنجاب کے میدان (পাঞ্জাব কে ময়দান)। তিনি পাঞ্জাবের জন্য নিজের অফুরন্ত ভালোবাসা প্রকাশ করেছেন। এই কবিতা পড়লে বোঝা যায় যে, তিনি পাঞ্জাবের অভাবনীয় সুন্দর দৃশ্য চিত্রায়ন করেছেন। যেমন-

کس قدر ہے آہ! دامنگیر دل تیری زمین☆دلکشی پنجاب! کتنی تیرے میدانوں میں ہے
تیری وسعت میں ہوئی گم رفعت چرخ بریں☆ایک ایوان فلک بھی تیرے ایوانوں میں ہے![১৪৬]

তিলোকচাঁদ মাহরুম শুধু দৃশ্য ও দেশপ্রেম বিষয়ে নজম রচনা করেছেন তা নয়; তিনি রাজনৈতিক বিষয়েও নজম লিখেছেন। তিনি তার নজমে রাজনীতির বিষয়গুলো খুব চমৎকারভাবে উপস্থাপন করেছেন। তার রাজনৈতিক বিষয়ে নজমের মধ্যে অনন্য নজম হলো- صبر ہمارا جیت گیا (সবর হামারা জীত গিয়া)। এই নজমে তিনি জয়ের বার্তা দিতে গিয়ে বলেন-

پر ذوق ستم نے اس کے آخر خود اس کو بدنام کیا☆بے کار گئی تدبیر اس کی تقدیر نے اپنا کام کیا
اس وقت کو ہمدم یاد نہ کر، وہ دور غلامی بیت گیا☆جب جور و ستم سب ہار گئے اور صبر ہمارا جیت گیا۔[১৪৭]

তিলোকচাঁদ মাহরুম দেশকে যেমন ভালোবাসতেন তেমনি দেশের মানুষের জন্য ভাবতেন। হিন্দু ও মুসলমান যে মানুষই হোক না কেন সবাই তার কাছে সমান। তিনি ছিলেন ধর্মনিরপেক্ষ। যদিও তিনি হিন্দু ছিলেন তুবও তিনি মুসলমানদের কখনও ঘৃণা করতেন না। ہندو مسلمان 'হিন্দু মুসলমান' নজমে কবি বলেছেন-

مٹے جھگڑا الٰہی کب یہاں ہندوستان کا☆بنے کب مشترک ہندوستان ہندو مسلمان کا
گناہ بغض پنہاں کی سزا بھی کچھ تو ہوتی ہے☆نہ دشمن کس لئے ہو آسمان ہندو مسلمان کا۔[১৪৮]

মাহরুমের দেশপ্রেম ও রাজনৈতিক বিষয়ে আরো অনেক নজম রয়েছে। দেশপ্রেম ও রাজনৈতিক বিষয়ের উপর তার নজমের সংগ্রহ হলো- کاروان وطن (কারওয়ানে ওয়াতন)।

তিলোকচাঁদ মাহরুম দেশ ও বড়দের নিয়ে এবং যুবক বা তরুণদের নিয়ে অনেক নজম লিখলেও তিনি শিশুদের অর্থাৎ ছোটদের নিয়েও অনেক নজম লিখেছেন। বাচ্চাদের নিয়ে লিখা নজমের মধ্যে স্বনামধন্য নজম হলো- پہلے کام پیچھے آرام (পেহলে কাম পিছে আরাম)। এই নজমে কবি ছোটদের পড়াশুনা করতে বলেছেন, তারপর আরাম করতে বলেছেন। এতেই তাদের সফলতা আসবে। এই নজমে কবি বাচ্চাদের এভাবে বলেছেন-

کامیابی کی تمنا ہے اگر کام کرو☆مرد کہلاؤ، زمانے میں بڑا نام کرو
وقت آغاز سے اندیشۂ انجام کرو☆کام کا لطف ہے جب صبح سے تا شام کرو
پہلے تم کام کرو، بعد میں آرام کرو![১৪৯]

সত্যের পথে পুরো পৃথিবী চলে। যদি মানুষ সৎপথে চলে তবে সবকিছু সহজেই অর্জন করতে পারবে। আর অসৎপথে চললে দুনিয়াতে কেউ তাকে ভালোবাসে না। এই বিষয়ের উপর কবির লিখা سچائی (সাচ্চায়ী) নজমটি কবি ছোটদের জন্য লিখেছেন। এই নজমে কবি বলেছেন-

سورج کی چمک☆تاروں کی جھلک
باغوں کی مہک☆بلبل کی چہک
گندن کی ڈلک☆موتی کی دمک
موجود ہیں اک سچائی میں![১৫০]

তিলোকচাঁদ মাহরুম এই দু'টি নজম ছাড়াও বাচ্চাদের জন্য অসংখ্য নজম রচনা করেছেন। বাচ্চাদের উপর তার রচিত কবিতার সংগ্রহ হলো- بچوں کی دنیا (বাচ্চো কি দুনিয়া)।

তিলোকচাঁদ মাহরুম শুধু সাধারণ মানুষের কথা ভেবেই নজম লিখেছেন তা নয়। তিনি অসহায় মানুষের জন্যও নজম রচনা করেছেন। তার নজম مچھلی کی بے تابی (মাছলি কি বেতাবী) একটি উল্লেখযোগ্য নজম। তিনি কোন অসহায় মানুষের অসহায়ত্ব দেখে তার কবিতায় এভাবে বলেছেন-

مسرور ہو نہ دیکھ کے بیتابیاں مری☆سرپنجہ عذاب میں ظالم! ہے جان مری
اے بدگمان نہ رکھ مجھے الجھا کے دام میں☆میں نیجاں ہو اب وہ تڑپ ہے کہاں مری۔[১৫১]

তিলোকচাঁদ মাহরুম শুধু মানুষের জন্য নজম লিখেছেন তা নয় তিনি পশুপাখি এবং জীবজন্তু নিয়েও নজম রচনা করেছেন। এই বিষয়ের উপর তার একটি উল্লেখযোগ্য নজম হলো- بلبل کی فریاد (বুলবুল কি ফরিয়াদ)। এই নজমে কবি পশুপাখির প্রতি দয়ালু হওয়ার কথা বলেছেন। এই নজমে কবি বুলবুল পাখির প্রার্থনা তুলে ধরেছেন। তিনি বলেছেন-

صیاد نے چھڑایا جس دن سے آشیانا☆پہلو میں دل کے بدلے غم نے کیا ٹھکانا
گلزار سے نکلا، قید قفس میں ڈالا☆بے درد کچھ نہ سمجھا، ظالم نے کچھ نہ جانا۔[১৫২]

পশুপাখির উপর মাহরুমের আরেকটি নজম হলো- چڑیا کی زاری (চিড়য়া কি জারি)। এই নজমে কবি পশুপাখির বিভিন্ন অবস্থা সম্বন্ধে বলেছেন। মা পাখি কীভাবে তার বাচ্চাদের খাওয়ায়, বাসা তৈরি করে এবং বাচ্চাদের লালন-পালন করে সেই সম্বন্ধে কবি এই নজমে খুব চমৎকারভাবে তুলে ধরেছেন। যেমন-

جنگل میں جاکے اپنا میں آشیاں بناتی ☆ شاخ شجر پہ خس کا چھوٹا مکاں بناتی
رہتی ہنستی خوشی سے بچوں کو پالتی میں ☆ خطرے میں اپنی جاں کو ہر گز نہ ڈالتی میں۔[১৫৩]

তিলোকচাঁদ মাহরুম জীবনে অনেক দুঃখ-কষ্ট পেয়েছেন। আর এই দুঃখ-কষ্ট নিয়েও তিনি নজম লিখেছেন। তার প্রথম স্ত্রীর মৃত্যুতে তিনি অনেক কষ্ট পেয়েছেন। আর এই কষ্ট থেকেই তিনি طوفان غم (তুফানে গম) নামে একটি নজম রচনা করেছেন। তিনি ১৯১০ খ্রিস্টাব্দে ১ম বিবাহ করেন এবং ১৯১৫ খ্রিস্টাব্দে তার স্ত্রী পরলোকগমন করেন। সহধর্মীনির অকাল মৃত্যুতে তিনি খুব ভেঙ্গে পড়েন। এই নজমে কবি তার স্ত্রীকে উদ্দেশ্য করে বলেন-

یہ ہاتھ جوڑ کی مجھ سے معافیاں کیسی ☆ چھڑی ہے آج یہ رخصت کی داستاں کیسی؟
ذرا تو دھیان کرو میرے سوز غم کی طرف ☆ چلے ہو تاروں کی چھاؤں میں کیوں عدم کی طرف۔[১৫৪]

মাহরুম তার স্ত্রীকে নিয়ে আরো অনেক নজম লিখেছেন। যেমন- کسی کے پھول (কিসি কে ফুল), ہردوار سے واپسی پر (হার দোয়ার সে ওয়াপসী পর), سارس کا جوڑا (সারস কা জোড়া), نومبر کی ایک صبح (নভেম্বর কি এক সুবাহ), ناپائدار رشتے (নাপায়েদার রেস্তে) ইত্যাদি।

তিলোকচাঁদ মাহরুম ধাপে ধাপে শোকাহত ছিলেন। তিনি তার স্ত্রীর মৃত্যু নিয়ে যেমন নজম লিখেছেন তেমনি তার মায়ের মৃত্যু নিয়েও একটি নজম লিখেছেন। তার মায়ের মৃত্যু নিয়ে লিখা নজমটি হলো- دردناک منظر (দারদেনাক মানজার)। তিনি তার মাকে উদ্দেশ্য করে এভাবে বলেন-

نظروں سے آہ! کیا کیا حسرت ٹپک رہی ہے ☆ رہ رہ کے منہ ہمارا حیرت سے دیکھتی ہے
چہرے سے ہے نمایاں دل کی جو بیکلی ہے ☆ تیری تلاش اس کو اے مہر مادری ہے۔[১৫৫]

তিলোকচাঁদ মাহরুমের ১ম স্ত্রী মারা যাওয়ার সময় একটি ছেলে রেখে যান, তার নাম হচ্ছে ওয়াদদিয়া। তিনি তার ছেলের বিয়ে উপলক্ষ্যে একটি নজম- باپ کے آنسو (বাপ কে আঁসু) নামে রচনা করেন। এই নজমে কবি তার ছেলের হাত অন্য এক অচেনা মানুষের হাতে তুলে দেওয়াতে তার কষ্টের কথা বলেছেন। আসলে কবি তার স্ত্রীর মৃত্যুর পরে তার ছেলেকে শুধু বাপের স্নেহ দিয়ে লালিত-পালিত করেননি মায়ের ভালোবাসাও দিয়েছেন। তাই তার বিয়েতে তার হাত অন্য জনের হাতে তুলে দেওয়াতে তার চোখে পানি চলে আসে।

وقت رحلت سے ذرا پہلے جب آئی ہوش میں ☆ مرنے والی نے تجھے سونپا مرے اغوش میں
آج اے لخت جگر! اے اس کی پیاری یادگار ☆ تجھ کو کرتا ہوں جدا گھر سے بچشم اشکبار۔[১৫৬]

তিলোকচাঁদ মাহরুম যে ছেলে বিয়ে দিয়েছেন সেই ছেলের মৃত্যুও দেখেছেন। তিনি وڈیا کی خودکشی پر (ওয়াদদিয়া কি খোদকাশি পর) নামে একটি নজম রচনা করেছেন। এই নজমটিতে কবি তার ছেলের আত্মহত্যার কথা বলেছেন। তার ছেলে শ্বশুর বাড়ির সঙ্গে বিবাদ লাগার কারণে নিজে আগুন লাগিয়ে আত্মহত্যা করেছিল। এই নজমে কবি দরদ ভরা হৃদয় দিয়ে বলেছেন-

کس کے جل مرنے کی آئی ہے خبر☆شعلے لرزاں میں دل ناشاد پر
کس سے پوچھوں، کیاہوا، جاوں کدھر☆اے قضامجھ پر بھی برسادے شرر
آہ! اے دریا، یہ تونے کیاکیا☆خاتمہ کیوں آگ میں اپناکیا۔[১৫৭]

তিলোকচাঁদ মাহরুম শুধু দুঃখ-কষ্টের নজম লিখেছেন তা নয়; খুশির বিষয়গুলো নিয়েও তিনি নজম লিখেছেন। এমনই একটি নজম হলো- ہلال عید (হেলালে ঈদ)। এ নজমে তিনি বলেন-

مرحبا! اے ہلال شام سعید☆لے کے آیاہے توبشارت عید
مخبر صبح عیش عشرت عید☆تجھ سے وابستہ ہے سعادت عید[১৫৮]

তিলোকচাঁদ মাহরুমের এই নজমটি মুসলমানদের ঈদ উৎসব নিয়ে লিখা। ঈদের আনন্দ সবার মধ্যে ছড়িয়ে দেওয়ায় তার উদ্দেশ্য ছিল।

তিলোকচাঁদ মাহরুম একজন উর্দু কাব্যসাহিত্যের উজ্জ্বল নক্ষত্র। তার কলমের দ্বারা তিনি উর্দু কাব্যসাহিত্যে অসামান্য অবদান রেখেছেন।

আনন্দ নারায়ণ মোল্লাঃ আনন্দ নারায়ণ মোল্লা সাহেব যে সময় কবিতা লেখা শুরু করেন ঐ সময়ে চাকবাস্ত জাতীয় ও দেশের কবিতা লিখতেন। মোল্লা সাহেব চাকবাস্ত দ্বারা প্রভাবিত হয়ে দেশোত্মবোধক এবং রাজনৈতিক বিষয়ক কবিতা লিখতেন; কিন্তু তার বেশিরভাগ কবিতা মানব প্রেম বিষয়ে। এ প্রসঙ্গে প্রফেসর সৈয়দ ইজাজ হুসাইন বলেছেন-

"ملا کی شاعری میں حب وطن، حسن، انسان دوستی اور نئی دنیا کے محور ملتے ہیں۔ ان کی شاعری ہمارے ادب کے تمام صالح میلانات کب آئینہ دار ہے اوران کی شخصیت ہماری تہذیب کی وسیع المشربی اور ہمہ گیری کی ایک زندہ تابندہ تصویر"۔[১৫৯]

আনন্দ নারায়ণ মোল্লা একজন দেশপ্রেমিক ছিলেন। তার দেশপ্রেমমূলক নজমের উল্লেখযোগ্য উদাহরণ হলো- زمینِ وطن (জমিনে ওয়াতন) চাকবাস্তের দেশপ্রেমমূলক নজম خاک ہند (খাকে হিন্দ) এর সঙ্গে তুলনা করলে মোল্লা সাহেবের এ নজম কম নয়। এ নজমে কবি দেশপ্রেমের কথা অত্যন্ত সুন্দরভাবে চিত্রায়িত করেছেন। কবি বলেছেন-

زمین وطن ! اے زمین وطن !☆ازل میں جہاں سب سے پہلے حیات
لیے اپنی آغوش میں کائنات☆جلاتی ہوئی شمع ذات وصفات۔[১৬০]

মোল্লা সাহেবের রাজনৈতিক নজমের মধ্যে بوڑھا مانجھی (বুড়হা মাঝি) একটি অনন্য নজম হিসেবে সব নজমের মধ্যে শীর্ষে রয়েছে। এই নজমে কবি জোহরলাল নেহেরুর শেষ সময়ের ঘটনা উল্লেখ করেছেন।

مانجھیو! ساتھیو! اے میرے رفیقوں! یارو!☆اے جواں سال مرے ہم سفرو!
مجھ کو دھارے سے ہٹانے کی یہ کوشش نہ کرو☆سالہاسال ہوئے میں بھی تمہاری ہی طرح۔[১৬১]

আনন্দ নারায়ণ মোল্লা অনেক বিষয়ের উপরই নজম লিখেছেন। তিনি স্বাধীনতা বিষয়ক কিছু নজম লিখেছেন। তার মধ্যে একটি অনন্য সৃষ্টি হলো- صبح آزادی সুবহে আজাদি)। এ নজমে কবি স্বাধীনতার বিষয় তুলে ধরেছেন নিম্নোক্ত পংক্তিদ্বয়ের মাধ্যমে-

شب مردہ کی لے لاش حسین شانوں پر☆گنگنا جس کا ابھی تک ہے بدن
رقص کرتا ہوا آتا ہے نیا طفلک صبح☆ صبح آزادی زندان وطن۔[১৬২]

আনন্দ নারায়ণ মোল্লার নজমে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে মানবপ্রেম। আর এই বিষয়ের উপর অত্যন্ত সুন্দর একটি নজম- گمرہ مسافر (গোমরাহ মুসাফির)। এ নজমে কবি মানুষের দুঃখ-কষ্ট ও একাকী খুব সাবলীলভাবে প্রকাশ করেছেন। কবি বলেন-

دنیا کے اندھیرے زنداں سے انسان نے بہت جاہانہ ملا☆اس غم کب بھول بھلیاں سے باہر کا کوئی رستا نہ ملا
اہل ملاقت اٹھتے ہی رہے بھاری بھاری تیشے لے کر☆دیوار پس دیوار ملی دیوار میں دروازہ نہ ملا۔[১৬৩]

আনন্দ নারায়ণ মোল্লা উপরোক্ত কবিতা ছাড়াও অসংখ্য কবিতা রচনা করেছেন। তার সংগ্রহের কিছু বই রয়েছে। বইগুলোর নাম হলো- جوئے شیر (জুয়ে শীর), کچھ ذرے کچھ تارے (কুচ্ছ জাররে কুচ্ছ তারে), میری حدیث عمر گریزاں (মেরি হাদিসে উমরে গ্রীজান)। মোল্লা সাহেবের কবিতা মানুষের জীবনের অনুবাদ। তার কবিতায় মানব সভ্যতার ভ্রাতৃত্ব দেখা যায়। তার ভাষা এবং সভ্যতায় যে ভালোবাসা পাওয়া যায় তা তার জীবনে এবং কবিতায় দেখা যায়। তিনি আজকের দিনেও তার কবিতার মাধ্যমে চির স্মরণীয় হয়ে আছেন।

সত্বীয়াপাল আনন্দঃ সত্বীয়াপাল আনন্দ উর্দু সাহিত্যে এক বড় এবং সম্মানিত লেখক ও কবি। তার পরিচয় উপন্যাস উপ-অধ্যায়ে দেওয়া হয়েছে। তিনি উর্দু গদ্য সাহিত্যে উপন্যাস ও ছোটগল্প লিখে অনেক খ্যাতি অর্জন করেছেন। উর্দু গদ্য সাহিত্যে তিনি যেমন উজ্জ্বল নক্ষত্র ছিলেন, তেমনি উর্দু কাব্যসাহিত্যেরও একজন উজ্জ্বল নক্ষত্র। তিনি কাব্যসাহিত্যের মধ্যে নজমে বিশেষ অবদান রেখেছেন। তিনি ৫০০ এর বেশি নজম লিখেছেন।[১৬৪] সত্বীয়াপাল আনন্দ আধুনিক যুগের রোমান্টিক কবি। তার নজম পড়লে বোঝা যায় যে, তার রোমান্টিকতার মধ্যে গভীরতা রয়েছে। আসলে সত্বীয়াপালের কবিতা খেয়ালী নয়, অনুভূতি প্রবন এবং স্পর্শকাতর। আধুনিক নজমে এগুলোর খুব অভাব রয়েছে। তিনি মনে করেন রোমান্টিক অনুভূতি ছাড়া কেউ ভালো কবি হতে পারেনা। তাই তিনি প্রেম বিয়ষক অধিকাংশ নজম রচনা করেছেন। তার মধ্যে শ্রেষ্ঠ নজম হলো- سینکڑوں بار اور جینا ہے (সেকড়ু বার অওর জিনা হ্যা)। এ নজমে কবি প্রেমের জন্য হাজার বছর বাঁচার ইচ্ছা পোষণ করেছেন। তিনি বলেন-

آخری رات جیتے مرتے ہوئے☆چڑھتے سورج کی پہلی کرنوں کو
ارگھ دیتا ہوں اوس کا کہ مجھے☆ سینکڑوں بار اور جینا ہے![১৬৫]

সত্বীয়াপাল আনন্দ প্রাকৃতিক দৃশ্য খুব পছন্দ করতেন, তাই তিনি প্রকৃতির প্রেমে পড়ে যেতেন। প্রকৃতিকে এতই ভালোবাসতেন যেন তিনি একজন প্রকৃতিপ্রেমী। দৃশ্যের বর্ণনা তার নজমে অধিকাংশ জায়গায় দেখা যায়। তার নজম ایک پینٹنگ کو دیکھ کر (এক প্রিন্টিং কো দেখ কর) এক উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি দৃশ্যের বর্ণনা করতে গিয়ে বলেন-

دور پس منظر میں اک ویران، چٹیل، خشک میدان☆نسل کش ناکارگی بنجر زمین، لاولد دھرتی
نذد منظر میں فقط ایک خشک مردہ پیڑ ہے☆جو جسم کی اپنی عمودی بے ریا جومیٹری میں۔[১৬৬]

সত্বীয়াপাল আনন্দ একজন রোমান্টিক কবি হিসেবে পরিচিতি পেলেও তিনি একজন প্রকৃত দেশপ্রেমিক ছিলেন। তিনি আমেরিকায় ইংরেজির প্রভাষক হিসেবে চাকরি করেছেন। তিনি ইংরেজি ও উর্দু দুটো ভাষায় নজম লিখতেন। চাকরির সুবাদে তাকে আমেরিকায় যেতে হয়েছিল। সেখানে গিয়ে তার দেশের প্রতি যে টান অনুভব করেন তা অতুলনীয়। তিনি দেশের প্রতি অনেক শ্রদ্ধাশীল ছিলেন। দেশের প্রতি তার যে অনুরাগ রয়েছে, তার بینا نا بینا (বীনা না বীনা) নজমটি পড়লে সহজেই তা অনুধাবন করা যায়। যেমন-

یہ راز مجھ پہ کھلا☆وہ مرا رفیق نہ تھا
جو ساتھ چلتا رہا، ہم سفر نہ تھا میرا☆کہ آنکھیں میری تھیں چمڑے کے خول اس کے تھے![১৬৭]

সত্বীয়াপাল আনন্দের বেশিরভাগ নজমে বাস্তবের ছাপ রয়েছে। তার নজমগুলো কাল্পনীক নয়, বাস্তবের দিকে দৃষ্টি রেখেই তিনি নজম রচনা করতেন। কবির এই ধরনের নজমের মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠ নজম হলো- نیند میں چلنے والے ہم تم (নিন্দ মে চলনে ওয়ালে হাম তুম)। এই নজমে কবি বোঝাতেন চেয়েছেন যে, ঘুমিয়ে না থেকে সবারই জেগে উঠা প্রয়োজন এবং ঘুমিয়ে থেকেও আগে চলার স্বপ্ন দেখা যায়। কবি বলেন-

کچھ بھی تو اب یاد نہیں ہے☆کیوں نکلے تھے گھر سے منزل کیا تھی اپنی!
بے مقصد، بن بارش، ہم آوارہ بادل☆کیو سر گرم سفر ہیں یارو؟
نیند میں چلنے والے ہم تم۔[১৬৮]

সত্বীয়াপাল আনন্দ যৌনতা বিষয়েও নজম লিখেছেন। আনন্দ সাহেবের পাশ্চাত্য পড়াশুনা এবং আমেরিকায় চাকরির সুবাদে তিনি সেখানকার সমাজকে গভীরভাবে অবলোকন করেছিলেন। তাই তিনি এই বিষয়ের উপর নজম লিখতে উৎসাহ পেয়েছিলেন। যৌনতা বিষয়ক তার অবিস্মরণীয় একটি নজম হলো- جسم اور جنسی (জিসম অওর জিন্সী)। এই নজমে কবি বলেন-

جنس تو جسم کی ضرورت ہے☆جنس کب اہمیت کو کم نہ کرو![১৬৯]

উপরোক্ত নজম ছাড়া সত্বীয়াপাল আনন্দ অগনিত নজম লিখেছেন। সেই নজমগুলো বই আকারে প্রকাশিত হয়েছিল। সেগুলো হলো- لہو بولتا ہے (লাহু বোলতা হ্যা), جو نسیم خندہ چلے (জো নাসিম খন্দাহ চলে), مجھے نہ کر وداع (মুঝে না কর বিদা), میرے اندر اک سمندر (মেরে আন্দর এক সমুন্দর), پتھر کی صلیب (পাথ্থর কি সালিব), وقت لاوقت (ওয়াক্ত লা ওয়াক্ত), تتھاگت نظمیں (তথাগত নজমি)।

পণ্ডিত ব্রজ মোহন দাতাতরিয়া কাইফীঃ পণ্ডিত ব্রজ মোহন দাতাতরিয়া কাইফী ১৮৬৬ খ্রিস্টাব্দে ১৩ই ডিসেম্বর দিল্লীতে জন্মগ্রহণ করেন এবং ১৯৫৫ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন। তিনি ১৮৮০ খ্রিস্টাব্দে সেন ইস্টেফিন কলেজ দিল্লী থেকে বি. এ ডিগ্রী অর্জন করেন। তিনি উর্দু কাব্যসাহিত্যে একজন সমুজ্জ্বল কবি ছিলেন। তিনি তার জীবনে অনেকগুলো নজম লিখেছেন। তার কবিতার সংগ্রহ

হলো- خم خانہ کیفی (খম খানা কেইফী), مراۃ خیال (মুরাত খেয়াল) ও تمثیلی مشاعرہ (তামছিলী মুশায়েরাহ)।[১৭০]

চৌধুরী জগত মোহন রাওয়ানঃ চৌধুরী জগত মোহন রাওয়ান কাব্যসাহিত্যের একজন অসাধারণ কবি। তিনি ১৮৮৯ খ্রিস্টাব্দে ১৪ই জানুয়ারি জন্মগ্রহণ করেন এবং ১৯৩৪ খ্রিস্টাব্দে ১০ অক্টোবর মৃত্যুবরণ করেন। তার বাবার নাম চৌধুরী গংগা প্রসাদ। তিনি গজল, মছনবী, রুবাঈ এবং নজম লিখেছেন। তবে নজমের দিকে তার ঝোঁক বেশি ছিল। তার নজমের সংগ্রহ হলো- روح رواں (রূহ রাওয়ান)।[১৭১]

পণ্ডিত মেলারাম অফাঃ পণ্ডিত মেলারাম অফা ১৮৯৫ খ্রিস্টাব্দে পাঞ্জাবের বিখ্যাত জেলা শিয়ালকোটে জন্মগ্রহণ করেন। তার বাবার নাম পণ্ডিত ভগতরাম। তিনি ১৯১৪ খ্রিস্টাব্দে সাংবাদিকতার পেশা গ্রহণ করেন।[১৭২] পণ্ডিত মেলারাম অফা ১৯০৪ খ্রিস্টাব্দে যখন তিনি প্রাথমিক বিদ্যালয় পড়তেন, তখন থেকে কবিতা লেখা শুরু করেন। আল্লামা ইকবাল তার কবিতার প্রশংসা করতেন। তার নজম فرنگی (ফিরিঙ্গী) এর কারণে তাকে দুই বছরের কারাদণ্ড দেওয়া হয়েছিল। তার কবিতার সংগ্রহ হলো- روح نظم (রূহে নজম), سوز وطن (সুজ ওয়াতন) (১৯৪১)।[১৭৩]

পণ্ডিত বদরীনাথ সুদর্শনঃ পণ্ডিত বদরীনাথ সুদর্শন উর্দু গদ্য সাহিত্যের একজন প্রখ্যাত নাট্যকার, ঔপন্যাসিক এবং ছোটগল্পকার। তার পরিচয় উপন্যাস উপ-অধ্যায়ে দেওয়া হয়েছে। তিনি গদ্য সাহিত্যকে তার লেখনীর মাধ্যমে অনেক সমৃদ্ধ করেছেন। তবে তিনি কাব্যসাহিত্যেও কিছুটা অবদান রেখেছেন। তিনি তার জীবনে অনেকগুলো নজম লিখেছেন, তবে তার নজমের সংগ্রহ হচ্ছে- گلدستہ سخن (গুলদাস্তা সাখন)।[১৭৪]

গোবিন্দ প্রসাদ আফতাবঃ গোবিন্দ প্রসাদ আফতাব দাপটের সাথে উর্দু কাব্য ও গদ্যসাহিত্যে নিজের স্থান দখল করে নিয়েছেন। উপন্যাস উপ-অধ্যায়ে তার পরিচয় দেওয়া হয়েছে। তিনি গজল, নজম ও কাসিদায় বিশেষ পাণ্ডিত্য দেখিয়েছেন। তার নজমের সংগ্রহ হলো- نورتن (নো রতন)।[১৭৫]

সুরজ নারায়ণ মেহেরঃ সুরজ নারায়ণ মেহের গজলে যেমন অবদান রেখেছেন, তেমনি নজমেও তার বিশেষ অবদান রয়েছে। তিনি বিভিন্ন বিষয়ের উপর নজম লিখেছেন। কিন্তু তিনি ইংরেজি কবিতা

উর্দুতে খুব চমৎকারভাবে অনুবাদ করেছেন। তার অনুবাদকৃত নজমের মধ্যে سادھو (সাধু) নজমের উদাহরণ এখানে তুলে ধরা হলো-

سامنے وہ جو شمع ہے روشن ☆ہاں ذرا اے مہاتما اٹھ کر
راہ گم کردہ اور ہو تنہا ☆اور یہ جنگل فراخ لیے ہیں۔[১৭৬]

তার অনুবাদকৃত বেশির ভাগ নজম 'কালামে মেহের' বইয়ে লিপিবদ্ধ রয়েছে। সুরজ নারায়ণ মেহের বাচ্চাদের নিয়েও নজম লিখেছেন। উর্দু কাব্যসাহিত্যে তিনি বাচ্চাদের নিয়ে নজম লিখে স্বনামধন্য কবি ইসমাঈল এর মতো খ্যাতি অর্জন করেছেন। তিনি বাচ্চাদের বিষয় ছাড়া আরো অনেক নজম লিখেছেন। তার নজমের সংগ্রহ হলো- یاد رکھو (ইয়াদ রাখো)।

২.৩ মছনবী

নজমের পরে কাব্যসাহিত্যে যে শাখাটি আসে তা হলো কাসিদা; কিন্তু কাসিদায় অমুসলিম কবিগণের তেমন কোন অবদান ছিল না। তাই নজমের পরে মছনবী কাব্যসাহিত্যে অমুসলিমদের অবদান তুলে ধরা হলো। মছনবী আরবি শব্দ থেকে ফারসি এবং ফারসি হতে উর্দু ভাষায় এসেছে।[১৭৭] মছনবী একটি দীর্ঘ কবিতা যার মধ্যে একটি গল্প বা কোন ঘটনা ধারাবাহিকভাবে বর্ণিত হয়। মছনবীর সংজ্ঞা আজিমুল হক জুনায়দী এভাবে দিয়েছেন-

"مثنوی اس نظم کو کہتے ہیں جو مسلسل ہو اور اس میں کوئی واقعہ یا داستان وغیرہ نظم کی جائے۔"[১৭৮]

মছনবী কাব্যসাহিত্যে বহু সংখ্যক অমুসলিম কবি অসাধারণ অবদান রেখেছেন।

দয়া শংকর নাসিমঃ তার আসল নাম পণ্ডিত দয়া শংকর এবং উপাধি নাম নাসিম। তার পিতার নাম পণ্ডিত গংগা পরশাদ কোল যিনি লক্ষ্মৌতে বসবাস করতেন। তিনি ১৮৪৫ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।[১৭৯] তিনি گلزار نسیم (গুলজারে নাসিম) মছনবীটি রচনা করে বিখ্যাত হয়েছেন। 'গুলজারে নাসিম' মছনবী পণ্ডিত দয়াশংকর নাসিমের একটি প্রেমের কবিতা। এই কবিতার মূল গল্পটি ১৭২২ খ্রিস্টাব্দে এজাতুল্লাহ বাঙ্গালী ফারসি ভাষায় 'কাসন গুল বাকাওলী' নামে তৈরি করেছিলেন। তৃতীয় বারের মতো পণ্ডিত দয়াশংকর নাসিম উর্দু কবিতাটি পরিবেশন করেছিলেন এবং ১৯৩৯ খ্রিস্টাব্দে এটি 'গুলাজারে নাসিম' মছনবী হিসাবে উপস্থাপন করেছেন।[১৮০] এই কবিতাটি প্রথম রশিদ হাসান খান সংকলন করেছিলেন। রশিদ আহমেদ সিদ্দিকী মছনবীটি সম্পর্কে বলেছেন-

"شعر وشاعری کے جن پہلوں کے اعتبار سے لکھنؤ بدنام ہے گلذار نسیم نے انہیں پہلو سے لکھنؤ کا نام اونچا کیا ہے زبان کو شاعری اور شاعری کو زبان بتا دینا کوئی آسان کام نہیں۔"[١٨١]

অধ্যাপক এহতেসাম হোসাইন গুলজার নাসিমকে কাব্য ও শৈল্পিক সৃষ্টির একটি অলৌকিক ঘটনা বলেছেন। পূর্বে জেন আল-মুলুক নামে এক অতি উচ্চ বেদী রাজা ছিলেন। তার চার পুত্রসন্তান ছিল এবং তার পঞ্চম পুত্রসন্তান তাজ-উল-মুলুক খুব সুদর্শন এবং বুদ্ধিমান ছিলেন। জ্যোতিষীরা বলেছিলেন যে, তাকে দেখে রাজার চোখ এতই আলোকিত হবে যে, তিনি আর দেখতে পাবেন না। একদিন রাজা শিকার থেকে ফিরছিলেন হঠাৎ তার দৃষ্টি তাজ উল মুলুকের দিকে পড়ল এবং রাজার চোখ থেকে আলো বেরিয়ে গেল। রাজা অনেক চিকিৎসা করলেন, কিন্তু রাজার চোখে দৃষ্টি ফিরল না। অবশেষে তিনি একজন অতি বৃদ্ধ ও অভিজ্ঞ চক্ষু ডাক্তারকে ডেকে পাঠালেন। রাজার চোখ দেখে তাকে জানালেন যে, বাকৌলির বাগানে একটি ফুল রয়েছে, সেই ফুলের পাপড়ি লাগালে রাজার চোখের আলো আসতে পারে। তাই চার রাজকুমার গুল বাকৌলির সন্ধানে রওনা দিল। তার সেনাবাহিনী এমন এক মাঠ পেরিয়ে গেল যেখানে তাজ উল মুলুকও ছিলেন। তিনি জিজ্ঞাসা করলেন এই সৈন্য কোথায় যাচ্ছে? সৈন্যদের মধ্যে একজন জবাব দিয়েছিল যে, রাজা জায়ন আল মুলুক তার ছেলের চোখের দিকে দৃষ্টিপাত করে অন্ধ হয়ে গিয়েছেন। তার চিকিৎসার জন্য ইরামের কাছ থেকে ফুল আনতে সবাই যাচ্ছে। রাজপুত্রও একজন সৈনিকের সাথে হাঁটলেন। পথে ফেরদৌস নামে একটি জায়গা ছিল সেখানে দিলবার নামে একজন পতিতা থাকতেন। তিনি তার অভ্যন্তরে ধনী ব্যক্তিদের ডাকতেন। তার সাথে দাবা খেলতেন এবং তার আনন্দের সাথে সবকিছু নিয়ে তাকে বন্দী করে ফেলতেন। এই চার রাজকুমারও তার সাথে জড়িয়ে পড়ে এবং সবকিছু হারিয়ে তারা বন্দী হয়েছিল। তাজ-উল-মুলুক যখন সেখানে গেলেন, তখন একজন ধাত্রী ভিতর থেকে বেরিয়ে এলেন যার ছেলে নিখোঁজ হয়ে গিয়েছিল। তার ছেলের মতো রাজপুত্রের আকৃতি হওয়ায় তিনি তাকে ভিতরে নিয়ে যান এবং রাজকুমার তার ভাইদের পরিণতির কথা শুনেন। এই পরিণতির কথা শুনে রাজকুমার কয়েকদিন সেখানে ঘোরা-ফেরা করেন এবং দাবা খেলোয়াড়ের কাছে থেকে দাবা খেলা শিখেছিলেন। তারপরে তিনি দিলবারের সাথে দাবা খেলেন এবং বন্দীদের মুক্ত করতে তাকে পরাজিত করেছিলেন। তিনি তার কাছ থেকে জিনিসপত্র নিয়ে নিয়েছিলেন এবং তাকে তার ক্রীতদাস দাস বানিয়েছিলেন। রাজপুত্র দিলবারকে বললেন, আমি ইরাম যাচ্ছি, আমি ফিরে আসার সময় তোমার কাছে আসব। ততক্ষণ এগুলো এখানে থাক। দিলবার বলেছিল যে, ইরাম হলো পরীর দেশ এবং সেখানে মানুষের পক্ষে যাওয়া সম্ভব নয়। মানুষ ও পরীর মধ্যে কোনও প্রতিযোগিতা নেই। রাজকুমার হেসে জবাব দিলেন যে চেষ্টার মাধ্যমে সব কঠিন কাজ সহজ হয়ে যায়। যুবরাজ তাজ-উল-মুলুক সেখান থেকে হেঁটে

একটি প্রান্তরে গিয়েছিলেন সেখানে ইরামের সীমানা দেখা যাচ্ছিল। ইরামের একজন মহান রক্ষী ছিল, সে দীর্ঘ দিন ক্ষুধার্ত ছিল। রাজপুত্রকে দেখে সে খুশী হলো যে তার খাবার এসেছে। দৈত্যটি খুশিতে লাফাতে থাকল। রাজকুমার একটি বড় পাত্রে রান্না করলেন এবং দৈত্যকে খাওয়ালেন। এতে দৈত্য খুশি হয়ে বলল এর বিনিময়ে তোমাকে কী দিতে পারি? রাজকুমার প্রথমে দৈত্যের কাছ থেকে প্রতিশ্রুতি নিয়েছিলেন এবং বলেছিলেন যে তিনি ইরাম যেতে চান। দৈত্য বলল সেখানে যাওয়া মুশকিল। সে প্রতিশ্রুতি ভাঙতে পারবে না। তাই দৈত্য তার এক ভাইকে ডেকে রাজপুত্রের প্রতি ইচ্ছা প্রকাশ করেছিল। সে তার বোন হিমলাকে একটি চিঠি লিখেছিল এবং বলেছিল যে, উনি আমার কাছে বিশেষ মানুষ। তিনি যা চান তাই পেতে সহায়তা করো। রাজপুত্র চিঠি নিয়ে তার কাছে গেলেন। তার বোন দৈত্যের চিঠিটা পেয়েছিল এবং সহায়তাও করেছিল। বাকৌলির বাগানের সুড়ঙ্গটি মাটি থেকে খনন করা হয়েছিল। বাকৌলিতে এসে তিনি বাকৌলির ফুলটি টেনে এনেছিলেন এবং অত্যন্ত সুরক্ষার সাথে রেখেছিলেন। তিনি দেখতে পেলেন যে বাকৌলি বালাদ্রীতে ঘুমাচ্ছে। প্রথমে তিনি বাকৌলিকে জাগাতে চেয়েছিলেন তারপর তিনি বাকৌলিকে না জাগিয়ে নিজের আংটিটি ফেলে তা বাকৌলির উপর রেখে দেন। ফিরে যাওয়ার অনুমতি চাইলে হিমলা তাকে দুটি চুল দিয়েছিল এবং বলেছিল যে, আমার যখন প্রয়োজন হবে তখন তিনি চুলগুলো পোড়ালে সে সহায়তা করবে। তারপর রাজকুমার সমস্ত লোককে দিলবার থেকে মুক্তি দিয়ে নিজের দেশে চলে গেলেন। স্বদেশের নিকটে পৌঁছে তিনি অন্ধ ভিক্ষুকের চোখের উপর একটি ফুল ঠেকালেন এবং তার দৃষ্টি আবার ফিরে আসে। চারজন রাজকুমার যখন আসল ফুল আনতে ব্যর্থ হয়, তারা প্রতারণার জন্য নকল ফুল নিয়েছিল এবং বড়াই করতে শুরু করেছিল। ভিক্ষুক বলল: আসল ফুল সেই ব্যক্তির নিকটে যিনি আমার চোখ ভালো করেছিলেন। চারজন রাজকুমার তার কাছে গিয়ে তাকে ফুল দেখিয়ে বলল যে আমরা আসল ফুল নিয়ে এসেছি। তাজ-উল-মুলুক তার পকেট থেকে বের করে আসল ফুলগুলো দেখিয়ে দিলেন। সুযোগ পেয়ে তারা ফুলগুলো ছিনিয়ে নিয়ে বাড়ি গেল। তারা জায়ন-উল-মুলুকের চোখে একটি ফুল রেখেছিল, এতে তার চোখ ভাল হয়ে গেল এবং সবাই আনন্দ করল।

অন্যদিকে বাকৌলি পরী যখন ঘুম থেকে উঠে মুখ ধুতে পুলের কাছে গিয়েছিল, তখন সে দেখতে পেল যে, ফুলটি অনুপস্থিত। বোকৌলি ফুলের সন্ধানে প্রতিটি বাগান, প্রতিটি বন এবং প্রতিটি শহর ঘুরে বেড়াতে শুরু করে। তবে কোথাও ফুলের সন্ধান পাওয়া যায়নি।। অবশেষে সে শহরে পৌঁছে গেলো, যেখানে ফুলটি রাজার চোখে আলো এনেছিল এবং সবাই সেখানে সর্বত্র উত্তেজনা এবং আনন্দিত হয়েছিল। যাদুতে সে একজন পুরুষ হয়ে রাজার ঘোড়া যেখান থেকে আসছিল সেখানে গিয়েছিল। সৌন্দর্য দেখে রাজা জিজ্ঞাসা করলেন তুমি কে? তুমি কোথা থেকে এসেছ? সে জবাব

দিল যে আমার নাম ফারাহ। আমি ফিরোজের ছেলে এবং আমি একজন মুসাফির। তার সৌন্দর্য ও বুদ্ধি দেখে রাজা তাকে তার সাথে নিয়ে গেলেন এবং তাকে তার মন্ত্রী করলেন। একদিন তাজ-উল-মুলুক সম্পর্কে কথা বলার সময় সে বুঝতে পেরেছিল যে, ঠিক এটিই ছিল। যখন চার ভাই তাজ-উল-মুলুকের কাছ থেকে ফুল ছিনিয়ে নিয়েছিল, তখন তিনি খুব বিরক্ত হন। হিমলা দেওয়ানির দেওয়া চুল পুড়িয়ে ফেলেন এবং সঙ্গে সঙ্গে সে উপস্থিত হয়। রাজকুমার এই ইচ্ছা প্রকাশ করেছিলেন যে, গুলশানে নিগারিগুলো তৈরি করা উচিত এবং গাছ লাগানো উচিত। হিমলা দেবী তার কথা মতো সবকিছু করে দিল। তারপর রাজা তার চারপুত্র ফারাহ উজির এবং ধনীদের সাথে নিয়ে ঐ গুলশানে নিগারীতে এসেছিলেন। তাজ-উল-মুলুক তার প্রতি শ্রদ্ধা জানান। ঘটনাক্রমে সেখানে তার পুত্র রাজকুমারের পরিচয় জানে এবং রাজা ছেলেকে জড়িয়ে ধরলেন। রাজমুকার বাদশাহকে বলেছিলেন যে, তিনি নির্জনে দুজনের সাথে সাক্ষাত করতে চান। রাজা বললেন তাদের ডেকে পাঠাও। তাজ-উল-মুলুক দিলবারকে ডেকে পাঠালেন, দরজার কাছে এসে দিলবার বলেছিল এই চারজনই দোষী, মিথ্যাবাদী, দাসত্ব থেকে মুক্তি পেয়েছে। দিলবার রাজকুমারের সাথে ঘটেছিল এমন সব গল্প বর্ণনা করেছিল যা গোপন ছিল তা প্রকাশ করে এবং পরীর আংটিটি প্রমাণ হিসেবে দেখিয়েছিলেন। চারজন মিথ্যাবাদী রাজকুমার বিব্রত হয়ে চলে গেল। তখন দিলবার ও মাহমুদা দুজনেই রাজার কাছে এসে তার পায়ে চুম্বন করলো এবং রাজা তাদের পুরস্কৃত করলেন। ফারাহ উজির (বাকৌলি) কিছু বলতে চেয়েছিল কিন্তু স্বার্থের জন্য সে চুপ করে রইল। সে পুরো পরিস্থিতি শোনে। ফারাহ উজির যাদু থেকে বাকৌলির পরীতে উড়ে তার বাগানে আসে। বাকৌলি একটি চিঠি লিখে সামান পরীকে যুবরাজের কাছে চিঠিটি নিয়ে যেতে বলে। সামান পরী চিঠিটি তাজ-উল-মুলুককে পৌঁছে দেয়। যুবরাজ চিঠিটি পড়ে বাকৌলিকে আরেকটি চিঠি লিখেছিলেন। এর মধ্যে অনেক ঘটনা ঘটে। তাজ-উল-মুলুক ছিল মানুষ; কিন্তু বাকৌলি ছিল পরী। রাতে পরী রাজার বাড়িতে নাচ ও গান করতে যেতো সেটা যুবরাজ বুঝতে পেরেছিল। এক সময় বাকৌলিকে রাজা এক মাজারে পুতে ফেলেছিল সেখানে সে পাথরের মূর্তি হিসেবে ছিল।

এদিকে রাজার মেয়ে চিত্রাওয়াত যুবরাজের প্রেমে পড়ে এবং তাদের বিয়ে দেওয়া হয়। যুবরাজ লুকিয়ে বাকৌলির সঙ্গে দেখা করতো, এটি চিত্রাওয়াত বুঝতে পেরে সেই মাজারের মূর্তিটি তুলে ফেলে দেওয়ার নির্দেশ দেয়। সেই মূর্তিটি ফেলে দিলে এক কৃষকের ঘরে কন্যা হিসেবে পরীর জন্ম হয়। তার সৌন্দর্য ও যৌবনের কথা সর্বত্রই ছড়িয়ে পড়ে, এই খ্যাতি শুনে তাজ-উল-মুলুক তাকে দেখতে গেলেন। দেখে তিনি বুঝতে পারলেন যে, সেই মেয়েটি তার পরী। সামান পরীর সাহায্যে বাকৌলি ও তাজ-উল-মুলুক গুলশান-নিগারিতে ফিরে আসেন। দীর্ঘদিন হারিয়ে যাওয়ার পর রাজপুত্র

ছাবের সেকুয়াবাদীঃ ছাবের সেকুয়াবাদী মারছিয়া কবিতার জগতে এক বিখ্যাত নাম। ছাবের সেকুয়াবাদী ইংরেজির অধ্যাপক ছিলেন এবং কয়েক বছর পর অবসর নিয়েছিলেন। তিনি উর্দু মারছিয়ার এক কিংবদন্তি স্বতন্ত্র কবি। তার আসল নাম ইয়োগেন্দর পাল এবং ছাবের উপাধি নাম। তিনি ১৯২৫ খ্রিস্টাব্দে ৪ জুলাই ফরিদাবাদীতে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম চৌধুরী শিয়ামেল সিং। মাতার নাম শ্রীমতী সুমনা দেবী। তিনি ১৯৪৭ খ্রিস্টাব্দে লক্ষ্মৌ বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে এম. এ পাস করেন।[২৭৯] কবিতার প্রতি তার আবেগ শৈশবকাল থেকে। তিনি গজল এবং অনেক মারছিয়া লিখেছেন। তার এক মারছিয়া হযরত আলী আসগরের মর্যাদার উপর। যেমন-

بے یارومددگارشبہ کون ومکاں ہیں☆ہیں قاسم نوعمرنہ عباس جواں ہیں۔[২৮০]

ছাবের একজন উচ্চমানের উর্দু কবি। যার নিদর্শন তার বাক্যেও পাওয়া যায়। দুঃখের বিষয়গুলো সেই সময় তিনি এত সুন্দরভাবে তুলে ধরেছেন যে, অন্য কবিদের মধ্যে এটি দেখা যায় না এবং কারবালার ঘটনাটিও তিনি খুব চমৎকারভাবে তুলে ধরেছেন।

নাথুনী লাল ওহাসীঃ নাথুনী লাল ওহাসী একজন মারছিয়া কবি। তিনি উর্দু ভাষার একজন ভক্ত ছিলেন। তিনি ১৯৪৯ খ্রিস্টাব্দে ১৭ই জুলাই বিহারের পাটনায় এক বিশিষ্ট খত্রীয় পরিবারে জন্মগ্রহণ করেন। ওহাসীর মারছিয়া শুধু হিন্দুস্তানের সামাজিক চিত্র, হিন্দুস্তানের কৃষ্টি-কালচার, হিন্দু মাজহাব এবং চরিত্রকে তুলে ধরে না বরং অন্য মাজহাব অর্থাৎ ইসলামের চিত্রও তুলে ধরেন। তিনি উদ্ভাবনী রূপক ব্যবহারে পারদর্শী ছিলেন।তিনি ইসলামের ইতিহাস, বিশেষত কারবালার ঘটনাটিও খুব কাছ থেকে পর্যবেক্ষণ করেছিলেন। শব্দটি এতটাই জনপ্রিয় ছিল যে, তার একটি মারছিয়া ১৯৪১ খ্রিস্টাব্দে

معراج عشق (মি'রাজে ইশক) নামে লক্ষ্মৌতে প্রকাশিত হয়েছিল। অন্য আরেকটি মারছিয়া طبع رسا (তবয়ে রসা) নামে ১৯৫২ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[২৮১] মি'রাজে ইশক মারছিয়ায় কবি মি'রাজের বর্ণনা করতে গিয়ে বলেন-

معراج عقل و عشق ہے فکر رسا مری☆دنیائے رنگ و بو میں بندھی ہے ہوا میری
موتی لٹا رہی ہے چمن میں گھٹا میری☆جاتی ہے تبکدوں سے حرم تک صدا میری
کیوں کر نہ ہو کہ شاعر رنگین بیاں ہوں میں☆مستی فردش بادہ چشم بتاں ہوں میں۔[২৮২]

লাল রাম প্রসাদঃ লাল রাম প্রসাদ একজন মারছিয়ার কবি। তিনি পারিবারিকভাবে একজন কায়স্থ। তিনি বোরহানপুরের অধিবাসী ছিলেন। তিনি ফারসিতে কবিতা বলতেন। তবে উর্দুতে তিনি বেশি পারদর্শী ছিলেন। তিনি কাসিদা, মছনবী, রুবাঈ এবং মারছিয়া বলতেন। তিনি কবিতার সব শাখার মধ্যে মারছিয়াতে বেশি দক্ষতার পরিচয় দিয়েছেন।[২৮৩]

রাজা গীরধারী প্রসাদঃ রাজা গীরধারী প্রসাদ একজন সুপরিচিত কবি। তিনি ফারসি ভাষায় পড়াশুনা করেছিলেন; কিন্তু উর্দু ভাষায় বিশেষ দক্ষতা অর্জন করেন। তিনি ফয়েজ উদ্দিন ফয়েজ এর ছাত্র ছিলেন। তিনি ১২২৪ হিজরিতে জন্মগ্রহণ করেন এবং ১৩১৪ হিজরিতে মৃত্যুবরণ করেন।[২৮৪] তিনি মারছিয়া লিখে উর্দু কাব্যসাহিত্যে বিশেষ অবদান রেখেছেন। তার মারছিয়ার নমুনাস্বরূপ দুইটি পংক্তি উদ্ধৃত হলো-

شہ کہتے تھے میں صف شکنی سے نہیں ڈرتا☆بازو میں مرنے زور ہے خیبر شکنی کا
زہرا کا کلیجہ ہوں دل شیر خدا ہوں☆سید ہوں نواسہ ہوں رسول مدنی کا۔[২৮৫]

মহারাজা চান্দুলাল শাদানঃ মহারাজা চান্দুলাল শাদান একজন অসাধারণ কবি। তিনি উর্দু ও ফারসি ভাষায় বিখ্যাত ছিলেন। তিনি ১৭৬৬ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন এবং ১৮৪৫ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।[২৮৬] তিনি ভালো গজল বলতেন; কিন্তু মারছিয়াতে অসামান্য অবদান রেখেছেন। তার মারছিয়ার ধরন নিম্নরূপ-

دیار شام میں جب قیدیوں کو شام ہوئی☆وہ رات پیٹتے روتے ہی میں تمام ہوئی۔[২৮৭]

লালতা প্রসাদ শাদঃ লালতা প্রসাদ শাদ একজন অতুলনীয় মারছিয়া কবি। তিনি রুবাঈও লিখেছেন। তিনি ১৮৮৫ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন এবং ১৯৫৯ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন। তার মারছিয়ার নমুনাস্বরূপ একটি পংক্তি উদ্ধৃত হলো-

جن کو تھی یہ امید کہ سو سال جیئں گے ☆ کہنے لگے وللہ نہ فی الحال جیئں گے۔[২৮৮]

মুন্সী বাশেশুর প্রসাদ মনোয়ারঃ মুন্সী বাশেশুর প্রসাদ মনোয়ার একজন বংশানুক্রমিক কবি। মনোয়ারের মারছিয়ার প্রতি খুব আগ্রহ ছিল। তাই তিনি এই আগ্রহের কারণে অনেক মারছিয়া লিখেছেন। উদাহরণস্বরূপ-

جس نے پہلو نہ مصائب سے بچایا وہ حسین ☆ گود والے کو بھی میدان میں لایا وہ حسین
جس نے دستور شہادت کا بنایا وہ حسین ☆ جو سیاست کے افق پر نظر آیا وہ حسین۔[২৮৯]

মহারাজা বালুয়ান সিংঃ মহারাজা বালুয়ান সিং একজন সম্মানিত কবি। বালুয়ান সিং গজল ও মছনবী বললেও তিনি মারছিয়ায় বিশেষ খ্যাতি অর্জন করেন। তার মারছিয়া ১৮৭০ খ্রিস্টাব্দে আগরায় ছাপা হয়। তার মারছিয়ার নমুনা-

زمانہ برسر جنگ است یا علی مدد سے ☆ کمک بغیر تو ننگ است یا علی مدد سے۔[২৯০]

রূপ কানুয়ারঃ রূপ কানুয়ার একজন বিখ্যাত মারছিয়ার কবি ছিলেন। তিনি ১৯৪১ খ্রিস্টাব্দে মারছিয়া বলা শুরু করেন। তিনি হযরত আলী (রা.) এর মারছিয়ায় লিখেন-

کیا ہے کام انھوں نے سدا خدا بھاتا ☆ علی کے باب میں بس کچھ نہیں کہا جاتا
میں ناخدا آنکھوں حیراں ہوں یا خدا ان کو ☆ کہ کہنے والوں نے اللہ کہہ دیا ان کو۔[২৯১]

সোয়ামী প্রসাদঃ সোয়ামী প্রসাদ আসগর একজন বিখ্যাত কবি। তিনি কায়স্থ বংশের ছিলেন। তার বাবার নাম রাম প্রসাদ। তিনি গজলের পাশাপাশি মারছিয়াও লিখেছেন। তার মারছিয়ার নমুনা-

جب چڑھے لڑنے کوں قاسم تب کہے رو رود ہن ☆ اے بخومی سانچ کہہ کس وقت پر لاگے لگن۔[২৯২]

জগন্নাথ আজাদঃ জগন্নাথ আজাদ বড় বড় ব্যক্তিদের মৃত্যুর পর কিছু মারছিয়া লিখেছেন। যার মধ্যে রয়েছে- *ماتم نہرو* (মাতমে নেহরু), *نوحہ ابوالکلام آزاد* (নোহা আবুল কালাম আজাদ)। 'মাতমে নেহরু' এর মধ্যে তিনি নেহরুজী সম্পর্কে তার মনের ব্যক্ততা প্রকাশ করেছেন। এতে নেহরুজীর চরিত্রকে এমনভাবে ফুটিয়ে তুলেছেন যে, সবার চোখে পানি এসে যাবে। তিনি ছিলেন মহান ও মহত্ব ব্যক্তিত্ব সম্পন্ন। তিনি হিন্দুস্তানের সূর্য ছিলেন। তিনি মৃত্যুবরণ করাতে হিন্দুস্থানের সূর্য যেন মলিন হয়ে গিয়েছে।

اپنا اسم نہ کفر نہ ایمان کے دل سے پوچھ ☆ ہندو کے دل سے اور نہ مسلماں کے دل سے پوچھ
لنکا کے دل سے پوچھ نہ ایراں کے دل سے پوچھ ☆ حال دل تباہ بس انسان کے دل سے پوچھ
ہندو کی موت ہے نہ مسلماں کی موت ہے ☆ تیری جو موت ہے وہ ایک انسان کی موت۔[২৯৩]

মাওলানা আবুল কালাম আজাদ যখন দুনিয়া ছেড়ে চলে যান তখন কবি চোখের পানি ফেলতে ফেলতে বলেন যে, মরহুম আবুল কালাম আজাদের চেষ্টায় দেশ শুধু উচ্চ শিখরে গিয়েছে তাই নয় বরং হিন্দুস্তানি সাহিত্য এবং সংস্কৃতি অনেক উন্নতি হয়েছে। তিনি স্বাধীনতা যুদ্ধে যেভাবে দেশের জন্য অংশগ্রহণ করেছেন ঠিক একইভাবে তার কলম দিয়ে ভাষা ও সাহিত্যকে সেভাবে তুলে ধরেছেন। তার উদাহরণ আজ পর্যন্ত খুঁজে পাওয়া অসম্ভব। তিনি তার কলমের সাহায্যে অনেক লোককে শিক্ষা দিয়েছেন এবং ইসলামকে উঁচু পর্যায়ে নিয়ে আসতে সক্ষম হয়েছেন। তার মৃত্যুর পরে বড় এক ধরনের ক্ষতি হয়েছে তা কবি এভাবে বলেছেন-

اے وطن تیرا میر اکارواں جاتارہا☆ناز تھا جس پر وہ گنجے شائگاں جاتارہا
داستاں کیسی کہ زیب داستان جاتارہا☆اے کلام اللہ تیرا ترجمان جاتارہا
جس کی تحریروں سے روشن تھی شب افکار شرق۔[২৯৪]

ফেরাক গোরাখপুরীঃ ফেরাক গোরাখপুরী গজলে যেমন সুবিখ্যাত হয়েছেন তেমনি কবিতা লিখেও খ্যাতি অর্জন করেছেন। তবুও তিনি কতিপয় মারছিয়াও লিখেছেন। কিন্তু তিনি মারছিয়া শাখায় তেমন খ্যাতি অর্জন করতে পারেননি। তিনি যখন জেলে ছিলেন তখন তার ছোট ভাই মারা যায়। এই সংবাদ শুনে তিনি অত্যন্ত কষ্ট পেয়েছিলেন। আর এই কারণেই তিনি তার ছোট ভাইয়ের উদ্দেশ্যে মারছিয়া লিখেছেন। তিনি বলেন-

ایک سنائے کا عالم ہے دردو دیوار پر☆شام زنداں اب ہوئی تو شام زنداں بائے بائے۔[২৯৫]

তিলোক চাঁদ মাহরুমঃ তিলোক চাঁদ মাহরুম একজন বিখ্যাত কবি ছিলেন। তিনি গজল ও নজম দুটি শাখায় অনেক বেশি সাফল্য অর্জন করেছেন; কিন্তু মারছিয়ায় খুব বেশি সাফল্য অর্জন করতে পারেননি। তবে তিনি বেশ কিছু মারছিয়াও লিখেছেন। তিনি তার আপনজনের মৃত্যুতে এবং দেশের বিখ্যাত ব্যক্তি ও কবিদের মৃত্যুতে মরছিয়া লিখেছেন। উদাহরণস্বরূপ-

فرط غم سے غنچے چپ ہیں، گل گر میان چاک میں☆نوجوانان چمن بھی سر پہ ڈالے خاک ہیں۔[২৯৬]

আনন্দ নারায়ণ মোল্লাঃ আনন্দ নারায়ণ মোল্লা গজল ও নজম লিখে বিশ্বে যেমন সুপরিচিত হয়েছেন, তেমনি মারছিয়া লিখেও পরিচিতি পেয়েছেন। মহাত্মাগান্ধীজীর মৃত্যু নিয়ে অনেক কবিগণ মারছিয়া লিখেছেন; কিন্তু মোল্লা সাহেবের গান্ধীজীর মৃত্যু নিয়ে লিখা মারছিয়া খুব বিখ্যাত হয়েছিল এবং তা উপযুক্ত ছিল।

انسان وہ اٹھا جس کا ثانی صدیوں میں بھی دنیا چن نہ سکی☆موت وہ مٹی نقاش سے بھی جو بن کے دوبارہ بن نہ سکی
سینوں میں جو دے کانٹوں کو بھی جا اس گل کی لطافت کیا کہتے☆جو زہر ہے امرت کر کے اس لب کی حلاوت کیا کہتے۔[২৯৭]

টীকা ও তথ্য নির্দেশ

১ ড. মুহাম্মদ আব্দুল হাফিজ কাতীল, *মি'য়ারে গজল* (হায়দ্রাবাদঃ আঞ্জুমানে তারাক্কি তা'লীমে উর্দু, ১৯৬১ খ্রি.), পৃ. ৯ ।

২ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৯৪ খ্রি.), পৃ. ২৮ ।

৩ ড. শেখ আকীল আহমদ, *গজল কা উবুরী দওর* (দিল্লীঃ সাকি বুক ডিপো, উর্দু বাজার, ১৯৯৬ খ্রি.), পৃ. ১৩ ।

৪ আজীজ নাবিল, *পণ্ডিত ব্রজ নারায়ণ চাকবাস্ত শাখছিয়্যাত অওর ফন* (নয়াদিল্লীঃ গ্রীন পাপিজ, ২০১৮ খ্রি.), পৃ. ৬১ ।

৫ ড. ইবাদত ব্রেলবী, *জাদীদ শায়েরী* (লাহোরঃ উর্দু দুনিয়া, ১৯৬১ খ্রি.), পৃ. ৫৮৯ ।

৬ কালিদাশ গুপ্তা রেজা, *চাকবাস্ত অওর বাকিয়াতে চাকবাস্ত* (বোম্বেঃ বিমল পাবলিকেশন্স, ১৯৭৯ খ্রি.), পৃ. ১৫ ।

৭ ড. আফজাল আহমেদ, *চাকবাস্ত হায়াত অওর আদবী খেদমত* (লক্ষ্ণৌঃ সারফরাজ কওমী প্রেস, ১৯৭৫ খ্রি.), পৃ. ১৫-১৬ ।

৮ সঞ্জয় কুমার, *গজলিয়াতে চাকবাস্ত কা ফিকরী ও ফন্নী মুতালি'আ* (এলাহাবাদঃ ইদারা নয়া সফর, ২০১২ খ্রি.), পৃ. ৬৩ ।

৯ আজীজ নাবিল, *পণ্ডিত ব্রজ নারায়ণ চাকবাস্ত শাখছিয়্যাত অওর ফন*, *প্রাগুক্ত*, পৃ. ৬৪ ।

১০ কালিদাশ গুপ্তা রেজা, *চাকবাস্ত অওর বাকিয়াতে চাকবাস্ত*, *প্রাগুক্ত*, পৃ. ২২ ।

১১ সঞ্চয় কুমার, *গজলিয়াতে চাকবাস্ত কা ফিকরী ও ফন্নী মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ৮৬ ।

১২ ড. আফজাল আহমেদ, *চাকবাস্ত হায়াত অওর আদবী খেদমত*, *প্রাগুক্ত*, পৃ. ১৪৭ ।

১৩ সঞ্চয় কুমার, *গজলিয়াতে চাকবাস্ত কা ফিকরী ও ফন্নী মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ১৪৬ ।

১৪ *তদেব*, পৃ. ১১৫ ।

১৫ *তদেব*, পৃ. ১১৮ ।

১৬ *তদেব*, পৃ. ১২২ ।

১৭ ড. সৈয়দ ইজাজ হুসাইন, *মুখতাছার তারিখে আদবে উর্দু* (দিল্লীঃ উর্দু কিতাব ঘর, ১৯৬৪ খ্রি.), পৃ. ১৮৬ ।

১৮ খালিক আঞ্জুম, *জগন্নাথ আজাদ হায়াত অওর আদবী খেদমত* (নয়াদিল্লীঃ মাহরুম মেমোরিয়াল লিটারেরী সোসাইটি, ১৯৯৩ খ্রি.), পৃ. ২১ ।

১৯ হামিদা সুলতান আহমেদ, *জগন্নাথ আজাদ অওর উসকি শায়েরী* (নয়াদিল্লীঃ আঞ্জুমানে তারাক্কি উর্দু হিন্দ, ১৯৯১ খ্রি.), পৃ. ৪০ ।

২০

Ur.Wikpedia.org/wiki/%D8%AC%DA%AF%D9%86%D9%86%D8%A7%D8
%AA%DA
%BE%D8%A2%D8%B2%D8%A7%D8%AF

২১ WWW. Urdulinks.com/urj/?p=781

২২ *তদেব.*

২৩ *তদেব*

২৪ *তদেব*

২৫ হামিদা সুলতান আহমেদ, *জগন্নাথ আজাদ অওর উসকি শায়েরী*, *প্রাগুক্ত*, পৃ. ৪৯।

২৬ *তদেব*, পৃ. ৮৪।

২৭ খালিক আঞ্জুম, *জগন্নাথ আজাদ হায়াত অওর আদবী খেদমত*, *প্রাগুক্ত*, পৃ. ৭৫।

২৮ *তদেব*, পৃ. ৮৭।

২৯ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ*, *প্রাগুক্ত*, পৃ. ১৫৫।

৩০ ড. সৈয়দ ইজাজ হুসাইন, *মুখতাছার তারিখে আদবে উর্দু*, *প্রাগুক্ত*, পৃ. ১৬৪।

৩১ ড. সৈয়দা জাফর, *ফেরাক গোরাখপুরী* (নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৯৬ খ্রি.), পৃ. ১২।

৩২ ড. সৈয়দ ইজাজ হুসাইন, *মুখতাছার তারিখে আদবে উর্দু*, *প্রাগুক্ত*, পৃ. ১৬৪।

৩৩ ড. সৈয়দা জাফর, *ফেরাক গোরাখপুরী*, *প্রাগুক্ত*, পৃ. ১৮।

৩৪ Urduchannel.in/firaq-ki-infradiat-abdulbari-qasmi/

৩৫ আলী আহমেদ ফাতেমী, *শায়ের দানেশওর ফেরাক গোরাখপুরী* (নয়াদিল্লীঃ এম. আর পাবলিকেশন্স, ২০০৭ খ্রি.), পৃ. ১৪২।

৩৬ গোপীচাঁদ নারায়ণ, *ফেরাক গোরাখপুরী শায়ের , নক্কাদ, দানেশওর* (নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ২০০৮ খ্রি.), পৃ. ৭২।

৩৭ Urduchannel.in/firaq-ki-infradiat-abdulbari-qasmi/

৩৮ আবুল কালাম কাসেমী, *শায়েরী কি তানক্বি দ* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০১ খ্রি.), পৃ. ১০১।

৩৯ আজীজ নাবিল, *ফেরাক গোরাখপুরী শাখছিয়্যাত, শায়েরী অওর শানাখত* (নয়াদিল্লীঃ হামদী প্রিন্ট জামিয়া নগর, ২০১৪ খ্রি.), পৃ. ২২৩।

৪০ Urduchannel.in/firaq-ki-infradiat-abdulbari-qasmi/

৪১ মাখমুর সাঈদি, *ফেরাক গোরাখপুরী জাত ও সিফাত* (দিল্লীঃ উর্দু একাডেমি, ১৯৯৮ খ্রি.), পৃ. ৫৭।

৪২ গোপীচাঁদ নারায়ণ, *ফেরাক গোরাখপুরী শায়ের, নক্কাদ, দানেশওর*, *প্রাগুক্ত*, পৃ. ৭৪।

৪৩ Urduchannel.in/firaq-ki-infradiat-abdulbari-qasmi/

৪৪ ড. সৈয়দা জাফর, *ফেরাক গোরাখপুরী*, *প্রাগুক্ত*, পৃ. ৩৫।

৪৫ *তদেব*, পৃ. ৪১।

৪৬ *তদেব*, পৃ. ৩৬।

৪৭ আবুল কালাম কাসেমী, *ফেরাক গোরাখপুরী* (নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৯৭ খ্রি.), পৃ. ১৯।

৪৮ মাখমুর সাঈদী, *ফেরাক গোরাখপুরী জাত ও সিফাত*, *প্রাগুক্ত*, পৃ. ৪১।

৪৯ *তদেব*, পৃ. ৪২।

৫০ Urduchannel.in/firaq-ki-infradiat-abdulbari-qasmi/

৫১ আজীজ নাবিল, *ফেরাক গোরাখপুরী শাখছিয়্যাত, শায়েরী অওর শানাখত*, *প্রাগুক্ত*, পৃ. ৪৯৩-৪৯৪।

৫২ *তদেব*, পৃ. ৩১৬।

৫৩ ড. সৈয়দা জাফর, *ফেরাক গোরাখপুরী*, *প্রাগুক্ত*, পৃ. ৪৭।

৫৪ আলী আহমেদ ফাতেমী, *শায়ের দানেশওর ফেরাক গোরাখপুরী*, *প্রাগুক্ত*, পৃ. ৯৬।

৫৫ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ*, *প্রাগুক্ত*, পৃ. ১৪৭।

৫৬ ড. আব্দুল ওয়াহিদ, জাদীদ *শু'আরায়ে উর্দু* (লাহোরঃ ফিরোজ এন্ড সন্স লিমিটেড, তা.বি.), পৃ. ১৬৯।

৫৭ ড. মুহাম্মদ ইউসুফ আনছারী, *তিলোকচাঁদ মাহরুম হায়াত অওর শায়েরী* (মহারাষ্ট্রঃ উর্দু একাডেমি, ১৯৮৩ খ্রি.), পৃ. ৩।

৫৮ কামিল বাহজাদী, *তিলোকচঁাদ মাহরুম এক মুতালি'আ* (নয়াদিল্লীঃ মাহরুম মেমোরিয়াল লিটারেরী সোসাইটি, ১৯৯৯ খ্রি.), পৃ. ১১।

৫৯ রামলাল নাভোবী, *তিলোকচঁাদ মাহরুম* (নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৯২ খ্রি.), পৃ. ১২।

৬০ কামিল বাহজাদী, *তিলোকচঁাদ মাহরুম এক মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ১১-১২।

৬১ রামলাল নাভোবী, *তিলোকচঁাদ মাহরুম*, *প্রাগুক্ত*, পৃ. ১৭।

৬২ ড. মুহাম্মদ ইউসুফ আনছারী, *তিলোকচঁাদ মাহরুম হায়াত অওর শায়েরী*, *প্রাগুক্ত*, পৃ. ৮৬।

৬৩ *তদেব*, পৃ. ৮৭।

৬৪ কামিল বাহজাদী, *তিলোকচঁাদ মাহরুম এক মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ৫৬।

৬৫ *তদেব*, পৃ. ৫৭।

৬৬ ড. মুহাম্মদ ইউসুফ আনছারী, *তিলোকচঁাদ মাহরুম হায়াত অওর শায়েরী*, *প্রাগুক্ত*, পৃ. ১০৮।

৬৭ কামিল বাহজাদী, *তিলোকচঁাদ মাহরুম এক মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ৬০।

৬৮ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ*, *প্রাগুক্ত*, পৃ. ১৫৬।

৬৯ ড. সৈয়দ ইজাজ হুসাইন, *মুখতাছার তারিখে আদবে উর্দু*, *প্রাগুক্ত*, পৃ. ১৬৭।

৭০ শাহেদ মাহলী, *আনন্দ নারায়ণ মোল্লা শায়ের অওর দানেশওর* (নয়াদিল্লীঃ গালিব ইন্সটিটিউট, ১৯৯৫ খ্রি.), পৃ. ৯।

৭১ *তদেব*, পৃ. ১০।

৭২ জগদীশ মেহতা দরদ, *উর্দু কে হিন্দু শু'আরা*, ১ম খণ্ড (দিল্লীঃ হাকীকত বিয়ানী পাবলিশার্স, ১৯৭২ খ্রি.), পৃ. ২১।

৭৩ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ*, *প্রাগুক্ত*, পৃ. ১৫৬।

৭৪ শাহেদ মাহলী, *আনন্দ নারায়ণ মোল্লা শায়ের অওর দানেশওর*, *প্রাগুক্ত*, পৃ. ১৩২।

৭৫ *তদেব*, পৃ. ১৩৩।

৭৬ *তদেব*, পৃ. ১৩০।

৭৭ মহাবেরাঃ বাক পদ্ধতি বা পরিভাষা। দ্র. মাওঃ আবূ সুফ্য়ান (যাকী), *ফরহাঙ্গে জাদীদ* (ঢাকাঃ রশিদিয়া লাইব্রেরী, চক সার্কুলার, ১৯৯৮ খ্রি.), ৭৪০।

৭৮ তাশবিহাতঃ উপমা প্রদান বা সাদৃশ্য প্রতিপাদন। দ্র. *তদেব*, পৃ. ২৩৬।

৭৯ শাহেদ মাহলী, *আনন্দ নারায়ণ মোল্লা শায়ের অওর দানেশওর*, *প্রাগুক্ত*, পৃ. ২৮।

৮০ rekhta.org/poets/suraj-narayan-mehr/profile? lang-ur

৮১ *তদেব*

৮২ নুর আহমদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা* (করাচী: ইদারায়ে ফিকরে নো, ১৯৯৬ খ্রি.), পৃ. ১৯৫ ।

৮৩ *তদেব*,

৮৪ *তদেব*, পৃ. ১৮২ ।

৮৫ *তদেব*, পৃ. ১৭৫ ।

৮৬ মোহাম্মদ আব্দুল হাকীম, গোপাল মিত্তল এক মুতালি'আ (দিল্লী: নাজেস বুক সেন্টার, ১৯৭৭ খ্রি.), পৃ. ২২ ।

৮৭ ড. জিয়া উদ্দিন, *গোপাল মিত্তল শাখছ অওর শায়ের* (নয়াদিল্লী: ইদারায়ে ফিকরে জাদীদ, ২০০৫ খ্রি.), পৃ. ৪৩ ।

৮৮ মালিক রাম, *জিয়া ফতেহ আবাদী শাখছ অওর শায়ের* (নয়াদিল্লী: মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৭৭ খ্রি.), পৃ. ৩৩ ।

৮৯ নুর আহমদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ২১৯ ।

৯০ *তদেব*, পৃ. ২২৪ ।

৯১ ড. জগদীশ মেহতা দরদ, *উর্দুকে নান মুসলিম শু'আরা অওর আদীব* (নয়াদিল্লী: হাকীকত বিয়ানী পাবলিশার্স, ১৯৮১ খ্রি.), পৃ. ২১৪ ।

৯২ জগন্নাথ আজাদ, *জোহর বাজনুরী চন্দর প্রকাশ* (এলাহাবাদ: তাজ অফসেট প্রেস, ১৯৮৬ খ্রি.), পৃ. ৩১ ।

৯৩ *তদেব*, পৃ. ৩৭ ।

৯৪ ড. জগদীশ মেহতা দরদ, *উর্দুকে নান মুসলিম শু'আরা অওর আদীব*, *প্রাগুক্ত*, পৃ. ২১২ ।

৯৫ জগদীশ মেহতা দরদ, *উর্দু কে হিন্দু শু'আরা*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ১৩২ ।

৯৬ নুর আহমদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ৪১১ ।

৯৭ ড. জগদীশ মেহতা দরদ, *উর্দুকে নান মুসলিম শু'আরা অওর আদীব*, *প্রাগুক্ত*, পৃ. ১৯৭ ।

৯৮ সৈয়দ আমজাদ হুসাইন, *গায়রে মুসলিম মারছিয়া নিগার*, (লক্ষ্মৌ: ইস্টাই লাইন প্রিন্টার্স, ১৯৯৫ খ্রি.) পৃ. ১৩৫ ।

৯৯ প্রফেসর আকবর হায়দারী কাশ্মিরী, *হিন্দু মারছিয়া গো শু'আরা* (নয়াদিল্লী: সাহেদ পাবলিকেশন্স, ২০১৪ খ্রি.), পৃ. ২৭৬ ।

১০০ Pervez ahmedazmi.blogspot.com/20/3/03/chakbast-ke-kalaam-me-manzar-o-jazbat-19.htm/

১০১ সঞ্জয় কুমার, *গজলিয়াতে চাকবাস্ত কা ফিকরী ও ফন্নী মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ১৩০ ।

১০২ পণ্ডিত ব্রজ নারায়ণ চাকবাস্ত, *সুবহে ওয়াতন* (লক্ষ্মৌ: নামী প্রেস, ১৯৮৫ খ্রি.), পৃ. ৬৩ ।

১০৩ *তদেব*, পৃ. ৮৬ ।

১০৪ *তদেব*, পৃ. ৮৭ ।

১০৫ *তদেব*, পৃ. ২২৫

১০৬ *তদেব*, পৃ. ২২৭ ।

১০৭ *তদেব*, পৃ. ১১২ ।

১০৮ গোপী চাঁদ নারায়ণ, *হিন্দুস্তান কে তাহরিক আজাদি অওর উর্দু শায়েরী* (নয়াদিল্লী: ফুরুগে উর্দু জবান, ২০০৩ খ্রি.), পৃ. ৩৬৪ ।

১০৯ জগন্নাথ আজাদ, *সিতারোঁ সে জাররোঁ তক* (লাহোরঃ মাকতুবায়ে এলম ও দানশ, ১৯৯২ খ্রি.), পৃ. ৭৩ ।

১১০ জগন্নাথ আজাদ, *ওয়াতন মে আজনবী* (নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬৪ খ্রি.), পৃ. ৩২ ।

১১১ *তদেব*, পৃ. ৬৩ ।

১১২ জগন্নাথ আজাদ, *নুয়ায়ে পেরেশান* (লাহোরঃ মাকতুবায়ে এলম ও দানশ, ১৯৬১ খ্রি.), পৃ. ১৩৪ ।

১১৩ মোহাম্মদ আইয়ুব ওয়াকফ, *জগন্নাথ আজাদ এক মুতালি'আ* (দিল্লীঃ ইলমী মজলিস, ১৯৮০ খ্রি.), পৃ. ২৩১ ।

১১৪ জগন্নাথ আজাদ, *উর্দু* (দিল্লীঃ মাকতুবায়ে কসরে উর্দু, ১৯৫১ খ্রি.), পৃ. ২৩ ।

১১৫ মুহাম্মদ আইয়ুব ওয়াকফ, *জগন্নাথ আজাদ এক মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ২৩২ ।

১১৬ জগন্নাথ আজাদ, *বেকরান* (দিল্লীঃ কিতাব ঘর, ১৯৪৯ খ্রি.), পৃ. ৭৭ ।

১১৭ জগন্নাথ আজাদ, *সিতারোঁ সে জাররোঁ তক*, *প্রাগুক্ত*, পৃ. ৯৩ ।

১১৮ জগন্নাথ আজাদ, *বেকরান*, *প্রাগুক্ত*, পৃ. ১২৯ ।

১১৯ *তদেব*, পৃ. ১৩৬ ।

১২০ জগন্নাথ আজাদ, *সেতারোঁ সে জাররোঁ তক*, *প্রাগুক্ত*, পৃ. ১১২-১১৩ ।

১২১ জগন্নাথ আজাদ, *বেকরান*, *প্রাগুক্ত*, পৃ. ১৯ ।

১২২ *তদেব*, পৃ. ৬০ ।

১২৩ আজীজ নাবিল, *ফেরাক গোরাখপুরী শাখছিয়্যাত, শায়েরী অওর শানাখত*, *প্রাগুক্ত*, পৃ. ২৩১ ।

১২৪ পোগাচাঁদ নারায়ণ, *ফেরাক গোরাখপুরী শায়ের, নক্কাদ, দানেশওর*, *প্রাগুক্ত*, পৃ. ১২৫ ।

১২৫ ফেরাক গোরাখপুরী, *ধরতী কি করোট* (এলাহাবাদঃ সাহিত্য কালাভুন, ১৯৬৬ খ্রি.), পৃ. ৪২ ।

১২৬ *তদেব*, পৃ. ১৫২ ।

১২৭ *তদেব*, পৃ. ৯৭ ।

১২৮ গোপীচাঁদ নারায়ণ, *ফেরাক গোরাখপুরী শায়ের, নক্কাদ, দানেশওর*, *প্রাগুক্ত*, পৃ. ১২১ ।

১২৯ ফেরাক গোরাখপুরী, *গুলবাঙ্গ* (এলাহাবাদঃ সাহিত্য কালাভুন, ১৯৬৭ খ্রি.), পৃ. ১২৫ ।

১৩০ ফেরাক গোরাখপুরী, *ধরতী কি করোট*, *প্রাগুক্ত*, পৃ. ৫৫ ।

১৩১ ফেরাক গোরাখপুরী, *গুলবাঙ্গ*, *প্রাগুক্ত*, পৃ. ১৮৬-১৮৭ ।

১৩২ ফেরাক গোরাখপুরী, *রুহে কায়েনাত* (এলাহাবাদঃ আইওয়ানে ইশায়াত, তা. বি.), পৃ. ১৫৯ ।

১৩৩ ফেরাক গোরাখপুরী, *গুলবাঙ্গ*, *প্রাগুক্ত*, পৃ. ১৭৮ ।

১৩৪ *তদেব*, পৃ. ১২৮ ।

১৩৫ ফেরাক গোরাখপুরী, *ধরতী কি করোট*, *প্রাগুক্ত*, পৃ. ৪০ ।

১৩৬ কামিল বাহজাদী, *তিলোকচাঁদ মাহরুম এক মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ৫৫ ।

১৩৭ *তদেব*, পৃ. ১২৪ ।

১৩৮ তিলোকচাঁদ মাহরুম, *বাচ্চোঁ কি দুনিয়া* (নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬৪ খ্রি.), পৃ. ৭৩ ।

১৩৯ তিলোকচাঁদ মাহরুম, *গঞ্জে মা'আনি* (লাহোরঃ আতরচাঁদ কাপুড় এণ্ড সন্স পাবলিশার্স, ১৯৩২ খ্রি.), পৃ. ১৬২ ।

১৪০ *তদেব*, পৃ. ২২৫ ।

১৪১ তিলোকচাঁদ মাহরুম, *নৈরাঙ্গে মা'আনি* (দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬০ খ্রি.), পৃ. ১১৭ ।

১৪২ তিলোকচাঁদ মাহরুম, *গঞ্জে মা'আনি*, *প্রাগুক্ত*, পৃ. ২৪৫ ।

১৪৩ তিলোকচাঁদ মাহরুম, *কারওয়ানে ওয়াতন* (নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬০ খ্রি.), পৃ. ৪০ ।

১৪৪ *তদেব*, পৃ. ৪৩ ।

১৪৫ *তদেব*, পৃ. ৫৭ ।

১৪৬ তিলোকচাঁদ মাহরুম, *গঞ্জে মা'আনি*, *প্রাগুক্ত*, পৃ. ২৩৬ ।

১৪৭ তিলোকচাঁদ মাহরুম, *কারওয়ানে ওয়াতন*, *প্রাগুক্ত*, পৃ. ৩২৯ ।

১৪৮ *তদেব*, পৃ. ৬৫ ।

১৪৯ তিলোকচাঁদ মাহরুম, *বাচ্চো কি দুনিয়া*, *প্রাগুক্ত*, পৃ. ৩৬ ।

১৫০ *তদেব*, পৃ. ৪৪ ।

১৫১ তিলোকচাঁদ মাহরুম, *গঞ্জে মা'আনি*, *প্রাগুক্ত*, পৃ. ১০১ ।

১৫২ *তদেব*, পৃ. ৯০ ।

১৫৩ *তদেব*, পৃ. ৯৯ ।

১৫৪ *তদেব*, পৃ. ৪০৮-৪০৯ ।

১৫৫ *তদেব*, পৃ. ৪১৬-৪১৭ ।

১৫৬ তিলোকচাঁদ মাহরুম, *নৈরাঙ্গে মা'আনি*, *প্রাগুক্ত*, পৃ. ১৩০ ।

১৫৭ *তদেব*, পৃ. ১৪০ ।

১৫৮ তিলোকচাঁদ মাহরুম, *গঞ্জে মা'আনি*, *প্রাগুক্ত*, পৃ. ১৮৪ ।

১৫৯ ড. সৈয়দ ইজাজ হুসাইন, *মুখতাছার তারিখে আদবে উর্দু* , *প্রাগুক্ত*, পৃ. ১৬৮ ।

১৬০ আনন্দ নারায়ণ মোল্লা, *মেরি হাদিসে উমরে গ্রীজান* (এলাহাবাদঃ ইণ্ডিয়া প্রেস প্রাইভেট লিমিটেড, ১৯৬৩ খ্রি), পৃ. ৮৩ ।

১৬১ *তদেব*, পৃ. ৩৫০ ।

১৬২ *তদেব*, পৃ. ১৯০ ।

১৬৩ শাহেদ মাহলি, *আনন্দ নারায়ণ মোল্লা শায়ের অওর দানেশওর*, *প্রাগুক্ত*, পৃ. ১৪ ।

১৬৪ ড. আই-এ আবদুল্লাহ, *সত্বীয়াপাল আনন্দ কি নজম নিগারি* (দিল্লীঃ পাবলিশার্স এ্যাণ্ড ইন্ডাষ্ট্রিজ, ২০০৮ খ্রি), পৃ. ১৮৮ ।

১৬৫ সত্বীয়াপাল আনন্দ, *ওয়াক্ত লা ওয়াক্ত* (দিল্লীঃ প্রিন্স অফসেট প্রিন্টার্স, ১৯৯৩ খ্রি.), পৃ. ২৯ ।

১৬৬ সত্বীয়াপাল আনন্দ, *মুঝে না কর বিদা* (নয়াদিল্লীঃ ইসতেয়ারে পাবলিকেশন্স, ২০০৫ খ্রি.), পৃ. ৩৪ ।

১৬৭ সত্বীয়াপাল আনন্দ, *লাহু বোলতা হ্যা* (নয়াদিল্লীঃ আসিন অফসেট প্রিন্টার্স, ১৯৯৭ খ্রি.), পৃ. ২৫ ।

১৬৮ ড. আই-এ আবদুল্লাহ, *সত্বীয়াপাল আনন্দ কি নজম নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ৮১ ।

১৬৯ সত্বীয়াপাল আনন্দ, *তথাগত নজমী* (দিল্লীঃ পাবলিশার্স এ্যাণ্ড এডভারটাইভার্স, ২০১৫ খ্রি.), পৃ. ১২৭ ।

১৭০ সাজ্জিদা খাতুন, *বিসুবি সাদী কে উর্দু মুসন্নেফীন* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৪ খ্রি.), পৃ. ১০৪-১০৫ ।

১৭১ মোহাম্মদ জামিল আহমেদ, *উর্দু শায়েরী কি মুখতাছার তারিখ* (লক্ষ্ণৌ: নওল কিশোর, ১৯৪১ খ্রি.), পৃ. ২৯৯।

১৭২ আর রায়না, *পণ্ডিত মেলারাম অফা হায়াত ও খেদমত* (নয়াদিল্লী: এনসেস অফসেট প্রিন্টার্স, ২০১১ খ্রি.), পৃ. ৫৫।

১৭৩ *তদেব*, পৃ. ১১৫-১১৬।

১৭৪ দিপক বাদকি, *উর্দু কে গায়রে মুসলিম আফসানা নিগার* (শ্রীনগর: মীজান পাবলিশার্স এণ্ড ডিসট্রিবিউটার্স, ২০১৭ খ্রি.), পৃ. ৩৬।

১৭৫ সেলিম হামিদ রিজভী, *উর্দু আদব কী তারাক্কি মে ভুপাল কা হিস্সা* (ভুপাল: বাবুল ইলম পারলিকেশন্স, ২০১৪ খ্রি.), পৃ. ৪৭০।

১৭৬ মুন্সী সুরজ নারায়ণ মেহের, *কালামে মেহের*, *প্রাগুক্ত*, পৃ. ৩৭৯।

১৭৭ সুম্বুল নিগার, *উর্দু শায়েরী কা তানক্বীদী মুতালি'আ* (আলীগড়: এডুকেশনাল বুক হাউস, ১৯৯৫ খ্রি.), পৃ. ১৭৮।

১৭৮ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ*, , *প্রাগুক্ত*, পৃ. ৩৭।

১৭৯ পণ্ডিত দয়াশংকর নাসিম, *মছনবী গুলজারে নাসিম* (লক্ষ্ণৌ: উত্তর প্রদেশ উর্দু একাডেমি, ১৯৯৫ খ্রি.), পৃ. ৫।

১৮০ Urdunotes.com/lesson/masnavi-gulzar-e-naseem khulasa-in-Urdu/

১৮১ *তদেব*।

১৮২ পণ্ডিত দয়াশংকর নাসিম, *মছনবী গুলজারে নাসিম*, *প্রাগুক্ত*, পৃ. ১৩৫।

১৮৩ সৈয়দ রফিক, *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড (লক্ষ্ণৌ: নাসিম বুক ডিপো, তা. বি.), পৃ. ১৮৭।

১৮৪ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ১৫৮।

১৮৫ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার* (নয়াদিল্লী: সাহিত্য একাডেমি, ২০১২ খ্রি.), পৃ. ৭১।

১৮৬ গোপীচাঁদ নারায়ণ, *হিন্দুস্তান কে উর্দু মুসন্নেফীন অওর শু'আরা* (দিল্লী: উর্দু একাডেমি, ১৯৯৬ খ্রি.), পৃ. ৯২।

১৮৭ সৈয়দ রফিক, *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ৩৯২।

১৮৮ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ৭৭।

১৮৯ সৈয়দ রফিক, *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ৩৯২।

১৯০ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ৮১।

১৯১ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্সা* (এলাহাবাদ: ইসরার কারিমী প্রেস, ১৯৬৯ খ্রি.), পৃ. ৪৪৯।

১৯২ মুন্সী জাওলা প্রসাদ বারক, *মছনবী বাহার* (লক্ষ্ণৌ: নওল কিশোর, ১৯১১ খ্রি.), পৃ. ২।

১৯৩ ইশরাত লক্ষ্ণৌবী, *হিন্দু শু'আরা* (লক্ষ্ণৌ: নামী প্রেস, ১৯৩১ খ্রি.), পৃ. ২৪।

১৯৪ শিয়াম সুন্দর বারক, *সালকে* মারওরিদ (লক্ষ্ণৌ: নওল কিশোর, ১৯২২ খ্রি.), পৃ. ১।

১৯৫ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ৮৮।

১৯৬ ফয়েজ উদ্দিন, *তাজকিরায়ে হিন্দু শু'আরায়ে বিহার* (বিহার: ন্যাশনাল বুক সেন্টার, ১৯৬২ খ্রি.), পৃ. ৪৭।

১৯৭ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ৯১।

১৯৮ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ২১১।

১৯৯ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫২।

২০০ ড. জগদীশ মেহতা দরদ, *উর্দু কে নান মুসলিম শু'আরা অওর আদীব*, *প্রাগুক্ত*, পৃ. ৪৩।

২০১ সৈয়দ লতিফ হুসেইন আদীব, *চান্দ শু'আরায়ে বারেলী* (লক্ষ্মৌ: মারকীয আদব উর্দু, ১৯৭৬ খ্রি.), পৃ. ১৭২।

২০২ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫০।

২০৩ সৈয়দ রফিক, *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ৪০০।

২০৪ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১০৭।

২০৫ *তদেব*, পৃ. ১১১।

২০৬ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫১।

২০৭ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১১৪।

২০৮ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ২৭৬।

২০৯ *তদেব*, পৃ. ২৮১।

২১০ ইশরাত লক্ষ্মৌবী, *হিন্দু শু'আরা*, *প্রাগুক্ত*, পৃ. ৬১।

২১১ ফয়েজ উদ্দিন, *তাজকিরায়ে হিন্দু শু'আরায়ে বিহার*, *প্রাগুক্ত*, পৃ. ৩৪।

২১২ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১২৫।

২১৩ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ২৯১।

২১৪ সৈয়দ রফিক, *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ৩০৮।

২১৫ *তদেব*, পৃ. ৩১৭।

২১৬ আতাউল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৩০।

২১৭ প্রেমপাল অশোক, *সরশার এক মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ২৪১।

২১৮ আব্দুস শুকর, *দওরে জাদীদ মে চান্দ মুন্তাখাব হিন্দু শু'আরা* (লক্ষ্মৌ: কিতাব খানা, ১৯৪৩ খ্রি.), পৃ. ৫০।

২১৯ হাবীব জিয়া, *মহারাজা স্যার কিশন প্রসাদ শাদ: হায়াত অওর আদবী খেদমত* (হায়দ্রাবাদ: উর্দু একাডেমি, ১৯৭৮ খ্রি.), পৃ. ৭২।

২২০ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫১।

২২১ *তদেব*।

২২২ গীয়ানচাঁদ জীন, *উর্দু মছনবী শিমালী হিন্দ মে*, (আলীগড়: আঞ্জুমানে তারাক্কি উর্দু, ১৯৬৯ খ্রি.), পৃ. ৪৭৮।

২২৩ আব্দুল মান্নান তারজি, *না'ত গোয়ানে গায়রে মুসলিম*, (নয়াদিল্লী: বুক স্টোর প্রাইভেট লিমিটেড, ২০১৮ খ্রি.), পৃ. ১৬৭।

২২৪ সৈয়দ রফিক, *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ১৫৯।

২২৫ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ২৮৬।

২২৬ *তদেব*, পৃ. ৪৩৫।

২২৭ আতা উল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৪৫।

২২৮ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ৩৯৩।

২২৯ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫২।

২৩০ নাসির উদ্দিন হাসমী, *দাকানী হিন্দু অওর উর্দু* (হায়দ্রাবাদঃ স্টেশন রোড, তা.বি.), পৃ. ৪৫-৪৬।

২৩১ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫১।

২৩২ নাসির উদ্দিন হাসমী, *দাকানী হিন্দু অওর উর্দু*, *প্রাগুক্ত*, পৃ. ৩৯।

২৩৩ মুন্সী গোরাখপ্রসাদ ইবরত, *হুসনে ফিতরত* (লক্ষ্মৌঃ উত্তর প্রদেশ উর্দু একাডেমি, ১৯৮২ খ্রি.), পৃ. ১।

২৩৪ *তদেব*, পৃ. ৩২।

২৩৫ আতা উল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৬০।

২৩৬ *তদেব*, পৃ. ১৬১-১৬২।

২৩৭ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৬৭।

২৩৮ সাজ্জিদা খাতুন, *বিসুবি সাদী কে উর্দু মুসন্নেফীন*, *প্রাগুক্ত*, পৃ. ১০৬।

২৩৯ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫২।

২৪০ আতা উল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৭৪।

২৪১ *তদেব*, পৃ. ১৭৪-১৭৫।

২৪২ *তদেব*, পৃ. ১৭৮।

২৪৩ সৈয়দ রফিক, *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ১০৫।

২৪৪ গিয়ানচাঁদ জীন, *উর্দু মছনবী শিমালী হিন্দ মে*, *প্রাগুক্ত*, পৃ. ৩৯৫।

২৪৫ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ৫৭০।

২৪৬ আতা উল্লাহ পালবী, *উর্দু কে হিন্দু মছনবী নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ২০৩।

২৪৭ *তদেব*

২৪৮ *তদেব*, পৃ. ২০৪।

২৪৯ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫১।

২৫০ আখতার ওয়ারেনভী, *বিহার মে উর্দু জবান ও আদব কা ইর্তেকা* (পাটনাঃ লাইবুল লেথু প্রেস, ১৯৫৭ খ্রি.), পৃ. ৩৪২।

২৫১ *তদেব*, পৃ. ৩৪৩-৩৪৪।

২৫২ সুম্বুল নিগার, *উর্দু শায়েরী কা তানক্বীদী মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ১৪২-১৪৩।

২৫৩ *তদেব*, পৃ. ১৪২।

২৫৪ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ*, *প্রাগুক্ত*, পৃ. ৩৫।

২৫৫ ড. সৈয়দ ইজাজ হুসাইন, *মুখতাছার তারিখে আদবে উর্দু*, *প্রাগুক্ত*, পৃ. ১০৪।

২৫৬ *তদেব*, পৃ. ১০৫।

২৫৭ আলী জাওয়াদ জায়দী, *উত্তর প্রদেশ মে উর্দু মারছিয়া নিগারী* (লক্ষ্মৌঃ ইউনাইটেড বালাক প্রিন্টার্স, ২০০৩ খ্রি.), পৃ. ২৩৮।

২৫৮ সৈয়দ আমজাদ হুসাইন, *গায়রে মুসলিম মারছিয়া নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ৮৪।

২৫৯ প্রফেসর আকবর হায়দারী কাশ্মিরী, *হিন্দু মারছিয়া গো শু'আরা*, *প্রাগুক্ত*, পৃ. ৩৮।

২৬০ মীর্জা দিলগীর লক্ষ্মৌবীঃ *কুল্লিয়াতে মারছিয়া দিলগীর*, ১ম খণ্ড (লক্ষ্মৌঃ মুন্সী নওল কিশোর, ১৮৮৮ খ্রি.), পৃ. ৩।

২৬১ সৈয়দ আশুর কাজমী, *উর্দু মারছিয়া কা সফর* (দিল্লীঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৬ খ্রি.), পৃ. ১১৭৫।

২৬২ প্রফেসর আকবর হায়দারী কাশ্মিরী, *হিন্দু মারছিয়া গো শু'আরা*, *প্রাগুক্ত*, পৃ. ৯৩।

২৬৩ আলী জাওয়াদ জায়দী, *উত্তর প্রদেশ মে উর্দু মারছিয়া নিগারী*, *প্রাগুক্ত*, পৃ. ১০৪।

২৬৪ *তদেব*, পৃ. ১০৫।

২৬৫ প্রফেসর আকবর হায়দারী কাশ্মিরী, *হিন্দু মারছিয়া গো শু'আরা*, *প্রাগুক্ত*, পৃ. ১৪০।
২৬৬ ড. জগদীশ মেহতা দরদ, *উর্দু কে নান মুসলিম শু'আরা ও আদীব*, *প্রাগুক্ত*, পৃ. ২৯।
২৬৭ আজীম আখতার, *বিসুবী সাদী কে শু'আরায়ে দিল্লী*, ১ম খণ্ড (দিল্লীঃ উর্দু একাডেমি, ২০০৫ খ্রি.), পৃ. ২৪৭।
২৬৮ আলী আব্বাস হুসাইনী, *উর্দু মারছিয়া* (লক্ষ্ণৌঃ উর্দু পাবলিশার্স, ১৯৭৩ খ্রি.), পৃ. ২২৮।
২৬৯ প্রফেসর আকবর হায়দারী কাশ্মিরী, *হিন্দু মারছিয়া গো শু'আরা*, *প্রাগুক্ত*, পৃ. ১৭৯।
২৭০ হাবীব জিয়া, মহারাজা স্যার কিশন প্রসাদ শাদ *হায়াত অওর আদবী খেদমত*, *প্রাগুক্ত*, পৃ. ৮৫।
২৭১ *তদেব*, পৃ. ৮৬।
২৭২ দিলুরাম কৌসারী, *হিন্দু কী না'ত* (দিল্লীঃ খাজা হাসান নিজামী, ১৯৩৭ খ্রি.), পৃ. ২-৭।
২৭৩ প্রফেসর আকবর হায়দারী কাশ্মিরী, *হিন্দু মারছিয়া গো শু'আরা*, *প্রাগুক্ত*, পৃ. ২৪২।
২৭৪ *তদেব*, পৃ. ২৪৮।
২৭৫ গুনপত সাহায়ে শ্রীভাস্টু, *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্সা*, *প্রাগুক্ত*, পৃ. ৪৬০।
২৭৬ আব্দুল মান্নান তারজি, *না'ত গোয়ানে গায়রে মুসলিম*, *প্রাগুক্ত*, পৃ. ১০৩।
২৭৭ মুন্নী লালজোয়ান, *আয়না বাহুর* (কলকাতাঃ স্টার আর্ট প্রেস, তা. বি.), পৃ. ৪৭।
২৭৮ সৈয়দ আশুর কাজমী, *উর্দু মারছিয়া কা সফর*, *প্রাগুক্ত*, পৃ. ১১৭৯।
২৭৯ ইরফান তোরাবী, *ছাবের সেকুয়াবাদী কে মারছিয়া অওর ছালাম* (কাশ্মিরঃ তোরাবী পাবলিকেশন্স, ২০০৮ খ্রি.), পৃ. ১০।
২৮০ *তদেব*, পৃ. ৫৭।
২৮১ সৈয়দ আশুর কাজমী, *উর্দু মারছিয়া কা সফর*, *প্রাগুক্ত*, পৃ. ১১৮২।
২৮২ *তদেব*, পৃ. ১১৮৩।
২৮৩ জলীলুর রহমান জলীল, *বোরহানপুর কে আহাম মারছিয়া নিগার* (মুম্বাইঃ আল কমাল উর্দু ফাউন্ডেশন, ২০০৩ খ্রি.), পৃ. ১৬৫।
২৮৪ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ১৬৫।
২৮৫ সৈয়দ আমজাদ হুসাইন, *গায়রে মুসলিম মারছিয়া নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১১৭।
২৮৬ নুর আহমেদ মেরীঠী, *বাহার যমা বাহার যবা*, *প্রাগুক্ত*, পৃ. ৩৮০।
২৮৭ সৈয়দ আমজাদ হুসাইন, *গায়রে মুসলিম মারছিয়া নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১১৯।
২৮৮ আলী জাওয়াদ জায়দী, *উত্তর প্রদেশ মে উর্দু মারছিয়া নিগারী*, *প্রাগুক্ত*, পৃ. ৩১৯।
২৮৯ সৈয়দ আমজাদ হুসাইন, *গায়রে মুসলিম মারছিয়া নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৪৮।
২৯০ আলী জাওয়াদ জায়দী, *উত্তর প্রদেশ মে উর্দু মারছিয়া নিগারী*, *প্রাগুক্ত*, পৃ. ২৪৪।
২৯১ সৈয়দ আমজাদ হুসাইন, *গায়রে মুসলিম মারছিয়া নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৫৪।
২৯২ *তদেব*, পৃ. ১৫৫।
২৯৩ জগন্নাথ আজাদ, *মাতমে নেহরু* (নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬৫ খ্রি.), পৃ. ২৪।
২৯৪ জগন্নাথ আজাদ, *আবুল কালাম আজাদ* (লক্ষ্ণৌঃ ইদারাহ ফুরুগে উর্দু, তা. বি.), পৃ. ৫।
২৯৫ আজীজ নাবিল, *ফেরাক গোরাখুপুরী শাখছিয়্যাত শায়েরী অওর শানাখত*, *প্রাগুক্ত*, পৃ. ২২১।
২৯৬ রামলাল নাভোবী, *হিন্দুস্তানি আদব কে মি'মার তিলোক চাঁদ মাহরুম*, *প্রাগুক্ত*, পৃ. ১০।
২৯৭ শাহেদ মাহলি, *আনন্দ নারায়ণ মোল্লা শায়ের অওর দানেশওর*, *প্রাগুক্ত*, পৃ. ২৫।

তৃতীয় অধ্যায়

উর্দু গদ্যসাহিত্যে অমুসলিমদের অবদান

পৃথিবীর সকল সাহিত্য কাব্য ও গদ্য দুই ধারায় বিভক্ত। উর্দু সাহিত্য ইতিহাসে প্রাচীনকালে গদ্যের চেয়ে কাব্যের প্রাধান্য দেখতে পাওয়া যায়। কিন্তু আধুনিক কালে সে ধারা পরিবর্তিত হয়ে কাব্য হতে গদ্য প্রাধান্য লাভ করেছে। এর প্রধান কারণ আধুনিক যুগের সহজ-সরল ও স্বাভাবিকভাবে বক্তব্য উপস্থাপন। গদ্যের বিভিন্ন শাখা রয়েছে। যেমন উপন্যাস, ছোটগল্প, নাটক, প্রবন্ধ, সংবাদ সাহিত্য এবং অনুবাদ সাহিত্য ইত্যাদি। এখানে উপন্যাস, ছোটগল্প, নাটক, প্রবন্ধ, এবং সংবাদ সাহিত্যে অমুসলিম লেখকদের অবদান উপস্থাপন করা হলো।

৩.১ উপন্যাস

উপন্যাস আসলে ইটালিয়ান ভাষা Novella থেকে এসেছে।[১] কেউ কেউ বলেছেন উপন্যাস ইংরেজি ভাষা থেকে এসেছে।[২] এ প্রসঙ্গে সাহিল বুখারি বলেছেন-

"جب انگریزی ادب کے زیر اثر یہ صنف ہماری زبان میں مستقل ہوئی تو اس کا نام "ناول" بھی اس کے ساتھ چلا آیا۔"[৩]

উপন্যাস শব্দটি উপনয় বা উপন্যাস্ত শব্দ থেকে উৎপত্তি। যা ইংরেজি Novel শব্দের সমার্থক রূপ। এটি ল্যাটিন শব্দ Novellus বা Novus থেকে নেওয়া হয়েছে। যার বাংলা অর্থ দাঁড়ায় গল্প উপখ্যান বা উপন্যাস।[৪] আধুনিক কালে উর্দুতে কিচ্ছাকে উপন্যাস হিসেবে ধরা হয় যা পাশ্চত্য সাহিত্য হতে এসেছে।[৫] প্রাথমিক যুগে নভেল শব্দটি ল্যাটিন ভাষায় নতুন অর্থে ব্যবহৃত হতো। কিন্তু পরবর্তীতে বকেশু তার বিখ্যাত Decameron গ্রন্থ এর ভূমিকায় Novel শব্দটিকে নতুন ক্বিচ্ছা-কাহিনি অর্থে ব্যবহার করেছেন। অন্যভাবে বলা যেতে পারে যে, কোন বাস্তব কাহিনি কোন কল্পনা প্রসূত চিন্তা ভাবনাকে আশ্রয় করে লেখকের যে চিন্তাদর্শন, বর্ণনাত্মক শিল্পকর্মে রূপায়িত হয় তাকেই উপন্যাস হিসেবে অভিহিত করা যায়। উপন্যাস একটি সর্ব উৎকৃষ্ট শিল্পকর্ম।[৬]

অন্যান্য শিল্পকর্মের তুলনায় একটি স্বতন্ত্র শিল্পকর্ম হলো উপন্যাস। কেননা জীবনের বাস্তবতাকে সমাজের সামনে এই শিল্পের মাধ্যমে তুলে ধরা হয়, জীবনের গতি প্রকৃতিকে অনুধাবন করা যায়। যে কাল্পনিক গদ্যসাহিত্যে মানব জীবনের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়, যার বিষয়বস্তু, ঘটনা, চরিত্র ইত্যাদি সমাজের বাস্তব প্রতিনিধি হবে, সেখানে বিভিন্ন জটিলতা থাকা সত্ত্বেও একটি শিল্পগত ঐক্য থাকবে তাই উপন্যাস। উপন্যাস হলো বাস্তব জীবনের চালচলন ও রীতিনীতির প্রতিচ্ছবি।[৭] এই প্রসঙ্গে সাহিল বুখারি বলেছেন-

"فن کی روسے ناول اس نثری قصے کو کہتے ہیں جس میں کسی خاص نقطۂ نظر کے تحت زندگی کی حقیقی وواقعی عکاسی کی گئی ہو۔"[৮]

উপন্যাসের সংজ্ঞা বিভিন্ন জন বিভিন্নভাবে উপস্থাপন করেছেন- E.M. Forster বলেছেন- "The Novel tells a story that is the fundamental aspect without it could not exist that is the highest factor common to all novels."[৯]

কোন সংজ্ঞাতেই উপন্যাসের পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ পায়নি; বরং একেক সংজ্ঞায় উপন্যাসের একেক দিক ফুটে উঠেছে। তথাপি বিভিন্ন সমালোচক ও সাহিত্যিকগণ উপন্যাসের সংজ্ঞা উপন্যাসের প্রয়োজন ও বাস্তবতার সঙ্গে মিল রেখেই দিয়েছেন। প্রখ্যাত সমালোচক আলে আহমেদ সরুর বলেছেন-

"ناول ایک مسلسل قصے کا دوسرا نام ہے یہ ضروری نہیں کہ وہ تاریخی نقطۂ نظر سے صحیح ہو مگر ایسا ہو سکتا ہے۔ ناول سے بہت سے کام لیے گئے ہیں۔ جس طرح شاعری سے لیے گئے ہیں۔ اس کے ذریعے سے طنز کے تیر برسائے گئے ہیں۔ وعظ، نصیحت کے دفتر کھولے گئے ہیں، سیاسی مسائل حل کیے گئے ہیں۔ مذہبی عقیدوں کو سلجھایا گیا ہے۔ اور علمی مباحث بیان کیے گئے ہیں۔ مگر یہ سب ضمنی باتیں ہیں۔ ناول کا اصل مقصد تفریحی ہے۔"[১০]

আই এম ফস্টার এর উদ্ধৃতি দিয়ে ড. মেহজাবিন বলেছেন-

"ناول ایک خاص طوالت کا نثری فسانہ ہے۔"[১১]

উপন্যাস গদ্যসাহিত্যের সকল শাখার মধ্যে সর্ব উৎকৃষ্ট। উপন্যাস সমকালীন রাজনৈতিক, সামাজিক, ঐতিহাসিক ও সংস্কৃতি ইত্যাদি বিষয় উপস্থাপন করে। উপন্যাস কেবলমাত্র মানব জীবনের বিশেষ কোন দিক নিয়ে আলোচনা করে না বরং সামগ্রিক দিক এতে স্থান পায়। উপন্যাসের বিষয়বস্তুই হলো মানবজীবন। এজন্য উপন্যাসে মানব জীবনের অন্তর্নিহিত সকল বিষয়সমূহ নিখুঁতভাবে পরিস্ফুটিত হয়ে থাকে। প্রাথমিক যুগের উর্দু উপন্যাসে গতানুগতিক ক্বিচ্ছা-কাহিনির উপর গুরুত্ব দেওয়া হতো যা সে যুগের জন্য যুগোপযোগী ছিল। কিন্তু ক্রমান্বয়ে তা রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, চারিত্রিক, ধর্মীয়, ঐতিহাসিক, দর্শন ইত্যাদি সমস্যাকে উপন্যাসের বিষয়বস্তু হিসেবে গণ্য করা হয়। এভাবেই উপন্যাসের বিষয়বস্তু বৈচিত্রময়ে পরিণত হয়েছে।[১২] উপন্যাস উর্দু গদ্যসাহিত্যের একটি সৃষ্টিশীল শিল্পকর্ম। বিভিন্ন সাহিত্যিকগণ তাদের চিন্তা-ভাবনা ও লেখনীর মাধ্যমে উপন্যাসকে শ্রেষ্ঠ গদ্যসাহিত্যে পরিণত করেছেন। উপন্যাস অধ্যায়ে অমুসলিম লেখকদের সৃজনশীল স্বাতন্ত্র্যও স্পষ্ট। উর্দু উপন্যাসগুলোর বিবর্তনে অমুসলিম লেখকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এই গদ্য সাহিত্যে যে অমুসলিম ঔপন্যাসিকদের আবির্ভাব হয়েছিল তাদের সাহিত্যিক কর্মকাণ্ডগুলো সংক্ষেপে পর্যালোচনা করা হলো-

প্রেমচাঁদঃ উর্দু গদ্যসাহিত্যে প্রেমচাঁদের স্থান অনেক উর্ধ্বে। তিনি তার লেখনীর মাধ্যমে উর্দু গদ্যসাহিত্যে চির স্মরণীয় হয়ে আছেন। তিনি একাধারে উপন্যাস, ছোটগল্প, নাটক, অনুবাদ, প্রবন্ধ, পত্রসাহিত্য দাপটের সাথে লিখে উর্দু গদ্যসাহিত্যকে সমৃদ্ধ করেছেন। তিনি একজন কলম সৈনিকের স্বাক্ষর রেখেছেন। মুন্সী প্রমচাঁদের প্রকৃত নাম ধনপত রায়; কিন্তু উপন্যাস ও ছোটগল্পের জগতে তিনি প্রেমচাঁদ নামে পরিচিত।[১৩] মুন্সী তার পিতামহের উপাধি। তিনি বেনারসের নিকট পাণ্ডেপুর গ্রামে ১৮৮০ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন।[১৪] কেউ কেউ বলেছেন তিনি বেনারসের নিকটে লামহী নামক গ্রামে ৩১ জুলাই ১৮৮০ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন।[১৫] তার পিতার নাম মুন্সী আজায়েব লাল এবং মাতার নাম আনন্দ দেবী।[১৬] প্রেমচাঁদ কায়স্থ বংশের লোক ছিলেন।[১৭] প্রথমে তিনি বাড়িতেই ফারসি ও উর্দু শিক্ষা অর্জন করেন। পরবর্তীতে তিনি ইংরেজি শিক্ষা লাভ করেন। মাত্র ১৮ বছর বয়সে তিনি চাকরি জীবন শুরু করেন। এ সময় থেকেই তিনি সাহিত্যচর্চা শুরু করেন। তিনি সাহিত্যের মধ্যে দরিদ্র মানুষের কথা বলার চেষ্টা করেছেন। তিনি তার সাহিত্য জীবনে ১৫টি উপন্যাস রচনা করেছেন।[১৮] তার সাহিত্যে ভারতের রাজনৈতিক ও সামাজিক জাগরণের প্রতিচ্ছবি সুস্পষ্ট হয়ে উঠেছে। তিনি সাহিত্যের মাধ্যমে ভারতের অবহেলিত শোষিত মানুষের জীবনের কথা তুলে ধরার চেষ্টা করেছেন। তিনি তার সাহিত্যের মাধ্যমে ভারতের শ্রমিক শ্রেণিকে মর্যাদার আসনে বসিয়েছেন। তার সাহিত্যের মধ্যে কৃষকদের উপর জমিদারের অত্যাচার এবং কৃষকদের দূরাবস্থার কথা উল্লেখ করেছেন। প্রেমচাঁদের সাহিত্যের মূল বিষয়ই ছিল কৃষক, শ্রমিক ও সাধারণ মানুষের উপর ইংরেজ সরকার ও তাদের অনুগত জমিদার, মহাজন, তহশীলদার ও পুলিশের নির্যাতনের কথা। তিনি কখনও লোভ লালসার কাছে নতি স্বীকার করেননি। তিনি চাকরি করার পরও ভারতীয় কৃষক, শ্রমিক ও স্বদেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে অজস্র ধারায় সাহিত্যচর্চা করে গেছেন। লেখক হিসেবে তিনি ১৯০০ খ্রিস্টাব্দে আত্মপ্রকাশ করেন। মাত্র ছত্রিশ বৎসরের সাহিত্যিক জীবনে তিনি প্রচুর লিখেছেন।[১৯] অবশেষে প্রেমচাঁদ ১৯৩৬ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।[২০]

উর্দু গদ্যসাহিত্যে প্রেমচাঁদের উপন্যাসের বর্ণনা তুলে ধরা হলো- جلوہ ایثار (জলওয়ায়ে-ঈছার) প্রেমচাঁদের প্রাথমিক যুগের উপন্যাসের মধ্যে উল্লেখযোগ্য। শৈল্পিক ও বর্ণনা শৈলির দিক থেকে এই উপন্যাসকে সম্পূর্ণ উপন্যাস বলা হয়। এই উপন্যাসটি ১৯১২ খ্রিস্টাব্দে সর্বপ্রথম উর্দু ভাষায় প্রকাশিত হয়।[২১] এ উপন্যাস তৎকালীন ভারতীয় সামাজিক জীবনের বাস্তবধর্মী ঘটনার দর্পণ স্বরূপ। যাতে চতুর্ভুজ প্রেমের রোমাঞ্চকর কাহিনি আকর্ষণীয় ভাষায় বর্ণনা করা হয়েছে। উপন্যাসটির প্রতিপাদ্য বিষয়বস্তু নর-নারীর প্রেম-ভালোবাসা, বৈধব্য ও এদের ক্রিয়া প্রতিক্রিয়া এবং নারী-পুরুষের অসম বিবাদের পরিণতি।[২২]

এই উপন্যাসের নায়িকা হলো বিরজন এবং নায়ক হলো প্রতাপ চন্দ্র, আরো দুটি প্রধান চরিত্র হলো কমলাচরণ ও মাধুরী। প্রতাপচন্দ্র ও বিরজন শৈশবকাল থেকেই একে অপরকে অনেক ভালোবাসত। বিরজন হলো অনেক ধনী পরিবারের মেয়ে এবং প্রতাপচন্দ্র হলো পিতৃহীন ও গরিব। নায়িকা বড়লোক হওয়ার কারণে তাদের প্রেম বাস্তবে রূপ নেয়নি। তার বাবা তাকে একটি ধনী পরিবারের ছেলে কমলাচরণের সঙ্গে বিয়ে দিয়ে দেয়। বিরজন বড়লোকের মেয়ে হলেও সে একজন ধর্মভীরু নারী। বিয়ের পরে সে অন্যান্য নারীর মত সংসারী হয়ে উঠে। সে তার ভালোবাসার মানুষ প্রতাপকে ভুলে যাওয়ার চেষ্টা করে। সবকিছু ভুলে সে মনে করে তার স্বামীই তার প্রিয়জন। স্বামীকে সন্তুষ্ট রাখার জন্য সে প্রাণপণ চেষ্টা করে। এতদসত্ত্বেও তার স্বামী কমলাচরণ মৃত্যুবরণ করলে সে বিধবা হয়ে যায়। স্বামীর মৃত্যুর পর তার ভালোবাসার স্মৃতি নিয়ে সে সারাজীবন কাটিয়ে দেয়। কমলাচরণের মৃত্যুর পর তার মা বিরজনকে অত্যাচার করলেও সে তার স্বামীর ভিটা ছেড়ে চলে যায়নি। অপরদিকে বিরজনের ভালোবাসার মানুষ প্রতাপচন্দ্র বিরজনের প্রতি এত ভালোবাসা ছিল যে তার বিয়ের পর সে আস্তে আস্তে অসুস্থ হয়ে পড়ে। কিন্তু যখন সে শুনতে পায় বিরজনের স্বামী মারা গিয়েছে তখন তার আবার ভালোবাসা প্রবল হয়। সে কারণে সে ছুটে যায় বিরজনের বাড়ির দরজায়। কিন্তু সেখানে গিয়ে তার মনে ভয় লাগে। কারণ এতে পাপ ও অধর্ম হবে। আবার বিরজনকে সবাই খারাপ মনে করবে। এই সব কথা চিন্তা করে সে ফিরে আসে এবং সন্ন্যাসী জীবন গ্রহণ করে। এ প্রসঙ্গে প্রেমচাঁদ তার এই উপন্যাসে এক উদ্বৃতি এভাবে তুলে ধরেছেন-

"اس تازیانہ نے وہ منزل ایک ہی لمحہ میں طے کردی جس کے طے ہونے میں برسوں لگتے اس کی زندگی کا ارادہ مستقل ہو گیا معمولی صورتوں میں قومی خدمت اس کی زندگی کا ایک دلچسپ اور غالباً ضروری مشغلہ ہوتی مگر ان واقعات نے قومی خدمت زندگی کو اس کی زندگی کی غرض اور غایت بنا دیا سبا کی دلی آرزو پوری ہونیکے سامان پیدا ہو گئے۔"[২৩]

প্রেমচাঁদ এই উপন্যাসে নায়ক প্রতাপচন্দ্রকে সন্ন্যাসী চরিত্রে চিত্রিত করেছেন। অর্থাৎ স্বাভাবিক জীবন যাপন থেকে সে বিচ্ছিন্ন হয়ে সাধুর পথ বেছে নিয়েছে। এই উপন্যাসের প্রধান চরিত্র প্রতাপচন্দ্র সম্বন্ধে ড. কমর রইস বলেছেন-

"وہ ایک جوان سال، روشن، ضمیر، برہمچار اور سادھو ہے۔"[২৪]

জলওয়ায়ে-ঈছার উপন্যাসের আরেকটি প্রধান চরিত্র হলো মাধুরী। সে প্রতাপের গুণের কথা বিরজনের কাছ থেকে শুনেছিল। সে থেকেই মাধুরী প্রতাপকে গভীরভাবে ভালোবাসত। কিন্তু কোন দিন প্রতাপের কাছ থেকে প্রতিদানে কিছু চায়নি। সে নিঃস্বার্থভাবে প্রতাপকে ভালো বেসেছে। অবশেষে তাদের ভালোবাসা পরিণতি লাভ করে।

এ প্রসঙ্গে ড. কমর রইস বলেছেন-

"جب مادھوری اس کے سامنے اپنی والہانہ محبت کا اظہار کرتی ہے تو وہ بڑی آسانی سے اس کے ساتھ شادی کے لئے تیار ہو جاتا ہے۔"[২৫]

এই উপন্যাসটি বিশ্লেষণ করলে দেখা যায় যে, এতে সামাজিক রীতিনীতি ও ধর্মীয় অনুশাসন খুব সুন্দরভাবে প্রস্ফুটিত হয়েছে। এছাড়া এই উপন্যাসে গ্রামীণ চিত্র ও কৃষকদের দৃশ্যাবলী দেখানো হয়েছে। যেমন প্রেমচাঁদ লিখেছেন-

"ظالم آسمان نے سارے سامان بگاڑ دیئے۔۔۔ فصل ستیاناس ہو گئی۔ اناج برف کے تلے دب گیا۔ بخار کا زور ہے سارا گاؤں ہسپتال بنا ہوا ہے۔ فصل کا یہ حال اور مالگزاری وصول کی جا رہی ہے۔ بڑی بدعت ہو رہی ہے۔ مار دھاڑ گالی گفتار غرض سب ہی ہتھیاروں سے کام لیا جا رہا ہے۔ غریبوں پر یہ قہر خدا۔"[২৬]

এই উপন্যাসে লেখক চরিত্রায়নে বলিষ্ঠ ভূমিকা রেখেছেন। আমরা সহজেই বুঝতে পারি যে, কোন উপন্যাসে নায়ক-নায়িকার মিল স্বাভাবিক, কিন্তু এই উপন্যাসে লেখক নায়ক-নায়িকার চরিত্রকে এমনভাবে উপস্থাপন করেছেন যে, তাদের মিলন সম্ভব ছিল না।

জলওয়ায়ে-ঈছারের পর প্রেমচাঁদ "بازار حسن" (বাজারে-হুসন) ১৯১৬ খ্রিস্টাব্দে লিখা শুরু করেন। বাজারে-হুসন এর বিষয়বস্তু হলো সমাজ সংস্কার।[২৭] এই উপন্যাসে লেখক তৎকালীন ভারতের সামাজিক সংস্কার বিশেষ করে নারীদের সামাজিক সমস্যাবলী চিত্রায়িত করেছেন। এ প্রসঙ্গে ড. রামবালাস শর্মার উদ্ধৃতি দিয়ে ড. ইউসুফ সারমাসত লিখেছেন-

"بازار حسن" کا بنیادی مسئلہ ہندوستانی عورت غلامی ہے۔"[২৮]

এই উপন্যাসের নাম প্রেমচাঁদ উর্দুতে 'বাজারে-হুসন' এবং হিন্দিতে 'সিয়াসদন' রেখেছেন।[২৯] এই উপন্যাসটি তিনি ১৯১৭ খ্রিস্টাব্দের প্রথমার্ধে রচনা করেছিলেন। কারো মতে এ উপন্যাসের প্রকাশকাল ডিসেম্বর ১৯১৮ খ্রিস্টাব্দ। আবার কেউ বলেছেন এই উপন্যাসের প্রকাশ কাল ১৫ই ডিসেম্বর ১৯১৮ খ্রিস্টাব্দ।[৩০]

এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র হলো সুমন। তার পিতার নাম কৃষণচন্দ্র এবং তিনি ছিলেন সৎ ও নিষ্ঠাবান। তিনি একজন সৎ দারোগা ছিলেন। তিনি তার মেয়ের বিয়ের জন্য খুব চিন্তিত ছিলেন। তিনি মনে করেন অধিক যৌতুক ছাড়া সুমনের ভালো জায়গায় বিয়ে দেওয়া সম্ভব নয়। তাই তিনি ঘুষ নেওয়া শুরু করেন। ঘুষ নেওয়ার জন্য তার ৫ বছর জেলও হয়। এ প্রসঙ্গে প্রেমচাঁদের ভাষায় তার স্ত্রীকে কৃষণচন্দ্র বলেছেন-

"روتی کیوں ہو میرے ساتھ کوئی بے انصافی نہیں ہو رہی ہے۔ میں نے جو کچھ کیا ہے۔ اس کی سزا مل رہی ہے۔ غالبًا مجھ پر جو فوجداری کا مقدمہ چلے گا۔ تم اس کی کچھ پرواہ نہ کرنا۔ میں ہر ایک سزا کے لئے تیار ہوں۔ میرے لئے وکیلوں اور مختاروں کی ضرورت نہیں ہے۔ میرے اس کفارہ سے وہ حرام کے روپے پاک ہو گئے ہیں۔ انہیں تم دونوں لڑکیوں کی شادی میں خرچ کرنا۔ اس میں ایک پائی بھی مقدمہ میں مت لگانا۔ ورنہ مجھے صدمہ ہو گا۔"[৩১]

কৃষণচন্দ্র দারোগা হিসেবে যে ঘুষ গ্রহণ করেছিল তা তার মামলা চালাতে শেষ হয়ে যায়। সে তার উৎকোচের টাকা মেয়ের বিয়েতে খরচ করতে চেয়েছিল; কিন্তু তা আর সম্ভব হয়নি। সুমনের যেখানে বিয়ে ঠিক হয়েছিল তাও ভেঙ্গে যায়। তারপর এক বৃদ্ধ ও দরিদ্র কেরানি গজাধরের সাথে সুমনের বিয়ে হয়ে যায়। সেখানে সে অনেক কষ্টে থাকে। অপরদিকে তার গ্রামে ভোলীবাঈ নামে এক নর্তকী ছিল, সে সুখ-স্বাচ্ছন্দে বসবাস করতো। ভোলীবাঈ ও তার জীবনের তারতম্য লেখক এ উপন্যাসে এভাবে তুলে ধরেছেন-

"وہ آزاد ہے۔ میرے پیروں میں بیڑیاں ہیں۔۔۔ وہ کتوں کے بھونکنے کی پرواہ نہیں کرتی۔ میں سرگوشیوں سے ڈرتی ہوں۔ وہ پردے کے باہر ہے میں پردے کے اندر ہوں۔ وہ ڈالیوں پر چہکتی ہے میں پنجرے کے اندر بند تڑپتی ہوں۔ اس نے شرم چھوڑ دی ہے۔ میں اس کا دامن پکڑے ہوئے ہوں اس حیا نے اس بدنامی مجھے دوسروں کی لونڈی بنا رکھا ہے۔"[৩২]

ভোলীবাঈ এর স্বাচ্ছন্দ ও অনাড়ম্বর জীবন যাপন দেখে সেও এ ধরনের জীবন বেছে নেয়। এক রাত্রিতে সুমন তার বান্ধবী সুভদ্রার বাড়িতে যায়। সেখান থেকে তার স্বামী গজাধরের বাড়িতে যায় কিন্তু সেখানে তার কোন জায়গা হয় না। গজাধর তাকে দেখে দরজা বন্ধ করে দেয়। সে উপায় না পেয়ে সুভদ্রার বাড়িতে গেলে সুভদ্রার স্বামী পদ্মসিংহ তাকে বাড়িতে থাকতে দিতে অস্বীকৃতি জানায়। তখন সে ভোলীবাঈ এর বাড়িতে থাকে এবং সেখানে নাচ, গান শিখে নর্তকী হয়ে উঠে। অর্থাৎ সুমন ভোলীবাঈ এর মত পতিতালয়ে অবস্থান করে। এই পতিতালয়ে যাওয়ার পেছনে যাদের হাত রয়েছে তারা হলো গজাধর ও পদ্মসিংহের মতো লোক। তারা যদি সে দিন তাকে ঘরে প্রবেশ করতে দিতো তাহলে সে হয়ত এ পথ বেছে নিতোনা। আবার এই পতিতালয়ে আসার পেছনে তার লোভ-লালসাকে দায়ী করা যায়। পক্ষান্তরে সুমনের পতিতা হওয়ার জন্য সমাজ ও অর্থনৈতিক অবস্থাকে দায়ী করা যায়। কারণ সমাজ যদি তাকে বুড়ো লোকের সাথে বিয়ে না দিতো এবং তার অর্থনৈতিক অবস্থা ভালো হতো তাহলে সে পতিতালয়ে যেতো না। তাহলে বলা যায় যে, কোন না কোনভাবে সমাজ সুমনের এ অবস্থার জন্য দায়ী।

এদিকে উপন্যাসের অপর এক চরিত্র সুদন। সে তার পড়াশুনার জন্য তার চাচার বাড়ি পদ্মসিংহের বাসায় আসে। এখানে এসে তার সুমনের সঙ্গে দেখা হয়। সুমনের রূপ ও সৌন্দর্য দেখে সে তার

প্রেমে পড়ে যায়। সে সুমনের জন্য তার জীবন বিসর্জন দিতেও রাজি ছিল। কিন্তু সমাজ ও তার পরিবারের জন্য সে সুমনকে বিয়ে করতে পারে না। এই উপন্যাসের আরো একটি চরিত্র রয়েছে তা হলো, সুমনের ছোট বোন শান্তা। সুমনের কারণে শান্তার জীবনেও অনেক প্রভাব পড়ে। শান্তার বোন সুমন পতিতা তাই শান্তাকে কেউ ভালো চোখে দেখে না। অথচ শান্তা ছিলো একজন আদর্শ সতী নারী। সুদনের সঙ্গে শান্তার বিয়ে হয়ে যায়। কিন্তু সে বিয়ে দীর্ঘদিন স্থায়ী হয়নি। সুদনের সঙ্গে বিয়ে ভেঙ্গে গেলেও সে আর বিয়ে করেনি। কারণ সে সুদনকেই স্বামী হিসেবে মেনে নিয়েছিল এবং তাকে পাওয়ার জন্য সে বিভিন্ন পূজা পাঠ করতো।

বাজারে-হুসন উপন্যাসটি প্রেমচাঁদের একটি গুরুত্বপূর্ণ সামাজিক উপন্যাস। এই উপন্যাসে লেখক পতিতাবৃত্তি উচ্ছেদের একটি দিক নির্দেশনা দিয়েছেন। এই উপন্যাসে বীঠেল দাশ ও পদ্মসিংহকে সমাজ সংস্কারক হিসেবে উল্লেখ করেছেন। তারা পতিতাবৃত্তি সমাজ থেকে দূর করার জন্য বলিষ্ঠ ভূমিকা পালন করেছিলেন। এই উপন্যাসে বীঠেল দাশ পদ্মসিংকে বলেছিলেন-

"اچھاتواب میرے مقاصد بھی سن لیجئے۔تاکہ کوئی غلط فہمی نہ ہو۔میرا پہلا مقصد ہے ارباب نشاط کو شہر کے ممتاز مقامات اور شاہراہوں سے ہٹانااور دوسرا رقص وسرور کی مذموم رسم کومٹاناآپ کواس میں کوئی اعتراض ہے؟۔"[৩৩]

এই উপন্যাসে বীঠেল দাস ও পদ্মসিংহ সমাজ থেকে পতিতালয় উচ্ছেদের জন্য বোর্ডে প্রস্তাব দেন। এই প্রস্তাবের উদ্দেশ্য হলো শহরের যে যে জায়গায় পতিতালয় রয়েছে সেগুলো উচ্ছেদ করা এবং প্রত্যেক পতিতাদের পুনর্বাসন করা। এদিকে সুমনের স্বামী গজাধর সন্ন্যাসী হয়ে যায় এবং সে নিজের ভুল বুঝতে পেরে একটি সেবাসদন প্রতিষ্ঠা করে। সেই সেবাসদনে অবশেষে সুমনের স্থান হয়। এই উপন্যাস বিশ্লেষণ করলে জানা যায় যে, লেখক এখানে পতিতাদের দুর্দশা ও আশা-আকাঙ্ক্ষার বাস্তব চিত্র তুলে ধরেছেন এবং সমাজ সংস্কারের দিকটিও সুন্দরভাবে উপস্থাপন করেছেন।

বাজারে-হুসন এর বিষয়বস্তু ছিল পতিতাদের জীবনী কিন্তু প্রেমচাঁদ এই উপন্যাসে পতিতাদের জীবনী বর্ণনা করতে ব্যর্থ হন। এই বিষয়ের উপর উর্দু সাহিত্যে অনেক আগে 'অমরাও জানে আদা' এবং 'শাহেদ রানা' নামে দুটি উপন্যাস রচিত হয়েছিল; যার মোকাবেলায় বাজারে-হুসন সফলতা অর্জন করতে পারেনি।[৩৪] এ প্রসঙ্গে ড. কমর রইস বলেছেন-

"پریم چانداپنی ناول میں اس بلندی کونہ چھوسکے۔امراؤجان ادامیں رسوائےاس موضوع کو جس فن چابکدستی سے اپنایاہے طوائف کی زندگی،اس کے کاروبار،اس کے الجھنوں، محرومیوں اور عیش کوشیوں کوایک زوال آمادہ معاشرت کے پس منظر میں جس دلاویزی سے ابھاراہے۔"[৩৫]

এই উপন্যাস বিশ্লেষণ করলে দেখা যায় যে, উপন্যাসে সঠিকভাবে পতিতাবৃত্তি উপস্থাপিত হয়নি। প্রকৃতপক্ষে বাজারে-হুসন উপন্যাসটির মূল প্রতিপাদ্য পতিতাবৃত্তি নয় বরং এর অন্তরালে সমাজ থেকে অশ্লীলতা, বেহায়াপোনা ও যুব সমাজকে এসব কুকর্ম থেকে পরিত্রাণ এবং সমাজকে এর ভয়াবহ প্রভাব থেকে মুক্তি দেওয়া। এছাড়া স্বামী পরিত্যাক্ত, পতিতা ও সহায় সম্বলহীন নারীদের থাকা খাওয়া ও সামাজিক মর্যাদা প্রতিষ্ঠাকল্পে কোন জায়গা বা বাসস্থান নির্মাণ করে তাদের সহায়তা করা এ উপন্যাসের মূল বিষয়বস্তু।[৩৬] উপরোক্ত আলোচনা থেকে বলা যায় যে, 'বাজারে-হুসন' উপন্যাসটিতে তৎকালীন ভারতীয় নারীদের সমস্যা ও মর্যাদার কথা তুলে ধরা হয়েছে।

বাজারে হুসন এর পরে প্রেমচাঁদের আরেকটি গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য উপন্যাস হলো گوشۂ عافیت (গোশায়ে আফিয়াত)। প্রেমচাঁদ এই উপন্যাস ২ মে ১৯১৮ খ্রিস্টাব্দে লিখা শুরু করেছিলেন এবং ১৫ ফেব্রুয়ারি ১৯২০ খ্রিস্টাব্দে শেষ করেছিলেন।[৩৭] এ উপন্যাসে প্রেমচাঁদ তৎকালীন ভারতবর্ষের মেহনতি মানুষের জীবন প্রবাহ ও তাদের মৌলিক সমস্যাগুলোকে বিষয়বস্তু করেছেন। এ উপন্যাসে প্রেমচাঁদ গ্রামীণ কৃষকদের জীবন প্রবাহ ও তাদের সামাজিক ও অর্থনৈতিক সমস্যাবলীকে তৎকালীন রাজনৈতিক প্রেক্ষাপটের আলোকে তুলে ধরেছেন। মূলত: প্রেমচাঁদ গ্রামের সাধারণ ও মেহনতি মানুষের দুর্গতি ও তাদের শোচনীয় অবস্থার বর্ণনা করতে গিয়ে তৎকালীন ভারতের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার চিত্র এ উপন্যাসে সম্পৃক্ত করেন। তাই দেখা যায় যে প্রেমচাঁদের এ উপন্যাসে প্রকৃতপক্ষে তৎকালীন ভারতের সমাজ ব্যবস্থার বস্তাব চিত্র পাঠকের সামনে এসে যায়।[৩৮] এ উপন্যাস বিশ্লেষণ করলে দেখা যায় যে, প্রেমচাঁদ শুধু ভারতের সমাজ ব্যবস্থাকে তুলে ধরেননি, তিনি সেখানকার কৃষক, কৃষককের ক্ষেতখামার ও তাদের জীবনের সামগ্রিক বিষয়গুলো অত্যন্ত সুন্দরভাবে উপস্থাপন করেছেন। অর্থাৎ তিনি এ উপন্যাসে গ্রাম্য জীবনের প্রতিচ্ছবিগুলো তুলে ধরেছেন।

এ প্রসঙ্গে সরদার জাফরী বলেছেন-

"اردو ہی میں نہیں بلکہ پورے ہندوستانی ادب میں یہ پہلا ناول ہے جس میں دیہاتی زندگی کے بنیادی مسائل بیان کے گئے ہیں اور جاگیرداری نظام کی سچی اور کئی پہلوؤں سے مکمل تصویر کشی کی گئی ہے۔"[৩৯]

'গোশায়ে আফিয়াত' প্রেমচাঁদের প্রথম উপন্যাস, যেখানে লেখক সরাসরি প্রকাশ্য ঘোষণার মাধ্যমে জমিদারদের শোষণ নিপীড়নের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানান। এ উপন্যাসে মূলত: জমিদার কর্তৃক প্রজাদের উপর নির্যাতনের প্রতিচ্ছবি চিত্রিত হয়েছে। তিনি এ উপন্যাসে বলেছেন যে, জমিদার প্রজাদের উপর শুধু ট্যাক্স বা কর বৃদ্ধি করে না বরং তাদেরকে

অর্থনৈতিকভাবে নিষ্পেশিত করে। প্রেমচাঁদ এ উপন্যাসে জমিদারের নানা অপকর্মের চিত্রও তুলে ধরেছেন। তিনি জমিদার চরিত্র হিসেবে জ্ঞানশংকর, কমলাচন্দ্র ও গায়ত্রীকে উপস্থাপন করেছেন।[৪০]

গোশায়ে আফিয়াত উপন্যাসে এই তিনজন জমিদার বিভিন্নভাবে কৃষকদের উপর অত্যাচার করে। জ্ঞানশংকর পুলিশের সহায়তায় বিভিন্ন কারণে প্রজাদের উপর নির্যাতন চালায়। সে প্রজাদের রাজস্ব বা কর বৃদ্ধি করে দেয়। এতে কৃষকরা অর্থনৈতিকভাবে সংকটে পড়ে যায়। কমলাচন্দ্র ইংরেজদের সহায়তায় তার পৈত্তিক জমিদারি রক্ষা করতে চেয়েছিল। এ কারণেও কৃষকদের বা প্রজাদের খুব সমস্যায় পড়তে হয়। জমিদার গায়ত্রী ইংরেজদের তোষামদ করেও তার জমিদারি ঠিক রাখতে চেয়েছিল এতে কৃষকদের সমস্যা হলেও তার কোন যায় আসে না। এই উপন্যাসে কৃষকদের নেতা হিসেবে লক্ষ্মণপুর গ্রামের মনোহরের পুত্র বলরাজকে দেখানো হয়েছে। সে একজন প্রতিবাদী বালক ছিল। সে গ্রামের কৃষকদের ভালো করার জন্য জমিদারদের বিরুদ্ধে আন্দোলন করতেও কুণ্ঠাবোধ করেনি। জমিদাররা রাজস্ব বৃদ্ধি করলে লক্ষ্মণপুর গ্রামের কৃষকগণ প্রতিবাদে মুখরিত হয়। আর প্রতিবাদী বালক বলরাজ এই প্রতিবাদের নেতৃত্ব দেয়। প্রেমচাঁদ এ উপন্যাসে বলরাজকে রাজনৈতিক সচেতন ব্যক্তি হিসেবে তুলে ধরেছেন। সে একজন সংগ্রামী ও বিপ্লবী ব্যক্তি ছিল। সে কারণে সে কৃষকদের অধিকার আদায়ের জন্য জমিদারদের বিরুদ্ধে রুখে দাঁড়ায়। সে কৃষকদের অনুপ্রেরণা যোগায়। সে কৃষকদের প্রতি অত্যন্ত সহানুভূতিশীল ছিল। সে নিজেও কৃষকদের অধিকার আদায়ের জন্য প্রাণ দিতে প্রস্তুত ছিল। সে জমিদারদেরকে ভয় পায় না। প্রেমচাঁদের ভাষায় বলরাজ বলে-

"سن لے گا تو کیا کسی سے چھپا کے کہتے ہیں جسے بہت گھمنڈ ہوا آکے دیکھ لے ایک ایک کا سر توڑ کے رکھ دوں۔ یہی نہ ہو گا کیا چلا جاؤں گا۔ اس سے کیا ڈر مہاتما گاندھی بھی تو کیا۔ ہو آئے ہیں۔"[৪১]

প্রেমচাঁদ 'গোশায়ে আফিয়াত' উপন্যাসে অর্থনৈতিক ও রাজনৈতিক বিষয়ের পাশাপাশি সামাজিক ও নৈতিক দিকটিও তুলে ধরেছেন। যেমন এ উপন্যাসে লেখক গায়ত্রী ও জ্ঞানশংকর চরিত্রের মাধ্যমে সামাজিক অবস্থার বর্ণনা করেছেন। জ্ঞানশংকরের শ্যালিকা ছিল গায়ত্রী। সে রূপ-লাবন্য ও সৌন্দর্যের প্রতীক ছিল; কিন্তু সে বিধবা ছিল। তার প্রতি তার দুলাভাই জ্ঞানশংকরের লোলুপ দৃষ্টি পড়েছিল। সে বিভিন্ন ছলচাতুরীর মাধ্যমে গায়ত্রীর কাছে পৌঁছাতে চেষ্টা করে। কিন্তু গায়ত্রী মৃত স্বামীর স্মৃতি ও তার নিজের সতীত্ব রক্ষার্থে সচেষ্ট ছিল। শেষ পর্যন্ত সে তার সতীত্ব রক্ষা করতে পারে না। গায়ত্রী এক সময় নিজের অজান্তে জ্ঞানশংকরকে ভালোবেসে ফেলে। এক রাতে তারা দুইজনে গাড়িতে যাবার সময় সে নিজেকে জ্ঞানশংকরের কাছে বিলিয়ে দেয়। এ প্রসঙ্গে প্রেমচাঁদ বলেন-

"اسے اب صرف کرشن لیلا کے دیکھنے ہی سے تسکین نہ ملتی تھی۔ بلکہ وہ خود بھی کوئی نہ کوئی پارٹ کھیلنا چاہتی تھی۔ وہ ان دلی جذبات کو زبان سے حرکات وسکنات سے ظاہر کرنا چاہتی تھی جو اس کے دل کی فضا میں پرندوں کی طرح آزادی سے اڑ رہے تھے۔"[৪২]

এ উপন্যাসে গায়ত্রী চরিত্রের মাধ্যমে প্রেমচাঁদ তৎকালীন ভারতবাসীর সামাজিক অবস্থার চিত্র সুন্দরভাবে তুলে ধরেছেন।

প্রেমচাঁদ 'গোশায়ে আফিয়াত' উপন্যাসটি প্রধানত: রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক বিষয়বস্তুকে কেন্দ্রীভূত করে রচিত করেছেন। তবে দুই একটি চরিত্রে কিছুটা ধর্মীয় ও সাম্প্রদায়িকতার বিষয় বর্ণিত হয়েছে। প্রেমচাঁদ স্বার্থপর, নির্দয় ও অত্যাচারী চরিত্র হিসেবে মুসলিম চরিত্র কাদির খাঁনকে তুলে ধরেছেন। অত্যাচারী গোমস্ত গাউস খানের কাছ থেকে কেউ রক্ষা পায়নি। অপরদিকে মনোহর ও ফয়জুল্লাহ জমিদার শ্রেণির মাধ্যমে অসহযোগ আন্দোলনের সময় হিন্দু মুসলিম ঐক্যবদ্ধ ও মিলনাকাঙ্খ্যার পরিচয় পাওয়া যায়। আর মুসলিম চরিত্র ইজাদ হোসেন হিন্দু মুসলিম ঐক্য কামনা করে বক্তব্য প্রদান করে এবং সকল ধর্মের লোকের জন্য ই'তিদাদী এতিমখানা প্রতিষ্ঠা করে। মূলত: এ উপন্যাসে প্রেমচাঁদ ধর্মীয় সম্প্রীতি ও হিন্দু মুসলিম ঐক্যের কামনা করেন।[৪৩]

প্রেমচাঁদ এই উপন্যাসে চরিত্রায়নে এমন দক্ষতার পরিচয় দিয়েছেন যে, এতে নায়ক ও নায়িকা কোনভাবে বোঝা যায় না। তার উদ্দেশ্য ছিল সমাজের সংস্কার। এজন্য তিনি বিভিন্ন চরিত্র রূপায়ন করেছেন, যা উপন্যাসকে প্রভাবিত করে। সৈয়দ মুহাম্মদ আজিম এই উপন্যাসের নায়ক বলরাজের চরিত্র সম্বন্ধে বলেছেন-

"پریم چند نے بلراج کا کردار بڑی ہی حقیقت شعارانہ فنکاری کے ساتھ پیش کیا ہے بلراج کے باغیانہ جذبات اپنے دور کے کسانوں کی عام فضا کو پیش کرتے ہیں۔"[৪৪]

'গোশায়ে আফিয়াত' কোন রোমান্টিক উপন্যাস নয়। এতে প্রেমচাঁদ শুধুমাত্র বাস্তবতা তুলে ধরেননি বরং লাখো হিন্দুস্তানিদের মনের ইচ্ছা বর্ণনা করেছেন। অর্থাৎ প্রেমচাঁদ এই উপন্যাসে ভারতীয়দের জীবনের অবস্থা ও ঘটনাকে সফলতার সাথে বর্ণনা করেছেন। এ কারণে এ উপন্যাস শৈল্পিক দিক দিয়ে এক উচ্চ স্থানে উন্নীত হয়েছে। সরদার জাফরী এ উপন্যাস সম্বন্ধে লিখেছেন-

"اس ناول کے مرکزی خیال کا آغاز میرے عزیز دوست رمیش سہگل سے ایک بحث کے دوران میں ہوا۔ وہ ریلوے ٹرین کے حادثے کو ایک موضوع بنا کر اس پر ایک فلم بنانا چاہتے تھے۔ میں نے کہا ایک ریلوے ٹرین میں ایک مسافر نہیں بارہ تیرہ سو مسافر سفر کرتے ہیں۔ اس لئے ایک نہیں، اس موضوع پر تو بارہ تیرہ سو کہانیاں لکھی جا سکتی ہیں۔ اتنے ہی ناول اور اتنے ہی قلم تیّار ہو سکتے ہیں۔ وہ بولے تم ناول لکھو میں اسے فلماؤں گا۔ چند کرداروں کے امکانات پر بھی بحث رہی۔"[১২৬]

এই উপন্যাসের কাহিনি একটি ট্রেনকে নিয়ে। ট্রেনটির রাস্তায় এক দূর্ঘটনা ঘটে; এতে ট্রেনের ধাক্কায় যাত্রীদের কেউ গুরুতর আঘাত পেয়েছিল, কেউ মরে গিয়েছিল এবং কেউ বেঁচে গিয়েছিল। কিন্তু সকল যাত্রী বিপদে পড়ে যায়, তাদের মাল ও জিনিসগুলো ট্রেন থেকে নামিয়ে অপেক্ষা করতে থাকে, তারা তিনদিন সেখানে অবস্থান করে। কারণ তাদেরকে সাহায্য করার মতো আশেপাশে কোন ট্রেন স্টেশন ছিল না। এই ট্রেনে সব ধরনের লোকজন ছিল। ট্রেনে এক রাজকুমার ছিল, তাকেও তিনদিন অবস্থান করার জন্য শুকনো রুটি খেতে হয়েছিল। এছাড়া এই ট্রেনে বারো বা তেরোজন মুসাফির ছিল, যারা বিভিন্ন পেশার ছিল। মৌলবি, শেঠ, মজদুর, জমিদার, ফকির, কবি, ডাক্তার, কৃষক, এমনকি জেলে সাজাপ্রাপ্ত ডাকাতও ছিল। এই সব লোকজন প্রতিকূল অবস্থার মোকাবেলা করে, একে অপরকে মহব্বতের সাথে আপন করে নিয়ে জীবন রক্ষা করেছিল। সবার মধ্যে ভালোবাসার মেলবন্ধন তৈরি হয়েছিল। এই উপন্যাসে কৃষণচন্দ্র গরিবদের জীবন কীভাবে কাটে তা চিত্রায়িত করেছেন এবং যে রাজকুমার ছিল তা এই তিনদিনে জীবনের কষ্ট কেমন তা বুঝতে পেরেছিল। এই উপন্যাসটি কৃষণচন্দ্রের একটি মনস্তাত্ত্বিক উপন্যাস।

باون پتے (বাওন পাত্তে) কৃষণচন্দ্রের আরেকটি উপন্যাস, যা ১৯৫৭ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১২৭] এই উপন্যাসে সমাজের এমন কিছু রীতিনীতি দেখানো হয়েছে, যেখানে জন্মের সাথে সাথেই মেয়েদের বোঝানো শুরু হয় যে তারা গরুর মতো। এইভাবে মেয়েরা প্রাচীনকাল থেকে চলে আসা ঐতিহ্যকে মেনে নিয়েছে এবং তারা কোন বিরোধিতা ছাড়াই সব ধরনের নিপীড়ন সহ্য করতে অভ্যস্ত

হয়ে গেছে। এই বিষয়টি কৃষণচন্দ্র তার এই উপন্যাসে খুব সুন্দরভাবে বর্ণনা করেছেন। মূলতঃ এই উপন্যাসে একটি নারীর অসহায়ত্ব ও নিপীড়নের চিত্র তুলে ধরা হয়েছে।

ایک گدھے کی سرگزست (এক গাধে কি সারগুজাস্ত) কৃষণচন্দ্রের আর একটি মাস্টারপিস উপন্যাস। এটি ১৯৫৬ খ্রিস্টাব্দে 'শাম্মা' পত্রিকায় নয়াদিল্লীতে প্রকাশিত হয়েছিল এবং পরবর্তীতে ১৯৫৭ খ্রিস্টাব্দে খ্যাতি ও জনপ্রিয়তার জন্য বই আকারে প্রকাশিত হয়েছিল।[১২৮] এই উপন্যাসে তিনি একটি পৃথক পরিচয় প্রদান করেন। দেশের রাজনীতি সরকার ও বে-সরকারি অফিসের ভূমিকা নিয়ে তিনি অনেক আকর্ষণীয়ভাবে তৈরি করেছেন এই উপন্যাস। এই উপন্যাসের প্রধান চরিত্র একটি গাধা যা দ্বারা তিনি শ্রমিক শ্রেণিকে বুঝিয়েছেন।

برف کی پھول (বরফ কি ফুল) কৃষণচন্দ্রের আরো একটি উপন্যাস যা ১৯৬১ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১২৯] এতে কৃষণচন্দ্র সামন্ততান্ত্রিক ব্যবস্থা ও প্রেমের ব্যর্থতা কাজে লাগিয়েছেন। কাশ্মিরের রোমান্টিক পরিবেশে সাজিদ এবং জয়নবের ভূমিকা এই উপন্যাসে তিনি সুন্দরভাবে তুলে ধরেছেন। বরফের পাহাড়ের কোলে কাশ্মিরের রোমান্টিক দৃশ্যগুলো এ উপন্যাসে অত্যন্ত সুন্দরভাবে চিত্রায়িত হয়েছে। এই উপন্যাস সম্বন্ধে কৃষণচন্দ্র নিজেই লিখেছেন-

"برف کے پھول کی ساری فضا رومانی ہے مگر حقیقت سے دور نہیں تھے۔ اسے رومانی ناولوں کے لکھنے میں مزہ آتا ہے۔ جن میں رومان کا خمیر زندگی کی کسی سچی سرگزشت سے اٹھایا جائے۔ برف کے پھول ایک ایسی ہی داستان ہے۔"[১৩০]

কৃষণচন্দ্রের *پیار ایک خوشبو* (পিয়ার এক খুশবু) নামে একটি উপন্যাস যা ১৯৭১ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১৩১] এ উপন্যাসে কৃষণচন্দ্র সমাজ ও কাশ্মিরের উপত্যকায় বসবাসকারী উপজাতির বৌদ্ধ সম্প্রদায়ের চিত্র তুলে ধরেছেন। এটি এমন একটি উপজাতি যারা দেব-দেবী, অন্যান্য উপজাতির থেকে পৃথক ভূমি, স্বর্গ, মৃত্যু, জীবন এবং আত্মা সম্পর্কে তাদের বিশ্বাসে বলিয়ান। এই উপন্যাসটি রোমান্টিক পরিবেশে লালিত একটি সুন্দর মেয়ে আনজি এবং তার প্রিয় চেনানের প্রেমের গল্প। আনজির বাবা তার পুরনো বন্ধু চেনানোর বাবার সাথে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, যদি তার ঘরে কোন মেয়ে জন্মে, তবে সে চেনানোর স্ত্রী হয়ে উঠবে। তিনি তার প্রতিশ্রুতি পালন করতে পারেননি। কারণ তারা দুজনে এক সাথে মারা গিয়েছিলেন।

آسمان روشن ہے (আসমান রোওশন হ্যা) কৃষণচন্দ্রের আরো একটি সফল উপন্যাস, যা ১৯৫৭ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১৩২] 'আসমান রোওশন হ্যা' এমন একটি কাহিনি যেখানে নায়ক তার প্রেমিকাকে

না পেয়ে আত্মহত্যার ইচ্ছা পোষণ করে এবং আত্মহত্যা করার উদ্দেশ্যে সে বোম্বে থেকে খাণ্ডালে যায়। এক হোটেলে সে সাত দিন আরাম আয়েশে থাকার পরে আত্মহত্যা করতে যায়; কিন্তু হোটেলে এক জার্মানি মেয়ের সঙ্গে দেখা হয় সে তাকে আত্মহত্যা করা থেকে বিরত রাখে এবং সে বলে জীবন অনেক সুন্দর এবং এই সুন্দরজীবন ধ্বংস করা কারো উচিত নয়। কৃষণচন্দ্র এই উপন্যাসে মানব সভ্যতার সবচেয়ে বড় শত্রু যুদ্ধকে আখ্যায়িত করেছেন এবং দেখাতে চেয়েছেন যে, এই যুদ্ধ মানুষকে এবং মানব সভ্যতাকে ধ্বংস করে দেয়।[১৩৩]

চলচ্চিত্রের সাথে সম্পর্কিত কৃষণচন্দ্রের আরেকটি উপন্যাস چاندی کا گھاؤ (চান্দি কা ঘাও) যা ১৯৬৪ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১৩৪] এই উপন্যাসে কৃষণচন্দ্র নতুন চলচ্চিত্র জগতের একটি সত্য চিত্র উপস্থাপন করার চেষ্টা করেছেন। এতে এমন একটি মেয়ের হৃদয় বিদারক কাহিনি রয়েছে যা চলচ্চিত্রের দুনিয়াতে সে উজ্জ্বল হয়ে থাকে। তার এই খ্যাতি ধরে রাখার জন্য তাকে কত ত্যাগ স্বীকার করতে হয় তা লেখক এই উপন্যাসে তুলে ধরেছেন। তার ইচ্ছা ও আকাঙ্ক্ষাকে সে গলা টিপে হত্যা করে এবং সে প্রায়শই অসহায় হয়ে পড়ে। তারপরও সে শেষ পর্যন্ত চলচ্চিত্র জগতের সাথে সংযুক্ত থাকে।[১৩৫]

گدھے کی واپسی 'গাধে কি ওয়াপাসী' কৃষণচন্দ্রের এমন একটি উপন্যাস যার প্রধান চরিত্র গাধা- অর্থাৎ নির্বোধ ব্যক্তি, যা ১৯৬২ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১৩৬] এই উপন্যাস দ্বারা তিনি গল্পের ধারাবাহিকতা বজায় রাখার চেষ্টা করেছেন। এই উপন্যাসে 'গাধা' তার দেশে পুনরায় ফিরে আসে এবং চাকরি করতে থাকে। তাকে এক ইহুদি কিনে নিয়ে যায় এবং মদের ব্যবসায়ে তাকে ব্যবহার করে। পুলিশ তাকে তাড়িয়ে বেড়ায় এবং পুলিশের ভয়ে সে পালাতে থাকে। এভাবে পালাতে পালাতে তার প্রেমবালার সাথে প্রেম হয়ে যায়। তার টাকা পয়সা যতদিন থাকে ততদিন তার ভালোবাসা থাকে। তারপর টাকা পয়সা ফুরিয়ে গেলে, প্রেমও ফুরিয়ে যায়। 'এক গাধে কি সারগুজাস্ত' উপন্যাস যেমন সফলতা অর্জন করতে পেরেছিল তেমনভাবে 'গাধে কি ওয়াপাসী' সফলতা অর্জন করতে পারেনি।

ایک گدھا نیفا میں (এক গাধা নিফা মে) কৃষণচন্দ্রের 'গাধা' ধারাবাহিকতার ৩নং উপন্যাস। এটি ১৯৬৪ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১৩৭] এই উপন্যাসে 'গাধা' হিন্দুস্তান থেকে চীনে সফর করেছিল। ঐ সময় চীন ও ভারতের মধ্যে যুদ্ধ চলছিল। এই উপন্যাসের গুরুত্বপূর্ণ অংশ হলো যে, 'গাধা' চীনের উজির 'আজীম চো ইন লায়ে' এর সাথে সাক্ষাৎ করেছিল এবং ভারত ও চীন প্রসঙ্গে কথাবার্তা

বলেছিল। 'এক গাধা নিফা মে' উপন্যাসও 'গাধে কি সারগুজাস্ত' এর মতো খ্যাতি অর্জন করতে পারেনি।

دادرپل کے بچے (দাদরেপল কে বাচ্চে) কৃষণচন্দ্রের আরো একটি সফল উপন্যাস, যা ১৯৬১ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১৩৮] এই উপন্যাসে ঈশ্বরকে প্রকৃত অর্থে তুলে ধরা হয়েছে। সমাজ ও সভ্যতার কারণে ছেলেমেয়েরা স্কুলে না গিয়ে তারা দিনের বেলা ভিক্ষা করে এবং রাতে খারাপ কাজে লিপ্ত থাকে। ঈশ্বর তাদের জিজ্ঞাসা করলে তাদের মধ্যে কেউ বলে আমি বি.এ, কেউ বলে এম. এ, কেউ বলে মাধ্যমিক আবার কেউ বলে পঞ্চম শ্রেণিতে পাস করেছি। আসলে এই উপন্যাসে শিশুরা অনুভব করেছিল যে, তারা বাল্যত্ব হারিয়েছে এবং পড়াশোনা থেকে বঞ্চিত হয়েছে।

কৃষণচন্দ্রের میری یادوں کے چنار (মেরি ইয়াদুঁ কে চুনার) একটি আত্মজীবনীমূলক উপন্যাস যা ১৯৬২ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। কৃষণচন্দ্র তার প্রথম জীবনের স্মৃতি ও বিভিন্ন কর্মকাণ্ড এই উপন্যাসে উপস্থাপন করেছেন। এই উপন্যাসের অধ্যয়ন থেকে আমরা অনুমান করতে পারি যে, কৃষণচন্দ্রের মানসিক বিকাশ তার প্রাথমিক পরিবেশের ভিত্তিতে গড়ে উঠেছে।[১৩৯]

درد کی نہر (দারদ কি নহর) কৃষণচন্দ্রের আরেকটি গুরুত্বপূর্ণ উপন্যাস যা ১৯৬৩ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এই উপন্যাস দিলীপ নামে এক যুবকের গল্প, যে সান্ধিয়া নামে এক মেয়ের প্রেমে পড়ে এবং তার পরিবারের পুরুষদের বিলাসিতা ও অহংকার এবং তার সাহসী মায়ের আকাঙ্ক্ষার বিরুদ্ধে লড়াই করে।[১৪০]

کاغذ کی ناؤ (কাগজ কি নাও) কৃষণচন্দ্রের আরো একটি গুরুত্বপূর্ণ উপন্যাস যা ১৯৬৫ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এই উপন্যাসে দশ টাকা নোটের যাত্রার একটি আকর্ষণীয় গল্প রয়েছে এবং এতে কৃষণচন্দ্র ঘুষ, জালিয়াতি, চোরাচালান, বে-আইনি, মদ এবং এ জাতীয় অনেক কর্মকাণ্ডের আলোকপাত করেছেন। এই উপন্যাসটিতে দশ টাকার নোট সমাজের বিভিন্ন বিভাগের লোকের কাছে পৌঁছে। এই নোট ফুটপাতের লোকের কাছে যায় আবার বড়লোকের কাছেও যায়, মদখোরের কাছে যায়, পতিতার কাছেও যায়, কাজের মেয়ের কাছেও যায় আবার ঠিকাদারদের কাছেও যায়। এই বিষয়টিকে কৃষণচন্দ্র অত্যন্ত সুন্দরভাবে তুলে ধরেছেন।[১৪১]

پانچ لوفر (পাঁচ লোফার) কৃষণচন্দ্রের এই ধারাবাহিকতার প্রথম উপন্যাস যা ১৯৬৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এই উপন্যাসে কৃষণচন্দ্র ফুটপাতে বসবাসরত যুবকদের জীবনী তুলে ধরেছেন। তাদের

জীবন নির্বাহের জন্য তারা খারাপ কাজে জড়িয়ে পড়ে; কিন্তু তাদের হৃদয় ছিল পরিস্কার ও পরিমার্জিত।[১৪২]

دوسری برف باری سے پہلے (দোসরি বরফ বারি সে পেহলে) কৃষণচন্দ্রের মনস্তাত্ত্বিক উপন্যাস যা ১৯৬৭ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এই উপন্যাস এক রাজপুত রাজার শিকারি ঠাকুর সিংহের গল্প যাকে রাজা শিকার করে এবং তার রূপবতী স্ত্রীকে নিজের রাজপ্রসাদে রাখে। এই উপন্যাসটিতে কৃষণচন্দ্র যৌন অনুভূতিগুলো খুব চমৎকারভাবে চিত্রিত করেছেন এবং এই উপন্যাসে কৃষণচন্দ্রের শিকার সম্পর্কে অগাধ জ্ঞানের পরিচয় পাওয়া যায়।[১৪৩]

কৃষণচন্দ্রের উপন্যাস گنگا بہے نہ رات (গঙ্গা বেহে না রাত) সম্ভবত ১৯৬৮ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল যা খুব বেশি জনপ্রিয় হয়নি। শামসুর রহমান ফারুকীর মতে এই উপন্যাস ছোট গল্পের মতো শুরু হয়েছিল। এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র ছিল নাসিমা। তাকে ঘিরেই কৃষণচন্দ্র এই উপন্যাস রচনা করেছেন।[১৪৪]

مشینوں کا شہر (মেশিনোঁ কা শহর) কৃষণচন্দ্রের একটি ব্যতিক্রমধর্মী উপন্যাস। এই উপন্যাসে লেখক বিজ্ঞানের বিপদজনক অবস্থার দিকটি তুলে ধরেছেন। এই উপন্যাসটি ১৯৭১ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। কৃষণচন্দ্র এই উপন্যাসে দেখাতে চেয়েছেন যে, রক্ত ও মাংসের মানুষ আর কোন প্রয়োজন নেই। বিজ্ঞানীরা মানুষের মতোই রোবট তৈরি করছে শুধু তাদের মধ্যে জান দিতে পারে না। বিজ্ঞানীরা এই রোবট দিয়েই মানুষের মতো সব রকম কাজ করাচ্ছে।[১৪৫]

آئینے اکیلے ہیں (আয়নে একেলে হ্যায়) কৃষণচন্দ্রের একটি ভিন্নধর্মী উপন্যাস যা ১৯৭২ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এই উপন্যাসে এক হিন্দুস্তানি যুবক প্লাস্টিক সার্জন কানুয়ালের গল্প তুলে ধরা হয়েছে। সে একজন খুব সুন্দরী মডেল মেয়ে জুলীর প্রেমে পড়েছিল; কিন্তু জুলী তাকে ঘৃণা করতো। জুলীর মাধ্যমে কৃষণচন্দ্র এই উপন্যাসে এক পাশ্চাত্য মেয়ের চিত্র তুলে ধরার চেষ্টা করেছেন।[১৪৬]

آدھا راستہ (আধা রাস্তা) কৃষণচন্দ্রের সর্বশেষ গুরুত্বপূর্ণ উপন্যাস যা ১৯৭৭ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। 'আধা রাস্তা' উপন্যাসকে 'আয়নে এ্যাকেলে হ্যায়' উপন্যাসের দ্বিতীয় অংশ হিসেবে বিবেচনা করা হয়। এই উপন্যাসে ড. কানুয়াল এক মুসলমান সুন্দরী মেয়ে শায়েস্তার প্রেমে পড়ে যায়। শায়েস্তা তার মায়ের বিপক্ষে গিয়ে কানুয়ালকে ভালোবাসতে থাকে; কিন্তু কানুয়ালের প্রথম স্ত্রী জুলি তাদের প্রেমে বাধা সৃষ্টি করে।[১৪৭]

উপরের আলোচিত উপন্যাসগুলো ছাড়াও কৃষণচন্দ্র আরো অনেক উপন্যাস লিখেছেন। উপন্যাসগুলোর নাম নিচে প্রদত্ত্ব হলো-

سڑک واپس جاتی ہے(সড়ক ওয়াপস জাতি হ্যায়) لندن کی سات رنگ (লণ্ডন কি সাত রং) ایک دمکن سمندر کے کنارے(এক দামকন সমুন্দর কে কিনারে) ১৯৬১ খ্রি., بمبئی کی شام (মুম্বাই কী শাম), بوربن کلب (বরবান কল্ব) ১৯৬২ খ্রি., جنت اور جہنم (জান্নাত অওর জাহান্নাম), گوالیار کا حجام (গুয়ালিয়ার কা হাজাম) ১৯৬৯ খ্রি., ایک کروڑ کی بوتل (এক কারোড় কী বোতল) ১৯৭১ খ্রি., محبت کی رات (মহাব্বাত কী রাত), حسینوں کا شہر (হাসিনুঁ কা শহর) ১৯৭১ খ্রি., مہارانی (মহারানি) ১৯৭১ খ্রি., چندا کی چندنی (চান্দা কী চাঁদনী) ১৯৭১ খ্রি., چنبل کی چنبلی (চাম্বল কী চাম্বলি) ১৯৭৩ খ্রি., روٹی کپڑا اور مکان (রোটি কাপড়া অওর মাকান) ১৯৭৪ খ্রি., محبت بھی قیامت بھی (মুহাব্বাত ভি কিয়ামাত ভি) ১৯৭৪ খ্রি., اس کا بدن میرا چمن (উস্কা বাদন মেরা চামন) ১৯৭৪ খ্রি., سونے کا سنسار (সোনে কা সংসার) ১৯৭৬ খ্রি., فٹ پاتھ کے فرشتے (ফুটপাত কে ফারিস্তে) ১৯৭৭ খ্রি., ادھے سفر کی پوری کہانی (আধে সফর কী পুরি কাহানি)زرگاؤں کی رانی (জার গাঁও কী রানি) پانچ لوفار اور ایک ہیروین (পাঁচ লোফার অওর এক হিরোইন) کارنیوال (কারনেয়াল) مٹی کے صنم (মিট্টি কে সনম) ।[১৪৮]

উপন্যাসে শিল্পের পরিপূর্ণতা এবং সৌন্দর্যের জন্য চরিত্রের সঠিক চিত্রায়ন অপরিহার্য। কৃষণচন্দ্র তার উপন্যাসে চরিত্র চিত্রায়নে কলম সৈনিকের পরিচয় দিয়েছেন এবং তার উপন্যাসের চরিত্রগুলোকে সহানুভূতির সাথে প্রকাশ করেছেন। এ প্রসঙ্গে ড. আসলাম আজাদ লিখেছেন-

"اس میں شبہ نہیں کہ کرشن چندر اپنے ناول کے کرداروں سے ہمدردی رکھتے ہیں اور ان کے خال وخط کو نمایاں کرنے کی کاوش بھی کرتے ہیں۔"[১৪৯]

কৃষণচন্দ্রের চরিত্রায়নে তার উপন্যাসগুলোতে নারীবাদী চরিত্রটি সুস্পষ্ট। যাই হোক তিনি তার উপন্যাসে পুরুষ চরিত্রগুলোও খুব আকর্ষণীয় এবং প্রাণবন্তভাবে উপস্থাপন করেছেন। তার উপন্যাসগুলোতে পুরুষ চরিত্রগুলো উত্তেজনাপূর্ণ ও প্রাণবন্তভাবে চিত্রিত করেছেন। জব খেত জাগে উপন্যাসের ‘রাঘুরাও’ শিকাস্ত উপন্যাসের ‘সিয়াম’ এক গাধে কি সারগুজাস্ত উপন্যাসের ‘গাধা’ এর জলন্ত উদাহরণ।

কৃষণচন্দ্রের উপন্যাস পর্যবেক্ষণ করলে দেখা যায় যে, তার সুন্দর সাহিত্য শৈলির মূল কারণ হলো উপযুক্ত শব্দ, আকর্ষণীয় কৌশল, উপমা ও উৎপ্রেক্ষার সুক্ষ্ম রূপক এবং এর চমৎকার ব্যবহার। তার উপন্যাসের বাক্যগুলো সংক্ষিপ্ত, তবে কখনো কখনো এই বাক্যাংশগুলো মীরের কবিতার মতো তীরের

মতো কাজ করে। হাস্যরসিকতাও কৃষণচন্দ্রের সাহিত্যের একটি বিশেষ বৈশিষ্ট্য। তিনি তার জীবনের বৈচিত্র্যময় বাস্তবতাকে যেভাবে দেখেছেন সেভাবেই তার উপন্যাসের মধ্যে উপস্থাপন করেছেন। মোহাম্মদ হাসান আসকারীর মতে-

"کرشن چندر میں سب سے مقدم چیز ان کا منفرد نقطۂ نظر ہے۔ وہ سب سے پہلے بھی کرشن چندر ہے اور سب سے آخر میں بھی کرشن چندر۔ اس نے کسی مخصوص تحریک یا نقطۂ نظر کو اپنے اوپر غالب نہیں ہونے دیا ہے۔ نہ تو پرولتاریت کو نہ جنس کو، نہ رومانیت کو۔ محض ترقی پسندی کو بھی نہیں۔ وہ زندگی کو دیکھنے کے لیے کسی مخصوص رنگ کے شیشوں کی مدد نہیں لیتا۔ اسے اپنی آنکھوں پر پورا اعتماد ہے اور اس کے نزدیک حقیقت نگاری کے صرف ایک معنی ہیں۔ زندگی کی حقیقت کو جیسا کچھ اس نے سمجھا ہے اسے بیان کر دیا۔"[১৫০]

منظر نگاری বা প্রাকৃতিক দৃশ্যের চিত্রায়ন যে কোন উপন্যাসের জন্য অত্যন্ত জরুরী। আর কৃষণচন্দ্র তার উর্দু উপন্যাসগুলোতে প্রাকৃতিক দৃশ্যের চিত্রায়ন খুব সুক্ষ্ম ও চমৎকারভাবে চিত্রায়িত করেছেন। এ প্রসঙ্গে ড. আখতার অরণী বলেছেন-

"کرشن چندر منظر و ماحول نگاری میں کمال کر دکھاتے ہیں۔ وہ صرف خارجی خصوصیات ہی کو پیش نہیں کرتے بلکہ منظر و ماحول کی روح بھی پیش کر دیتے ہیں۔ وہ داخلی کوائف کو پیش کرنے کے ماہر ہیں۔ روح فطرت ان کے سامنے عریاں نظر آتی ہے اور سماج کی آتما کی بھی بہت اچھی طرح جھلک دکھلا دیتے ہیں۔"[১৫১]

কৃষণচন্দ্র কাশ্মিরের সুন্দর পরিবেশে বেড়ে উঠেছিলেন। এই কারণে তার উপন্যাসে কাশ্মিরের চিত্র খুব সুন্দরভাবে চিত্রায়িত হয়েছে। তার বেশিরভাগ উপন্যাসেই কাশ্মিরের দৃশ্য ছবির ফ্রেমের মতোই বাঁধানো আছে। দৃশ্যের বর্ণনা কৃষণচন্দ্র তার উপন্যাসে যেভাবে তুলে ধরেন অন্য কবি ও সাহিত্যিকরা সেভাবে তুলে ধরতে পারেননি। এ প্রসঙ্গে বিখ্যাত সাহিত্য সমালোচক আজীজ আহমেদ বলেছেন-

"منظر کشی میں کرشن چندر کا مقابلہ اردو کا کوئی نثر نگار نہیں کر سکتا۔ کسی ادیب یا شاعر نے کشمیر کے پہاڑوں وادیوں، چشموں، ندیوں اور جھیلوں مرغزاروں، قصّوں اور دیہاتوں کی اچھی تصویریں نہ کھینچی ہوں گی۔"[১৫২]

রতন নাথ সরশারঃ উর্দু গদ্যসাহিত্যের ইতিহাসে রতন নাথ সরশারের নাম অবিস্মরণীয়। তিনি উর্দু গদ্যসাহিত্যে অসামান্য অবদান রেখেছেন। তার আসল নাম পণ্ডিত রতন নাথ দর এবং উপাধি সরশার।[১৫৩] তিনি ১৯৪৬ খ্রিস্টাব্দে কাশ্মিরের ব্রাক্ষণ পরিবারে জন্মগ্রহণ করেন।[১৫৪] তার বাবা পণ্ডিত বেজ নাথ দর লক্ষ্মৌতে ব্যবসা করতেন। যখন সরশারের চার বছর বয়স তখন তার বাবা ইন্তেকাল করেন।[১৫৫] তারপর থেকে তিনি তার মায়ের কাছে লালিত-পালিত হন। প্রথমে তিনি স্থানীয় মক্তবে আরবি ও ফারসি শিখেছিলেন। সরশার তার পড়াশোনার জন্য ক্যানিং কলেজে ভর্তি হয়েছিলেন তবে

ডিগ্রী না নিয়ে চলে যান।[১৫৬] ১৮৭৮ খ্রিস্টাব্দে তিনি সম্পাদক হিসাবে "আউধ" পত্রিকায় যোগদান করেন।[১৫৭] ১৮৯০ খ্রিস্টাব্দে সরশার হায়দ্রাবাদে চলে আসেন, যেখানে তিনি তার গদ্য রচনা ও কাব্য রচনাকে সংশোধন ও উন্নত করতে মহারাজা স্যার প্রসাদের সাথে নিযুক্ত হন।[১৫৮] তিনি অতিরিক্ত মদ্যপানের কারণে ১৯০৩ খ্রিস্টাব্দের ৩১ শে জানুয়ারি হায়দ্রাবাদে মারা যান।[১৫৯] উর্দু উপন্যাসের এক উজ্জ্বল নক্ষত্র হলেন সরশার। সরশারের উপন্যাসের বিষয় লক্ষ্ণৌর ক্ষয়িষ্ণু মুসলিম অভিজাত শ্রেণি, ক্ষয়শীল সমাজে বিশৃঙ্খলা, বিলাসিতা, ভীরুতা, জড়তা ও তার পাশপাশি অন্তপুরের সম্ভ্রান্ত নারীদের চারিত্রিক গাম্ভীর্য, স্বামী প্রবণতা ও ঐতিহ্য পরায়ণতা। মুসলিম অন্তপুরের বেগম, সেখানকার দাসী বাদী, বাইরের পতিতা, চুড়ি বিক্রেতা, ধাত্রী, পুরুষদের মধ্যে নবাব, তোষামোদকারী, পণ্ডিত, লুচ্চা, চোর, আফিমখোর এসব বিচিত্র চরিত্রের মানুষ তার উপন্যাসে উপজীব্য বিষয়। আলে আহমেদ সরুর এর উদ্ধৃতি দিয়ে ড. সৈয়দ লতিফ হুসাইন বলেছেন-

"لکھنؤ کی نثر کو عظمت صرف سرشار کے یہاں حاصل ہوئی ہے۔اور اس کی وجہ یہ ہے کہ سرشار ایک عاشق کا دل رکھتے ہوئے بھی حکیمانہ شعور رکھتے تھے اور جس تہذیب میں انھوں نے آنکھیں کھولیں اس سے محبت رکھنے کے باوجود اس پر تنقیدی نظر ڈال سکتے تھے۔"[১৬০]

সরশারের সর্বউৎকৃষ্ট নামকরা উপন্যাস ফাসানায়ে আজাদ। ফাসানায়ে আজাদ ১৮৭৮ খ্রিস্টাব্দে সরশার লেখা শুরু করেন এবং তা ১৮৭৯ খ্রিস্টাব্দে সমাপ্ত করেন। এই উপন্যাস নওল কিশোর প্রতিষ্ঠিত "আউধ" পত্রিকায় ১৮৮০ খ্রিস্টাব্দে ছাপা হয়।[১৬১]

ফাসানায়ে আজাদের নায়ক আজাদ ও নায়িকা হুসনে আরা। আজাদ লক্ষ্ণৌর নবাব পরিবারের যুবকদের মতোই বিলাসী, সৌখিন, প্রেমিক স্বভাব, কবি প্রকৃতি, মদ্যপায়ী ও রসিক স্বভাবের মানুষ ছিলেন। অপরদিকে হুসনে আরা সুন্দরী, শিক্ষিতা ও স্বাধীনচেতা। লেখক লক্ষ্ণৌর সামাজিক পটভূমিতে এর চিত্র চিত্রায়িত করেছেন। এই উপন্যাসে তিনি লক্ষ্ণৌর সামাজিক জীবনের রংগুলো ব্যবহার করেন। লেখক এই উপন্যাসে লক্ষ্ণৌর বর্ণনা এভাবে তুলে ধরেছেন-

"لکھنؤ کا محرم الحرام ہے۔ لکھنؤ کی سوزخوانی۔ لکھنؤ کی خوش بیانی، لکھنؤ کی عزاداری، لکھنؤ کی سوگواری، از شام تا دم، مشہور ہر مرز بوم ہے۔ تعزیہ خانوں میں دھوم، امام باڑوں میں ہجوم ہے۔ اور ان سب میں حسین آباد مبارک کا بدر فی النجوم ہے۔"[১৬২]

এই উপন্যাসে সামাজিক জীবনের সব দিকের সাথে এত গভীর সংযোগ রয়েছে যা অন্য কোন উপন্যাসে কম দেখা যায় এবং উর্দু উপন্যাসের পরিবর্তে এটিকে একটি আধুনিক গল্প বলা বেশি উপযুক্ত। এই প্রসঙ্গে ড. কমর রইস বলেছেন-

"فسانۂ آزاد" میں انسانی زندگی کاایک سمندر رہے جو ٹھاٹھیں مارتا نظر آتا ہے۔ مصاحب، جوتشی، فقیر، شاہ جی، مانجھی، تلنگے، داروغہ، مولوی، پنڈت، شاعر، مغنی، بنوائے، لونڈیاں، خدمت گار الغرض لکھنؤ کے ہر طبقہ، ہر پیشہ ہر سطح اور ہر مذاق وفن کے لوگ فسانہ آزاد میں اس عہد کی پوری تہذیب کو لے کر سامنے آتے ہیں۔"[১৬৩]

এই উপন্যাসে তিনি লক্ষ্মৌর ও সামাজিক জীবনের নিঃসঙ্গতা তুলে ধরেছেন। একটি নতুন সভ্যতার দাবি উপস্থাপন করেছেন এবং তাদের সাথে নিজেকে একত্র করেছেন। এ প্রসঙ্গে প্রখ্যাত সমালোচক ওকার আজীম বলেছেন-

"فسانۂ آزاد، اردوناول کی تاریخ میں اسی لئے زندہ رہے گا کہ ایک خاص عہد کا لکھنؤ اس کی بدولت زندہ ہے اور اس لئے زندہ ہے کہ ناول نگار نے اس کا پوری طرح مشاہدہ کیا ہے۔"[১৬৪]

ফাসানায়ে আজাদ রতন নাথ সরশারের একটি অনবদ্য সৃষ্টি। এই উপন্যাসে লেখক রোমান্টিকতার দৃশ্যাবলী খুব সুন্দরভাবে তুলে ধরেছেন। এছাড়া তিনি রোমান্টিকতার পাশাপাশি লক্ষ্মৌ সমাজের ভালো ও খারাপ দিকগুলো সুনিপুনভাবে তুলে ধরেছেন। এ প্রসঙ্গে সালিহ আবিদ হোসেন যথাযথ বলেছেন-

"فسانۂ آزاد اگرچہ ایک رومانی داستان ہے اور ایک نہیں بیسوں حسن وعشق کی کہانیاں اس میں موجود ہیں۔ لیکن اس کے باوجود یہ ایک مقصدی ناول ہے۔ مصنف کا مقصد اس ناول کو لکھنے سے یہ تھا کہ اپنے زمانے کی معاشرت اور تہذیب کی خامیاں اجاگر کردے اور لوگوں کو نئے زمانے کے تقاضوں سے آگاہ اور نئی چیزوں سے روشناس کرائے۔ اس لیے اسے ایک اصلاحی معاشرتی ناول کہنا بے جانہ ہوگا۔"[১৬৫]

লক্ষ্মৌর সামাজিক জীবন পুরোপুরি ফাসানায়ে আজাদে উপস্থাপিত হয়েছে। চরিত্রায়ন এর ক্ষেত্রেও উপন্যাসটির একটি বিশেষ মর্যাদা রয়েছে। লেখক এখানে যুবক আজাদের বিচিত্র চরিত্র এবং হুসনে আরার আকর্ষণ খুব সুন্দরভাবে চিত্রায়ন করেছেন। এ উপন্যাস সম্পর্কে প্রফেসর আলে আহমেদ সুরুর বলেছেন-

"سرشار نے بہت سی کتابیں لکھی ہیں مگر فسانۂ آزاد ہی ان کا شاہکار ہے۔ اسکی کی وجہ سے وہ زندہ ہیں۔ ان کی دوسری کتابیں ان کی وجہ سے زندہ ہیں۔"[১৬৬]

ফাসানায়ে আজাদের একটি চমৎকার বৈশিষ্ট্য হলো এতে অসংখ্য চরিত্রের সমন্বয় রয়েছে। এই উপন্যাসে আজাদের চরিত্র সম্পর্কে প্রেম পাল অশোক বলেছেন-

"فسانۂ آزاد میں سرشار نے خاص کردار میاں آزاد کا پیش کیا ہے۔ یہ فسانۂ آزاد کا ہیرو ہے۔ اور تمام قصہ اسی کے گرد گھومتا ہے۔ آزاد ایک آوارہ اور کھمگڑ انسان ہے۔ جہاں جاتا ہے اپنی لچھے دار زبان سے لوگوں کو گرویدہ بنالیتا ہے۔"[১৬৭]

এই উপন্যাসে চরিত্রগুলো আত্মনিয়োগের শক্তি হিসেবে যথার্থ। আজ অবধি কোন ঔপন্যাসিক এ জাতীয় চরিত্র তৈরি করতে পারেননি। এ ধরনের চরিত্র লক্ষ্মৌর সামাজিক জীবনের প্রতিধ্বনি পুরোপুরি উপস্থাপন করতে সহায়তা করে। ফাসানায়ে আজাদ একটি বাস্তব জীবনের প্রতিচ্ছবি, এটিতে হাস্যরস ও জীবনের একটি অনন্য চেহারা ফুটে উঠেছে। সবচেয়ে বড় কথা হচ্ছে এই উপন্যাসে মানবীয় জীবন নিয়ে যে প্রাণবন্ত করা হয়েছে তা কোন উর্দু উপন্যাসে জুড়ি মেলা ভার। এই প্রসঙ্গে বাসন নারায়ণ দর এর উদ্ধৃতি দিয়ে ছালহা জারিন বলেছেন-

"فسانۂ آزاد" میں چیزوں کی نہیں بلکہ انسانوں کی تصویریں کھینچی ہے،"[১৬৮]

ফাসানায়ে আজাদ এমন একটি উপন্যাস যার ভাষা অনবদ্য ও প্রাণবন্ত। ড. আফরোজী জায়েদী এই উপন্যাস সম্পর্কে বলেছেন-

"اس میں (فسانۂ آزاد میں) لکھنؤ کی مٹتی ہوئی تہذیب کی عکاسی کی گئی ہے۔اس میں کوئی شک نہیں کہ فسانۂ آزاد ایک ایسا لازاول ناول ہے جس میں لکھنؤ کی انحطاط پذیر معاشرت کی پیستوں اور مضحکہ خیز اپنی تمام تر خوبیوں اور خامیوں کے ساتھ متحرک نظر آتے ہیں۔اس ناول کی اچھوتی ظرافت اور زبان کے فن کارانہ استعمال نے اسے افسانوی ادب میں زندہ جاوید بنادیاہے۔"[১৬৯]

রতন নাথ সরশার এই উপন্যাসের উপর নির্ভর করে তার খ্যাতি ও জনপ্রিয়তা লাভ করেছেন। এমনকি তিনি "ফাসানায়ে আজাদ" ব্যতীত অন্য কিছু না লিখলেও উর্দু সাহিত্যের ইতিহাসে খ্যাতি অর্জন করতে পারতেন। এই প্রসঙ্গে ড. কমর রইস বলেছেন-

"اگروہ فسانۂ آزاد" کے علاوہ کچھ نہ لکھتے تب بھی اردو ادب کی تاریخ میں شہرت دوام کے مالک ہوتے۔"[১৭০]

রতন নাথ সরশারের আরো অনেক উপন্যাস রয়েছে তার মধ্যে جام سرشار 'জামে সরশার' উল্লেখযোগ্য। এটি রতন নাথ সরসারের ২য় উপন্যাস। এই উপন্যাস ১৮৮৭ খ্রিস্টাব্দে লক্ষ্মৌতে প্রকাশিত হয়।[১৭১] অন্যান্য উপন্যাসগুলোর মতো এই উপন্যাসটিও বস্তুনিষ্ঠ এবং সামাজিক। এই উপন্যাস সম্বন্ধে এই উপন্যাসের প্রথমে বদর আলম বলেছেন-

"مجموعی حیثیت سے "جام سرشار" ایک تعمیری ناول ہے جس میں سرشار نے کچھ صحت مند مقاصد کو پیش نظر رکھ کر ایک بیمار معاشرت کے سامنے پیش کیا تھا۔ یہ بیماری ذہنی بھی تھی اخلاقی بھی اور جسمانی بھی یہ ناول ناول کم ہے ایک تہذیب کا نوحہ ہے جسے پڑھ کر آنسو نہ بھی نکلیں آنکھیں کم ضرور ہو جاتی ہیں اس کے تاریخی حقائق دل کے تاروں کو چھوئے بغیر نہیں رہ سکتے۔"[১৭২]

তার এই উপন্যাসে তিনি মদ্যপানের নিন্দা করেছেন। বস্তুত মনে হয় তিনি এই উপন্যাসের মাধ্যমে সামাজিক ও নৈতিক প্রতিকার করার চেষ্টা করেছেন। এটি খারাপ পরিবেশকে চিত্রিত করেছে, যেখানে খারাপ অভ্যাসে অভ্যস্ত হয়ে তাদের সম্মান এবং সম্পদ নষ্ট হয়। অন্যান্য উপন্যাসগুলোর চেয়ে এর প্লটটি আরো সুসংহত। এই উপন্যাসে ঘটনার সাথে মিল রেখে চরিত্রের সন্নিবেশ করা হয়েছে। এই প্রসঙ্গে ড. সৈয়দ লতিফ হুসাইন বলেছেন-

"بحیثیت مجموعی جام سرشار کو ایک بھرپور ناول کہا جاسکتا ہے۔ اس میں پلاٹ ملتا ہے اور واقعات میں مناسب ترتیب کا خیال رکھا گیا ہے، کردار بھی واضح ہیں وحدت تاثر بھی ہے۔ زمانی و مکانی بعد بھی نہیں ہے۔ پھر ایک مقصد بالکل واضح ہے۔"[১৭৩]

এই উপন্যাসটি লক্ষ্মৌর রাজকুমারদের ব্যক্তিগত এবং সামাজিক জীবনকে উপস্থাপন করে। এই উপন্যাসের মূল চরিত্র নবাব আমির হায়দার। নায়ক তার বাবার তত্ত্বাবধানে বেঁচে থাকে এবং এ জন্য সে বিভিন্ন বিপদ থেকে রক্ষা পায়। এই উপন্যাসের নায়ককে বোকা ও ভীরু দেখানো হয়েছে। যেমন ঘটনাচক্রে তার গাড়িটি একটি ছোট খাটো দুর্ঘটনার শিকার হয় এবং কুমার আহত হয়। তখন তিনি সামান্য ভয় পেয়ে গিয়েছিলেন, তিনি মনে করেছেন তাকে ফাঁসি দেওয়া হবে। প্রত্যক্ষদর্শীরা নবাবের উদ্বেগ আতঙ্কের সুবিধা নেয় এবং নবাবকে মদ পান করতে দেয়। মদ পানে আসক্ত হওয়ার পর নবাবের ভূমিকায় বিরাট পরিবর্তন আসে, যেখানে মদ্যপান একটি মারাত্মক সমস্যা। যদিও উপন্যাসটির উদ্দেশ্য হলো মদ্যপানের নিন্দা করা এবং মদ্যপানের বিপর্যয়মূলক প্রভাব তুলে ধরা। কোথাও একটুও বোঝা যায়নি যে ঔপন্যাসিক তার উদ্দেশ্যকে প্রাধান্য দিচ্ছেন। বিপরীতে উপন্যাসটি ধনী ও বিলাসী মানুষের জীবনের সত্যিকারের প্রতিচ্ছবি। তিনি প্রতিদিনের ঘটনাগুলো একটি পরিচিত উপায়ে উপস্থাপন করেছেন যা তার সফল উপন্যাসের প্রমাণ।

"জামে সরশার" ফাসানায়ে আজাদের মতো সফল না হলেও উর্দু গদ্যসাহিত্যে এর গুরুত্ব কম নয়। এ উপন্যাস প্রসঙ্গে প্রেম পাল অশোক লিখেছেন-

"یہ ناول سیر کوہسار کے مقابلے میں دو اعتبار سے مختلف ہے۔ اول یہ کہ اس ناول کا نواب مے نوش ہے۔ اس میں شراب نوشی کے برے نتیجے ظاہر کیے گئے ہیں۔ اس سرشار کا اپنا خاص کردار راوی زیادہ دیر تک سامنے نہیں آتا اور اگر آتا بھی ہے تو اپنے ماحول کا صحیح جائزہ لیتا ہے۔ دوسرے یہ کہ وہ ناول بیک وقت لکھنے کے باوجود رتن ناتھ سرشار کے ناول 'جام شرشار' کی ایک خوبی یہ بھی ہے کہ فسانۂ آزاد کے مقابلے میں صحافت کا رنگ نہیں آتا۔ اس کے ایک باب میں شرابیوں کی فطرت کو بڑی خوبی کے ساتھ پیش کیا گیا ہے اور اس باب میں سرشار کی کردار نگاری اپنے جوہر دکھاتی ہے اور زبان نے بھی اس ناول کے کرداروں کا پورا ساتھ دیا ہے۔ لیکن زبان وبیان کا جو زور فسانۂ آزاد میں نظر آتا ہے اس ناول میں نہیں ملتا۔"[১৭৪]

'জামে সরশার' একটি গুরুত্বপূর্ণ সামাজিক উপন্যাস। এ উপন্যাসে লেখক সামাজিক সমস্যাগুলো তুলে ধরার জন্য একটি সুস্পষ্ট আহ্বান জানিয়েছেন এবং কিছু জায়গায় এর সমাধান ও ব্যাখ্যাও দিয়েছেন।

রতন নাথ সরশারের তৃতীয় উপন্যাস হলো- سیر کوہسار (সায়রে কোহসার)। উর্দু গদ্যসাহিত্যে এই উপন্যাসটি বিশেষ স্থান দখল করে আছে। এই উপন্যাস ১৮৯০ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়।[১৭৫] এই উপন্যাস সম্বন্ধে প্রেমপাল অশোক বলেছেন-

"تکنیک کے اعتبار سے سرشار کاناول فسانۂ آزاد کے مقابلے میں زیادہ موثر اور پختہ ہے۔البتہ اس کی زبان کمزور ہے۔اس ناول کی سب سے بڑی خوبی یہ ہے کہ مصنف نے کہانی کے پورے پلاٹ کو اپنی گرفت میں رکھا اور کہیں بھی اِدھر اُدھر نہیں بھٹکے اور نہ ہی کہیں جھول نظر آتا ہے۔"[১৭৬]

এই উপন্যাসের মূল নায়ক নবাব মোহাম্মদ আশকারি। এই উপন্যাসে লেখক মধ্যবিত্ত পরিবারের নবাবদের বিলাসবহুল জীবন খুব সুন্দরভাবে তুলে ধরেছেন। নবাব বেগম একজন পবিত্র ও পূন্যবান নারী। একবার বশির উদ্দৌলা নামক এক ব্যক্তি তার সম্মানের অধিকার ছিনিয়ে নেওয়ার চেষ্টা করলে সে তার উরুতে ছুরি ধরে, তবে নবাবকে এই সম্বন্ধে কিছু বলে না। নবাবের স্ত্রী থাকা সত্ত্বেও নবাব কামরীন নামে এক মেয়ের প্রেমে আবদ্ধ হয়। অবশেষে কামরীন নবাবকে ছেড়ে পালিয়ে যায়; কিন্তু তারপরে সে আবার নবাবের কাছে ফিরে আসে। ঘটনাচক্রে সে নবাবের সঙ্গ ত্যাগ করে পুনরায় পতিতালয়ে গিয়ে আশ্রয় নেয়। এদিকে নবাবের বেগম একজন সহজ-সরল ও ধৈর্যশীল নারী। সে হাসি মুখে এই সবকিছু সহ্য করে। অবশেষে কামরীন গুরুতর অসুস্থ্য হয়ে পড়লে সে পতিতালয় ছেড়ে নবাবের কাছে আশ্রয় নেয়। নবাব কামরীনকে পুনরায় আশ্রয় দেয়। এক সময় কামরীন মারা যায় এবং বেগমের সংসারে আবার সুখস্বাচ্ছন্দ্য ফিরে আসে। এই উপন্যাসটিতে সরশার লক্ষ্মৌর সামাজিক জীবনের গুণাবলী ও দূর্বলতাগুলো তুলে ধরেছেন যা লক্ষ্মৌর পুরো পরিবেশকে বিষিয়ে তুলেছিল। এই উপন্যাসে নবাবদের মদ্যপানের কথাও তুলে ধরা হয়েছে। এই উপন্যাসে রতন নাথ সরশার নবাবের মদ্যপান সম্বন্ধে বলেছেন-

"نواب محمد عسکری نے تین بار اپنے ہاتھ سے انڈیل کے پی اور نشے میں چور ہو گئے۔"[১৭৭]

এই উদ্বৃতাংশটুকু থেকে বোঝা যায় যে নবাব শুধু মদ্যপায়ী ছিলেন না বিলাসবহুল জীবন যাপনও করতেন। বিপুল পরিমাণ সম্পদ থাকার পরও খারাপ সহচর্যে মানুষ বিপদগামী হয়। স্পষ্টতই এই উপন্যাসে লেখক নবাবের অভিজাত, নবাবদের বিলাসবহুল জীবনের মানচিত্র অঙ্কন করেন। এই

উপন্যাসটিতে লেখক নবাবের ভূমিকার বিবর্তন দেখান। সুতরাং এই উপন্যাসটি সামাজিক বিষয়গুলোর ব্যাখ্যা এবং চিত্র তুলে ধরার ক্ষেত্রে অত্যন্ত সফল হয়েছে।

রতন নাথ সরশারের আরেকটি উল্লেখযোগ্য উপন্যাস হলো کامنی 'কামিনী'। এই উপন্যাস ১৮৯৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়।[১৭৮] কামিনী হিন্দুসমাজের একমাত্র উপন্যাস, যেখানে হিন্দু সমাজ এবং হিন্দুদের সামাজিক জীবনের বিষয়গুলো চিত্রিত হয়েছে। তবে হিন্দু সমাজের সাথে সম্পর্কীত ও সামঞ্জস্যপূর্ণ ভাষা ব্যবহারে এতে ঘাটতি রয়েছে। এই উপন্যাস সম্বন্ধে প্রেমপাল অশোক বলেছেন-

"اس ناول میں ایک بڑی کمزوری ہے سرشار کو بیگماتی زبان پر قدرت حاصل ہے لیکن اس ناول کا ماحول ہندوانہ ہے۔اس لیے بیگماتی زبان ہندوانہ ماحول کا ساتھ نہیں دیتی۔اسی لیے ناول کے تمام کرداروں میں تصنع اور بناوٹ کا پہلو نمایاں رہتا ہے۔"[১৭৯]

এই উপন্যাসের নায়ক রণবীর সিং এবং নায়িকা কামিনী। রণবীর সিং ছিল খুব সুন্দর, শিক্ষিত এবং সাহসী যোদ্ধা। লেখকের ভাষায়-

"ایسا خوبصورت لڑکا پڑھا لکھا اور لائق اور ملنسار اور خوبصورت لڑکا ہے۔"[১৮০]

নায়িকা ছিল অনুপম সুন্দরী ও শিক্ষিত। রতন নাথ সরশার এই উপন্যাসের নায়িকা কামিনী সম্বন্ধে এভাবে উদ্ধৃতাংশ তুলে ধরেছেন-

"اللہ نے اپنے ہاتھ سے بنائی ہے۔ہم نے لاکھوں لڑکیاں دیکھیں مگر یہ ان بان کہاں۔یہ پان کھائی ہو گی تو سچ مچ گلے سے سرخی نمودار ہو جاتی ہو گی۔ان سب پر طرہ یہ کہ بڑی ذی شعور بڑی سلیقہ شعار،انتظام خانہ داری میں برق ماں باپ بھائی بھاوج،بہن سب اس سے خوش سب کی تیلیوں کا تارا اور نئی بات اس میں یہ تھی کہ پڑھی لکھی ایسی کہ ہندو یا مسلمان کی لڑکی کے پاسنگ کو نہیں پونچتی تھی۔"[১৮১]

এই উপন্যাসের নায়ক রনবীর সিং সমাজের প্রচলিত রীতি-নীতির ঘোর বিরোধী ছিলেন। ঐ সময়ে ৬ থেকে ৭ বছরের মেয়েরা নির্দোষ বিধবা হয়ে যায়। তারা আর বিয়ে করে না। এই অবস্থা দেখে নায়ক সোচ্চার হয়। আবার তিনি তাবিজ, বজ্রধ্বনি, পীর ইত্যাদি বিষয়ে বিশ্বাসের নিন্দা করেছেন এবং বলেছেন যে, কোন ব্যক্তি যদি শিক্ষিত হয় তবে সে এ জাতীয় বিশ্বাস করে না। এ কারণে তিনি সমাজের এই রীতি নীতির বিরোধিতা করেন এবং মানুষকে তাদের হৃদয় থেকে এই ধরনের চিন্তাভাবনা বিতাড়িত করতে বিশেষ ভূমিকা পালন করেন। এই উপন্যাসে নায়ক ও নায়িকা দুজনে বিয়ে করে এবং বিয়ের পর রণবীর সিং সেনাবাহিনীতে যোগ দিয়ে যুদ্ধে যায়। সম্মুখযুদ্ধে ভুল বোঝাবুঝির কারণে রণবীর সিং নিহত হয়। এই উপন্যাসটি এমন একটি উপন্যাস যা হিন্দু পরিবারকে ঘিরে তৈরি করা হয়েছে। এই উপন্যাসে লেখক বিভিন্ন চরিত্রের মাধ্যমে পুরাতন ঐতিহ্যের

বিরুদ্ধে বিদ্রোহ করেছেন। তিনি সামাজিক বিশ্বাস এবং আদর্শের প্রতি আলোকপাত করেছেন। এই উপন্যাসের মাধ্যমে সমাজে প্রচলিত রীতি-নীতি দূর করার চেষ্টা করেছেন।

রতন নাথ সরশারের আরেকটি উপন্যাস হলো طوفان بے تمیزی (তুফান বেতামিযি। এই উপন্যাস সম্পর্কে প্রেমপাল অশোক বলেছেন-

"بحیثیت مجموعی کہا جاسکتا ہے کہ 'طوفان بے تمیزی" سرشار کے زوال پزیر دور کی ایک عمدہ مثال پیش کرتا ہے۔"[১৮২]

এই উপন্যাসটির উদ্দেশ্য এই যে, গুজব ছড়িয়ে পড়ার ফলে সমাজে তার প্রভাব। এই উপন্যাসের কাহিনিটি হলো একটি নদীর তীরে একটি হিন্দু উৎসব উদযাপিত হয়েছিল। মেলায় হিন্দু পতিতা এসেছিল, সে কোন মন্দিরে প্রবেশ করতে যাচ্ছিলো। এই পতিতাকে একটি মুসলমান গুণ্ডা অনুসরণ করতে থাকে। পতিতার সঙ্গে এক হিন্দু শক্তিশালী পুরুষ ছিল যে তাকে বাঁচাতে সক্ষম হয়েছিল। অন্যদিকে একটি গ্রামের কাছাকাছি একটি মুসলমান উৎসব উদযাপিত হয়েছিল। এই সমাবেশে একটি গুজব ছড়িয়ে পড়ে আর শেষ পর্যন্ত হিন্দু মুসলিম দাঙ্গা শুরু হয়। সর্বোপরি গুজব পুরো শহরে বনের আগুণের মতো ছড়িয়ে পড়ে। ফলে হিন্দু মুসলমানদের হত্যা করা হয়েছিল। রতন নাথ সরশারের ভাষায়-

"ہندو مسلمانوں میں بے وجہ بے سبب جنگ کی آگ بھڑک گئی او نوبت بایںجار سید کہ گھاٹ والوں نے مسلمانوں کو مارتے مارتے بیدم کر دیا اور گھاٹ والوں کو جولاہوں اور قسائیوں نے خوب مارا اور ناگے و حشیون نے اُنسے بدلا لیا۔"[১৮৩]

এই হত্যাযজ্ঞে পুলিশ ঘুষ নিয়ে একদিকে সরে গেলে সেনাবাহিনীকে ডেকে পাঠানো হয়। এই উপন্যাসে গুজবের সামাজিক কুফল এবং এই সামাজিক সমস্যার পরিণতি কতোটা ধ্বংসাত্মক তা নিয়ে আলোচনা এবং তা নিরসনে প্রচেষ্টা চালানো হয়।

پی کہاں (পি কাহাঁ) রতন নাথ সরশারের আরেকটি ছোট উপন্যাস। এই উপন্যাসে এমন এক রাজপুত্রের গল্প বলা হয়েছে যিনি যক্ষায় আক্রান্ত হয়ে জীবনের শেষ দিনগুলো গণনা করেছিলেন। তিনি তার প্রিয়তমার সাথে দেখা করতে চান, তবে শেষ পর্যন্ত দেখা হয় না। তিনি হৃদয়ে এই আকাঙ্ক্ষা নিয়ে শেষ পর্যন্ত অজানা জগতে পাড়ি জমান। 'পি কাহাঁ' আসলে উপন্যাস নয়, একটি ছোটগল্পও নয়, এই দুটির মাঝামাঝি একটি গল্প। এই উপন্যাসটি একটি চরিত্রের উপর ভিত্তি করে নির্মাণ করা হয়েছে এবং সেই চরিত্রটি শেষ হওয়ার সাথে সাথে এর অভিনবত্ব শেষ হয়। এই উপন্যাসে হতাশা এবং অসহায়ত্বের চিত্র প্রস্ফুটিত হয়েছে।[১৮৪]

রতন নাথ সরশারের 'পি কাহা' উপন্যাসের মতো ہشّو (হাশু)ও একটি ছোট উপন্যাস। এই উপন্যাসটিও এক কেন্দ্রীয় চরিত্রের উপন্যাস, যেখানে এক হিন্দু শেঠ-এর চরিত্র তুলে ধরা হয়েছে। এই উপন্যাসের নায়ক একজন মাতাল এবং নেশার কারণে বেশির ভাগ সময় অসুস্থ্য থাকে। এই উপন্যাসে নায়ক এক সময় মদ পান করা ছেড়ে দেয় এবং সে ভালো মানুষ হয়ে যায়। এই উপন্যাসের উদ্দেশ্য হলো মদ্যপানের খারাপ দিকগুলো তুলে ধরা। অর্থাৎ এটি একটি মদ্যপান বিরোধী উপন্যাস।[১৮৫]

পণ্ডিত রতন নাথ সরশারের আরেকটি উল্লেখযোগ্য উপন্যাস হলো 'کڑم دھم' (কড়ম ধম)। এই উপন্যাসের হিরোইন নোশাবা 'কামিনী' উপন্যাসে কামিনীর মতো সমাজের পুরনো রীতিনীতি এবং ঐতিহ্যের বিরুদ্ধে বিদ্রোহ করে। নোশাবা একজন শিক্ষিত মেয়ে, সে নবাবের অবাধ্য, মাতাল এবং লুচ্চা ছেলেকে বিয়ে করতে অস্বীকার করে। নোশাবার বাবা তার মেয়ের চালচলনে অসন্তুষ্ট ছিল। তাই তার মেয়েকে তার এক আত্মীয়ের ছেলের সঙ্গে বিয়ে দিয়ে দেয়। এই উপন্যাসে নায়িকা শিক্ষিত ছিল বলেই নিজের ভবিষ্যতের কথা চিন্তা করে মাতাল ও খারাপ ছেলেকে বিয়ে করতে চায়নি। এই উপন্যাসে লেখকের উদ্দেশ্য হলো যে, বাবা মা বিয়ের ক্ষেত্রে কোনও ভুল পদক্ষেপ নিলে তবে তারা এর বিরুদ্ধে বিদ্রোহ করতে যেন ভয় না পায়।[১৮৬]

উপরের উপন্যাসগুলো পর্যালোচনা করলে দেখা যায় যে, সরশার তার উপন্যাসে যতগুলো চরিত্র তুলে ধরেছেন, সেগুলো মানুষের জীবনের প্রকৃত প্রতিচ্ছবি। তার উপন্যাসে তিনি কিছু কিছু চরিত্রকে সৌন্দর্যের প্রতীক হিসেবে তুলে ধরেছেন। যেমন ' ফাসানায়ে আজাদ' উপন্যাসে আজাদ ও হুসনে আরার' চরিত্র সৌন্দর্যের এবং প্রেমময় একটি চরিত্র। হুসনে আরা ও আজাদের চরিত্র সম্বন্ধে প্রেমপাল অশোক লিখেছেন-

"حسن آرا اور آزاد کے کردار ہمیں اس عہد کے نہیں۔ بلکہ آج کے زمانے کے نمائندے نظر آتے ہے۔"[১৮৭]

আবার কিছু কিছু চরিত্রকে তিনি শিক্ষিত হিসেবে তুলে ধরেছেন। যেমন 'কামিনী' উপন্যাসে কামিনী এবং 'কড়ম ধম' উপন্যাসে নোশাবা উল্লেখযোগ্য। রতন নাথ সরশার তার উপন্যাসে যেমন ভালো চরিত্রগুলো তুলে ধরেছেন তেমনি খারাপ চরিত্রগুলোও তুলে ধরেছেন। যেমন মদ্যপায়ী হিসেবে 'হাশু' উপন্যাসে নায়ক লালা, জামে সরশার' উপন্যাসের নায়ক নবাব আমিন উদ্দৌলা এবং 'সায়রে কোহসার' উপন্যাসের নায়ক নবাব মোহাম্মদ আশকরী এই চরিত্রগুলোকে লেখক তার উপন্যাসে খুব সুন্দরভাবে উপস্থাপন করেছেন।

রতন নাথ সরশারের উপন্যাসগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, তিনি লক্ষ্মৌর পরিবেশ এবং লক্ষ্মৌর দৃশ্যাবলী চিত্রায়িত করেছেন। তিনি দৃশ্যাবলীর সাথে চরিত্রগুলোকে এমনভাবে উপস্থাপন করেছেন যাতে তা জীবন্ত মনে হয়। এ প্রসঙ্গে প্রেমপাল অশোক বলেছেন-

"انھوں نے اپنے طرز بیان سے منظر نگاری کی ایک لاثانی پیش کی۔ ان کی منظر نگاری میں چلتے پھرتے۔ بھاگتے دوڑتے، کھلتے کودتے اور ہنستے بولتے انسان نظر آتے ہیں۔"[১৮৮]

রতন নাথ সরশারের উপন্যাসগুলো বিশ্লেষণ করলে আরো দেখা যায় যে, তার ভাষাগুলো ছিল সহজ-সরল, সাবলীল ও প্রাঞ্জল। তিনি তার উপন্যাসে বাগধারা এবং কবিতাও ব্যবহার করেছেন যেন পাঠক মনে তা সহজে উপলব্ধি হয়।

রাজেন্দ্র সিং বেদিঃ উর্দু গদ্য সাহিত্যে রাজেন্দ্র সিং বেদি এক সমুজ্জ্বল ঔপন্যাসিক। তিনি তার লেখনী দিয়ে উর্দু সাহিত্যে তার একটি বিশেষ স্থান দখল করে নিয়েছেন। এই প্রখ্যাত ঔপন্যাসিক ১৯১৫ খ্রিস্টাব্দে ১ সেপ্টেম্বর লাহোরে জন্মগ্রহণ করেন।[১৮৯] তার মায়ের নাম শিবা দেবী, ব্রাক্ষ্মণ বংশের ছিলেন। বাবার নাম হীরা সিংহ খতবী সিং ছিলেন ।[১৯০] তার বাবা ডাক বিভাগে চাকরি করতেন। বেদির ভাইয়ের নাম হরবানস সিং।[১৯১] পাঁচ বছর বয়সে তিনি রামায়ণ ও মহাভারতের গল্পের সাথে পরিচিত হয়েছিলেন। ছোটবেলায় তার মা অসুস্থ্য থাকায় তিনি স্কুলে যেতেন না। তবে বাড়িতে অনেক বই, ম্যাগাজিন ও উপন্যাস ছিল তা তিনি তার বাবার কাছ থেকে মনোযোগ সহকারে শুনতেন। তিনি লাহোরে উর্দুতে পড়াশুনা করেন। তিনি একজন পাঞ্জাবি পরিবারের ছিলেন। তিনি ১৯৮৪ খ্রিস্টাব্দে ১১ নভেম্বর ভারতের মুম্বাই-এ মৃত্যুবরণ করেন।[১৯২] রাজেন্দ্র সিং বেদি ১৯৩২ খ্রিস্টাব্দে সাহিত্য রচনা শুরু করেছিলেন।[১৯৩] তিনি একটি মাত্র উপন্যাস লিখে উর্দু গদ্যসাহিত্যে অবদান রেখেছেন। তার উপন্যাসটির নাম হলো- ایک چادر میلی سی (এক চাদর মেলী সী)। লেখকই এই উপন্যাসে হিন্দুস্তান ও হিন্দুস্তানী মানুষের জীবনী খুব সুন্দরভাবে বর্ণনা করেছেন।[১৯৪] এই উপন্যাস শুধুমাত্র দেড়শ পাতার একটি সংক্ষিপ্ত উপন্যাস।[১৯৫] এটি প্রথমে লাহোরে "নুকুশ" পত্রিকায় ১৯৬০ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[১৯৬] এই উপন্যাসটি একটি গ্রামীণ জীবনের প্রতিচ্ছবি। এই উপন্যাসের প্রধান চরিত্র হলো মঙ্গল ও রানু। রানুর একটি সাজানো সংসার ছিল যার সদস্য ছিল তার স্বামী, ছেলে, মেয়ে, শ্বশুর, শ্বাশুড়ি ও দেবর। তার স্বামী ঘোড়ার গাড়ি চালাতো। স্টেশনে যারা আসতো তাদেরকে থাকার জন্য ধর্মশালায় নিয়ে আসতো। ধর্মশালার মালিক ছিল চৌধুরি যে অবৈধ ব্যবসা করতো, তার সাথে ছিল এক পণ্ডিত নামধারি লম্পট। রানুর স্বামী ছিল মদ্যপায়ী এবং সে স্টেশন থেকে লোকজনকে নিয়ে চৌধুরির ধর্মশালায় নিয়ে যেতো এবং এর জন্য সে কিছু টাকাও পেতো।

একদিন সে একটি মেয়েকে একা দাঁড়িয়ে থাকতে দেখে বলে তুমি কোথায় যাবে? মেয়েটি বললো, আমার ভাই আগের স্টেশনে থেকে গেছে। সে কালকে আসবে। এ কথা শুনে রানুর স্বামী মেয়েটিকে চৌধুরির ধর্মশালায় নিয়ে আসে। চৌধুরি ও পণ্ডিত তার সাথে অসামাজিক আচরণ করে এবং মেয়েটি মারা যায়। তারপর সেই মেয়েটিকে রানুর স্বামী তার ঘোড়ার গাড়িতে করে নিয়ে যেতে থাকে। এদিকে মেয়েটির ভাই সেই গাড়িটিতে তার বোনকে মৃত অবস্থায় দেখে সে রানুর স্বামীকে মারামারির এক পর্যায়ে হত্যা করে। এতে ছেলেটির দুই বছর জেল হয়। এদিকে রানুর স্বামীর মৃতদেহ বাড়িতে আনলে সবাই কাঁদতে থাকে এবং রানু পাগলের মতো মাতম করতে থাকে। মঙ্গল এখন তাদের বাড়ির একমাত্র উপার্জনক্ষম ছেলে। সে তখন তার ভাইয়ের ঘোড়ার গাড়ি চালাতো। মঙ্গলের সাথে রাজি নামে একটি মেয়ের সাক্ষাত হয়েছিল এবং সে তার প্রেমে পড়ে গিয়েছিল।

রানুর স্বামীর মৃত্যুর পরে রানুকে তার শ্বাশুড়ি দেখতে পারতো না, তাকে ডাইনি বলে ডাকতো, তাকে বাড়ি থেকে বের করে দিতে চাইতো।

মঙ্গল ও রানুর সম্পর্ক ছিল দেবর ও ভাবি। তাদের সম্পর্কও ভালো ছিল। একদিন মঙ্গল ঘোড়ার গাড়ি চালাতে যায় সেখানে একজন লোক তার ভাইয়ের নামে খারাপ কথা বললে সে মারামারির এক পর্যায়ে পুলিশ তাকে জেলখানায় ধরে নিয়ে যায়। এদিকে রানুর সংসারে রোজগারের আর কেউ নেই। তাদের অনেক অভাব। অভাবের তাড়নায় রানু ছেলে মেয়েদের মুখের দিকে তাকিয়ে দোকানে ধার করতে গেলে তাকে সবাই কটুক্তি করে। তারপর সে ইটের ভাটায় কাজ করে। সেখানে একজন খারাপ লোক তার সাথে অশোভন আচরণ করে। সেটি মঙ্গল দেখতে পেয়ে তার ভাবিকে উদ্ধার করে বাসায় নিয়ে আসে এবং সে কাজ করে সংসার চালাতে থাকে। একদিন গ্রামে পঞ্চায়েত ডেকে বলে, রানু ও মঙ্গলের বিয়ে দিতে হবে। একথা শুনে তারা কেউই রাজি ছিল না। গ্রামের গুরুজনদের কথা শুনে তার বাড়ির পাশের একটি মেয়ে চিনু রানুকে বলল, তুমি মঙ্গলকে বিয়ে করো। রাজেন্দ্র সিং বেদি তাদের দু'জনের কথোপকথন এভাবে তুলে ধরেছেন-

"نہیں چنوں نہیں رانو نے اس کے سامنے دکھڑا روتے ہوئے کہا۔ وہ بچہ ہے میں نے کبھی اسے ان نظروں سے نہیں دیکھا۔"
چنوں بولی۔ دیکھ۔ تجھے اس دنیا میں رہنا ہے کہ نہیں رہنا؟ اس پیٹ کا نرک بھرنا ہے کہ نہیں بھرنا، اپنی اس شرم کو ڈھانپنا ہے کہ نہیں ڈھانپنا؟ بڑی آئی ہے نظروں والی۔"[১৯৭]

তারপর গ্রামের গুরুজনরা তাদের দুজনকে জোর করে বিয়ে দিয়ে দেয়। বিয়ের দিন তাদের মাথার উপর একটি চাদর মেলে দিয়েছিল। মঙ্গল এ বিয়ে মেনে নিতে পারেনি। কারণ সে রাজিকে ভালোবাসত। রাজি যখন শুনতে পায় যে, মঙ্গল বিয়ে করেছে, তখন সে মঙ্গলকে ছেড়ে চলে যায়।

মঙ্গল নেশা করে একরাতে বাসায় ফিরে। সেই রাতে অনেক ঝড় বৃষ্টি হয়। ঝড়ের রাতে তারা দুজনে একে অপরের কাছাকাছি আসে এবং তারপর থেকে তাদের সংসারের জন্যই সবকিছু তারা মেনে নেয়। এদিকে যে ছেলেটি রানুর স্বামীকে হত্যা করেছিল সে তার ভুল বুঝতে পেরে অনুতপ্ত হয় এবং রানুর মেয়েকে বিয়ে করতে চায়। প্রথমে রানু তার স্বামীর হত্যাকারীর সঙ্গে বিয়ে দিতে রাজি ছিল না, তারপর সবার কথা শুনে রাজি হয়ে যায়। এই উপন্যাসে লেখক গ্রামের চিত্রগুলো খুব সুন্দরভাবে ফুঁটিয়ে তুলেছেন। গ্রামের মেয়েরা অসহায় এটি তিনি এ উপন্যাসে অত্যন্ত সুন্দরভাবে তুলে ধরেছেন। এই উপন্যাসে রানুর যাওয়ার কোন জায়গা ছিল না এবং শ্বশুর বাড়িতে কোন পরিচয় ছাড়া থাকতে পারবে না বলে গ্রামবাসী তার অনিচ্ছাসত্ত্বেও তার দেবরের সঙ্গে বিয়ে দিয়ে দেয়। এই উপন্যাস থেকে জানা যায় যে, সে সময় নারীদের কোন ব্যক্তি স্বাধীনতা ছিল না।

উপেন্দ্র নাথ অশোকঃ উপেন্দ্র নাথ অশোক উর্দু গদ্যসাহিত্যে এক বিশিষ্ট নাম। তিনি ১৪ ডিসেম্বর ১৯১০ খ্রিস্টাব্দে পাঞ্জাবের জালন্ধরীতে জন্মগ্রহণ করেন এবং ১৯৯৬ খ্রিস্টাব্দে পাঞ্জাবের এলাহাবাদে মৃত্যুবরণ করেন। তিনি হিন্দি, উর্দু এবং সংস্কৃত ভাষায় পারদর্শী ছিলেন। তিনি ১৯৩১ খ্রিস্টাব্দে বি. এ ডিগ্রী অর্জন করেন।[১৯৮] তিনি শিক্ষকতা পেশায় নিযুক্ত ছিলেন। তার সাহিত্যিক জীবন কবিতা দিয়ে শুরু হলেও পরবর্তীতে গদ্য লিখার প্রতি আগ্রহী হয়ে ওঠেন। তিনি উপন্যাস, ছোটগল্প এবং নাটকে বিশেষ অবদান রেখেছেন। তার রচিত উপন্যাসগুলো হলো- ستاروں کے کھیل (সিতারোঁ কে খেল), پتھر ال پتھر (পাথ্থর আল পাথ্থর), گرتی دیواریں (গিরতি দেওয়ারেঁ), گرم راکھ (গরম রাখ), بڑی بڑی آنکھیں (বাড়ি বাড়ি আঁখে), ایک ننھی قندیل (এক নান্নী কাদিল), شہر میں گھومتا آئینہ (শহর মে ঘোমতা আয়না)।[১৯৯]

জমনা দাস আখতারঃ জমনা দাস আখতার ১৯১৬ খ্রিস্টাব্দে ২রা নভেম্বর পাকিস্তানের রাওয়ালপিণ্ডিতে ইহলোকে আসেন এবং ২০০৯ খ্রিস্টাব্দে পরলোকগমন করেন। তিনি উর্দু ছাড়া হিন্দি ও ইংরেজিতেও লিখতেন। তিনি সনাতন ধর্ম হাই স্কুল তারপর ডিএবি কলেজ এবং রাওয়ালপিণ্ডিতে পড়াশোনা শেষ করেন। তিনি ১৯৩১ খ্রিস্টাব্দে সাংবাদিকতায় যোগদান করেন। তিনি ১৯৩১ খ্রি. থেকে ১৯৫৬ খ্রি. পর্যন্ত বন্দেমাতারাম এবং সনাতন ধর্মের প্রচারক ছিলেন।[২০০] তিনি পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা বিভাগের খণ্ডকালীন প্রভাষক হিসেবে কাজ করেছিলেন। তিনি সাহিত্যের বিভিন্ন শাখায় পদচারণা করেছিলেন। তবে উপন্যাসে তার অবদান বেশি ছিল। তিনি অনেকগুলো উপন্যাস লিখেছেন। তার প্রথম উপন্যাসগুলোতে দেশভাগের কারণে পাঞ্জাবিদের বেদনা ও কষ্ট এবং

তাদের সাহস ও ধৈর্য উপস্থাপিত হয়েছে। তার শিল্পকলা ও লেখার ধরনটিও সমৃদ্ধ ছিল। এখনো অবধি তার উপন্যাসের সংখ্যা ৩৬টিরও বেশি।[২০১] তার উপন্যাসগুলো হলো-

آنسو (আঁসু), آگ (আগ), کرنیں (কেরনেঁ), اوس اور نگارے (উস অওর নিগারে), اور وہ بکتی رہی (অওর ওহ বাকতি রাহী), کشمیر کی بیٹی (কাশ্মির কি বেটি), بارہ مولا (বারাহ মূলা), رادھا ایلزابتھ (রাধা ইলিজাবেধ), کالے دھنے گورے بدن (কালে ধনে গোরে বদন), جلن (জ্বলন), پائل (পায়েল), بگولے (বাগুলে), کالے سائے (কালে ছায়ে), کالی گوری (কালি গোরি), بھوانی جنکشن (ভবানি জ্যাঁকশন), دیکھی تیری دنیا (দেখি তেরি দুনিয়া), بلیک میلر (বালিক মাইলর), نیل گگن (নীল গগন), کچھ دھاگے (কুছ ধাগে), عجیب لڑکی (আজিব লাড়কি), پتلی (পুতলি), نیل کنٹھ (নীল কণ্ঠ), چھوٹی سڑک (ছোটি সড়ক), قاتل (কাতিল), پھانسی کی کوٹھری سے (ফাঁসি কি কোঠরি সে) [২০২]

বালুনাত সিং ঃ বালুনাত সিং ১৯২১ খ্রিস্টাব্দে পাকিস্তানের গুজরানওয়ালায় জন্ম নিয়েছিলেন। তার বাবার নাম সরদার লাল সিং। তার প্রাথমিক শিক্ষা গ্রামেই হয়েছিল। তারপর তিনি এলাহাবাদ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক করেন।[২০৩] তিনি ১৯৮৬ খ্রিস্টাব্দে এলাহাবাদে মৃত্যুবরণ করেন।[২০৪] তিনি হিন্দি ও উর্দু উভয় ভাষাতেই লিখতেন। তার উপন্যাসগুলোতে দেশপ্রেম, স্বাধীনতা, ক্ষুধা, দারিদ্র্য ও দাসত্ব, রোমান্টিকতা, রাজনৈতিক জাগরণ,বর্ণবৈষম্য, বৈজ্ঞানিক অগ্রগতি ইত্যাদি বিষয় পরিণত করা হয়েছে। তার উপন্যাসগুলো হলো-

کالے کوس (কালে কোস), رات چور اور چاند (রাত চোর অওর চাঁদ), اجالا (উজালা), چک پیراں کا جنا (চক প্যারাঁ কা জিনা), ایک معمولی لڑکی (এক মামুলী লাড়কি), عورت اور آبشار (আওরাত অওর আবশার), راوی بیاس (রাবি বিয়াস), آگ کی کلیاں (আগ কি কালিয়া), باسی پھول (বাসি ফুল), راکا کی منزل (রাকা কি মাঞ্জিল) [২০৫]

কৃষণ গোপাল আবিদঃ কৃষণ গোপাল আবিদ ১৯৩০ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেছেন।[২০৬] তার সাহিত্য জীবন কলেজ থেকে শুরু হয়েছিল। তার কিছু উপন্যাস সাহিত্য পত্রিকায় প্রকাশিত হয়েছিল। তিনি মিন্টো, বেদি এবং আসমত চুগতায়ির মতো বিখ্যাত লেখক হওয়ার আগ্রহী ছিলেন। তার উপন্যাসগুলোতে তিনি ভারতীয় পরিবারগুলোর পারস্পরিক ব্যবধান এবং মানবিক মূল্যবোধের পতন ইত্যাদি বিষয় নিয়ে আলোকপাত করেছেন। তার উপন্যাসে একজন ভারতীয় নারীর জীবনের দুঃখগুলো বিশদে বর্ণিত হয়েছে। তিনি তার জীবনে অনেকগুলো উপন্যাস লিখেছেন। তার উপন্যাসগুলো হলো-

دھرتی کے پھول (ধরতী কে ফুল), برہمن (ব্রাক্ষ্মণ), مسافر (মুসাফির) ১৯৬০ খ্রি., ارموہی (আরমুহি), لکشمی (লাকশমি), کلنک (কলঙ্ক), پوجا (পূজা), ایک ہنسی ہزار آنسو (এক হাঁসি হাজার আঁসু), محبوب کی قسم (মাহবুব কি কসম), دیواری (দিওয়ারী), بوند اور سمندر (বুন্দ অওর সামুন্দর), میرے دشمن میرے دوست (মেরে দুশমান মেরে দোস্ত), تیرا میرا غم (তেরা মেরা গাম)।[২০৭]

Note: the first line reads: دلدل (দিল দিল), گھائل (ঘায়েল) ১৯৫৫ খ্রি., جلن (জ্বলন) ১৯৫৫ খ্রি., ستم (সিতম), دھرتی کے پھول

ঠাকুর পুঞ্ছিঃ ঠাকুর পুঞ্ছি ১৯২২ খ্রিস্টাব্দে ৩১ই ডিসেম্বর কাশ্মিরে জন্মগ্রহণ করেন এবং ১৯৭৩ খ্রিস্টাব্দে ১৪ই আগস্ট মৃত্যুবরণ করেন।[২০৮] তিনি জম্মু প্রিন্স অফ দিলজার কলেজ থেকে স্নাতক ডিগ্রী অর্জন করেন। প্রথমে তিনি রাষ্ট্রীয় খাদ্য ও সরবারহের কেরানি হিসেবে কাজ করেন। পরে অল ইণ্ডিয়া রেডিওতে যোগ দেন। তিনি অসংখ্য উপন্যাস লিখে জনপ্রিয় হয়েছেন। তার উপন্যাসগুলোতে কেবল গ্রামীণ নয় বরং শহরের জীবনযাত্রাও অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়াও আধুনিক ও পুরাতন মূল্যবোধের বিরোধও স্থান পেয়েছে। তার উপন্যাসগুলো কৌতুহল এবং কৌতুহলের পাশাপাশি রোমাঞ্চে পরিপূর্ণ। তার উপন্যসাগুলোতে তিনি জীবনের ছোট ছোট বিষয়ও বর্ণনা করেছেন। ড. মনসুর আহমেদ মনসুর ঠাকুর পুঞ্ছির উপন্যাস সম্পর্কে লিখেছেন-

"ٹھاکر پونچھی نے متعدد ناول لکھے وہ صحیح معنوں میں ناول کے فنکار ہیں۔انھیں ناول کے فن پر بھی عبور ہے اور زبان وبیان پر بھی دسترس حاصل ہے۔وہ انسانی نفسیات کی باریکیوں کو بڑی چابکدستی سے پیش کرنے کا ہنر جانتے ہیں۔وہ بڑی خوبصورتی سے دیہاتی وشہری زندگی کے مرقعے پیش کرتے ہیں۔اہم سماجی ونفسیاتی مسائل بھی ان کے ناولوں سے جھلک رہے ہیں۔"[২০৯]

ঠাকুর পুঞ্ছি একজন বিখ্যাত ঔপন্যাসিক। তার উপন্যাসগুলো হলো-

وادیاں اور ویرانے (ওয়াদিয়া অওর বিরানে), یادوں کے کھنڈر (ইয়াঁদু কে খণ্ডর), شمع ہر رنگ میں جلتی ہے (শাম্মা হার রঙ মে জলতি হে), زلف کے سر ہونے تک (জুলফ কে সার হোনে তক), اداس تنہائیاں (উদাস তানহায়িয়া), پیاسی بادل (পিয়াসি বাদল), چاندی کے سائے (চাঁদনি কে ছায়ে), بادل برسے (বাদল বরসে), رات کے گھونگھٹ (রাত কে ঘুংঘট), ڈیڈی (ডেডি), دادیاں اور دیوانے, (দাদিয়া অওর দিওয়ানে), پت جھڑے کے بچھڑے (পত ঝড়ে কে বিছড়ে), قفس اداس ہے (কেফস উদাস হে), یہ رشتے یہ لوگ (ইয়ে রেস্তে ইয়ে লোগ), یہ من بڑا چنچل ہے (ইয়ে মন বড়া চাঞ্চল হে), سورج سمندر میں ڈوبتا ہے (সুরাজ সমন্দর মে ডুবতা হে), اب وہاں نہیں رہتا (আব উহা নেহি রেহতা)[২১০]

মহেন্দ্র নাথঃ মহেন্দ্র নাথ ১৯২৩ খ্রিস্টাব্দে ভরতপুরে পৃথিবীতে এসেছিলেন এবং ১৯৭৪ খ্রিস্টাব্দে ২০শে মার্চ পৃথিবী ছেড়ে চলে যান। তিনি পাঞ্জাবি খত্রী ছিলেন।[২১১] তিনি পাঞ্জাব বিশ্বদ্যালয় থেকে বি. এ ডিগ্রী অর্জন করেছেন। মহেন্দ্রনাথ কবিতা দিয়ে তার সাহিত্য জীবন শুরু করেছিলেন। তবে উপন্যাসেও তিনি বিশেষ খ্যাতি অর্জন করেছেন। তার উপন্যাসগুলোর বিষয় ছিল দরিদ্র ও পিছিয়ে পড়া শ্রেণির সমস্যা। মহেন্দ্রনাথ অনেকগুলো উপন্যাস লিখেছেন। তার উপন্যাসগুলো হলো-

آدمی اور سکے (আদমি অওর সিক্কে), *رات اندھیری ہے* (রাত আন্ধেরি হে), *سورج ریت اور گناہ* (সুরাজ রীত অওর গুন্নাহ), *وعدہ* (ওয়াদা) , *پیار کا موسم* (পিয়ার কা মৌসম), *ایک شمع ہزار پروانے* (এক শাম্মা হাজার পরয়ানে), *منزل ایک مسافر دو* (মাঞ্জিল এক মুসাফির দো), *تیری صورت میری آنکھیں* (তেরি সুরাত মেরি আঁখে), *روپا* (রূপা), *درد کا رشتہ* (দার্দ কা রেস্তা). *ارمانوں کی سیج* (আরমানোঁ কি সিজ) , *دو دل ایک کہانی* (দো দিল এক কাহানি), *زیرو سے ہیرو تک* (জিরো সে হিরো তক), *پیاسا بادل* (পিয়াসা বাদল), *داستان میری ذکر تیرا* (দাস্তান মেরি জিকর তেরা)[২১২]

নর সিং দাস নার্গিসঃ নর সিং দাস নার্গিস ১৯০২ খ্রিস্টাব্দে শিয়ালকোটে জন্মগ্রহণ করেছেন এবং ১৯৭৩ খ্রিস্টাব্দের ১৭ই নভেম্বর মৃত্যুবরণ করেন। তিনি আকবর ইসলামিয়া উচ্চ বিদ্যালয় থেকে মেট্রিক পাস করেন। তিনি একজন দক্ষ সাংবাদিক ছিলেন। তিনি ছোট বেলা থেকে সাহিত্যের প্রতি আগ্রহী ছিলেন। তিনি *نرملا* (নির্মলা) ও *پاربتی* (পার্বতী) এবং *جانکی* (জানকি) নামে তিনটি উপন্যাস লিখেছেন।[২১৩] তার উপন্যাসগুলো চাঁদ পত্রিকায় প্রকাশিত হয়েছিল। প্রেমচাঁদের অনুকরণে তিনি উপন্যাস লিখতেন। নিপীড়িত মানুষের দারিদ্রতা, অজ্ঞতা এবং সেই সময়ের নিপীড়ন ও শোষণকে কেন্দ্র করে তিনি অনেক উপন্যাস লিখেছেন। তিনি সামাজিক বিষয়গুলো তার উপন্যাসগুলোর বিষয়বস্তুতে পরিণত করেছেন এবং সমাজের উদ্ভাবনগুলোকে চিত্রিত করেছেন। পার্বতী উপন্যাসের মেজাজটি মুন্সী প্রেমচাঁদের উপন্যাসগুলোর মেজাজের সাথে মিলে যায়। "নির্মলা" উপন্যাসটিতে নিপীড়িত এবং গ্রামীণ নারীদের জীবনী চিত্রায়ন করা হয়েছে। নার্গিস তার জীবনের বেশিরভাগ সময় গ্রাম অঞ্চলে কাটিয়েছেন। সুতরাং গ্রামীণ জীবনের চিত্রগুলো তার উপন্যাসে দেখা যায়।

পণ্ডিত বদরীনাথ সুদর্শনঃ পণ্ডিত বদরীনাথ সুদর্শন ১৮৯৬ খ্রিস্টাব্দে লাহোরের শিয়ালকোটে জন্মগ্রহণ করেন। তার আসল নাম পণ্ডিত বদরীনাথ শর্মা এবং সুদর্শন তার কলমি নাম। তিনি ১৯৬৭ খ্রিস্টাব্দে ১৪ই ডিসেম্বর হার্ট অ্যাটাক হয়ে মারা যান। তিনি কাশ্মিরী ব্রাক্ষ্মণ ছিলেন। তিনি বি. এ ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯১৫ খ্রিস্টাব্দে বাটালা জেলার গুরুদাসপুরে লায়লাবতীকে বিবাহ করেন। প্রথমদিকে

১৯২৭ খ্রিস্টাব্দে কর্মসংস্থানের জন্য কানপুরে গিয়েছিলেন, কিন্তু ১৯৩০ খ্রিস্টাব্দে লাহোরে ফিরে আসেন। মাসিক পত্রিকা চন্দন, ভারত, হক এবং জাট গেজেট এর সম্পাদক ছিলেন। সুদর্শন সাধারণ জনগণের জীবন ভালো করার স্বপ্ন দেখতেন। প্রেমচাঁদের প্রায় আট থেকে দশ বছর পরে সুদর্শন তার সাহিত্য জীবন শুরু করেছিলেন। যদিও সুদর্শন প্রেমচাঁদের অনুসারী ছিলেন, তবুও তার দৃষ্টিভঙ্গি ছিল ভিন্ন। তিনি তার উপন্যাসে শহরের মধ্যবিত্তদের নিয়ে লিখেছেন। তিনি তার জীবনে অনেকগুলো উপন্যাস লিখে উর্দু গদ্য সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। তার উপন্যাসগুলো হলো-

بے گناہ مجرم (বেগুনাহ মুজরিম), گناہ کی بیٹی (গুনাহ কি বেটি), اوبے سنگھ (ওবে সিং), پتھروں کا سوداگر (পাথরোঁ কা সওদাগর), راج سنگھ (রাজ সিং), گنج عافیت (গঞ্জে আফিয়াত)।[২১৪]

রমানন্দ সাগরঃ রমানন্দ সাগর ১৯১৭ খ্রিস্টাব্দে লাহোরে জন্মগ্রহণ করেছেন। তার পিতামহ পেশোয়ার থেকে পাড়ি জমান এবং কাশ্মিরে স্থায়ী হন। তিনি বিখ্যাত ভারতীয় পৌরাণিক কাহিনি রামায়ণ সিরিয়াল তৈরি করে প্রচুর খ্যাতি অর্জন করেছেন। তিনি ১২ ডিসেম্বর ২০০৫ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।[২১৫] তিনি একজন দুর্দান্ত চলচ্চিত্র নির্মাতা হিসেবেও পরিচিত। তিনি প্রায় ৪০ বছর সিনেমায় যুক্ত ছিলেন اور انسان مر گیا (অওর ইনসান মর গিয়া) রামানন্দ সাগরের একটি মাস্টারপিস উপন্যাস। এ উপন্যাসটি ১৯৪৮ খ্রিস্টাব্দে লাহোর থেকে প্রকাশিত হয়েছিল। এই উপন্যাসটিতে তিনি দেশ বিভক্ত হওয়ার সময়টিকে তুলে ধরেছেন। তিনি মানুষ ও মানবতা দুটোকে মরতে দেখেছেন। উপন্যাসে একের পর এক মৃত্যুর পরেও জীবিত যারা কল্পিত হয়েও সত্যিকারে চরিত্রগুলোতে স্থান পায়। এই উপন্যাসের প্রথমে খাজা আহমেদ আব্বাস বলেছেন-

"رامانند ساگر کا سب سے بڑا کمال یہ ہے کہ اس نے اپنی آنکھوں سے انسان اور انسانیت کو مرتے دیکھا۔ مگر ساگر کی انسانیت ختم نہں ہوئی۔ یہ انسانیت، یہ انسان دوستی آپ کو اس ناول کے ہر باب ہر صفحے اور ہر سطر میں نظر آئے گی۔ ان کرداروں میں نظر آئے گی جو فرضی ہونے کے باوجود اصلی ہیں۔ جو ناول میں یکے بعد دیگر سے مر جانے کے بعد بھی زندہ رہتے ہیں۔"[২১৬]

কাশ্মিরী লাল জাকিরঃ কাশ্মিরী লাল জাকির ১৯২০ খ্রিস্টাব্দে ৭ এপ্রিল পাকিস্তানের গুজরাতে জন্মগ্রহণ করেন। তিনি ২০১৬ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন। তিনি একসাথে উর্দু, হিন্দি এবং পাঞ্জাবি ভাষায় উপন্যাস লিখতেন। তিনি একজন সাংবাদিক ছিলেন। কাশ্মিরী লাল জাকির একজন স্বনামধন্য ঔপন্যাসিক। তিনি উর্দু সাহিত্যে অনেক গুরুত্বপূর্ণ উপন্যাস লিখেছেন। সেগুলো হলো-

سیندور کی راکھ (সিন্দুর কি রাখ), سمندر (সমন্দর), صلیب اور وہ (সালিব অওর ওহ), انگوٹھے کا نشان (আঙ্গুঠে কা নিশান), دھرتی سدا سہاگن (ধরতী সদা সুহাগান), لمحوں میں بکھری زندگی (লমহোঁ মে বিখ্রি জিন্দেগী),

کرمان والی (করমান ওয়ালি), آدھی رات کا چاند (আধি রাত কা চাঁদ), ڈوبتے سورج کی کتھا (ডুবতে সুরাজ কি কথা) ।[২১৭]

এক উপন্যাসগুলোর বেশিরভাগই গ্রাম অঞ্চলের চাল চিত্র ও সেখানকার মানুষের জীবনের নানাবিধ সমস্যার কথা উপস্থাপন করা হয়েছে । তার উপন্যাস সম্পর্কে আব্দুল মুগন্নি মন্তব্য করে লিখেছেন-

ان ناولوں کے موضوعات پر ایک نظر ڈالنے سے صاف معلوم ہوتا ہے کہ ناول نگار ایک بہت حساس، باشعور اور فلاح پسند انسان ہے۔ وہ اپنے زمانے کے حالات سے پوری طرح باخبر ہے، تاریخ پر اچھی نظر رکھتا ہے، موجودہ سماج کے مسائل سے اس کی دلچسپی بہت گہری ہے اور وہ ان کے حل کے لیے بے قرار ہے۔ سب سے بڑھ کر یہ کہ اسے اعلی انسانی و تہذیبی قدریں بے حد عزیز ہیں۔ لیکن یہ سب خوبیاں محض رومانی جذباتیت پر مبنی نہیں، بلکہ اس کا سرچشمہ ایک زبردست حقیقت پسندی ہے، جو ایک پسندیدہ آدرش کو روبہ عمل میں لانا چاہتی ہے۔ یہی وجہ ہے کہ ناول نگار اپنی زمین سے بڑی مضبوطی کے ساتھ وابستہ ہے۔ وہ نہ صرف دیہات کی کھلی، صاف اور روشن فضا کا شیدائی ہے، بلکہ گاؤں کی مشکلات سے بھی واقف ہے۔[۲۱۸]

১৯১৪ খ্রিস্টাব্দে কাশ্মিরী লাল জাকিরের শেষ উপন্যাস لال چوک (লাল চোক) প্রকাশিত হয় । উপন্যাসটিতে বহু শতাব্দী ধরে বিদ্যমান সামজিক আন্দোলন এবং হিন্দু মুসলিম ভ্রাতৃত্বের সাধারণ মূল্যবোধের অবক্ষয়কে চিত্রায়ন করা হয়েছে ।[২১৯]

তেজ বাহাদুর ভানঃ তেজ বাহাদুর ভান ১৯৩১ খ্রিস্টাব্দে শ্রীনগরে জন্মগ্রহণ করেন । তিনি একজন বুদ্ধিমান ঔপন্যাসিক ছিলেন । তেজ বাহাদুর سیلاب اور قطرے (ছয়লাব অওর ফিত্রে) শীর্ষক একটি উপন্যাস লিখেছেন, যা ১৯৬৭ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল ।[২২০] তার উপন্যাসের বিষয় হলো কাশ্মিরী সমাজের দারিদ্র্যে ভরপুর একটি জীবন, যা শাসকশ্রেণির শোষণমূলক ব্যবস্থা দ্বারা শোষণ ও পদদলিত হয় ।

মালিক রাম আনন্দঃ মালিক রাম আনন্দ ১৯৩৯ খ্রিস্টাব্দে ৫ মে জন্মগ্রহণ করেন । তিনি পড়াশুনা শেষ করে সরকারি চাকরিতে যোগদান করেন ।[২২১] তিনি ছাত্র জীবন থেকে সাহিত্যে আগ্রহী হন । তিনি তার সাহিত্য জীবন শুরু করেছিলেন কবিতা দিয়ে এবং তারপরে কথাসাহিত্যে এবং শেষে উপন্যাসের দিকে ঝুঁকে পড়েন । তার উপন্যাসগুলো হলো-

نئے خدا (নয়ে খোদা), بہکتے پھول شبنم آنکھیں (বেহেক্তে ফুল শবনম আঁখে), صلیب اور دیوتا (সালিব অওর দেবতা), اپنے وطن میں اجنبی (আপনে ওয়াতান মে আজনবী) ।[২২২]

বিজয় সুরীঃ বিজয় সুরী ১৯৪১ খ্রিস্টাব্দে পাকিস্তানের মীরপুরে জন্মগ্রহণ করেন এবং ২০০৪ খ্রিস্টাব্দে ৫ই মার্চ জম্মুতে মৃত্যুবরণ করেন। দেশ ভাগের কারণে তাকে জম্মুতে যেতে হয়েছিল এবং সেখানে তিনি মেট্রিক পাস করেন। প্রথমে তিনি একজন সাংবাদিক ছিলেন। তারপর তিনি নাটক বিভাগে আন্তঃমহাদেশীয় হিসেবে যোগদান করেন। তিনি একজন সফল ঔপন্যাসিক। তার প্রথম উপন্যাস ایک ناؤ کاغذ کی (এক নাও কাগজ কী)। এটি ১৯৬৫ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[২২৩] এই উপন্যাসটিতে এমন সব উপাদান রয়েছে যা অবশ্যই একটি সফল উপন্যাসে খুঁজে পাওয়া যায়। এই উপন্যাসটি প্রেম বিষয়ে রচিত। এই উপন্যাসের নায়িকা জোয়ালা এবং নায়ক পাল। তারা দুজনে কলকাতায় পালিয়ে বিয়ে করে; কিন্তু নায়িকার বাবা তাকে জোর করে নিয়ে এসে নায়কের ধোকাবাজ বন্ধু দর্শনের সঙ্গে বিয়ে দেয়। ফলে নায়িকা আত্মহত্যা করে।

জ্যোতিশ্বর পথকঃ জ্যোতিশ্বর পথক ১৯৪০ খ্রিস্টাব্দে ১৭ই অক্টোবর জম্মুতে জন্মগ্রহণ করেন। তার আসল নাম জ্যোতি প্রকাশ গণ্ডোত্রা এবং কলমি নাম জ্যোতিশ্বর পথক। তিনি ইংরেজিতে এম এ ডিগ্রী অর্জন করেন। জ্যোতিশ্বর পথক উর্দু উপন্যাসগুলোর বিবর্তনে একটি গুরুত্বপূর্ণ নাম। তিনি ہجوم (হিজুম) এবং میلی عورت (মেলি আওরাত) নামে দুইটি উপন্যাস লিখেছেন।[২২৪] তার উপন্যাসের বিষয় হলো সামাজিক মূল্যবোধের অবক্ষয়।

সরদার সরণ সিংঃ সরদার সরণ সিং ১৯৩৬ খ্রিস্টাব্দে ২৭শে অক্টোবর কাশ্মিরে জন্ম গ্রহণ করেন। তিনি বি. এস. সি ডিগ্রী অর্জন করেন। তিনি বি. সি. এস পরীক্ষায় পাস করে বনবিভাগে সহকারি বন সংরক্ষক হিসাবে যোগদান করেন। সরণ সিং মূলত একজন পাঞ্জাবি ছোটগল্পকার। তিনি প্রাথমিক বিদ্যালয়ে উর্দু শিখেছিলেন। যদিও তিনি পাঞ্জাবি ছোটগল্পকার তবুও তিনি উর্দুতে ছোটগল্প লিখেছেন। কলেজে পড়া অবস্থায় তার সাহিত্য জীবন শুরু হয়েছিল। উর্দুতে তার ছোটগল্পের সংগ্রহ ننگی دھوپ (নানগী ধুপ), যা ২০০৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[৪৯১]

কেদারনাথ শর্মাঃ কেদারনাথ শর্মা ১৯৩৭ খ্রিস্টাব্দে ১৫ই সেপ্টেম্বর পাকিস্তানের মুলতানে জন্ম গ্রহণ করেন এবং ২০০৭ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন। তিনি উর্দু ও হিন্দিতে এবং ইতিহাসে এম. এ ডিগ্রী অর্জন করেন। তিনি উর্দু, হিন্দি, পাঞ্জাবি এবং ইংরেজি ভাষা জানতেন। তার ছোটগল্পের সংগ্রহগুলো হলো- افسانے اپنے اپنے (২০০০) (আফসানে আপনে আপনে), افسانے اپنے پرائے (২০০৩) (আফসানে আপনে পরায়ে), افسانے اچھے اچھے (আফসানে আচ্ছে আচ্ছে), افسانے پیارے پیارے (২০০৩) (আফসানে পিয়ারে পিয়ারে), افسانے نئے نئے (আফসানে নয়ে নয়ে) ও افسانے نئے پرانے (আফসানে নয়ে পুরানে) [৪৯২]

কেদারনাথ এর ছোটগল্প সম্বন্ধে দিপক বাদকি বলেছেন-

"کدارناتھ آس پاس کے ماحول سے کہانیاں چنتے ہیں اور زندگی کی چھوٹی بڑی گھٹناؤں کو اپنی کہانیوں کا موضوع بناتے ہیں۔ یہی وجہ ہے کہ ان کے افسانوں میں بوقلمونی نظر آتی ہے۔ان کے پلاٹ مربوط ہوتے ہیں اور ان کے خاکے پہلے ہی سے منصوبہ بند طریقے سے طے کیے جاتے ہیں۔ اکثر و بیشتر افسانوں میں افسانہ نگار خود ہی راوی بن کر کہانی سناتا ہے اور اپنے تجربے کو تخیلی پیراہن پہنا کر کہانی کا روپ دے دیتا ہے۔ ان کے افسانے ابتدا سے ہی قاری کو اپنی گرفت میں لیتے ہیں۔ وہ نہ لمبی چوڑی تمہید باندھتے ہیں اور نہ طویل منظر نگاری کا سہارا لے کر اپنی عبارت کو مسجع مرصع کرنے کی کوشش کرتے ہیں۔"[৪৯৩]

বীরেন্দ্র পাটোয়ারীঃ বীরেন্দ্র পাটোয়ারী তার বাবা প্রেমনাথ পাটোয়ারীর কাছে উত্তরাধিকার সূত্রে সাহিত্য পেয়েছেন। ১৯৬৫ খ্রিস্টাব্দে তার প্রথম ছোটগল্প প্রকাশিত হয়েছিল।[৪৯৪] বীরেন্দ্র পাটোয়ারীর ছোটগল্পগুলোতে কেবল ব্যক্তিগত যন্ত্রনার চিহ্নই পাওয়া যায়নি। তার ছোটগল্পে সমাজে প্রচুর পরিমাণে অনিয়ম ও দুর্নীতির ঘটনাও প্রস্ফুটিত হয়েছে। উর্দু সাহিত্যে আধুনিকতার আধিপত্য ছিল এমন সময়ে তার কলম সর্বাধিক সক্রিয় ছিল। তার ছোটগল্পের সংগ্রহগুলো হলো-

فرشتے روتے ہیں (ফেরেশতে রোতে হ্যাঁ) (১৯৮১), دوسری کرن(দোসরী কিরণ) (১৯৮৪), بے چین لمحوں کا تنہا (বেচিন লমহু কা তানহা) (১৯৮৮), اواز سرگوشیوں کی (আওয়াজ সারগুসীও কী) (১৯৯৪), ایک ادھوری کہانی (এক আধুরি কাহানি) (২০০৩), افق (উফক) (২০০৩) دائرے (দায়েরে) (২০১০)।[৪৯৫]

রতন সিং হামেশঃ রতন সিং হামেশের জনপ্রিয় ছোটগল্পগুলো হলো- بدلتے رشتے (বদলতে রেস্তে), سلسلے (সিলসিলে), حسن فطرت میں نہائی زندگی (হুসনে ফিতরত মে নাহায়ি জিন্দেগী) ও مٹھی میں بند خوشبو (মুটঠি মে বন্দ খুশবু)।[৪৯৬]

তার ছোটগল্পগুলোতে তিনি হিমাচলের প্রাকৃতিক দৃশ্যকে সুন্দরভাবে চিত্রায়িত করেছেন। তার ছোটগল্পগুলোতে পার্বত্য অঞ্চলে বসবাসরত শ্রমজীবীদের সাধারণ জীবনযাত্রা, বিস্তৃতি, দারিদ্র্য, পশ্চাৎপদতা এবং শোষণ পরিষ্কারভাবে চিত্রিত হয়েছে। রতন সিং একজন বাস্তববাদী ছোটগল্পকার

যার উদ্দেশ্য প্রাধান্য পায়। তার অন্যতম ছোটগল্প برادر خورد (বেরাদর খুরদ) সম্বন্ধে ড. শাবাব ললিত বলেছেন-

"ہمیش کے دوسرے افسانوں کی طرح برادر خورد کے مکالموں کی لطافت میں کہانی کی گہری مقصدیت اور معنوی تہہ داری مستور رہتی ہے جو بالکل برہنہ ہو کر قاری کے ذہن کو بوجھل نہیں کرتی۔ ان کی مقصدیت کا انداز ایمائی ہے جسے وہ سلیقے اور فنکارانہ رکھ رکھاو سے برتتے اور نباہتے ہیں۔"[৪৯৭]

বিজয় সুরীঃ বিজয় সুরী ছোটবেলা থেকেই ছোটগল্পের প্রতি আগ্রহী ছিলেন। এজন্য তিনি অনেক ছোটগল্প পড়তেন এবং ছোটগল্পকার হওয়ার স্বপ্ন দেখতেন। তার ছোটগল্পের মধ্যে মানব মনোবিজ্ঞান ও হাস্যরস পাওয়া যায়। তার একটি জনপ্রিয় ছোটগল্প হলো- ایک کہانی (এক কাহানি)। তার ছোটগল্পগুলোতে জীবনের ছোট ছোট কথাগুলো সুন্দরভাবে চিত্রায়িত হয়েছে। তার ছোটগল্পের ভাষা খুব মিষ্টি। এ প্রসঙ্গে পুষ্কর নাথ বিজয় সুরীর উপন্যাস 'এক নাও কাগজ কী' এর প্রারম্ভে বলেছেন-

"ان افسانوں میں زندگی کی چھوٹی چھوٹی باتیں نہایت خلوص سے کہی گئی ہیں۔ زبان کی مٹھاس اور جذبے کی صداقت پر محنت کی گئی ہے اور افسانوں کی دلچسپی برقرار رکھنے کے لیے اصل موضوع کو مسخ یا مجروح نہیں ہونے دیا ہے۔"[৪৯৮]

তার ছোটগল্পের সংগ্রহ হলো- آخری سودا (আখেরি সওদা)।

মদন মোহন শর্মাঃ মদন মোহন শর্মা জম্মুর একজন বুদ্ধিমান ছোটগল্পকার ছিলেন। তিনি তার চিন্তা-ভাবনার প্রতি আস্থাশীল ছিলেন এবং নতুন অভিজ্ঞতা দিয়ে তিনি ছোটগল্প লিখতেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো-جہاں گناہ پلتے ہیں (জাহাঁ গুনাহ পালতে হ্যাঁ) چاند کے آنسو (চাঁদ কে আঁসু) [৪৯৯]

গীরধারী লাল খেয়ালঃ গীরধারী লাল খেয়াল ১৯৪৩ খ্রিস্টাব্দে ১৩ই অক্টোবর জুম্মুর রামগড়ে জন্মগ্রহণ করেন। তিনি উর্দুতে এম. এ ডিগ্রী অর্জন করেন। গীরধারী লাল খেয়ালের ছোটগল্পে অসহায় মানুষ ও কৃষক, দরিদ্র এবং বস্তিতে বসবাসরত শ্রমিকদের দুর্দশার গল্প বলা হয়েছে। এছাড়াও অভিজাতদের বিভ্রান্তি এবং বৈষম্য সম্পর্কে ফোকাস করা হয়েছে। তার বিখ্যাত ছোটগল্প چراغ چراغ امیدیں (চেরাগ চেরাগ উমিদে)। এই গল্পে একজন বৃদ্ধ, যিনি অপমান সহ্য করেন না এবং বাড়ি থেকে পালিয়ে এক আশ্রমে আশ্রয় নেন, তবে বন্ধুর ব্যাখ্যাতে তার পুত্র লজ্জায় তাকে ফিরিয়ে নিয়ে আসে। তার আরেকটি ছোটগল্প امانت میں خیانت (আমানত মে খিয়ানত) যা কলকাতায় প্রকাশিত হয়েছিল। এটি একটি বিধবা ও তার মেয়ে পীড়া সম্পর্কে একটি রোমান্টিক গল্প। তার ছোটগল্পের

সংগ্রহ হলো- *چراغ چراغ امیدیں* (চেরাগ চেরাগ উমিদে) এতে ২৫টি ছোটগল্প আছে এবং *آخری پڑاؤ* (আখেরী পাড়াও)।[৫০০]

দিপক কানুলঃ দিপক কানুল তার ছোটগল্পে পশ্চাৎপদ শ্রেণির সমস্যা এবং মানুষের আবেগের নরম দিক অত্যন্ত সুন্দরভাবে তুলে ধরেছেন। তার রীতিটি অত্যন্ত কার্যকর এবং প্রত্যক্ষ যা প্রথম থেকেই পাঠককে মোহিত করে। তার ছোটগল্পের সংগ্রহ হলো- *برف کی آگ* (বরফ কি আগ) ও *پمپوش* (পাম্পুশ)। তার বরফ কী আগ ছোটগল্পের সংগ্রহে ১৪টি ছোটগল্প আছে যার সবগুলো ছোটগল্প কাশ্মির সম্পর্কিত।[৫০১]

কুলদ্বীপ রানাঃ কুলদ্বীপ রানার ছোটগল্পে একটি প্রবাহিত পরিবেশ ছিল যা বস্তবের খুব কাছাকাছি ছিল। তিনি প্রেমচাঁদের ছোটগল্প দ্বারা প্রভাবিত হয়েছিলেন। তার প্রথম দিকের ছোটগল্পগুলোতে প্রেমচাঁদের স্টাইল দৃশ্যমান ছিল। কুলদ্বীপের ছোটগল্পগুলো একটি সুন্দর গদ্য কবিতার মতো। তার বিখ্যাত ছোটগল্পগুলো হলো-

نفرت (নফরত), *ایک خط ایک گیت* (এক খত এক গীত), *زندگی* (জিন্দেগী), *بھوک اور سپنا* (ভুক অওর সপ্না) ও *کرائے کا کمرہ* (কিরায়ে কা কামরা)।

তার অধিকাংশ ছোটগল্পে কাশ্মিরের চিত্র প্রষ্ফুটিত হয়। এ প্রসঙ্গে আব্দুল কাদের সরোরী বলেছেন-

"کلدیپ میں افسانہ نگار کے جوہر ہیں اور وہ اپنے موضوع اور اپنے کرداروں سے بخوبی واقفیت رکھتے ہیں۔ وادی کے دوسرے افسانہ نگاروں کی طرح ان کے افسانوں کا پس منظر بھی عموماً کشمیر کی زندگی ہے، اور کشمیری زندگی کے حسن و قبح کا انھیں عرفان ہے، اکثر وہ نیچے طبقے سے تعلق رکھنے والوں کی زندگی کو موضوع بناتے ہیں۔"[৫০২]

তার ছোটগল্পের সংগ্রহ হলো- *ادھورے خواب* (আধুরে খোয়াব) ও *تنہائیاں* (তানহায়ীয়াঁ)।

রাজেন্দ্র বার্মাঃ রাজেন্দ্র বার্মা ১৯৪৪ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। রাজেন্দ্র বার্মা একজন ছোটগল্পকার হিসেবে সুপরিচিত। তার ছোটগল্পে সামাজিক চেতনা খুঁজে পাওয়া যায়। তার গল্পগুলোতে সাধারণত হিন্দু মধ্যবিত্তকে তুলে ধরেছেন। তার একটি ছোটগল্প *جاکورا کے سائیاں* (জাকুরা খে ছায়ীয়াঁ) যা ২০০১ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এটি একটি শিশুদের গল্প। এছাড়া তিনি আরো ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো- *پتے ہرے پیلے* (পাত্তে হরে পীলে)।[৫০৩]

উপি শাকিরঃ উপি শাকির সাহিত্য জীবন কবিতা দিয়ে শুরু করলেও তিনি একজন সফল ছোটগল্পকার। তার জনপ্রিয় ছোটগল্পগুলো, نئی راہوں کے متلاشی (নয়ী রাহু কে মিতলাশী), مہمل خیال (মোহমাল খেয়াল), جنات کی کانفرنس (জান্নাত কি কানফারেন্স), تحریک (তাহরিক), راج سپتاہ (রাজ সপ্তাহ), تسکین (তাসকীন) ও شان ہند (শানে হিন্দ)। এছাড়াও তিনি অসংখ্য ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো- موسم سرما کی پہلی بارش (২০০৫) (মৌসুম সর্মা কে পেহলি বারিশ) এই সংগ্রহে ৩টি ছোটগল্প ও ২টি উপন্যাস ছিল এবং جیتا ہوں میں (২০০৭) (জিয়তা হু মেঁ)।[৫০৪]

হারবাঁস গঙোত্রাঃ হারবাঁস গঙোত্রা ১৯৪৬ খ্রিস্টাব্দে হিমাচল প্রদেশে জন্ম নেন। তিনি সরকারি চাকরি করতেন। তিনি ছোটবেলা থেকেই ছোটগল্পের প্রতি আগ্রহী ছিলেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো- زاوے (জাবিয়ে) যা ১৯৮৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। এতে ১২টি ছোটগল্প রয়েছে।[৫০৫] তার এই সংগ্রহের বেশির ভাগ গল্পতে হিমাচলের খুব সুন্দর উপত্যকার বর্ণনা রয়েছে। যেখানে দৃশ্যাবলী, রক্তাক্ত মানুষ এবং সভ্যতার চিত্র রয়েছে। এখানে মনস্তাত্ত্বিক বিভ্রান্তি, আমলাতান্ত্রিক কৌশল এবং শোষণ উপাদানও রয়েছে। তার ছোটগল্প সম্বন্ধে ড. শাবাব ললিত বলেছেন-

"زاویے کے افسانوں میں بعض جگہ پلاٹ کے ڈھیلے پن اور تکنیکی کمزوریوں کے باوجود قاری کی دلچسپی آخر تک بنی رہتی ہے۔ یہ افسانے کوری واقعہ نگاری کے باعث کہیں کہیں سپاٹ پن کا شکار نظر آتے ہیں۔ لیکن ان کے تانے بانے کے زیر سطح مصنف کا خلوص، دردمندی انسان دوستی اور اصلاح کا جذبہ ان کو کامیاب کہانیوں کے زمرے میں لا کھڑا کرنے کا جواز مہیا کرتے ہیں۔"[৫০৬]

বিলরাজ বখশঃ বিলরাজ বখশ ১৯৪৯ খ্রিস্টাব্দে ১০ই ডিসেম্বর কাশ্মিরে জন্ম নেন। তার আসল নাম বিলরাজ কুমার বখশ। তিনি ইংরেজি, উর্দু, হিন্দি, পাহাড়ি এবং পাঞ্জাবি ভাষায় দক্ষ ছিলেন। তিনি বি. এস. সি ডিগ্রী অর্জন করেন। তিনি সাংবাদিকতার পেশায় নিযুক্ত ছিলেন। তার প্রথম ছোটগল্প چاندی کا دھواں (চাঁদী কা ধোয়াঁ) ১৯৬৯ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[৫০৭] এছাড়া তিনি অনেক ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো- ایک بوند زندگی (এক বুন্দ জিন্দেগী)। ড. মুশতাক সাদাফ বিলরাজ বখশ-এর 'এক বুন্দ জিন্দেগী' বইয়ে তার ছোটগল্প সম্বন্ধে বলেছেন-

"بلراج بخشی ایک معتبر اور صاف ستھرے کہانی کار ہیں۔ وہ کہانی کو کہانی کی طرح پیش کرتے ہیں۔ وہ ہمیں کسی فریب میں الجھاتے نہیں اور نہ خود الجھتے ہیں بلکہ کہانی کو بڑی معصومیت کے ساتھ بیان کر دیتے ہیں اور اسی لے ان کی کہانیوں میں حسن آفرینی اور حقیقت پسندی کی فضا کا احساس ہوتا ہے جو انھیں انفراد بخشتا ہے۔"[৫০৮]

দিপক বাদকিঃ দিপক বাদকি ১৯৫০ খ্রিস্টাব্দে ১৫ই ফেব্রুয়ারি কাশ্মিরের শ্রীনগরে জন্মগ্রহণ করেন। তার আসল নাম দিপক কুমার বাদকি এবং সাহিত্যিক নাম দিপক বাদকি। তিনি এম. এইচ. সি এবং বি. এড ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি পি. এইচ. ডি ডিগ্রীও অর্জন করেন। দিপক বাদকির প্রথম ছোটগল্প سلمی (সালমী) ১৯৭০ খ্রিস্টাব্দে শ্রীনগরে দৈনিক পত্রিকা 'হামদারদ'-এ প্রকাশিত হয়েছিল।[৫০৯] দিপক বাদকি একজন বাস্তববাদী ছোটগল্পকার। বিজ্ঞানের শিক্ষার্থী হওয়ায় তার ছোটগল্পগুলো বিজ্ঞানভিত্তিক হয়ে থাকে। দিপক বাদকি হিজরত, মানব মনোবিজ্ঞান, রাজনৈতিক ও সামাজিক ইস্যুতে সুন্দর ও সুনির্দিষ্টভাবে ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের তিনটি সংগ্রহ হলো- ادھورے چہرے (১৯৯৯) (আধুরে চেহরে), چنار کے پنجے (২০০৫) (চুনার কে পানজে), زیبرا کراسنگ پر کھڑا آدمی (২০০৭) (জেব্রা ক্রসিং পর খাড়া আদমী)।[৫১০] দিপক বাদকির ছোটগল্প সম্বন্ধে ড. কমর রইস বলেছেন-

"میری فہم یہ ہے کہ آپ نہایت عقلی ذہن اور روشن سوچ رکھتے ہیں جو لگ بھگ آپ کی ہر کہانی سے مترشح ہوتی ہے اس لیے جس مجلہ میں کہیں آپ کی کہانی نظر آتی ہے کوشش کرتا ہوں کہ کسی طرح اسے پڑھ کر لطف اٹھاؤں۔ پچھلے دنوں 'زیبرا کراسنگ۔۔۔' والی کہانی اسی طرح لپک کر پڑھ ڈالی تھی۔اس کی نازک اور معنی خیز رمزیت نے شدت سے متاثر کیا تھا۔ آپ کے تخلیقی ذہن کی انفرادیت، دکھوں اور محرومیوں سے نڈھال انسانی روح کی تلاش میں ہی ملتی ہے۔راجندر سنگھ بیدی کے علاوہ کسی دوسرے کہانی کار کے یہاں ایسا رچا ہوا Compassionate رویہ اور Pathos کم از کم مجھے نظر نہیں آیا۔ کہیں ہے بھی تو سرسری۔ قاری کے دل میں تیر کی طرح نہیں اترتا۔"[৫১১]

জসবন্ত মানহাসঃ জসবন্ত মানহাস ১৯৫০ খ্রিস্টাব্দে জম্মুতে জন্মগ্রহণ করেন।[৫১২] তিনি উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস করেন। তিনি ছোটগল্পের প্রতি আগ্রহী ছিলেন। তিনি সমাজের খারাপ ও ভুল রীতিনীতিগুলোকে তার ছোটগল্পের বিষয়বস্তু হিসেবে গ্রহণ করতেন। তিনি তার ছোটগল্পগুলোতে যে বিষয়গুলো উল্লেখ করেন সেগুলোর মধ্যে রয়েছে অর্থনৈতিক বিশৃঙ্খলা, ব্যক্তির একাকীত্ব, নৈতিক মূল্যবোধের লঙ্ঘন, আনন্দ, ঘুষখোর, যুবক-বৃদ্ধ এবং নারী, সাম্প্রায়িকতা ইত্যাদি। তার ছোটগল্পের সংগ্রহ হলো- مسکراتے ناسور (২০০4) (মুসকারাতে নাসুর), توجہ (২০০২) (তোয়াজ্জা), یادیں (২০০৯) (ইয়াদী) ও اندھیرے اجالے (আন্ধেরে উজালে)।

ইন্দিরা শবনমঃ ইন্দিরা শবনম ইন্দু ১৯৫০ খ্রিস্টাব্দে ২৪ শে নভেম্বর পাকিস্তানের করাচীতে জন্মগ্রহণ করেন। তার আসল নাম ইন্দিরা পুনাওয়াল এবং সাহিত্যিক নাম ইন্দিরা শবনম ইন্দু। তিনি বি. এ

এবং বি. এড ডিগ্রী অর্জন করেন। তার মাতৃভাষা সিন্ধি। এছাড়া তিনি উর্দু, হিন্দি ও মারাঠি ভাষা জানতেন। তার সাহিত্য জীবন কবিতা দিয়ে শুরু হলেও সামাজিক বিষয় নিয়ে অনেক মজার ছোটগল্প লিখেছেন। ছোটগল্পকার নারীবাদী, তাই নারীদের বিষয়গুলো তার ছোটগল্পে প্রস্ফুটিত হয়। তার ছোটগল্পের সংগ্রহ হলো- عبادت (২০০৪) (ইবাদত), ضمیر اپنا اپنا (২০০৮) (জামির আপনা আপনা)।[৫১৩]

আনন্দ লেহেরঃ ছাত্র অবস্থায় আনন্দ লেহের ছোটগল্পের প্রতি আগ্রহী হয়ে উঠেন। তার প্রথম ছোটগল্প پتھر کے آنسو (পাথ্থর কে আঁসু) কলেজ ম্যাগাজিনে সম্ভবত **১৯৭২** খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। তার আদর্শের দিক থেকে তিনি সাহিত্যিক যাত্রা প্রগতিবাদ থেকে শুরু করেছিলেন। তার যাত্রা অত্যন্ত সফলতা অর্জন করেছিল। তিনি সাহিত্যের অনেকগুলো দিকও আবিষ্কার করেছেন। তিনি একজন আধুনিক ছোটগল্পকার। তার চিন্তাভাবনা কৃষণচন্দ্রের মতো। তার ছোটগল্পগুলোতেও রোমান্টিক প্লট এবং চরিত্র রয়েছে। তার ছোটগল্পগুলো আদর্শবাদী ও বস্তুনিষ্ঠ দ্বারা পরিপূর্ণ।

তার ছোটগল্পের সংগ্রহগুলো হলো- سرحد کے اس پار (সারহাদ কে উসপার) এবং انحراف (ইনহেরাফ)।[৫১৪]

বিহারী লাল বিহারীঃ বিহারী লাল বিহারী একজন বুদ্ধিমান ও আধুনিক ছোটগল্পকার। তিনি ছোটগল্প লিখে উর্দু গদ্যসাহিত্যে যে অবদান রেখেছেন তা অতুলনীয়। তার ছোটগল্পের সংগ্রহ হলো- آئینۂ زندگی کے (আয়নে জিন্দেগী কে) যা ১৯৯০ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[৫১৫] এই সংগ্রহ সম্বন্ধে ড. শাবাব ললিত বলেছেন-

"ان (مجموعۂ آئینۂ زندگی کے) میں سے چند کہانیاں انھوں نے ہلکے پھلکے مزانیہ رنگ میں لکھی ہیں، جیسے کہ 'اپریل فول'، 'مالِ غنیمت'، کنبہ بندی، وغیرہ۔ یہ ان کی طبعی بذلہ سنجی اور باغ و بہار طبیعت کی عکاس ہیں۔ان کی سنجیدہ کہانیوں میں مقصدیت اور افادیت کی ایک زیریں لہر دوڑتی ہے جو کہانی کے اختتام پر اُبھر کر سامنے آجاتی ہے۔"[৫১৬]

বালুনাত সিংঃ বালুনাত সিং বিংশ শতাব্দীর শেষের দিকের একজন স্বনামধন্য ছোটগল্পকার। তিনি ১৯ বছর বয়সে سزا (সাজা) নামে একটি ছোটগল্প লিখেছেন এবং ২৩ বছর বয়সে তার ছোটগল্পের সংগ্রহ جاگا (জাগা) প্রকাশিত হয়েছিল, যা খুব জনপ্রিয় হয়েছিল। তার আরেকটি ছোটগল্প کٹھن ڈگریا (কঠিন ডিগরীয়া) যথেষ্ট জনপ্রিয় হয়েছিল। বালুনাত সিংয়ের ছোটগল্পে পাঞ্জাবের গ্রামগুলো বিশেষত

মাঝিয়া অঞ্চলের জীবনের প্রতিটি বিষয় উপস্থাপন করা হয়। তিনি উর্দু ভাষার সাথে পাঞ্জাবি রীতি এবং কৃষকদের জীবনী তার লিখনীর মাধ্যমে তুলে ধরেছেন। বালুনাত সিং ছোটগল্পে শিখদের জীবনকেও চিত্রায়িত করেছেন। তার ছোটগল্পের চরিত্রগুলোর মধ্যে রয়েছে জগা বিনতি সিং, কর্ণেল সিং, দিলীপ সিং প্রমুখ। তিনি রোমান্সে বিশ্বাস করেন যার মধ্যে মানসিকতা তীব্রতা প্রেমের মর্যাদা এবং মন্দকে ভালো পরিণত করার শক্তি রয়েছে। তার ছোটগল্পের সংগ্রহ হচ্ছে- جاگا (জাগা) (১৯৪৩), نارو پود (নারোপুদ) (১৯৪৪), ہندوستان ہمارا (হিন্দুস্তান হামারা) (১৯৪৭), سنہرا دیس (সুনাহারা দেশ), چراغ کا بجھنا اور دوسرے افسانے (চেরাগ কা বুঝনা অওর দোসরে আফসানে), پہلا پتھر (পেহলা পাথ্থর), پنجاب کی کہانیاں (পাঞ্জাব কি কাহানিয়াঁ) ও میں ضرور روؤں گی (মে জরুর রোওন্গী)।[৫১৭]

ঠাকুর পুঞ্জিঃ ঠাকুর পুঞ্জি উর্দু গদ্য সাহিত্যে উপন্যাস লিখে অনেক খ্যাতি অর্জন করেছেন। তিনি অসংখ্য ছোটগল্পও লিখেছেন তবে মাত্র দুটি সংগ্রহ প্রকাশ করেছেন। তার প্রথম ছোটগল্প راجہ (রাজা) স্কুল ম্যাগাজিনে প্রকাশিত হয়েছিল। তার ছোটগল্পে পাহাড়ের কোলে বাস করা গ্রামের হতদরিদ্র, সরল-নিরীহ মানুষদের শোকের কান্না শোনা যায়। ঠাকুর সাহেব মানুষের মন, রাজনীতি, সমাজকে খুব গভীরভাবে পর্যবেক্ষণ করতেন এবং সেগুলো তার গল্পে অতি সহজে তুলে ধরতেন। এ প্রসঙ্গে নুরশাহ বলেছেন-

"ٹھاکر پونچھی انسانی نفسیات اور سیاسی و سماجی باریکیوں پر گہری نظر رکھتے تھے۔ مدھم سروں میں انسانی فطرت کا فنکارانہ چابکدستی سے عکاسی کرتے تھے۔ انداز نگارش کی دلکشی و دلاویزی اور فنی بلندیوں کا متزاج ٹھاکر پونچھی کے فن کی خوبی رہی ہے۔"[৫১৮]

তিনি তার জীবনে অনেকগুলো ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো- زندگی کی دوڑ (জিন্দেগী কি দৌড়) (১৯৫৯) এতে ১০টি ছোটগল্প আছে এবং چناروں کے چاند (চুনারোঁ কে চাঁদ)।[৫১৯]

রামলালঃ রামলাল উর্দু উপন্যাসে যেমন অবদান রেখেছেন, তেমনি ছোটগল্পেও বিশেষ অবদান রেখেছেন। উর্দু ছোটগল্পে একটি নির্ভরযোগ্য ও জনপ্রিয় নাম রামলাল। রামলাল স্বাধীনতার আগে লেখালেখি শুরু করেছিলেন এবং আশির দশক পর্যন্ত সক্রিয় ছিলেন। তার প্রথম ছোটগল্প تھوک (থোক) যা সাপ্তাহিক পত্রিকা "খায়াম" লাহোরে ১৯৪৮ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[৫২০] কৃষণচন্দ্র ও শাহাদত হোসেন মিন্টোর প্রভাব তার প্রাথমিক ছোটগল্পগুলোতে স্পষ্ট হয়ে উঠে। পরে তিনি তার নিজস্ব রীতি গ্রহণ করেছিলেন যা প্রেমচাঁদের ঐতিহ্যের নিকটবর্তী ছিল। এই প্রক্রিয়াটি তার ছোটগল্পে

সাধারণত প্রবাহিত হয় এবং তার ছোটগল্পের চরিত্রগুলো সমাজের পিছিয়ে পড়া শ্রেণির অন্তর্গত। উর্দু প্রীতি এবং ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গির কারণে তিনি ভারতের চেয়ে পাকিস্তানে বেশি জনপ্রিয়তা অর্জন করেন। তার দক্ষতা তাকে উর্দু সংঘের প্রাণবন্ত করে তুলেছিল। নারীদের সম্মান, খ্যাতি সবকিছু তিনি তার গল্পে তুলে ধরেন। এ প্রসঙ্গে ডক্টর গিয়ানচাঁদ বলেছেন-

"رام لعل جہاں کسی خاتون کو دیکھتے ہیں، سب سے پہلے ان کے حسن کو ناپتے ہیں۔"[৫২১]

তিনি মনোবিজ্ঞান এবং যৌন বিষয়ে অনেক সুন্দর ছোটগল্প লিখেছেন। যেহেতু রামলাল রেলপথে নিযুক্ত ছিলেন তাই তিনি বিভিন্ন জায়গা দেখার এবং বিভিন্ন চরিত্রের সাথে সাক্ষাত করার সুযোগ পেয়েছিলেন যা তার ছোটগল্পের বিষয়বস্তু ছিল। তার তিনটি ছোটগল্প- ادسی (উদসী), نئی دھرتی پرانے لوگ (নয়ি ধরতী পুরানে লোগ) ও ایک شہر پاکستان کا (এক শহর পাকিস্তান কা) খুব জনপ্রিয় হয়েছিল। এছাড়া তার অনেক বিখ্যাত বিখ্যাত ছোটগল্প রয়েছে। তিনি প্রায় দু'শটি ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহগুলো হচ্ছে-

آئینے (আয়েনে) (১৯৪৫), انقلاب آنے تک (ইনকিলাব আনে তক) (১৯৪৯), جو عورت ننگی ہے জো আওরাত নানগি হ্যা) (১৯৪৯), وہ مسکرائے گی(ও মুসকারায়ে গী), نئی دھرتی پرانے گیت (নয়ী ধরতী পুরানে গীত) (১৯৫৮), گلی گلی (গলি গলি) (১৯৬২), آواز تو پہچانو (আওয়াজ তু পেহচানো) (১৯৬৩), چراغوں کا سفر (চেরাগু কা সফর) (১৯৬৬), انتظار کے قیدی (ইনতেজার কে কয়েদি) (১৯৬৭), کل کی باتیں(কুল কি বাতে) (১৯৬৭), اکھڑے ہوئے لوگ (উখড়ে হোয়ে লোগ) (১৯৬৭), گزرتے لمحوں کی چاپ (গুজরতে লমহু কি চাপ) (১৯৭৪), معصوم آنکھوں کا بھرم (মা'সুম আঁখে কা ভ্রম) (১৯৭৭), رام لعل کے منتخب افسانے(রাম লাল কে মুনতাখাব আফসানে) (১৯৮৫)।[৫২২]

এম এম রাজেন্দ্রঃ এম এম রাজেন্দ্র একজন বিখ্যাত ছোটগল্পকার। তার লেখনী বিভিন্ন ধারায় ছিল। তিনি উপন্যাস লিখতেন, তবে তার ছোটগল্প বেশি সাফল্যমণ্ডিত হয়েছিল। তার ছোটগল্পে রোমান্টিকতা, বাস্তবতা রয়েছে যা বারবার তার কাল্পনিক জগতকে স্পর্শ করে। একটি সভ্য সমাজ যেখানে জাতি, ধর্ম, বর্ণ এবং শ্রেণি নয়, যেখানে আন্তরিকতা এবং নৈতিকতার প্রাচুর্য রয়েছে এবং যেখানে মানবতা দেখা যায়। এগুলোকেই তিনি তার গল্পের বিষয় করতে চান। তার গল্পগুলো গ্রামীন জীবন এবং হিন্দু মুসলিম চরিত্রগুলো দরিদ্র এবং মধ্যবিত্ত শ্রেণির অন্তর্গত বলে মনে হয়। তিনি অনেক ছোটগল্প লিখেছেন, যার মধ্যে রয়েছে- خوشیوں کی بارات (খুশিও কি বারাত)। এর মধ্যে রয়েছে

আন্তরিকতা এবং নিঃস্বার্থতার একটি গল্প, যেখানে একজন মানুষ তার ব্যক্তিত্বকে এক করে পুরো গ্রামে সমৃদ্ধি এনে দেয়। তার আরেকটি ছোটগল্প ایک سبک (এক সবক), এটি এমন এক গল্প যেখানে একজন ব্যক্তি তার দুটো স্ত্রীদের কাছ থেকে জ্ঞানার্জন করেন। کاکا سنکر کا مندر (কাকা শংকর কি মন্দির) তার এমন একটি ছোটগল্প যা গদ্য সাহিত্যকে সমৃদ্ধ করেছে। এ গল্প একজন নিরক্ষর, নীতিগত নিরপেক্ষ কারিগর, কুস্তিগীরের গল্প যার আগে, এমনকি শিক্ষিত লোকেরা মাথা নত করে। তার আরো একটি ছোটগল্প جات نہ پوچھو سادھو کی (জাত না পুছো সাধু কি) গল্পটিতে জোর দেওয়া হয়েছিল যে ঈশ্বরের জপগুলোতে আধ্যাত্মিক শক্তি রয়েছে, যাদের কোনো ধর্ম নেই এবং জাত নেই তাদের সরলতা এবং তাদের প্রতি মানুষের আস্থা তাদের জন্য যথেষ্ট। তার ছোটগল্পের সংগ্রহ হলো- نقوش (১৯৪৯) (নাকুশ), کھوکھلے انبار (১৯৫৪) (খোখলে আনবার)।[৫২৩]

দেশ চিত্রাকরঃ দেশ চিত্রাকর সাহিত্যিক নাম এবং আসল নাম এইসপি মালহোত্রা। তিনি ১৯২৩ খ্রিস্টাব্দে ১৮ই নভেম্বর পাকিস্তানের গৌহাটে জন্ম নেন। তিনি বি. এ ডিগ্রী অর্জন করেন। শৈশব থেকেই তিনি সাহিত্যের দিকে ঝুঁকে পড়েন। তিনি ছোটগল্প লিখে উর্দু গদ্য সাহিত্যে বিশেষ স্থান দখল করেছেন। তার প্রথম ছোটগল্প تین چہرے (তিন চেহরে) যা ১৯৬০ খ্রিস্টাব্দে 'আজকাল' পত্রিকায় নয়াদিল্লীতে প্রকাশিত হয়েছিল। তার ছোটগল্পের সংগ্রহ হলো- شمشیر وسناں اول (১৯৮৬) (শামশীর ও সুনান আওয়াল), عورت ایک روپ انیک (আওরাত এক রূপ অনেক)।[৫২৪]

জোগিন্দর পালঃ জোগিন্দর পাল শুরু থেকে উর্দু, হিন্দি ও ইংরেজি ছোটগল্পের আগ্রহী ছিলেন। কৃষণচন্দ্র, মিন্টো, বেদী থেকে তিনি প্রভাবিত হয়েছিলেন। তার প্রথম গল্প تیاگ سے پہلے (তৈয়াগ সে পেহলে) মাসিক পত্রিকা "সাকী" দিল্লীতে ১৯৭৫ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। তিনি বিভিন্ন জায়গায় হিজরত করতেন, সে জন্য তার ছোটগল্পে আফ্রিকান জীবনের বিভিন্ন দিক, ভারতীয় সমাজের গুরুত্বপূর্ণ মূল্যবোধ এবং নতুন রাজনীতি ও রাজনৈতিক পরিবর্তন, দক্ষতার সাথে চিত্রিত করেছেন। তিনি অত্যন্ত সহজ ভাষায় এবং আন্তরিকতার সাথে তার ছোটগল্প রচনা করেন। তিনি তার ছোটগল্পে প্রচুর প্রতীক, রূপক এবং আরো অনেক কিছু ব্যবহার করেছেন। তিনি ছোটগল্পের সাথে এমনভাবে জড়িয়ে আছেন যেন, এটি তার জীবনের একটি অঙ্গ হিসেবে গড়ে উঠেছে। তিনি তার জীবনে অনেকগুলো ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংকলনগুলো হলো-

دھرتی کا کال (ধরতী কা কাল) (১৯৬১), مٹی کے اور ایک (মিট্টি কে অওর এক) (১৯৭১), میں کیوں سوچوں (মে কেউ সোচু), رسائی (রসায়ী), لیکن (লেকিন), سلوٹین (সলুটিন) (১৯৭৫), بے محاورہ (বে মহাবারাহ), بے ارادہ (বেইরাদাহ), کتھانگر (কথাঙ্গীর) (১৯৮৬), کھلا (খোলা) (১৮৮৯), کھود بابا کا مقبرہ (খোদ বাবা কা মাকবারাহ), جوگندر پال کے افسانوں کا انتخاب (জোগিন্দর পাল কে আফসানোঁ কা ইন্তিখাব), جوگندر پال کے شاہکار افسانے (জোগিন্দর পাল কো শাহকার আফসানে) (১৯৯৬), پرندے (পারিন্দে) (২০০০), بستیاں (বস্তিয়া) (২০০০), نہیں رحمان بابو (নেহি রহমান বাবু) (২০০৫)।[৫২৫]

রতন সিংঃ রতন সিং ১৯৪৭ খ্রিস্টাব্দে দেশ বিভাগের পর পাঞ্জাবিতে কবিতা লিখতে শুরু করেছিলেন। তবে তার সহকর্মী রামমলের পরামর্শে তিনি ছোটগল্পের প্রতি আকৃষ্ট হয়ে উঠেন। রতন সিং এর ছোটগল্পে ভারতীয় সভ্যতার পুনরুদ্ধার দেখা যায়। তিনি তার ছোটগল্পের মাধ্যমে সত্যকে সামনে আনতে চেয়েছিলেন। যেমন তার ছোটগল্প چاچا گور بخش سنگھ (চাচা গোর বখশ সিং), যেখানে আসল চরিত্র চাচা গোরবখশের মতো জীবনে কিছু সত্য প্রকাশ করেন। তার আরেকটি ছোটগল্প ایک تھا دانشور (এক থা দানশুর)। এখানে লেখক বোঝাতে চেয়েছিলেন যে, যে জাতি বুদ্ধিজীবীদের সম্মান করে সে জাতি উন্নতির শিখরে যেতে পারে এবং بوجھ (বোঝ) ছোটগল্পে লেখক ভারতীয় অতিথি ও তার চূড়ান্ত চিত্র চিত্রায়িত করেন। তার حوصلہ (হোসলা) ছোটগল্পে শিশুরা দ্রুত বেড়ে উঠার জন্য আগ্রহী, তবে যতো তাড়াতাড়ি বড় হয় ততো তাদের অনুভূতি বাড়তে থাকে তা দেখানো হয়েছে। এছাড়া রতন সিং এর ہزاروں سال لمبی رات (হাজারোঁ সাল লম্বি রাত) ছোটগল্প সাহিত্যে নিজের জায়গায় তৈরি করেছে। দেশের মানুষের মানসিক বিশ্লেষণ এবং মূল্যবোধের পতন তার ছোটগল্পের বিষয়। তার ছোটগল্পের সংগ্রহগুলো হলো-

پہلی آواز (পেহলি আওয়াজ) (১৯৬৯), پنجرے کا آدمی (পিঞ্জীরে কা আদমী) (১৯৭২), کاٹھ کا گھوڑا (কাঠ কা ঘোড়া), پناہ گاہ (পানাহ গাহ), پانی پر لکھا نام صبح کی پری (পানি পর লিখা নাম সুবহে কি পরী), مانک موتی (মানিক মোতী)।[৫২৬]

মোহন ইয়াবারঃ মোহন ইয়াবার দেশভাগের আগে সাহিত্য জীবন শুরু করেছিলেন; কিন্তু স্বাধীনতার পরে তিনি ছোটগল্প রচনা করতে থাকেন। তার গল্প কাহিনিতে তিনি জীবনের নতুন দিক উন্মোচনের

চেষ্টা করেছেন। তার ছোটগল্পগুলো মানব সচেতনতা এবং মানব মনোবিজ্ঞানের অভিজ্ঞতায় পরিপূর্ণ। তার ছোটগল্প সম্বন্ধে নুর শাহ বলেছেন-

"موہن یاور کے افسانوں کی سب سے بڑی خوبی یہ تھی کہ وہ اپنے اس پاس سے کہانیوں کا مواد سمیٹ لیتے تھے، واقعت کی دنیا سے زندہ کردار منتخب کرتے تھے اور پھر انہیں فن اور تکنیک کے قالب میں ڈھال دیتے تھے۔ وہ انسانی نفسیات پر بھی کافی گہری نظر رکھتے تھے۔ ان کے افسانوں میں انسانیت کا گہرا خلوص بھی ملتا ہے۔"[৫২৭]

তার ছোটগল্পের সংগ্রহগুলো হলো- وہسکی کی بوتل(ওহসকী কি বোতল) (১৯৫৮) এতে ১২টি ছোটগল্প রয়েছে। سیاہ تاج محل(সিয়া তাজমহল) (১৯৬১)। تیسری آنکھ (তেসরী আঁখ)। دو کنارے (দো কিনারে)।[৫২৮]

রামকুমার আবরুলঃ রামকুমার আবরুল তার সাহিত্য জীবন শুরু করেছিলেন ছোটগল্প দিয়ে। তার ছোটগল্পগুলোতে প্রকৃতিবাদ এর ধারা স্পষ্ট। তার ছোটগল্পের সংগ্রহ হলো- بے بنگلہ بے بھارت (বে বাংলা বে ভারত)। এই সংগ্রহের প্রায় সব ছোটগল্প বাংলাদেশের স্বাধীনতা বিষয়ক।[৫২৯]

শরণ কুমার বার্মাঃ শরণ কুমার বার্মা একজন প্রখ্যাত ছোটগল্পকার। তার প্রথম ছোটগল্প پردیسی (পারদেশী) যা ১৯৪৬ খ্রিস্টাব্দে কলেজ ম্যাগাজিনে ছাপা হয়েছিল। তার অধিকাংশ গল্পই প্রবীনদের জীবন ও সমস্যার প্রতিফলন করে, যেখানে একাকীত্ব এবং অসচ্ছলতা পাওয়া যায়। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

نیم کے پتے (নিম কে পাত্তে) (১৯৬০), گرتے ہوئے درخت (গিরতে হুয়ে দরখত), دل دریا(দিল দরিয়া) (১৯৮৫), جنگل(জঙ্গল) (২০০১), راگ رام کلی(রাগ রাম কলী) (১৯৭০)।[৫৩০]

নন্দকিশোর বিক্রমঃ নন্দকিশোর বিক্রম একজন জনপ্রিয় ঔপন্যাসিক ছিলেন। কিন্তু ছোটগল্পেও তার নান্দনিকতা কোন অংশে কম নয়। তার প্রথম ছোটগল্প ادیب (আদিব) মাসিক পত্রিকা 'নিরালা' ১৯৪১ খ্রিস্টাব্দে দিল্লীতে ছাপা হয়েছিল। তার ছোটগল্পগুলো বাস্তব ধর্মী এবং এতে দেশভাগের চিত্রও দেখা যায়। তার ছোটগল্পে দেশভাগের সময়ের সমস্যা ও সামাজিকীকরণ প্রাধান্য পেয়েছিল। তার ছোটগল্পের সংগ্রহ হলো- منتخب افسانے (মুনতাখাব আফসানে) (১৯৮২) ও آدھا سچ (১৯৭০) (আধা সাচ)।[৫৩১]

শান্তি রঞ্জন ভট্টাচার্যঃ শান্তি রঞ্জন ভট্টাচার্য একজন ছোটগল্পকার হিসেবে উর্দু গদ্য সাহিত্যে এক উজ্জ্বল নাম। শান্তি রঞ্জন ভট্টাচার্য মূলত একজন গবেষক, তবে তিনি সাহিত্য জীবন শুরু করেছিলেন

ছোটগল্পের মাধ্যমে। তিনি বাংলাদেশে জন্মগ্রহণ করলেও উর্দু ছোটগল্পে একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছেন। তিনি ১৯৪৮ খ্রিস্টাব্দে কলম তুলেছিলেন। তার প্রথম গল্প *امر کہانی نمرا* (অমর কাহানি নাম্বারা), যা ১৯৫১ খ্রিস্টাব্দে 'পিয়াম' নামে দৈনিক পত্রিকায় হায়দ্রাবাদে প্রকাশিত হয়েছিল। তারপর থেকে সে সময় তার সব ছোটগল্প হায়দ্রাবাদের বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হতে থাকে। তার ছোটগল্পগুলো দারিদ্র্য, বেকারত্ব এবং কৃষকদের দুর্দশার প্রতিফলন ঘটায়। শান্তি রঞ্জন ভট্টাচার্য সম্পর্কে মোঃ ইমরানকোরেশী বলেছেন-

"اس طرح شانتی رنجن بھٹاچاریہ نے اپنے زمانے کے واقعات وحالات ہی کو اپنے افسانوں میں کامیابی اور خوبصورتی کے ساتھ پیش کردیا ہے انھوں نے حسن وعشق کے قصے نہیں سنائے ہیں بلکہ حیدر آباد کی تلنگانہ تحریک اور بنگال کی کمیونسٹ تحریک سے جڑے رہتے ہوئے جس زمینی سچائی کو دیکھا اور محسوس کیا تھا اسے افسانے کی شکل میں پیش کردیا۔"[৫৩২]

তার ছোটগল্পের সংগ্রহ হলো- *راہ کانٹا* (রাহ কাঁটা) (১৯৬০) ও *شاعر کی شادی* (শায়ের কি শাদী)।[৫৩৩]

সত্বীয়াপাল আনন্দঃ সত্বীয়াপাল আনন্দের সাহিত্য জীবন আনুষ্ঠানিকভাবে পঞ্চম দশকে শুরু হয়েছিল। তার প্রথম ছোটগল্পের সংগ্রহ ১৯৫৩ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। তিনি শিয়া ও বিংশ শতাব্দীর জন্য শতাধিক ছোটগল্প লিখেছেন। আনন্দের ছোটগল্পে জীবনের বিভিন্ন রং পাওয়া যায়। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

جینے کے لیے (জিনে কে লিয়ে) (১৯৫৪), *اپنے مرکز کی طرف* (আপনে মারকায কি তরফ) (১৯৫৬), *بستی* (বস্তি) (১৯৫৭), *پچاس اور ایک*(পাচাশ অওর এক), *اپنی اپنی زنجیر*(আপনি আপনি জাঞ্জির) (১৯৯০), *پتھر کی صلیب* (পাথ্থর কি ছালীব)।[৫৩৪]

তেজ বাহাদুর ভানঃ তেজ বাহাদুর ভান ১৯৫১ খ্রিস্টাব্দে লেখা শুরু করেছিলেন। তিনি কালচুরাল কংগ্রেসের সাথে যুক্ত ছিলেন। তাই শুরুতে তিনি বাস্তববাদকে গ্রহণ করেছিলেন কিন্তু রোমান্স থেকে বিচ্যুত হননি। প্রথম দিকে তিনি *لال چیزیں* (লাল চীজেঁ) এবং *سرمایہ دار کا خواب* (সারমায়া দার কা খাব) নামে দুটি ছোটগল্প লিখেছেন, যেখানে সামাজিক ও রাজনৈতিক ইস্যু তুলে ধরেছেন। তার ছোটগল্প সম্বন্ধে নুরশাহ বলেছেন-

"تلاش، جوتے، سہارا، عورت، میری اپنی بچی، اندازہ اور سنتوش بھی مخصوص انداز تحریر کی بدولت مقبول ہوئیں۔ ان کہانیوں میں عام لوگوں کے مسائل ملتے ہیں، متوسط طبقے کی پریشانیاں، دکھ سکھ، ناکامیاں اور محرومیاں ملتی ہیں۔"[৫৩৫]

তার ছোটগল্পের সংগ্রহ হলো-

جہلم کے سینے پر (জোহলাম কে সিনে পর) (১৯৬০), عورت (আওরাত) (১৯৬৫), تلاش (তালাশ) (১৯৮৯)।[৫৩৬]

দিলীপ সিংঃ দিলীপ সিং উর্দু গদ্য সাহিত্যে একজন সুপরিচিত নাম। তিনি উপন্যাস ও ছোটগল্প লিখে উর্দু গদ্য সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। দিলীপ সিং ১৯৮৬ খ্রিস্টাব্দে লেখালেখি শুরু করেছিলেন। তিনি উর্দু, ফারসি, পাঞ্জাবি এবং ইংরেজিতে দক্ষ ছিলেন। তার ছোটগল্পগুলো কৌতুক ও রসিকতায় পরিপূর্ণ ছিল। তার ছোটগল্প سردار ہرکارہ (সর্দার হারকারাহ) খুব জনপ্রিয় হয়েছিল। তার প্রথম ছোটগল্পের সংগ্রহ হলো- سارے جہاں کا درد (১৯৯০) (সারে জাহা কা দারদ) ও দ্বিতীয় گوشے میں قفس کے (১৯৯২) (গোশে মে কফস কে)।[৫৩৭]

গুলশান খান্নাঃ গুলশান খান্না উর্দু গদ্য সাহিত্যে একজন বিশিষ্ট নাম। তিনি ছাত্র অবস্থায় ছোটগল্প রচনা করেন। তার গল্পগুলোতে জীবনের ভাঙ্গা সম্পর্কের তিক্ততা রয়েছে, মানব সম্পর্কের ক্ষেত্রে নৈতিকতা ও চরিত্রের গুরুত্বেও জোর দেওয়া হয়েছে। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

بارش میں ایک آدمی (বারিশ মে এক আদমী), درد جو آنکھوں بہا(দারদ জো আঁখু বাহা), کھوئی کھوئی جنت(খোয়ী খোয়ী জান্নাত), اور انسان جاگ اٹھا(অওর ইনসার জাগ উঠা)।[৫৩৮]

পুষ্কর নাথঃ পুষ্কর নাথ শৈশব থেকে জ্ঞান ও সাহিত্যের প্রতি আগ্রহী ছিলেন। পুষ্কর নাথকে আধুনিক সময়ের অন্যতম জনপ্রিয় ছোটগল্পকার হিসেবে বিবেচনা করা হয়। তার ছোটগল্পগুলো সামাজিক ও রাজনৈতিক সমস্যা, মূল্যবোধ, মনস্তাত্ত্বিক, পারিবারিক ও পরিবেশ ভিত্তিক হয়ে থাকে। তার অধিকাংশ ছোটগল্পগুলো কাশ্মিরী জীবন, মানুষের দারিদ্র্য, দুর্দশা ও অজ্ঞতার প্রতিফলন করে। এ প্রসঙ্গে আব্দুল কাদের সরোরী বলেছেন-

پشکر ناتھ کے افسانوں کا محرک کشمیر کی زندگی اور اس کی حسین فضائیں ہیں، لیکن وہ فطرت کے ان حسین مناظر کے درمیان عوام کی غربت اور ان کا افلاس ایک تضاد ہے، جس کے نقوش وہ بڑی جانکاری کے ساتھ ابھارتے ہیں۔[৫৩৯]

তিনি তার জীবনে অসংখ্য ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

اندھیرے اجالے (আন্ধেরে উজালো) (১৯৬১), ڈل کے باسی (ডাল কে বাসি) (১৯৬৭), عشق کا چاند اندھیرا (ইশক কা চাঁদ আন্ধেরা) (১৯৮১), کانچ کی دنیا(কাঁচ কী দুনিয়া) (১৯৮৪)।

অনিল ঠাকুরঃ অনিল ঠাকুর প্রকৃতপক্ষে একজন নাট্যকার। তবে তিনি উপন্যাস এবং ছোটগল্প লিখেছেন। অনিল ঠাকুরের ছোটগল্পগুলো সমাজের আয়নাস্বরূপ। তিনি তার ছোটগল্পে সমসাময়িক বিষয়গুলো তুলে ধরেছেন। তিনি অনেকগুলো ছোটগল্প লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

گرم برف (গরম বরফ) (১৯৯০), موسمی پرندے (মৌসুমী পারিন্দে) (১৯৯৯)।[৫৪০]

জতীন্দ্র বিল্লুঃ জতীন্দ্র বিল্লু উর্দু গদ্য সাহিত্যে একজন সৃজনশীল লেখক। তিনি উপন্যাস ও ছোটগল্প লিখে উর্দু গদ্য সাহিত্যে অসামান্য অবদান রেখেছেন। পূর্ব ও পাশ্চাত্য সভ্যতা ও মূল্যবোধগুলোর সংঘর্ষ তার ছোটগল্পে স্পষ্টতই দৃশ্যমান। তিনি মনস্তাত্বিক এবং যৌন বিষয়ের উপর লিখতেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

پہچان کی لوگ پر (পেহচান কি লোগ পর) (১৯৮৬) جزیرہ (জাজিরা) (১৯৯৪) نئے دیس میں(নয়ে দেশ মে) (১৯৯৮) سودا (সওদা) (১৯৭০) آخری پڑاؤ (আখেরি পড়াও) (২০১২) انجانا کھیل(আনজানা খেল) (২০০১) درد کی حدسے پر(দারদ কি হাদসে পর) (১৯০০) چکر (চক্কর) (১৯৭০)[৫৪১]

ডক্টর কেওয়াল ধীরঃ ডক্টর কেওয়াল ধীরের دھرتی روپڑی (ধরতী রো পাড়ী) প্রথম ছোটগল্প ১৯৫৮ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। তার ছোটগল্পগুলো একদিকে বাস্তববাদ এবং অন্যদিকে রোমান্সে ভরপুর। তিনি সন্ত্রাসবাদ এবং সম্প্রদায়িক দাঙ্গা নিয়ে লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

بکھری ہوئی زندگی (বিখরী হুয়ী জিন্দেগী) (১৯৮৩) اپنادامن اپنی آگ (আপনা দামন আপনি আগ) (১৯০০)[৫৪২]

মালিক রামঃ মালিক রাম ছাত্র থাকাকালীন সাহিত্যে আগ্রহী ছিলেন। তিনি তার সাহিত্য জীবন ১৯৫৩ খ্রিস্টাব্দে কবিতা দিয়ে শুরু করেন এবং পরে ১৯৫৫ খ্রিস্টাব্দে ছোটগল্প ও উপন্যাসে মনোযোগী হন। তার ছোটগল্পগুলোতে রোমান্স ও বাস্তববাদের মিশ্রণ রয়েছে। তিনি তার ছোটগল্পে মধ্যবিত্তের অত্যন্ত সরলতা ও নির্দোষতার চিত্র তুলে ধরেছেন। তিনি সাধারণের বাইরে গিয়ে তার ছোটগল্পে নতুন নতুন পদ্ধতি অবলম্বন করার চেষ্টা করেছেন। তিনি কোন গল্প বলার সময়, নতুন শৈলী, নতুন থিম এবং নতুন কৌশল নিয়ে আসার জন্য যথাসাধ্য চেষ্টা করেছেন। তার ছোটগল্পের সংগ্রহ হলো-

پیاراور ترازو (পিয়ার অওর তরাজু), عشق ہوگیاہے (ইশক হোগিয়া হ্যা)। عشق میں پھول نہیں (ইশক মে ফুল নেহি) جانے وہ کیسے لوگ تھے (জানে ও কেইসে লোগ থে) شہر کی خوشبو (শহর কি খুশবু) تصویر کے پھول (তাসবির কে ফুল)।[৫৪৩]

অমর মাল মুহীঃ অমর মাল মুহী একজন গঠনমূলক ছোটগল্পকার। চাকরির সময় তিনি উর্দু ছোটগল্পের দিকে ঝুঁকেছিলেন। তার ছোটগল্পগুলোতে সামাজিক ও অর্থনৈতিক উচ্চতা এবং নিম্ন স্তরের বর্ণনা রয়েছে। তার সবচেয়ে জনপ্রিয় গল্প احساس کا کرب (এহসাস কা কারব) ১৯৭৭ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। তার ছোটগল্পের সংগ্রহ হলো-زعفران زار (জাফরান জার)।[৫৪৪]

৩.৪ প্রবন্ধ

গদ্য হলো মানুষের কথ্য ভাষার লেখ্যরূপ। সাহিত্যে বর্ণনামূলক গদ্যকে প্রবন্ধ বলা হয়। প্রবন্ধ সাহিত্যের অন্যতম একটি শাখা। এর সমার্থক শব্দগুলো হলো- সংগ্রহ, রচনা, সন্দর্ভ। প্রবন্ধের বিষয়বস্তু শৈল্পিক, কাল্পনিক, জীবনমুখী, ঐতিহাসিক কিংবা আত্মজীবনীমূলক হয়ে থাকে। প্রবন্ধে মূলত কোন বিষয়কে তুলে ধরে তার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। অর্থাৎ কল্পনা শক্তির ও বুদ্ধিবৃত্তিকে কাজে লাগিয়ে লেখক যে নাতিদীর্ঘ সাহিত্যরূপ সৃষ্টি করেন তাই প্রবন্ধ।[৫৪৫] প্রবন্ধকে ইংরেজিতে Essay বলা হয়। প্রবন্ধের সংজ্ঞায় বলা হয়েছে-

Essay an analytic, interpretative, or critical literary composition usually much shorter and less systematic and formal than a dissertation thesis and usually dealing with its subject from a limited and often personal point of view.[৫৪৬]

উর্দুতে প্রবন্ধের সংজ্ঞা ফাহিম উদ্দীন নূরী এভাবে দিয়েছেন-

"سمجھانے کے لئے یوں کہا جاسکتا ہے کہ کسی چیز، واقعہ یا بات کے متعلق جو کچھ معلوم ہو اس کی روشنی میں اس چیز یا واقعہ یا بات کے مختلف پہلوؤں پر تحریر کے ذریعہ سے اظہار خیال کئے جانے کو مضمون کہتے ہیں"[৫৪৭]

উর্দুতে গদ্যের প্রবর্তক হচ্ছেন স্যার সৈয়দ আহমদ খান তার আগে গদ্যের ধারা ছিল না শুধু পদ্য লিখা হতো। তিনিই প্রথম গদ্যকে জনসাধারণের সামনে নিয়ে এসেছেন। অর্থাৎ প্রবন্ধ তার হাত ধরেই উর্দুতে এসেছে। একথা নির্দ্বিধায় বলা যায় যে, উর্দু সাহিত্যে প্রথম প্রাবন্ধিক হচ্ছেন স্যার সৈয়দ আহমদ খান। যদিও উর্দু গদ্য সাহিত্যের প্রবন্ধে মুসলিম সাহিত্যিকদের অবদান বেশি তবুও প্রবন্ধে অমুসলিম সাহিত্যিকরা অল্প বিস্তর অবদান রেখেছেন।

কৃষণচন্দ্রঃ অমুসলিম সাহিত্যিকদের মধ্যে কৃষণচন্দ্র প্রবন্ধে সবচেয়ে বেশি অবদান রেখেছেন। তিনি গদ্য সাহিত্যে উপন্যাস, নাটক, ছোটগল্প লিখে যেমন চিরস্মরণীয় হয়ে আছেন তেমনি প্রবন্ধ লিখেও উর্দু গদ্য সাহিত্যে বিশেষ খ্যাতি অর্জন করেছেন। তিনি তার লেখনীর মাধ্যমে সমাজের বিভিন্ন দিক তুলে ধরেন। প্রবন্ধের মাধ্যমেও তিনি সমাজের ভালো খারাপ দিকগুলো অত্যন্ত সুন্দরভাবে তুলে

ধরেছেন। তার উল্লেখযোগ্য প্রবন্ধ হলো- غلط فہمی (গলত ফেহমি), بدصورتی (বদ সুরতি), گانا (গানা), رونا (রোনা), جان پہچان (জান পেহচান) ইত্যাদি। এছাড়া তার আরো অনেক প্রবন্ধ রয়েছে। তার প্রবন্ধের সংকলনগুলো হলো مضامین کرشن چندر (মাজামিনে কৃষণচন্দ্র) چڑیوں کی الف لیلی (চিড়িয়োঁ কী আলিফ লায়লা), دیوتا اور کسان (দেবতা অওর কিসান)।

পণ্ডিত ব্রজ মোহন দাতাতরিয়া কাইফীঃ পণ্ডিত দাতাতরিয়া কাইফী উর্দু পদ্য ও গদ্য সাহিত্যে দাপটের সাথে অবদান রেখেছেন। এ প্রসঙ্গে আল্লামা আখলাক দেহলবী বলেছেন-

وہ ادیب تھے، شاعر تھے۔ شاعر گر تھے۔ زبان دان تھے۔ اہل زبان تھے۔ اور نفسیات زبان کے ماہر تھے۔[৫৪৮]

তিনি উর্দু কাব্য সাহিত্যে যেমন উজ্জ্বল নক্ষত্র তেমনি গদ্য সাহিত্যে সমুজ্জ্বল। তিনি উর্দু সাহিত্যে যেমন উপন্যাস লিখে অনেক সুনাম অর্জন করেছেন তেমনি প্রবন্ধে অশেষ অবদান রেখেছেন। তিনি অনেকগুলো প্রবন্ধ লিখেছেন। তার প্রবন্ধের সংগ্রহ হলো- ہماری زبان (হামারি জবান)।

পণ্ডিত কিষণ পরশাদ কোলঃ পণ্ডিত কিষণ পরশাদ কোল উর্দু গদ্য সাহিত্যে একটি বিশেষ নাম। তিনি উপন্যাস, ছোটগল্প এবং নাটক লিখে উর্দু গদ্য সাহিত্যে নিজের অবস্থান দখল করে নিয়েছেন। তিনি প্রবন্ধেও বিশেষ অবদান রেখেছেন। তিনি ঐতিহাসিক প্রবন্ধগুলো বেশি লিখতেন। তার প্রবন্ধের বইগুলো হচ্ছে- انقلاب روس (ইনকিলাবে রুশ) যা ১৯৩৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। ہندوستان کا نیا دستوار حکومت (হিন্দুস্তান কা নয়া দাস্তুয়ারে হুকুমাত) এটিও ১৯৩৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল। انڈیا نیشنل کانگریس (ইন্ডিয়া ন্যাশনাল কংগ্রেস) এবং ادبی اور قومی تذکرے (আদবি অওর কওমী তাজকিরে)।[৫৪৯]

জিয়া ফতেহ আবাদীঃ জিয়া ফতেহ আবাদী প্রকৃতপক্ষে একজন কবি ছিলেন। তবুও তিনি গদ্য সাহিত্যে অসামান্য অবদান রেখেছেন। তিনি উর্দু গদ্য সাহিত্যে ছোটগল্প ও প্রবন্ধ লিখেছেন। তার ছোটগল্পের সংগ্রহ মাত্র একটি; কিন্তু প্রবন্ধের সংগ্রহ রয়েছে ৩টি। অর্থাৎ তিনি ছোগটল্পের চেয়ে প্রবন্ধ বেশি লিখেছেন। তার প্রবন্ধের সংগ্রহগুলো হলো- شعر و شاعر (শের ও শায়ের) ১৯৭৪ খ্রি., اویہ نگاں (আওইয়ায়ে নিগাঁ) ১৯৮৩ এবং مضامین ضیا پر صدارت (মাজামিন জিয়া পর সদারাত) ১৯৮৫ খ্রি.।[৫৫০]

শান্তি রঞ্জন ভট্টাচার্যঃ শান্তি রঞ্জন ভট্টাচার্য উর্দু গদ্য সাহিত্যে এক উজ্জ্বল নক্ষত্র। তিনি একাধারে ঔপন্যাসিক, ছোটগল্পকার, প্রবন্ধকার ও সমালোচক হিসেবে উর্দু গদ্য সাহিত্যে বিশেষ স্থান দখল করে আছেন। তিনি বাংলাদেশের একমাত্র উর্দু অমুসলিম সাহিত্যিক। তিনি তার লেখনীর মাধ্যমে পশ্চিম বঙ্গের কৃষ্টিকালচার, সংস্কৃতি সবকিছুই সুনিপুনভাবে তুলে ধরেছেন। তিনি প্রবন্ধ লিখে উর্দু গদ্য সাহিত্যে অশেষ অবদান রেখেছেন। তার প্রবন্ধের সংকলন হচ্ছে- چند مضامین (চান্দ মাজামিন) যা ১৯৭৬ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।[৫৫১]

মাস্টার রামচন্দ্রঃ মাস্টার রামচন্দ্র উর্দু গদ্য সাহিত্যে এক বিশিষ্ট নাম। তিনি ১৮২১ খ্রিস্টাব্দে দিল্লীতে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম সুন্দরলাল। তার বাবা ছোটবেলায় মারা গিয়েছিলেন। তাই তিনি তার মায়ের কাছেই লালিত-পালিত হন। যেহেতু তার পিতা ছিলেন না তাই তিনি বেশি পড়াশুনা করতে পারেন নি। খুব শীঘ্রই চাকরিতে যোগ দেন। কিন্তু তিনি অত্যন্ত মেধাবী হওয়ার কারণে চাকরি ছেড়ে আবার পড়াশুনায় মনোনিবেশ করেন। তিনি বিভিন্ন পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন। তিনি যেহেতু পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন সেহেতু বিজ্ঞান বিষয়ে অনেক প্রবন্ধ লিখতেন এবং সেগুলো পত্রিকায় প্রকাশ করতেন। তার একটি উল্লেখযোগ্য প্রবন্ধ হলো- علم الحساب (ইলমুল হিসাব)। তিনি দিল্লী কলেজের শিক্ষক ছিলেন এবং তার এগারোটি বই প্রকাশিত হয়েছিল।[৫৫২]

৩.৫ সাংবাদিকতা

সংবাদ মূলত মুদ্রণজগৎ, সম্প্রচার কেন্দ্র, ইন্টারনেট অথবা তৃতীয় পক্ষের মুখপাত্র-কিংবা গণমাধ্যমে উপস্থাপিত বর্তমান ঘটনাপ্রবাহের একগুচ্ছ নির্বাচিত তথ্যের সমষ্টি যা যোগাযোগের আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পন্ন করে।[৫৫৩] এক কথায় বলা যায়- সংবাদ হলো চলতি ঘটনার বস্তুনিষ্ঠ বিবরণ যা পাঠকের আগ্রহ উদ্দীপিত করে। সংবাদ যারা তৈরি করেন তারা হলেন সাংবাদিক। সংবাদিকরা যা করেন, তা হচ্ছে সাংবাদিকতা।

Journalism is the production and distribution of reports on current events based on facts and supported with proof or evidence.[৫৫৪]

উর্দুতে সাংবাদিকতাকে সাহাফত "صحافت" বলা হয়। সাহাফত শব্দটি আরবি শব্দ- صحيفه (সহীফা) থেকে নেওয়া হয়েছে যার আভিধানিক অর্থ প্রকাশিত পৃষ্ঠা।[৫৫৫] আব্দুস সালাম খোরশেদ বলেছেন-

"صحافت کا لفظ صحیفہ سے نکلا ہے اور صحیفہ کے لغوی معنی کتاب یا رسالہ کے ہیں۔ بہر حال عملاً ایک عرصۂ دراز سے صحیفہ سے مراد ایک ایسا مطبوعہ مواد ہے، جو مقررہ وقتوں پر شائع ہوتا ہے۔ چنانچہ تمام اخبارات و رسائل صحیفہ ہیں"[৫৫৬]

সংবাদ সাহিত্যে অমুসলিমদের অবদান তুলে ধরা হলো।

সাদাসুখলালঃ উর্দু সাংবাদিকতায় যে অমুসলিম সাংবাদিক অগ্রণী ভূমিকা পালন করেছেন তিনি হলেন সাদাসুখলাল। তার পরিচয় পাওয়া সম্ভব হয়নি, তবে তিনি চাকরির জন্য কলকাতায় আসেন এবং ফোর্ট উইলিয়াম কলেজের মুন্সী হিসেবে যোগদান করেন। তার সবচেয়ে বড় পরিচয় তিনি কলকাতার প্রথম সংবাদপত্র "جام جہاں نما" (জামে জাহান নুমা) এর সম্পাদক ছিলেন। এই পত্রিকা ২৭ মার্চ ১৮২২ খ্রিস্টাব্দে কলকাতায় প্রকাশিত হয়েছিল।[৫৫৭] এছাড়া তিনি উর্দুতে "আনয়ারুল আবসা" নামে আরো একটি সংবাদ পত্র আগ্রাতে প্রকাশ করেছেন।

লালালাজপাত রায়ঃ লালালাজপাত রায় ভারতীয় প্রেস এবং রাজনৈতিক অঙ্গনে এক বিশিষ্ট নাম। তিনি ১৮৬৫ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম মুন্সী রাধা কিশণ। তিনি উর্দু, ফারসি এবং আরবি ভাষায় শিক্ষার্জন করেছেন।[৫৫৮] তিনি ওকালতি পেশায় যুক্ত থাকলেও লিখালেখির প্রতি খুব আগ্রহী ছিলেন। তিনি বিভিন্ন সংবাদপত্রে উর্দুতে প্রবন্ধ লিখতেন। ১৯ বছর বয়সে কয়েকজন বন্ধু নিয়ে তিনি "بھارت دیش سدھارک" (ভারত দেশ সধারক) নামে ১৮৮৪ খ্রিস্টাব্দে একটি পত্রিকা প্রকাশ করেন।[৫৫৯] তিনি স্বপ্ন দেখতেন তার নিজস্ব একটি সংবাদপত্র থাকবে। অবশেষে তার স্বপ্ন সফল হলো। তিনি "بندے ماترم" (বন্দে মাতরাম) নামে ১৯২০ খ্রিস্টাব্দে দৈনিক পত্রিকা প্রকাশ করেন। এই পত্রিকায় তিনি সামাজিক ও রাজনৈতিক বিষয়ক প্রবন্ধ লিখতেন।[৫৬০]

বসন্ত কুমার চ্যাটার্জীঃ বসন্ত কুমার চ্যাটার্জী প্রকৃতপক্ষে একজন বাঙ্গালি কিন্তু তিনি পাঞ্জাবে বসবাস করতেন। তার সাংবাদিক জীবন স্বাধীনতার পূর্বে শুরু হয়। প্রথমে তিনি نئی روشنی (নয়ী রৌশনি) পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন। স্বাধীনতার পরে তিনি কলকাতায় চলে আসেন। সেখানে তিনি 'রোজানা হিন্দ' এবং 'উসরী জাদীদ' পত্রিকায় তার প্রবন্ধ প্রকাশ করতেন। এরপর তিনি কলকাতা ছেড়ে দিল্লীতে চলে আসেন। দিল্লীতে তিনি 'নয়ী দুনিয়া' পত্রিকার সঙ্গে যুক্ত হন এবং সর্বশেষ তিনি দৈনিক পত্রিকা 'প্রতাপ' এর সঙ্গে সংযুক্ত হন।[৫৬১]

মুন্সী দয়া নারায়ণ নিগমঃ মুন্সী দয়া নারায়ণ নিগম জন্মগতভাবে বুদ্ধিমান, সাহিত্যিক এবং সাংবাদিক ছিলেন। তিনি কানপুরের বাসিন্দা ছিলেন। তিনি ২২ শে মার্চ ১৮৮২ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম ছিল শিব প্রসাদ নিগম যিনি একজন বিখ্যাত উকিল ছিলেন। তিনি কায়স্থ বংশোদ্ভূত ছিলেন।[৫৬২] তিনি বি. এ. ডিগ্রী অর্জন করলে তার বাবা তাকে উকিল করতে চেয়েছিলেন।

কিন্তু তার সাহিত্যে বেশি আগ্রহ ছিল। সেই আগ্রহের দরুণ তিনি বিভিন্ন পত্রিকায় প্রবন্ধ লিখতেন। সেই সময় বিখ্যাত মাসিক পত্রিকা 'যামানা' বারিলিতে প্রকাশিত হয়েছিল যার মালিক ছিল মুন্সী রাজ বাহাদুর। তিনি মুন্সী দয়া নারায়ণ নিগমের মেধা দেখে 'যামানা' পত্রিকার সম্পাদক করতে চান। যেহেতু তিনি কানপুরে বাস করতেন তাই মুন্সী রাজ বাহাদুর তার পত্রিকা 'যামানা'র অফিস কানপুরে নিয়ে যান। তারপর থেকেই দয়া নারায়ণ নিগম 'যামানা' পত্রিকার ৪০ বছর ধরে দায়িত্ব পালন করেন এবং এই পত্রিকায় সাহিত্যের বিভিন্ন অংশ প্রকাশিত হতো। তারপর তিনি **১৯১২** খ্রিস্টাব্দে কানপুরে 'আজাদ' পত্রিকা প্রকাশ করেন। এই দু'টি পত্রিকা **১৯৪২** খ্রিস্টাব্দ পর্যন্ত অর্থাৎ তার মৃত্যুর পূর্ব পর্যন্ত ধারাবাহিকভাবে চলতে থাকে।[৫৬৩]

মাহাশী কৃষণঃ মাহাশী কৃষণ **১৯০৬** খ্রিস্টাব্দে সাংবাদিকতার জগতে প্রবেশ করেন যখন তার বয়স ২৫ বছর ছিল। তার প্রথম সাপ্তাহিক পত্রিকা پرکاش (প্রকাশ) ৩০ মার্চ **১৯১৯** খ্রিস্টাব্দে এবং তিনি আরো একটি পত্রিকা پرتاپ (প্রতাপ) লাহোরে প্রকাশ করেন। এই পত্রিকার কারণে তাকে জেলেও যেতে হয়। অবশেষে তিনি ৮৪ বছর বয়সে ২৫ ফেব্রুয়ারি **১৯৬৩** খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।[৫৬৪]

দেওয়ান সিং মাফতুনঃ দেওয়ান সিং মাফতুন ১৪ আগস্ট **১৮৯০** খ্রিস্টাব্দে মিয়ানওয়ালীতে জন্মগ্রহণ করেন। খুব ছোটবেলায় তিনি তার বাবাকে হারান।[৫৬৫] তাই তিনি পড়াশুনায় বেশি দূর এগোতে পারেননি। তিনি **১২** বছর বয়সে রোজগার করতে থাকেন। উপার্জনের জন্য তিনি লাহোর চলে আসেন এবং সেখানে কয়েকটি পত্রিকায় কাজ করেন। তারপর তিনি লক্ষ্মৌয়ে ہمدم (হামদাম) এবং رعیت (রয়ীত) পত্রিকায় কাজ করেন। ২৪ শে আগস্ট **১৯২৪** খ্রিস্টাব্দে তার নিজের পত্রিকা ریاست (রিয়াসত) চালু করেন যা সাপ্তাহিক পত্রিকা হিসেবে চলতে থাকে।[৫৬৬]

মুন্সী হর সুখ রায়ঃ মুন্সী হর সুখ রায় **১৮৫০** খ্রিস্টাব্দে ১৪ জানুয়ারি সাপ্তাহিক পত্রিকা کوہ نور (কোহিনুর) লাহোরে প্রকাশ করেন। তিনি কায়স্থ বংশোদ্ভূত ছিলেন এবং পাঞ্জাবের বাসিন্দা ছিলেন। কোহিনুর পত্রিকার সম্পাদক হিসেবে জমনা প্রসাদও নিযুক্ত ছিলেন।[৫৬৭]

মুন্সী দেওয়ান চাঁদঃ মুন্সী দেওয়ান চাঁদ সম্ভবত **১৮৫১** খ্রিস্টাব্দে শিয়ালকোটে ریاض الاخبار (রিয়াজুল আখবার) নামে একটি পত্রিকা প্রকাশ করেন। ঐ যুগে তাকে উর্দু সাংবাদিকতার পিতা বলা হতো।

তিন চশমায়ে ফয়েজ, খোরশেদ আলম, হিমায়ে বেবাহা, নুর আ'লা, অক্টোরিয়া পিপর নামে দৈনিক ও সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন।[৫৬৮]

মুন্সী নওল কিশোরঃ মুন্সী নওল কিশোর ১৮৫৮ খ্রিস্টাব্দে اودھ اخبار (আউধ আখবার) লক্ষ্মৌতে প্রকাশ করেন। এই পত্রিকা প্রথমে সাপ্তাহিক এবং পরে দৈনিক পত্রিকা হিসেবে প্রকাশিত হতে থাকে। এই পত্রিকায় নাম করা কবি সাহিত্যিকরা তাদের সাহিত্যকর্ম লিখতেন। বিশেষ করে বিখ্যাত ঔপন্যাসিক রতন নাথ সরশার তার সফল উপন্যাস 'ফাসানায়ে আজাদ' এই পত্রিকায় প্রকাশ করেছেন এবং পরে তা বই আকারে প্রকাশ করেন।[৫৬৯]

১৮৫৭ খ্রিস্টাব্দে লাহোরে উর্দুতে সাপ্তাহিক ও দৈনিক পত্রিকা سرکاری اخبار (সরকারি আখবার) চালু হয়। প্রথম দিকে যার দায়িত্বে ছিলেন পণ্ডিত অযোধ্যা প্রসাদ। এরপরে মুন্সী পিয়ারে লাল এই পত্রিকার দায়িত্ব গ্রহণ করেন। তিনি اتالیق پنجاب (আতালিকে পাঞ্জাব) নামে মাসিক পত্রিকারও দায়িত্বে ছিলেন।[৫৭০]

প্রফেসর ধরম নরায়ণ قران السعدین (কুরআনুস সায়েদিন) নামে একটি পত্রিকার সম্পাদক ছিলেন। ১৮৪৭ খ্রিস্টাব্দে বারেলিতে عمدۃ الاخبار (উমদাতুল আখবার) নামে একটি পত্রিকা প্রকাশিত হয় যার সম্পাদক প্রথমে মৌলবী আব্দুর রহমান ছিলেন এবং পরে লঝমন প্রসাদ এর দায়িত্ব গ্রহণ করেন।[৫৭১] পণ্ডিত মুকুন্দর লাল তার চাচা পণ্ডিত গোপীনাথ গোরী ১৮৭১ খ্রিস্টাব্দে লাহোরে সাপ্তাহিক ও দৈনিক পত্রিকা اخبار عام (আখবারে আম) চালু করেন। কিছুদিন পরে এই পত্রিকাটির নাম পরিবর্তন করে 'আম আখবার' রাখা হয় এবং পত্রিকাটি খুব জনপ্রিয় হয়েছিল।[৫৭২]

টীকা ও তথ্য নির্দেশ

১ ড. আসলাম আজাদ, *উর্দু নাবেল আজাদি কে বা'দ* (নয়াদিল্লীঃ সীমনাথ প্রকাশন, তা. বি.), পৃ. ৯ ।

২ সাহিল বুখারি, *উর্দু নাবেল নিগারি* (দিল্লীঃ আলহামরা পাবলিশার্স, ১৯৭২ খ্রি.), পৃ. ১১ ।

৩ *তদেব*, পৃ. ১১ ।

৪ ড. আসলাম আজাদ, *উর্দু নাবেল আজাদিকে বা'দ*, *প্রাগুক্ত*, পৃ. ৭ ।

৫ *তদেব*, পৃ. ১০ ।

৬ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ* (ঢাকাঃ আবিষ্কার, ২০১৪ খ্রি.), পৃ. ৮ ।

৭ *তদেব*, পৃ. ৮ ।

৮ সাহিল বুখারি, *উর্দু নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ১১ ।

৯ E. M Forster, *Aspects of the novel* (London: 1962), p. 34.

১০ আলে আহমেদ সরুর, *তানক্বীদী ইশারে* (লক্ষ্মৌঃ ইদারায়ে ফুরুগে উর্দু, ১৯৬৪ খ্রি.), পৃ. ১৪ ।

১১ ড. মেহজাবিন, *কৃষণচন্দ্র কি নাবেল নিগারি অওর নিসায়ি কিরদার* (নয়াদিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০০৮ খ্রি.), পৃ. ১৭ ।

১২ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১০ ।

১৩ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কী তারিখ* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৭৮ খ্রি.), পৃ. ২৪৪ ।

১৪ *তদেব* ।

১৫ প্রফেসর ইবনে কানুল, *উর্দু আফসানা* (দিল্লীঃ কিতাবি দুনিয়া, ২০১১ খ্রি.), পৃ. ১৩ ।

১৬ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৪৫ ।

১৭ প্রফেসর ইবনে কানুল, *উর্দু আফসানা*, *প্রাগুক্ত*, পৃ. ১৩ ।

১৮ ড. কমর রইস, *প্রেমচাঁদ শাখছিয়্যাত অওর কারনামে* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৮৩ খ্রি.), পৃ. ৩১০ ।

১৯ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৫৬ ।

২০ ড. সৈয়দ ইজাজ হুসাইন, মুখতাছার তারিখে আদবে উর্দু (দিল্লীঃ উর্দু কিতাব ঘর, ১৯৬৪ খ্রি.), পৃ . ২৪৯ ।

২১ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি* (হায়দ্রাবাদঃ আলিয়াস ট্রিট্রেস পাবলিশার্স বুক, ১৯৮৪ খ্রি.), পৃ. ৪৪ ।

২২ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৮৩ ।

২৩ *প্রেমচাঁদ, জলওয়ায়ে-ঈছার* (লাহোরঃ কিতাবি মঞ্জিল, তা. বি.), পৃ. ১৬০ ।

২৪ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার* (দিল্লীঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৪ খ্রি.), পৃ. ১৩৪ ।

২৫ *তদেব*

২৬ *প্রেমচাঁদ, জলওয়ায়ে-ঈছার*, *প্রাগুক্ত*, পৃ. ১৩৩ ।

২৭ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৪২ ।

২৮ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ৫৩ ।

২৯ *তদেব*।

৩০ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৮৯।

৩১ *প্রেমচাঁদ*, *বাজারে-হুসন* (দিল্লী: নিউ তাজ অফস পোস্ট, ১৯৫৬ খ্রি.), পৃ. ১৩।

৩২ *তদেব*, পৃ. ৪০-৪১।

৩৩ *তদেব*, পৃ. ১২৭।

৩৪ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ৫২।

৩৫ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৪৫।

৩৬ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৯৮।

৩৭ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ৫৯।

৩৮ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৯৯।

৩৯ সরদার জাফরী, *তারাক্কি পছন্দ আদব* (আলীগড়: আঞ্জুমান তারাক্কি উর্দু হিন্দ, ১৯৫৭ খ্রি.), পৃ. ১৩২।

৪০ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৯৯।

৪১ মুন্সী প্রেমচাঁদ, *গোশায়ে আফিয়াত*, প্রথম খণ্ড (দিল্লী: ইদারায়ে ফরুগে উর্দু, তা.বি.), পৃ. ২০।

৪২ প্রেমচাঁদ, *গোশায়ে আফিয়াত*, ২য় খণ্ড (দিল্লী: ইদারায়ে ফুরুগে উর্দু, তা. বি.), পৃ. ৪৫১-৪৫২।

৪৩ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১০৬।

৪৪ সৈয়দ মুহাম্মদ আজিম, *প্রেমচাঁদ কা ফন্নী ও ফিকরি মুতালি'আ* (দিল্লী: উত্তর প্রদেশ উর্দু একাডেমি, ১৯৮৪ খ্রি.), পৃ. ৯১।

৪৫ সরদার জাফরী, *তারাক্কি পছন্দ আদব*, *প্রাগুক্ত*, পৃ. ১৩২।

৪৬ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ৮৫।

৪৭ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ২১০।

৪৮ *তদেব*, পৃ. ২০৮।

৪৯ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১০৭।

৫০ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ২২১।

৫১ মুন্সী প্রেমচাঁদ, *চৌগান হাস্তি*, প্রথম খণ্ড (লাহোর: দারুল আশায়াত পাঞ্জাব, ১৯৩৬ খ্রি.), পৃ. ১৪৭।

৫২ মুন্সী প্রেমচাঁদ, *চৌগান হাস্তি*, ২য় খণ্ড (দিল্লী: আদবী মারকিয, তা. বি.), পৃ. ৩৯১।

৫৩ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১১৪।

৫৪ মুন্সী প্রেমচাঁদ, *চৌগান হাস্তি*, ১ম খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ১৭৭।

৫৫ *তদেব*, পৃ. ৪৬৮।

৫৬ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১১৬।

৫৭ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ১১৩।

৫৮ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াতে নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৩৮।

৫৯ ড. মো: রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১২৬।

৬০ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ১১৬-১১৭।

৬১ মুন্সী প্রেমচাঁদ, *বেওয়া* (দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিডেট, ১৯৫৫ খ্রি.), পৃ. ১৭৯।

৬২ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৪০।

৬৩ *তদেব*, পৃ. ১৩০।

৬৪ মুন্সী প্রেমচাঁদ, *বেওয়া*, *প্রাগুক্ত*, পৃ. ১৮০।

৬৫ *তদেব*, পৃ. ১১-১২।

৬৬ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ১২২-১২৩।

৬৭ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১৩৭।

৬৮ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ১৯৯-২০০।

৬৯ মুন্সী প্রেমচাঁদ, *গবন*, ১ম খণ্ড (লাহোরঃ লাজপাতরায়ে ইন্ডাজট্রিস, ১৯৩৯ খ্রি.), পৃ. ২৮৪।

৭০ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ২০৬।

৭১ মুন্সী প্রেমচাঁদ, *গবন*, *প্রাগুক্ত*, পৃ. ১৯১।

৭২ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ২৫৬।

৭৩ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ১২৯।

৭৪ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১৪০।

৭৫ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ১৫৪।

৭৬ *তদেব*, পৃ. ১৩১-১৩২।

৭৭ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ১৪২।

৭৮ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, *প্রাগুক্ত*, পৃ. ১৩৪।

৭৯ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ২৭৩।

৮০ মুন্সী প্রেমচাঁদ, *ময়দানে আমল* (দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া, ১৯৪৩ খ্রি.), পৃ. ৩৫৩।

৮১ ড. কমর রইস, *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, *প্রাগুক্ত*, পৃ. ২৭৪।

৮২ সৈয়দ মুহাম্মদ আজিম, *প্রেমচাঁদ কা ফন্নী ও ফিকরি মুতালি'আ*, *প্রাগুক্ত*, পৃ. ৬৪।

৮৩ প্রদীপ দাশ গুপ্ত, *প্রেমচাঁদ শত বার্ষিকী সংকলন* (কলিকাতাঃ অন্বেষা, ১৯৮২ খ্রি.), পৃ. ৪; ড. সগির আফরাহিম, *উর্দু আফসানা তারাক্কি পছন্দ তাহরিক সে ক্বাবল* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৯১ খ্রি.), পৃ. ৩৬-৩৭; জাফর রেজা, *প্রেমচাঁদ অওর তা'মির এ ফন* (এলাহাবাদঃ সাবিস্তার এশাহাগঞ্জ, ১৯৯৯ খ্রি.), পৃ. ৯৬।

৮৪ প্রদীপ দাশ গুপ্ত, *প্রেমচাঁদ শত বার্ষিকী সংলকন*, *প্রাগুক্ত*, পৃ. ৪; ড. সগির আফরাহিম, *উর্দু আফসানা তারাক্কি পছন্দ তাহরিক সে ক্বাবল*, *প্রাগুক্ত*, পৃ. ৩৭; জাফর রেজা, *প্রেমচাঁদ অওর তা'মির এ ফন*, *প্রাগুক্ত*, পৃ. ৯৬।

৮৫ প্রদীপ দাশ গুপ্ত, *প্রেমচাঁদ শত বার্ষিকী সংলকন*, *প্রাগুক্ত*, পৃ. ৫; জাফর রেজা, *প্রেমচাঁদ অওর তা'মির এ ফন*, *প্রাগুক্ত*, পৃ. ৯৬।

৮৬ জাফর রেজা, *প্রেমচাঁদ অওর তা'মির এ ফন*, *প্রাগুক্ত*, পৃ. ৯৬।

৮৭ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, প্রাগুক্ত, পৃ. ৫৯।

৮৮ প্রদীপ দাশ গুপ্ত, *প্রেমচাঁদ শত বার্ষিকী সংকলন*, প্রাগুক্ত, পৃ. ১৩; জাফর রেজা, *প্রেমচাঁদ অওর তা'মির এ ফন*, প্রাগুক্ত, পৃ. ৯৭।

৮৯ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ*, প্রাগুক্ত, পৃ. ৬০।

৯০ *তদেব*।

৯১ ড. জহির আলী সিদ্দিকী, *আফসানে কে মি'মার* (দিল্লী: মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৯২ খ্রি.), পৃ. ৫৭।

৯২ জগদীশ চন্দ্র বিধাভান, *কৃষণচন্দ্র শাখছিয়্যাত অওর ফন* (নয়াদিল্লী: মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৯৩ খ্রি.), পৃ. ২০-২১।

৯৩ *তদেব*, পৃ. ২৩।

৯৪ আজিমুল হক জুনায়দী, *উর্দু আদব কি তারিখ* ,প্রাগুক্ত, পৃ. ২৪৭।

৯৫ কে কে খুল্লার, *উর্দু নাবেল কা নিগার খানা* (নয়াদিল্লী: সীমানাত প্রকাশন, ১৯৮৩ খ্রি.), পৃ. ৬১।

৯৬ *তদেব*, পৃ. ৬৩।

৯৭ হায়াত ইফতেখার এম. এ., *কৃষণচন্দ্র কে নাবেলোঁ মে তারাক্কি পছন্দি* (লক্ষ্ণৌ: নাসিম বুক ডিপো, ১৯৮২ খ্রি.), পৃ. ৫৮-৫৯।

৯৮ ওকার আজীম, *দাস্তান সে আফসানে তক* (আলীগড়: এডুকেশনাল বুক হাউস, ২০০৩ খ্রি.), পৃ. ৮৮।

৯৯ ড. মুহাম্মদ আহসান ফারুকী, *উদু নাবেল কি তানক্বীদী তারিখ* (লক্ষ্ণৌ: ইদারায়ে ফুরুগে উর্দু, ১৯৬২ খ্রি.), পৃ. ২২২।

১০০ আজীজ আহমেদ, *তারাক্কি পছন্দ আদব* (দিল্লী: চমনবুক ডিপো, উর্দু বাজার, তা. বি.), পৃ. ১১২।

কৃষণচন্দ্রের একটি সামাজিক ও নারী ভিত্তিক উপন্যাস হল- *ایک عورت ہزار دیوانے* (এক আওরাত হাজার দিওয়ানে)। এই উপন্যাসের মাধ্যমে লেখক বুঝাতে চেয়েছেন সমাজে নারীদের অবস্থান অত্যন্ত নিম্নস্তরে। কৃষণচন্দ্র এই উপন্যাসে এমন এক নারীর কথা উল্লেখ করেছেন যে হুসেন খানার কেল্লায় ছিল, যেখানে নাচ-গান করে তাকে পুরুষদের মনোরঞ্জন করতে হতো। তার ইচ্ছা না থাকলেও সমাজ তাকে এ পথ বেছে নিতে বাধ্য করেছিল। লেখক এ উপন্যাসের ম্যাধমে এমন সমাজকে ধিক্কার জানিয়েছেন।

কৃষণচন্দ্র তার উপন্যাসের মাধ্যমে নারীদের পরিস্থিতির পাশাপাশি সমাজের গবির কৃষকদের দুর্দশার চিত্র তুলে ধরেছেন। তার এ ধরনের একটি জনপ্রিয় ও অন্যতম উপন্যাস হল- *طوفان کی کلیاں* (তুফান কি কালিয়া)। এই উপন্যাসে লেখক দেখাতে চেয়েছেন যে, জমিদাররা তাদের নিজের স্বার্থ উদ্ধার করার জন্য গরিব কৃষকদের জুলুম ও অত্যাচার চালাত, যা সমাজে অহরহ চলছে। সমাজে গরিব কৃষকদের ও মেহনতী মানুষের অধিকার আদায়ের জন্য কৃষণচন্দ্র লেখনীর মাধ্যমে বলিষ্ঠ ভূমিকা পালন করেছেন।

কৃষণচন্দ্রের পর রাজেন্দ্র সিং বেদী উর্দু গদ্য সাহিত্যে সমাজ সংস্কারক, কিংবদন্তি ঔপন্যাসিক ও ছোটগল্পকার হিসেবে নিজেকে তুলে ধরেছেন। তিনি তার সামাজিক জীবন থেকে গদ্য সাহিত্য রচনার জন্য উপাদান পেয়েছেন এবং সততা ও আন্তরিকতার সাথে সামাজিক দুর্দশা উপস্থাপন করেছেন। তিনি বহু ঘরোয়া সমস্যা এবং সামাজিক জীবনের বিভিন্ন পরিস্থিতি তার গদ্য সাহিত্যের মাধ্যমে তুলে ধরেছেন। অন্যান্য ছোটগল্পকারের মতো বেদির ছোটগল্পে সমাজের নারী শ্রেণি বিশেষ স্থান দখল করে নিয়েছে। তিনি তার ছোটগল্পের মাধ্যমে নারীদের সামাজিক অবস্থান সম্পর্কে ধারণা দিয়েছেন। তার কোন কোন ছোটগল্পে নারীদেরকে শান্তভাবে এবং কিছু কিছু ছোটগল্পে নারীদের সংগ্রামী হিসেবে উপস্থাপন করেছেন। আবার কতক ছোটগল্পে নারীদেরকে রোমান্টিক হিসেবে উপস্থাপন করেছেন। এ প্রসঙ্গে ওকার আজীম লিখেছেন,

"اردو کے بہت سے دوسرے افسانہ نگاروں کی طرح بیدی کے افسانوں میں بھی بہت سی جگہ عورت نظر آتی ہے۔ لیکن ان کے یہاں دوایک موقعوں کو چھوڑ کر عورت صرف رومان کا دوسرا نام نہیں۔ عورت کے تصور کے ساتھ رومان جو قدرتی جذبہ موجود ہے اس کا احساس بیدی کو بھی شدت سے ہے"۔[২০]

রাজেন্দ্র সিং বেদীর ছোটগল্প اپنے دکھ مجھے دے دو (আপনে দুখ মুঝে দে দো) এর নায়িকা 'ইন্দো' گرہن (গ্রহন) ছোটগল্পের নায়িকা 'হোলি' পশ্চাৎপদ সমাজের এমন নারীকে প্রতিনিধিত্ব করে, যারা শ্বশুর বাড়িতে শারীরিক ও মানসিকভাবে নির্যাতিত হয়। তিনি তার লেখনীর মাধ্যমে সমাজে নারীদের সামাজিক মর্যাদা তুলে ধরার চেষ্টা করেছেন।

রাজেন্দ্র সিং বেদীর পরে যে ঔপন্যাসিক সমাজের প্রচলিত কুসংস্কার দূর করার জন্য অগ্রনী ভূমিকা পালন করেন তিনি হলেন রতন নাথ সরশার। তিনি তার উপন্যাসের মাধ্যমে সামাজিক ও নৈতিক প্রতিকার করার চেষ্টা করেছেন এবং তার উপন্যাসের মাধ্যমে মদ্যপানের নিন্দা করেছেন। তিনি লক্ষ্মৌতে বড় হওয়ার সুবাদে তার লেখনীর মাধ্যমে লক্ষ্মৌর সামাজিক পরিবেশ অত্যন্ত সুন্দরভাবে তুলে ধরেছেন। রতন নাথ সরশারের উপন্যাসে তখনকার সময়ের সমাজের রীতি-নীতি ও আচার-আচরণ তুলে ধরেছেন যা এখনকার সমাজেও প্রচলিত রয়েছে। তিনি তার লেখনীর মাধ্যমে সমাজের পুরাতন রীতি-নীতির বিরুদ্ধে আওয়াজ তোলার চেষ্টা করেছেন। এ প্রসঙ্গে প্রেমপাল অশোক বলেছেন-

انھوں نے اپنی تحریروں کے ذریعہ ہمارے سماج کے پورانے، فرسودہ اور کہنہ رسم ورواج کے خلاف آواز بلند کرنے کی کوشش کی ہے"۔[২১]

তার একটি উল্লেখযোগ্য সামাজিক উপন্যাস হলো- جام سرشار (জামে সরশার)। এই উপন্যাসের মাধ্যমে তিনি মদ্য পানের নিন্দা করেছেন এবং নৈতিক প্রতিকার করার চেষ্টা করেছেন।

টীকা ও তথ্য নির্দেশ

১ পণ্ডিত ব্রজ নারায়ণ চাকবাস্ত, *সুবহে ওয়াতন* (লক্ষ্ণৌঃ নামী প্রেস, ১৯৮৫ খ্রি.), পৃ. ৮৯ ।

২ *তদেব*, পৃ. ৯১ ।

৩ এম. জিব খান, *প্রফেসর জগন্নাথ আজাদ শাখছিয়্যাত অওর আদবী খেদমত* (নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড-জামিয়া নগর, ১৯৯৪ খ্রি.), পৃ. ৫০ ।

৪ ফেরাক গোরাখপুরী, *গুলবাঙ্গ* (এলাহাবাদঃ সাহিতীয়া কালাভুন, ১৯৬৭ খ্রি.), পৃ. ১৪১ ।

৫ আনন্দ নারায়ণ মোল্লা, *মেরি হাদিসে উমরে গ্রীজান*, (এলাহাবাদঃ ইণ্ডিয়া প্রেস প্রাইভেট লিমিটেড, ১৯৬৩ খ্রি.), পৃ. ১৩৮-১৩৯ ।

৬ সত্বীয়াপাল আনন্দ, *ওয়াক্ত লা ওয়াক্ত* (দিল্লীঃ প্রিন্স আফিট প্রিন্টার্স, ১৯৯৩ খ্রি.), পৃ. ৬০ ।

৭ ড. আই-এ আবদুল্লাহ, *সত্বীয়াপাল আনন্দ কী নজম নিগারী* (দিল্লীঃ পাবলিশার্স এ্যাণ্ড ইণ্ডাসট্রিজ, ২০০৮ খ্রি.) পৃ. ৩৭ ।

৮ সত্বীয়াপাল আনন্দ, *মুঝে না কর বিদা* (দিল্লীঃ হায়দার প্রেস কলিমারান, ২০০৫ খ্রি.), পৃ. ৭০ ।

৯ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ* (ঢাকাঃ আবিষ্কার, ২০১৪ খ্রি.), পৃ. ৪৪-৪৫ ।

১০ মোহাম্মদ আকবর উদ্দিন সিদ্দীকী, *প্রেমচাঁদ অওর উনকী আফসানা নিগারী* (হায়দ্রাবাদঃ তিলসানীন উশমানীয়াবাগ আমা, ২০০৩ খ্রি.), পৃ. ৩৯ ।

১১ মুন্সী প্রেমচাঁদ, *বাজারে হুসন* (লাহোরঃ দারুল এশায়াত পাঞ্জাব, ১৯২২ খ্রি.), পৃ. ১৫-১৬ ।

১২ সৈয়দ ওকার আজীম, *হামারে আফসানা নিগার* (রামপুরঃ সাউলাত পাবলিক লাইব্রেরী, ১৯৩৫ খ্রি.), পৃ. ১০৫ ।

১৩ ড. ওয়াজেদ কোরেশী, *প্রেমচাঁদ কে আফসানোঁ মে হাকীকত কা আমল*, (নয়াদিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০০৩ খ্রি.) পৃ. ১০৩-১০৪ ।

১৪ ড. ইউসুফ সারমাসত, *প্রেমচাঁদ কী নাবেল নিগারী* (হায়দ্রাবাদঃ আলিয়াস ট্রিট্রেস পাবলিশার, ১৯৮৪ খ্রি.), পৃ. ৬৩ ।

১৫ ড. মোঃ রেজাউল করিম, *মুন্সী প্রেমচাঁদের উপন্যাসঃ বিষয় ও শিল্পরূপ*, *প্রাগুক্ত*, পৃ. ৪৭-৪৮ ।

১৬ *তদেব*, পৃ. ১৪৬ ।

১৭ মুন্সী প্রেমচাঁদ, *ময়দানে আমল*, (দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া, ১৯৪৩ খ্রি.), পৃ. ২৪৭-২৪৮ ।

১৮ আজীম আলশান সিদ্দিকী, *আফসানা নিগার প্রেমচাঁদ তানক্বীদী ও সমাজী মুহাকুমা* (দিল্লীঃ এডুকেশনাল পাবলিসিং হাউস, ২০০৬ খ্রি.), পৃ. ১৫৪ ।

১৯ http://www.urdulinks.com/urj/?p=1598.

২০ ওকার আজীম, *নয়া আফসানা* (আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, (১৯৮২ খ্রি.), পৃ. ৯৯ ।

২১ প্রেমপাল অশোক, *রতন নাথ সরশার হায়াত, শাখছিয়্যাত অওর কারনামে* (দিল্লীঃ তারাক্কি উর্দু ব্যুরো, ২০০০ খ্রি.), ৫৯ ।

উপসংহার

উর্দু সাহিত্যের ইতিহাসে অমুসলিম কবি সাহিত্যিকদের অবদান অনস্বীকার্য। তারা তাদের সাহিত্যকর্মের মাধ্যমে চিরস্মরণীয় হয়ে আছেন। তাদের কাব্য ও গদ্য সাহিত্যে ছিল আধুনিকতার ছোঁয়া। তারা যেমন কল্পনানির্ভর সাহিত্য রচনা করেছেন, তেমনি মানুষের বাস্তব জীবনের জীবন্ত প্রতিচ্ছবিও তাদের সাহিত্যকর্মে ফুটিয়ে তুলেছেন।

গজল কাব্য সাহিত্যের মধ্যে একটি জনপ্রিয় শাখা। গজলে অমুসলিম কবিদের অবদান ছিল অতুলনীয়। গজলে যেসব অমুসলিম কবি ছিলেন তাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ব্রজ নারায়ণ চাকবাস্ত, জগন্নাথ আজাদ, ফেরাক গোরাখপুরী, তিলোকচাঁদ মাহরুম, আনন্দ নারায়ণ মোল্লা প্রমুখ। উল্লিখিত অমুসলিম কবিগণ নজমেও বিশেষ পারদর্শিতা অর্জন করেছেন এবং নজমকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সহায়ক ভূমিকা পালন করেছেন। কাব্য সাহিত্যের মছনবী শাখাতে অমুসলিম কবিদের অবদানও কম নয়। অমুসলিম কবিগণ কাব্য সাহিত্যের মারছিয়াতেও অসামান্য অবদান রেখেছেন। মারছিয়ার কবিদের মধ্যে উল্লেখযোগ্য কবিগণ হলেন- দিলগীর লক্ষ্মৌবী, জাহিন লক্ষ্মৌবী, নানক লক্ষ্মৌবী, রাজা উলফাত রায়, রাজা ধনপত রায়, গোপীনাত আমন প্রমুখ।

কাব্য সাহিত্যের উল্লিখিত শাখাগুলো ছাড়াও অমুসলিম কবিগণ না'ত শাখাতেও বিশেষ অবদান রেখেছেন। না'ত হচ্ছে আমাদের প্রিয় নবী হযরত মোহাম্মদ (সা.) এর প্রশংসা সম্বলিত কবিতা। আমরা অনেকে মনে করি আল্লাহ এবং মহানবী (সা.) এর প্রশংসা শুধু মুসলমানরা করে থাকেন। কিন্তু অমুসলিমরাও যে মহানবী (সা.) এর প্রশংসা বা তার সম্পর্কে লিখতে পারেন তা অকল্পনীয়। উর্দু কাব্য সাহিত্যের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, না'তেও অমুসলিম কবিরা অগ্রণী ভূমিকা পালন করেছেন। এ শাখায় যেসব অমুসলিম কবিগণ অবদান রেখেছেন তারা হলেন- অশোক কুমার, কিরণ প্রকাশ, বাবু তোতারাম আখতার, বখশী শুরী লাল আখতার, সুচরণ দাস, হরী চাঁদ আখতার, পণ্ডিত কুন্দন সিং, গীরসরণ লাল, মুন্সী প্রভু লাল গৌড়, হাকীম তারলুক নাথ, দরশন সিং, রামপ্রতাপ, পণ্ডিত রঘুনাথ সাহাই, ড. অঞ্জনা সান্ধীর, রাজেস কুমার, দেবীদয়াল, ড. রমেশ প্রসাদ, সাধুরাম আরজু, হাকীম সরণ নাথ, রাধা ক্রিশন, ভাগোয়ানদাস, শিব প্রসাদ, লাল মকন্দর লাল, বাসন নারায়ণ, পিয়ারে লাল, বালুনাত কুমার, সুরুজ নারায়ণ, ভাগোবান দাস শাবাব ললিত, ইন্দোরজিত শর্মা প্রমুখ।

উপন্যাস গদ্য সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ শাখা। এ শিল্পের মাধ্যমে বাস্তব জীবনের রীতি-নীতি ও চালচলনের প্রতিচ্ছবি পূর্ণরূপে সমাজে দৃশ্যমান হয়। মুসলমান ঔপন্যাসিক ডেপুটি নাজির আহমেদ উপন্যাসের জনক হলেও আধুনিকতা ও বাস্তবতায় পূর্ণতা লাভ করে মুন্সী প্রেমচাঁদের মাধ্যমে। তার ধারাবাহিকতায় যে যে অমুসলিম সাহিত্যিকগণ উপন্যাসে অবদান রেখেছেন তারা হলেন- কৃষণচন্দ্র, রাজেন্দ্রসিং বেদি, রতন নাথ সরশার, উপেন্দ্র নাথ অশোক প্রমুখ উল্লেখযোগ্য। উল্লিখিত অমুসলিম সাহিত্যিকগণ উপন্যাসে অশেষ অবদান রেখেছেন। তারা তাদের লেখনীর মাধ্যমে সমাজের বাস্তব চিত্র তুলে ধরেছেন এবং সমাজের নানান অসঙ্গতি তুলে ধরে সেগুলো সমাধানের আপ্রাণ চেষ্টা করেছেন। তারা উপন্যাস, ছোটগল্প, নাটক ও প্রবন্ধের মাধ্যমে তৎকালীন ভারতের অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় অবস্থার পূর্ণাঙ্গ চিত্র ফুটিয়ে তুলেছেন। তারা তাদের লেখনীর মাধ্যমে নারীদের প্রতি নির্মম, কঠোর ও নির্দয়তার প্রতিচ্ছবি প্রকাশ করেছেন এবং সমাজে নারীদের সুপ্রতিষ্ঠিত করার দিক নির্দেশনাও দিয়েছেন। তারা ভারতবর্ষের গরিব কৃষক, শ্রমিক, নিম্নবর্ণের হিন্দু, মুসলিম এবং অতি সাধারণ মানুষকে তাদের গদ্য সাহিত্যের বিষয়বস্তু করেছেন।

অমুসলিম কবি সাহিত্যিকরা তাদের সাহিত্যকর্মের মাধ্যমে মানুষের হৃদয়ে স্থান করে নিয়েছেন। তারা উর্দু সাহিত্যের ইতিহাসে অমর হয়ে আছেন। তাদের সাহিত্যকর্ম পরবর্তীকালে ইতিবাচক প্রভাব রাখতে সক্ষম হয়েছে। পৃথিবীতে উর্দু সাহিত্য যতদিন টিকে থাকবে ততদিন অমুসলিম কবি সাহিত্যিকরা চিরভাস্বর ও স্বমহিমায় মহিমান্বিত হয়ে থাকবেন।

গ্রন্থপঞ্জি

উর্দুগ্রন্থ

যাইদী, ড. খুশহাল — *মুরাসসায়ে* নয়াদিল্লীঃ ইদারায়ে বখশে খিযরে রাহ, তা.বি.।

নাকবী, নুরুল ইসলাম — *তারিখে আদবে উর্দু*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৪ খ্রি.)।

বশীর, এ. — *সহীফায়ে আদব*, আলীগড়ঃ আনোয়ার বুক ডিপো, ১৯৯৭ খ্রি.।

বেগম, আবিদা — *ফোর্ট উইলিয়াম কলেজ কী আদবী খেদমাত*, লক্ষ্মৌঃ নিসরাত পাবলিকেশন, ১৯৮৩ খ্রি.

জুনায়দী, আজিমুল হক — *উর্দু আদব কী তারিখ*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউজ, ১৯৯৪ খ্রি.।

সৈয়দ, ড. ইজাজ হুসাইন — *মুখতাছার তারিখে আদবে উর্দু*, দিল্লীঃ উর্দু কতাবঘর, ১৯৬৪ খ্রি.।

হালী, মাওলানা আলতাফ হুসাইন — *দীওয়ানে হালী*, দিল্লীঃ উর্দু একাডেমি, ১৯৯৭ খ্রি.।

কাসেমী, আবুল কালাম — *ফেরাক গোরাখপুরী*, নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৯৭ খ্রি.।

কাতীল, ড. মুহাম্মদ আব্দুল হাফিজ — *মি'য়ারে গজল*, হায়দ্রাবাদঃ আঞ্জুমানে তারাক্কি তা'লীমে উর্দু, ১৯৬১ খ্রি.।

আহমদ, ড. শেখ আকীল — *গজল কা উবুরী দওর*, দিল্লীঃ সাকি বুক ডিপো, উর্দু বাজার, ১৯৯৬ খ্রি.।

নাবিল, আজীজ — *পণ্ডিত ব্রজ নারায়ণ চাকবাস্ত শাখছিয়্যাত অওর ফন*, নয়াদিল্লীঃ গ্রীন পাপিজ, ২০১৮ খ্রি.।

ব্রেলবী, ড. ইবাদত — *জাদীদ শায়েরী*, লাহোরঃ উর্দু দুনিয়া, ১৯৬১ খ্রি.।

রেজা, কালিদাশ গুপ্তা — *চাকবাস্ত অওর বাকিয়াতে চাকবাস্ত*, বোম্বেঃ বিমল পাবলিকেশন্স, ১৯৭৯ খ্রি.।

আহমেদ, ড. আফজাল — *চাকবাস্ত হায়াত অওর আদবী খেদমত*, লক্ষৌঃ সারফরাজ কওমী প্রেস, ১৯৭৫ খ্রি.।

কুমার, সঞ্জয় — *গজলিয়াতে চাকবাস্ত কা ফিকরী ও ফন্নী মুতালি'আ*, এলাহাবাদঃ ইদারা নয়া সফর, ২০১২ খ্রি.।

আঞ্জুম, খালিক — *জগন্নাথ আজাদ হায়াত অওর আদবী খেদমত*, নয়াদিল্লীঃ মাহরুম মেমোরিয়াল লিটারেরী সোসাইটি, ১৯৯৩ খ্রি.।

আহমেদ, হামিদা সুলতান — *জগন্নাথ আজাদ অওর উসকি শায়েরী*, নয়াদিল্লীঃ আঞ্জুমানে তারাক্কি উর্দু হিন্দ, ১৯৯১ খ্রি. ।

সৈয়দা, ড. জাফর — *ফেরাক গোরাখপুরী*, নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৯৬ খ্রি. ।

ফাতমী, আলী আহমদ — *শায়ের দানেশওর ফেরাক গোরাখপুরী*, নয়াদিল্লীঃ এম. আর পাবলিকেশন্স, ২০০৭ খ্রি. ।

কাসেমী, আবুল কালাম — *শায়েরী কি তানক্বিদ*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০১ খ্রি. ।

নাবিল, আজীজ — *ফেরাক গোরাখপুরী শাখছিয়্যাত, শায়েরী অওর শানাখত*, নয়াদিল্লীঃ হামদী প্রিন্ট জামিয়া নগর, ২০১৪ খ্রি. ।

সাঈদি, মাখমুর — *ফেরাক গোরাখপুরী জাত ও সিফাত*, দিল্লীঃ উর্দু একাডেমি, ১৯৯৮ খ্রি. ।

আব্দুল ওয়াহিদ, ড. — জাদীদ *শু'আরায়ে উর্দু*, লাহোরঃ ফিরোজ এন্ড সন্স লিমিটেড, তা. বি. ।

আনছারী, ড. মুহাম্মদ ইউসুফ — *তিলোকচাঁদ মাহরুম হায়াত অওর শায়েরী*, মহারাষ্ট্রঃ উর্দু একাডেমি, ১৯৮৩ খ্রি. ।

বাহজাদী, কামিল — *তিলোকচাঁদ মাহরুম এক মুতালি'আ*, নয়াদিল্লীঃ মাহরুম মেমোরিয়াল লিটারেরী সোসাইটি, ১৯৯৯ খ্রি.

নাভোবী, রামলাল — *তিলোকচাঁদ মাহরুম*, নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৯২ খ্রি. ।

মাহলী, শাহেদ — *আনন্দ নারায়ণ মোল্লা শায়ের অওর দানেশওর*, নয়াদিল্লীঃ গালিব ইন্সটিটিউট, ১৯৯৫ খ্রি. ।

মেহতা দরদ, ড. জগদীশ — *উর্দু কে হিন্দু শু'আরা*, ১ম খণ্ড, দিল্লীঃ হাকীকত বিয়ানি পাবলিশার্স, ১৯৭২ খ্রি. ।

” ” — *উর্দুকে নান মুসলিম শু'আরা অওর আদীব*, নয়াদিল্লীঃ হাকীকত বিয়ানী পাবলিশার্স, ১৯৮১ খ্রি. ।

(যাকী), মাওঃ আবূ সুফ্য়ান — *ফরহাঙ্গে জাদীদ*, ঢাকাঃ রশিদিয়া লাইব্রেরী, চক সার্কুলার, ১৯৯৮ খ্রি ।

মেহের, মুন্সী সুরজ নারায়ণ — *কালামে মেহের*, দিল্লী ও রাওয়ালপিণ্ডিঃ সাবেক ইসাসটাট ইস্ট্যাক্ট মাদারাস হালকায়ে, তা. বি. ।

মেরীঠী, নুর আহমদ — *বাহার যমা বাহার যবা*, করাচীঃ ইদারায়ে ফিকরে নো, ১৯৯৬ খ্রি. ।

আব্দুল হাকীম, মোহাম্মদ — *গোপাল মিত্তল এক মুতালি'আ*, দিল্লীঃ নাজেস বুক সেন্টার, ১৯৭৭ খ্রি. ।

জিয়া উদ্দিন, ড.	*গোপাল মিত্তল শাখছ অওর শায়ের*, নয়াদিল্লীঃ ইদারায়ে ফিকরে জাদীদ, ২০০৫ খ্রি. ।
রাম, মালিক	*জিয়া ফতেহ আবাদী শাখছ অওর শায়ির*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৭৭ খ্রি. ।
জগন্নাথ আজাদ	*জোহর বাজনুরী চন্দর প্রকাশ*, এলাহাবাদঃ তাজ অফসেট প্রেস, ১৯৮৬ খ্রি. ।
” ”	*সিতারোঁ সে জাররোঁ তক*, লাহোরঃ মাকতুবায়ে এলম ও দানশ, ১৯৯২ খ্রি. ।
” ”	*ওয়াতন মে আজনবী*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬৪ খ্রি. ।
” ”	*নুয়ায়ে পেরেশান*, লাহোরঃ মাকতুবায়ে এলম ও দানশ, ১৯৬১ খ্রি. ।
” ”	*উর্দু*, দিল্লীঃ মাকতুবায়ে কসরে উর্দু, ১৯৫১ খ্রি. ।
” ”	*বেকরান*, দিল্লীঃ কিতাব ঘর, ১৯৪৯ খ্রি. ।
” ”	*মাতেম নেহরু*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬৫ খ্রি. ।
” ”	*আবুল কালাম আজাদ*, লক্ষ্মৌঃ ইদারাহ ফুরুগে উর্দু, তা. বি. ।
হুসাইন, সৈয়দ আমজাদ	*গায়রে মুসলিম মারছিয়া নিগার*, লক্ষ্মৌঃ ইস্টাই লাইন প্রিন্টার্স, ১৯৯৫ খ্রি. ।
কাশ্মিরী, প্রফেসর আকবর হায়দারী	*হিন্দু মারছিয়া গো শু‘আরা*, নয়াদিল্লীঃ সাহেদ পাবলিকেশন্স, ২০১৪ খ্রি. ।
চাকবাস্ত, পণ্ডিত ব্রজ নারায়ণ	*সুবহে ওয়াতন*, লক্ষ্মৌঃ নামী প্রেস, ১৯৮৫ খ্রি. ।
ওয়াকফ, মোহাম্মদ আইয়ুব	*জগন্নাথ আজাদ এক মুতালি‘আ*, দিল্লীঃ ইলমী মজলিস, ১৯৮০ খ্রি. ।
পালবী, আতাউল্লাহ	*উর্দু কে হিন্দু মছনবী নিগার*, নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ২০১২ খ্রি. ।
গোরাখপুরী, ফেরাক	*ধরতী কি করোট, এলাহাবাদঃ সাহিত্য কালাভুন, ১৯৬৬ খ্রি. ।*
” ”	*গুলবাঙ্গ*, এলাহাবাদঃ সাহিত্য কালাভুন, ১৯৬৭ খ্রি. ।
” ”	*রূহে কায়েনাত, এলাহাবাদঃ আইওয়ানে ইশায়াত, তা. বি. ।*
মাহরুম, তিলোকচাঁদ	*বাচোঁ কি দুনিয়া*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬৪ খ্রি. ।
” ”	*গঞ্জে মা‘আনি*, লাহোরঃ আতরচাঁদ কাপুড় এণ্ড সন্স

পাবলিশার্স, ১৯৩২ খ্রি. ।

” ” *নৈরাঙ্গে মা'আনি*, দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬০ খ্রি. ।

” ” *কারওয়ানে ওয়াতন*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৬০ খ্রি. ।

মোল্লা, আনন্দ নারায়ণ *মেরি হাদিসে উমরে গ্রীজান*, এলাহাবাদঃ ইণ্ডিয়া প্রেস প্রাইভেট লিমিটেড, ১৯৬৩ খ্রি. ।

আবদুল্লাহ, ড. আই-এ *সত্বীয়াপাল আনন্দ কি নজম নিগারি*, দিল্লীঃ পাবলিশার্স এ্যাণ্ড ইন্ডাষ্ট্রিজ, ২০০৮ খ্রি. ।

আনন্দ, সত্বীয়াপাল *ওয়াক্ত লা ওয়াক্ত*, দিল্লীঃ প্রিন্স অফসেট প্রিন্টার্স, ১৯৯৩ খ্রি. ।

” ” *মুঝে না কর বিদা*, নয়াদিল্লীঃ ইসতেয়ারে পাবলিকেশন্স, ২০০৫ খ্রি. ।

” ” *লাহু বোলতা হ্যা*, নয়াদিল্লীঃ আসিন অফসেট প্রিন্টার্স, ১৯৯৭ খ্রি. ।

” ” *তথাগত নজমী*, দিল্লীঃ পাবলিশার্স এ্যাণ্ড এডভারটাইভার্স, ২০১৫ খ্রি. ।

খাতুন, সাজ্ঞিদা *বিসুবি সাদী কে উর্দু মুসন্নেফীন*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৪ খ্রি. ।

আহমেদ, মোহাম্মদ জামিল *উর্দু শায়েরী কি মুখতাছার তারিখ*, লক্ষ্ণৌঃ নওল কিশোর, ১৯৪১ খ্রি. ।

আর রায়না *পণ্ডিত মেলারাম অফা হায়াত ও খেদমত*, নয়াদিল্লীঃ এনসেস অফসেট প্রিন্টার্স, ২০১১ খ্রি. ।

বাদকি, দিপক *উর্দু কে গায়রে মুসলিম আফসানা নিগার*, শ্রীনগরঃ মীজান পাবলিশার্স এণ্ড ডিসট্রিবিউটার্স, ২০১৭ খ্রি. ।

” ” *কেদারনাথ শর্মা কে সিধি সাদি কাহানিয়া অসরি শু'য়ুর*, শ্রীনগরঃ মিজান পাবলিশার্স, ২০০৮ খ্রি. ।

রিজভী, সেলিম হামিদ *উর্দু আদব কী তারাক্কি মে ভুপাল কা হিস্‌সা* (ভুপালঃ বাবুল ইলম পারলিকেশন্স, ২০১৪ খ্রি. ।

নিগার, সুম্বুল *উর্দু শায়েরী কা তানক্বীদী মুতালি'আ*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৯৫ খ্রি. ।

পণ্ডিত দয়াশংকর, নাসিম *মছনবী গুলজারে নাসিম*, লক্ষ্ণৌঃ উত্তর প্রদেশ উর্দু একাডেমি, ১৯৯৫ খ্রি. ।

রফিক, সৈয়দ *হিন্দুয়োঁ মে উর্দু*, ১ম খণ্ড, লক্ষ্ণৌঃ নাসিম বুক ডিপো,

তা. বি. ।

শ্রীভাস্টু, গুনপত সাহায়ে — *উর্দু শায়েরী কে ইর্তেকা মে হিন্দুঁ শু'আরা কা হিস্‌সা*, এলাহাবাদঃ ইসরার কারিমী প্রেস, ১৯৬৯ খ্রি. ।

বারক, মুন্সী জাওলা প্রসাদ — *মছনবী বাহার*, লক্ষ্ণৌঃ নওল কিশোর, ১৯১১ খ্রি. ।

লক্ষ্ণৌবী, ইশরাত — *হিন্দু শু'আরা*, লক্ষ্ণৌঃ নামী প্রেস, ১৯৩১ খ্রি. ।

বারক, শিয়াম সুন্দর — *সালকে মারওবিদ*, লক্ষ্ণৌঃ নওল কিশোর, ১৯২২ খ্রি. ।

উদ্দিন, ফয়েজ — *তাজকিরায়ে হিন্দু শু'আরায়ে বিহার*, বিহারঃ ন্যাশনাল বুক সেন্টার, ১৯৬২ খ্রি. ।

আদীব, সৈয়দ লতিফ হুসেইন — *চান্দ শু'আরায়ে বারেলী*, লক্ষ্ণৌঃ মারকীয আদব উর্দু, ১৯৭৬ খ্রি. ।

আব্দুস শুকর — *দওরে জাদীদ মে চান্দ মুন্তাখাব হিন্দু শু'আরা*, লক্ষ্ণৌঃ কিতাব খানা, ১৯৪৩ খ্রি. ।

হাবীব জিয়া — *মহারাজা স্যার কিশন প্রসাদ শাদঃ হায়াত অওর আদবী খেদমত*, হায়দ্রাবাদঃ উর্দু একাডেমি, ১৯৭৮ খ্রি. ।

জীন, গীয়ানচাঁদ — *উর্দু মছনবী শিমালী হিন্দ মে*, আলীগড়ঃ আঞ্জুমানে তারাক্কি উর্দু, ১৯৬৯ খ্রি. ।

তারজি, আব্দুল মান্নান — *না'ত গোয়ানে গায়রে মুসলিম*, নয়াদিল্লীঃ বুক স্টোর প্রাইভেট লিমিটেড, ২০১৮ খ্রি. ।

হাসমী, নাসির উদ্দিন — *দাকানী হিন্দু অওর উর্দু*, হায়দ্রাবাদঃ স্টেশন রোড, তা.বি. ।

ইবরত, মুন্সী গোরাখ প্রসাদ — *হুসনে ফিতরত, লক্ষ্ণৌঃ উত্তর প্রদেশ উর্দু একাডেমি, ১৯৮২ খ্রি. ।*

ওয়ারেনডী, আখতার — *বিহার মে উর্দু জবান ও আদব কা ইর্তেকা*, পাটনাঃ লাইবুল লেথু প্রেস, ১৯৫৭ খ্রি. ।

জায়দী, আলী জাওয়াদ — *উত্তর প্রদেশ মে উর্দু মারছিয়া নিগারী*, লক্ষ্ণৌঃ ইউনাইটেড বালাক প্রিন্টার্স, ২০০৩ খ্রি. ।

লক্ষ্ণৌবী, মীর্জা দিলগীর — *কুল্লিয়াতে মারছিয়া দিলগীর*, ১ম খণ্ড, লক্ষ্ণৌঃ মুন্সী নওল কিশোর, ১৮৮৮ খ্রি. ।

কাজমী, সৈয়দ আশুর — *উর্দু মারছিয়া কা সফর*, দিল্লীঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৬ খ্রি. ।

আখতার, আজীম — *বিসুবী সাদী কে শু'আরায়ে দিল্লী*, ১ম খণ্ড, দিল্লীঃ উর্দু একাডেমি, ২০০৫ খ্রি. ।

হুসাইনী, আলী আব্বাস — *উর্দু মারছিয়া*, লক্ষ্ণৌঃ উর্দু পাবলিশার্স, ১৯৭৩ খ্রি. ।

কৌসারী, দিলুরাম — *হিন্দু কী না'ত*, দিল্লীঃ খাজা হাসান নিজামী, ১৯৩৭ খ্রি. ।

লালজোয়ান, মুন্নী — *আয়না বাহুর*, কলকাতাঃ স্টার আর্ট প্রেস, তা. বি. ।

তোরাবী, ইরফান — *ছাবের সেকুয়াবাদী কে মারছিয়া অওর ছালাম*, কাশ্মিরঃ তোরাবী পাবলিকেশন্স, ২০০৮ খ্রি. ।

জলীল, জলীলুর রহমান — *বোরহানপুর কে আহাম মারছিয়া নিগার*, মুম্বাইঃ আল কমাল উর্দু ফাউন্ডেশন, ২০০৩ খ্রি. ।

আজাদ, ড. আসলাম — *উর্দু নাবেল আজাদি কে বা'দ*, নয়াদিল্লীঃ সীমনাথ প্রকাশন, তা. বি. ।

বুখারি, সাহিল — *উর্দু নাবেল নিগারি* (দিল্লীঃ আলহামরা পাবলিশার্স, ১৯৭২ খ্রি.), পৃ. ১১ ।

সুরুর, আলে আহমেদ — *তানক্বীদী ইশারে, লক্ষ্ণৌঃ ইদারায়ে ফুরুগে উর্দু, ১৯৬৪ খ্রি. ।*

ইবনে কানুল, প্রফেসর — *উর্দু আফসানা*, দিল্লীঃ কিতাবি দুনিয়া, ২০১১ খ্রি. ।

রইস, ড. কমর — *প্রেমচাঁদ শাখছিয়্যাত অওর কারনামে*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৮৩ খ্রি. ।

” ” — *প্রেমচাঁদ কা তানক্বীদী মুতালি'আ বাহাইসিয়াত নাবেল নিগার*, দিল্লীঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৪ খ্রি. ।

” ” — *রতন নাথ সরশার*, নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৮২ খ্রি. ।

” ” — *বারক বারক*, শ্রীনগরঃ মিজান পাবলিশার্স, ২০০৯ খ্রি. ।

সারমাসত, ড. ইউসুফ — *প্রেমচাঁদ কি নাবেল নিগারি*, হায়দ্রাবাদঃ আলিয়াস ট্রিট্রেস পাবলিশার্স বুক, ১৯৮৪ খ্রি. ।

জাফরী, সরদার — *তারাক্কি পছন্দ আদব*, আলীগড়ঃ আঞ্জুমান তারাক্কি উর্দু হিন্দ, ১৯৫৭ খ্রি. ।

প্রেমচাঁদ, মুন্সী — *বাজারে-হুসন*, দিল্লীঃ নিউ তাজ অফস পোস্ট, ১৯৫৬ খ্রি. ।

” ” — *গোশায়ে আফিয়াত*, প্রথম খণ্ড, দিল্লীঃ ইদারায়ে ফরুগে উর্দু, তা.বি. ।

” ” — *চৌগান হাস্তি*, প্রথম খণ্ড, লাহোরঃ দারুল আশায়াত পাঞ্জাব, ১৯৩৬ খ্রি. ।

” ” — *চৌগান হাস্তি*, ২য় খণ্ড, দিল্লীঃ আদবি মারকিয, তা. বি. ।

” ” — *বেওয়া*, দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিডেট, ১৯৫৫ খ্রি. ।

” ” — *গবন*, ১ম খণ্ড, লাহোরঃ লাজপাতরায়ে ইন্ডাসট্রিজ, ১৯৩৯ খ্রি. ।

” ” — *ময়দানে আমল*, দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া, ১৯৪৩ খ্রি. ।

” ” *ইন্তেখাবে আফসানা*, লক্ষ্মৌঃ উত্তর প্রদেশ উর্দু একাডেমি, ১৯৯২ খ্রি. ।

” ” *সুজ ওয়াতন*, এলাহাবাদঃ তাহজীব নো পাবলিকেশনার, পৃ. ১৯৮০ খ্রি. ।

সৈয়দ, মুহাম্মদ আজিম *প্রেমচাঁদ কা ফন্নী ও ফিকরি মুতালি'আ*, দিল্লীঃ উত্তর প্রদেশ উর্দু একাডেমি, ১৯৮৪ খ্রি. ।

আফরাহিম, সগির *উর্দু আফসানা তারাক্কি পছন্দ তাহরিক সে ক্বাবল*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৯১ খ্রি. ।

রেজা, জাফর *প্রেমচাঁদ অওর তা'মির এ ফন*, এলাহাবাদঃ সাবিস্তার এশাহাগঞ্জ, ১৯৯৯ খ্রি. ।

সিদ্দিকী, ড. জহির আলী *আফসানে কে মি'মার*, দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৯২ খ্রি. ।

বিধাভান, জগদীশ চন্দ্র *কৃষণ চন্দ্র শাখছিয়্যাত অওর ফন*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৯৩ খ্রি. ।

খুল্লার, কে কে *উর্দু নাবেল কা নিগার খানা*, নয়াদিল্লীঃ সীমানাত প্রকাশন, ১৯৮৩ খ্রি. ।

হায়াত ইফতেখার এম. এ. *কৃষণ চন্দ্র কে নাবেলোঁ মে তারাক্কি পছন্দি*, লক্ষ্মৌঃ নাসিম বুক ডিপো, ১৯৮২ খ্রি. ।

ওকার আজীম *দাস্তান সে আফসানে তক*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০৩ খ্রি. ।

ফারুকী, ড. মুহাম্মদ আহসান *উদু নাবেল কি তানক্বীদী তারিখ*, লক্ষ্মৌঃ ইদারায়ে ফুরুগে উর্দু, ১৯৬২ খ্রি ।

আহমেদ, আজীজ *তারাক্কি পছন্দ আদব*, দিল্লীঃ চমনবুক ডিপো, উর্দু বাজার, তা. বি. ।

কৃষণচন্দ্র *শিকাস্ত*, দিল্লীঃ মাতবুআ দিল্লী প্রিন্টিং রাকস, তা. বি. ।

” ” *তোফান কী কালিয়া* (বোম্বাইঃ বুক হাউস, ১৯৫০ খ্রি.), 'পেশ লফজ'

” ” *এক আওরাত হাজার দিওয়ানে*, দিল্লীঃ সিরালা বিসুবী সাদি, ১৯৬০ খ্রি. ।

” ” *দিল কি দাদিয়া সোগায়ি*, নয়াদিল্লীঃ বিসুবি সাদী দরিয়াগঞ্জ, ১৯৭৭ খ্রি. ।

” ” *হাম ওহাশী হ্যায়*, বোম্বেঃ কানব পাবলিশার্স লিমিটেড, ১৯৪৯ খ্রি. ।

” ” *উলঝী লাড়কি কালে বাল*, হায়দ্রাবাদঃ আদবী টেস্টবুক ডিপো, ১৯৭০ খ্রি. ।

” ” *তালসিম খেয়াল*, দিল্লীঃ আরাভেলী পাবলিশার্স, ২০০৮ খ্রি. ।

” ” *আনদাতা*, দিল্লীঃ এশিয়া পাবলিশার্স, ১৯৯২ খ্রি. ।

” ” *নজারে*, লাহোরঃ কুতুবখানা আদবী দুনিয়া, ১৯৪০ খ্রি. ।

” ” *জিন্দেগী কে মোড় পর*, দিল্লীঃ এশিয়া পাবলিশার্স, ১৯৭৫ খ্রি. ।

জারিন, সালহা *উর্দু নাবেল কা সমাজি অওর সিয়াসি মুতালি'আ*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ২০০০ খ্রি. ।

আজমী, খলিলুর রহমান *উর্দু মে তারাক্কি পছন্দ আদবী তাহরিক*, আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৮৪ খ্রি. ।

মেহজাবিন, ড. *কৃষণচন্দ্র কি নাবেল নিগারি অওর নিসায়ি কিরদার*, নয়াদিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০০৮ খ্রি. ।

অশোক, প্রেমপাল *সরশার এক মুতালি'আ*, দিল্লীঃ আজাদ কিতাব ঘর, ১৯৬৪ খ্রি. ।

” ” *রতন নাথ সরশার হায়াত, শাখছিয়্যাত অওর কারনামে*, দিল্লীঃ তারাক্কি উর্দু ব্যুরো, ২০০০ খ্রি. ।

হুসাইন, ড. সৈয়দ লতিফ *রতন নাথ সরশার কি নাবেল নিগারি*, করাচীঃ আঞ্জুমান তারাক্কি উর্দু, ১৯৬১ খ্রি. ।

মুরতাজী, সৈয়দ সাফী *হামারে নসর নিগার, লক্ষ্মৌঃ নাসিম বুক ডিপো, ১৯৭৪ খ্রি. ।*

লক্ষ্মৌবী, রতন নাথ সরশার *ফাসানায়ে* আজাদ,নয়াদিল্লীঃ তারাক্কি উর্দু ব্যুরো, ১৯৮৬ খ্রি. ।

” ” *জামে সরশার, করাচীঃ মাকতুবায়ে আসলুব, ১৯৬১ খ্রি. ।*

” ” *সায়রে কোহসার*, ১ম খণ্ড, লক্ষ্মৌঃ মুন্সী নওল কিশোর, ১৯৩৪ খ্রি. ।

” ” *কামিনী*, লক্ষ্মৌঃ নাসিম সাজটপো, তা. বি. ।

” ” *তুফান বেতামিযি*, ১ম খণ্ড, লক্ষ্মৌঃ মাতবুআ শাম আউধ, তা. বি. ।

আলবী, ওয়ারেশ *রাজেন্দ্র সিং বেদি, দিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৮৯ খ্রি. ।*

আশরাফী, প্রফেসর ওহাব *রাজেন্দ্র সিং বেদি কি আফসানা নিগারি*, দিল্লীঃ এডুকেশনাল পাবলিসিং হাউস, ২০০১ খ্রি. ।

গীয়ানচাঁদ, প্রফেসর *উপেন্দ্র নাথ অশোক*, দিল্লীঃ এডুকেশনাল বুক হাউস,

২০০ খ্রি. ।

” ” *রামলাল মেরী নজর মে*, লক্ষ্মৌঃ মাহনামা নয়া দুর, ১৯৯৬ খ্রি. ।

চন্দন, গুরবচন *জমনাদাস আখতার শাখছিয়্যাত অওর আদবি ও সাহাফতি খেদমত*, দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৯৬ খ্রি. ।

নরায়ণ, প্রফেসর গোপীচাঁদ *বালুনাথ সিং কে বেহতেরিন আফসানে*, দিল্লীঃ সাহিত্য একাডেমি, ১৯৯৫ খ্রি. ।

” ” *হিন্দুস্তান কে উর্দু মুসন্নেফীন অওর শু'আরা*, দিল্লীঃ উর্দু একাডেমি, ১৯৯৬ খ্রি. ।

” ” *উর্দু আফসানা রেওয়ায়াত অওর মাসায়েল*, দিল্লীঃ এডুকেশনাল পাবলিসিং হাউস, ২০১৩ খ্রি. ।

” ” *হিন্দুস্তান কী তাহরিক আজাদি অওর উর্দু শায়েরী*, নয়াদিল্লীঃ 'ফুরুগে উর্দু জবান, ২০০৩ খ্রি. ।

” ” *ফেরাক গোরাখপুরী শায়ের নক্কাদ, দানেশওর*, নয়াদিল্লীঃ সাহিত্য একাডেমি, ২০০৮ খ্রি. ।

” ” *হিন্দুস্তান কে উর্দু মুসন্নেফীন অওর শু'আরা*, দিল্লীঃ উর্দু একাডেমি, ১৯৯৬ খ্রি. ।

নাকবী, ইমাম মর্তুজা *উর্দু আদব মে শিখোঁ কা হিস্‌সা*, দিল্লীঃ কোহিনুর প্রেস, ১৯৭০ খ্রি. ।

আবিদ, কৃষণ গোপাল *বুন্দ অওর সমুন্দর*, দিল্লীঃ প্রিন্টিং ওয়ার্কস, ১৯৬৫ খ্রি. ।

নুরশাহ *জম্মু কাশ্মির কে উর্দু আফসানা নিগার*, কাশ্মিরঃ মিজান পাবলিশার্স, ২০১১ খ্রি. ।

আরা, নাসিম *উর্দু মুখতাছার আফসানে কা ইর্তেকা*, এলাহাবাদঃ তাজ অফসেট প্রেস, ১৯৮৫ খ্রি. ।

সাগর, রমানন্দ *অওর ইনসান মর গিয়া*, বোম্বেঃ নো হিন্দ পাবলিশার্স লিমিডেট, ১৯৪৮ খ্রি. ।

সরোরী, প্রফেসর আব্দুল কাদের *কাশ্মির মে উর্দু*, শ্রীনগরঃ জম্মু ইন্ড কাশ্মির একাডেমি, ১৯৮৪ খ্রি. ।

সেলিম, মাজহার *সুরেন্দর প্রকাশ শাখছিয়্যাত অওর ফন*, মুম্বাইঃ তাকমিল পাবলিকেশন্স, ২০১৪ খ্রি. ।

দিলীপসিং *দিল দরিয়া, নয়াদিল্লীঃ শানে হিন্দ পাবলিকেশন্স, ১৯৯২ খ্রি. ।*

হুসেইন, মীর্জা জাফর *বিসুবি সাদী কে বা'জ লাক্ষৌবী আদিব*, লক্ষ্মৌঃ উত্তর

প্রদেশ উর্দু একাডেমি, ১৯৭৮ খ্রি. ।

আফাক, জহীর — *রাম লাল কী আফসানা নিগারী*, নয়াদিল্লীঃ শানে হিন্দ পাবলিশার্স, ১৯৯২ খ্রি. ।

রুবানী, আবু জহীর — *জোগিন্দর পাল কি আফসানা নিগারি*, দিল্লীঃ এডুকেশনাল পাবলিসিং হাউস, ২০১৫ খ্রি. ।

বিক্রম, নন্দ কিশোর — *হানস রাজ রাহবার কে আফসানে*, দিল্লীঃ সঞ্জু অফসেট প্রিন্টিংস, ২০১৩ খ্রি. ।

হুসাইন, ড. মোহাম্মদ শাহেদ — *ড্রামা ফন অওর রেওয়ায়াত*, দিল্লীঃ এডুকেশনাল পাবলিসিং, ১৯৯৪ খ্রি. ।

সাবেহ, ড. শাহনাজ — *উর্দু ড্রামা আজাদি কে বা'দ*, লক্ষৌঃ নসরত পাবলিশার্স, হায়দারী মার্কেট আমিন আবাদ, ২০০৩ খ্রি. ।

উদ্দীন, ড. জহুর — *হাকিকত নিগারি অওর উর্দু ড্রামা*, দিল্লীঃ সীমানাত প্রকাশন, ১৯৮৪ খ্রি. ।

অশোক, উপেন্দ্র নাথ — *তোলিয়ে*, এলাহাবাদঃ নয়া ইদারা, ১৯৭৯ খ্রি. ।

” ” — *পড়োসন কা কোট, এলাহাবাদঃ নয়া ইদারা, ১৯৮৫ খ্রি. ।*

বেদি, রাজেন্দ্রসিং — *সাত খেল, নয়াদিল্লীঃ মাকতুবায়ে লিমিটেড, ১৯৮১ খ্রি. ।*

” ” — *বেজান চীজেঁ, লাহোর: পাঁচদরিয়া নিসবত রোড, ১৯৪৩ খ্রি. ।*

সিং, দিলীপ — *মোম কী গুড়িয়া*, নয়াদিল্লীঃ শানে হিন্দ পাবলিকেশন্স, ১৯৯২ খ্রি. ।

ললিত, ড. শাবাব — *কলম কারিশ্মে*, নয়াদিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০১৩ খ্রি. ।

ফাতেমা নাসির, ড. ফেরদোসী — *মুখতাছার আফসানা কা ফন্নী তাজজিয়া*, দিল্লীঃ আঞ্জুমানে তারাক্কি উর্দু, ১৯৭৫ খ্রি. ।

জমশেদপুরী, ড. আসলাম — *উর্দু আফসানা তা'বিদ ও তানক্বিদ*, নয়াদিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০০৬ খ্রি. ।

” ” — *তারাক্কি পছন্দ উর্দু আফসানা অওর চান্দ আহাম আফসানা নিগার*, দিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০০২ খ্রি. ।

রেহানা খান, ড. নিগহাত — *উর্দু মুখতাছার আফসানাঃ ফন্নী ও তেকনিকী মুতালি'আ*, দিল্লীঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৮৬ খ্রি. ।

মিত্তল, প্রেম গোপাল — *প্রেমচাঁদ কে সো আফসানে*, নয়াদিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০০৮ খ্রি. ।

কুরেশী, ড. ওয়াজেদ — *প্রেমচাঁদ কে আফসানোঁ মে হাকীকত কা আমল*, নয়াদিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ২০০৩ খ্রি. ।

সাদিক, ড. — *তারাক্কি পছন্দ তাহরিক অওর উর্দু আফসানা*,দিল্লীঃ উর্দু মজলিস, ১৯৮১ খ্রি. ।

শাহীন, ফারজানা — *উর্দু কে নুমায়েন্দাহ আফসানা নিগার*, কলকাতাঃ ডায়মন্ড আর্ট প্রেস, ২০০৯ খ্রি. ।

আজমি, ড. শফিক — *কৃষণচন্দ্র কি আফসানা নিগারি*, গোরাখপুরঃ ইনসিয়েট প্রেস, ১৯৯০ খ্রি. ।

মানজার, শাহজাদ — *কৃষণচন্দ্র কে দাস বেহতেরিন আফসানে*, দিল্লীঃ বুক কর্পোরেশন, ২০০৪ খ্রি. ।

আজীম, ওকার — *নয়া আফসানা*, আলীগড়ঃ এডুকশনাল বুক হাউস, ১৯৮২ খ্রি. ।

হুসেন, ড. মোহাম্মদ — *কৃষ্ণচন্দ্র নাম্বার শায়ির শুমার* ৩-৪, বোম্বেঃ কাসরুল আদব, ১৯৭৭ খ্রি. ।

আসকরী, মুহাম্মদ হুসাইন — *কৃষণচন্দ্র নাম্বার শায়ের শুমারা* ৩-৪, বোম্বেঃ কাসরুল আদব, ১৯৬৭ খ্রি. ।

বেদি, রাজেন্দ্র সিং — *আপনে দুখ মুঝে দে দো*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৯৭ খ্রি. ।

” ” — *গ্রহণ*, লাহোরঃ মাকতুবায়ে উর্দু, তা.বি. ।

সিদ্দিকী, আকবর উদ্দিন — *প্রেমচাঁদ অওর উন কি আফসানা নিগারি*, হায়দ্রাবাদঃ আঞ্জুমানে তিলসানীন উসমানীয়াবাগ, ২০০৩ খ্রি. ।

নাদবী, হামিদুল্লাহ — *উর্দু কে চান্দ নামওয়ার আদীব অওর শায়ের*, দিল্লীঃ মডার্ণ পাবলিসিং হাউস, ১৯৯৫ খ্রি. ।

খান্না, ভারতচাঁদ — *তেরে নিমকাশ*, হায়দ্রাবাদঃ জিন্দা দেলানে, ১৯৭২ খ্রি. ।

নিরোলা, শামশীর সিং — *জালে*, দিল্লীঃ বারকী প্রেস, তা.বি. ।

বার্মা, বিলরাজ — *ইয়াদোঁ কে ঝারোকে*, দিল্লীঃ উর্দু একাডেমি, তা.বি. ।

মেহদি, প্রফেসর সুগরা — *উর্দু আদব মে দিল্লী কী খাতুন কা হিস্‌সা*, দিল্লীঃ উর্দু একাডেমি, ২০০৬ খ্রি. ।

টালা, মানিক — *গুনাহ কা রেস্তা*, আলীগড়ঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড, ১৯৭৪ খ্রি. ।

আখতার, আজীম — *বিসুবি সাদী কে শু'আরায়ে দিল্লী*, ২য় খণ্ড, দিল্লীঃ উর্দু একাডেমি, তা. বি. ।

সিং, অমর — *তৈয়ারি*, দিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিডিটেড, ১৯৮০ খ্রি. ।

গোস্বামী, সাবিত্রী — *দরদ কে ফাসলে, পুনেঃ আসবাক পাবলিকেশন্স, ২০১৪ খ্রি. ।*

সুজ, নরেন্দ্রনাথ	*আফক কে উস পর*, নয়াদিল্লীঃ আনিস অফসেট প্রিন্টার্স, ১৯৯৯ খ্রি. ।
হুদা, সরোয়ারুল	বিলরাজ *মিনরা কা এক না তামাম সফর*, দিল্লীঃ আরশিয়া পাবলিকেশন্স, ১৯৯৫ খ্রি. ।
সুরী, বিজয়	*এক নাও কাগজ কি*, নায়াদিল্লীঃ অজয় পাবলিশার্স, ১৯৬৫ খ্রি. ।
বখশ, বিলরাজ	*এক বুন্দ জিন্দেগী*, জম্মু ও কাশ্মিরঃ আওশীন পাবলিসিং হাউস, ২০১৪ খ্রি. ।
কোরেশী, ইমারান	*বাংগাল মে উর্দু আফসানা আগাজ তা হাল*, ১ম খণ্ড, আসানসোলঃ তানবীর বুকডিপো, ২০১৩ খ্রি. ।
সিং, দিলীপ	*গোশে মে কফস কে*, নয়াদিল্লীঃ নয়ী আওয়াজ, ১৯৯২ খ্রি. ।
নুরী, ফাহিম উদ্দিন	*ফনে মাজমুন নিগারি*, দিল্লীঃ আল ইমান বুকডিপো, তা. বি. ।
দেহলবী, আল্লামা আখলাক	*মাজমুন নিগারি*, দিল্লীঃ আঞ্জুমানে তারাক্কি উর্দু, ১৯৬৮ খ্রি. ।
কাদরী, ড. সৈয়দ আহমদ	*উর্দু সাহাফত বিহার মে*, বিহারঃ মাকতুবায়ে গোশীয়া, ২০০৩ খ্রি. ।
খোরশেদ, আব্দুস সালাম	*ফনে সাহাফত*, করাচীঃ আঞ্জুমানে তারাক্কি উর্দু, ১৯৬৪ খ্রি. ।
নদোবী, নূরুল ইসলাম	*রেহনুমায়ে সাহাফাত*, পাটনাঃ প্রিন্ট মিডিয়া, ২০১২ খ্রি ।
দেহলবী, আনওয়ার আলী	*উর্দু সাহাফাত*, দিল্লীঃ উর্দু একাডেমি, ২০০০ খ্রি. ।
ভট্টাচার্য, শান্তি রঞ্জন	*বাঙ্গাল মে উর্দু সাহাফাত কী তারিখ*, কলকাতাঃ মাগরেবি বাঙ্গাল উর্দু একাডেমি, ২০০৩ খ্রি. ।
মাসবাহী, ড. আফজাল	*উর্দু সাহাফাত আজাদি কে বা'দ*, দিল্লীঃ আরশিয়া পাবলিকেশন্স, ২০১৩ খ্রি. ।
জাফরী, ড. সৈয়দ আখতার	*আগ্রা মে উর্দু সাহাফাত*, আগ্রাঃ মীর্জা গালিব রিসার্চ একাডেমি, ২০১৪ খ্রি. ।
খান, এম. জিব	*প্রফেসর জগন্নাথ আজাদ শাখছিয়্যাত অওর আদবী খেদমত*, নয়াদিল্লীঃ মাকতুবায়ে জামিয়া লিমিটেড-জামিয়া নগর, ১৯৯৪ খ্রি. ।
আজীম, সৈয়দ ওকার	*হামারে আফসানা নিগার*, রামপুরঃ সাউলাত পাবলিক লাইব্রেরী, ১৯৩৫ খ্রি. ।
সিদ্দিকী, আজীম আলশান	*আফসানা নিগার প্রেমচাঁদ তানক্বীদী ও সমাজী মুহাকুমা*, দিল্লীঃ এডুকেশনাল পাবলিসিং হাউস, ২০০৬ খ্রি. ।
	ইন্তেখাবে মাঞ্জুমাত, ২য় খণ্ড, লক্ষ্মৌঃ উত্তর প্রেস উর্দু একাডেমি, ১৯৯৭ খ্রি. ।

বাংলাগ্রন্থ

অনীক মাহমুদ, *বাংলা কথা সাহিত্যে শওকত ওসমান*, রাজশাহীঃ ইউরেকা বুক হাউস, ১৯৯৫ খ্রি. ।

নারায়ণ গঙ্গোপাধ্যায়, *সাহিত্যে ছোটগল্প*, কলিকাতাঃ ডি.এম লাইব্রেরী, ১৩৭৪ বাং. ।

গুপ্ত, প্রদীপ দাশ *প্রেমচাঁদ শত বার্ষিকী সংকলন*, কলিকাতাঃ অন্বেষা, ১৯৮২ খ্রি. ।

ইংরেজিগ্রন্থ ও লিংক

১. E. M Forster, *Aspects of the novel* (London: 1962), p. 34.
২. William Henry Hudson, *A Introduction truth study of Literature* (london: Grorge G. Harrapand, Co. Ltd. 1949), p. 236.
৩. Urduchannel.in/firaq-ki-infradiat-abdulbari-qasmi/
৪. rekhta.org/poets/suraj-narayan-mehr/profile? lang-ur
৫. Pervezahmedazmi.blogspot.com/20/3/03/chakbast-ke-kalaam-me-manzar-o-jazbat-19.htm/
৬. www.jahahe-urdu.com/chakbast-patiiot-urdu-poet/
৭. Urdunotes.com/lesson/masnavi-gulzar-e-naseemkhulasa-in-Urdu/
৮. https://www.mukaalma.com/90293/
৯. hamariweb.com/articles/72442
১০. http://www.punjnud.com/viewpage.aspx?Book ID=4423&BookpageID=113321& BookpageTitle=Fasana%20Azad
১১. Urdulinks.com/Urj/?P=3263
১২. www.sheroadab.org/20/8/4/07/blog-past-19. html
১৩. Urdunotes com/lesson/munshi-premchand-ki-afsana-nigari-in Urdu
১৪. dawnnews. tv/news/1053525
১৫. WWW.qaumiawaz.com/literature/rad-story-Jamun-ka-ped-which-is-now-excluded-from-icse-syllabus
১৬. http://urdufiction.com/mazamin.detail?zid=OTM=
১৭. Urdulinks.com/Urj//?p=1768
১৮. bn.wikipedia.org/wiki/প্রবন্ধ
১৯. britannica.com/art/essay
২০. bn.wikipedia.org/wiki/সংবাদ
২১. bn.wikipedia.rog/wiki/journalism
২২. http://www.urdulinks.com/urj/?p=1598

পত্রিকা

অরণী, আখতার *শায়ের কৃষণ চন্দ্র নাম্বার*, বোম্বেঃ কাসরুল আদব, ১৯৬৭ খ্রি. ।

বিবাক, হারুন বি এ. গুলশান খান্না নাম্বার ০৫৯, আগ্রাঃ সাব্বির সাতীর কম্পাউন্ড, ২০১১ খ্রি. ।

জাফরী, সৈয়দ জামির চাহার সোঃ অনিল ঠাকুর নাম্বার ২০, রাওয়ালপিন্ডিঃ ফয়জুল ইসলাম প্রিন্টিং প্রেস, ২০১১ খ্রি. ।

সিং, রতন *চাহার সো নাম্বার*-১৯, রাওয়ালপিন্ডিঃ ফজল ইসলাম প্রিন্ট, ২০১০ খ্রি. ।

বেগ, মীর্জা হামিদ *শায়ের কে হাম আছর উর্দু আদব নাম্বার শায়ির* (৯৭-৯৮), আলীগড়ঃ এডুকেশনাল বুক হাউস, ১৯৭৬ খ্রি. ।

থিসিস

করিম, ড. মোঃ রেজাউল *মুন্সী প্রেমচাঁদের উপন্যাস বিষয় ও শিল্পরূপ*, ঢাকাঃ আবিষ্কার, ২০১৪ খ্রি. ।

উদ্দীন, ড. মোঃ নাসির *আলতাফ হুসাইন হালীঃ উর্দু সাহিত্যে তাঁর অবদান*, পিএইচ.ডি থিসিস, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২০১১ খ্রি. ।

উর্দু সাহিত্যে অমুসলিমদের অবদান

(CONTRIBUTION OF NON-MUSLIMS IN URDU LITERATURE)

সারসংক্ষেপ

উর্দু একটি জনপ্রিয় ও বহুল ব্যবহৃত ভাষা। তবে অনেকে মনে করেন উর্দু কেবল মুসলমানদের ভাষা। আসলে তা সত্য নয়, ভাষার কোন ধর্ম নেই। সব ভাষায় সকল ধর্মের মানুষ কথা বলতে, লিখতে ও জ্ঞান চর্চা করতে পারে। যেমন আরবি সমগ্র বিশ্বের মুসলমানদের মাতৃভাষা হতে পারে না। সংস্কৃত বিশ্বজুড়ে হিন্দুদের ভাষা হতে পারে না। কোন ভাষার উপর কোন ধর্মের একচেটিয়া কোন অধিকার নাই। কোন ভাষার উন্নতি হওয়ার পূর্ব শর্ত হলো তার সাধারণ গ্রহণযোগ্যতা। উর্দু সাহিত্যে মুসলমানরা যেমন অবদান রেখেছেন অমুসলিমরা তেমনি অবদান রাখার চেষ্টা করেছেন। উর্দু কবিতা হোক বা গদ্য, সমালোচনা বা গবেষণা, রসিকতা সাহিত্য, প্রতিটি ক্ষেত্রে অমুসলিম লেখকরা জড়িত রয়েছেন। মুসলমান সম্প্রদায়ের পাশাপাশি উর্দু সাহিত্যের উন্নতি, বিকাশ, অগ্রগতি এবং প্রচারে হিন্দু, খ্রিস্টান, শিখ, জৈন ইত্যাদি সম্প্রদায়ের লোকেরাও বিশেষ অবদান রেখেছেন। স্বাধীনতার আগে উর্দু ছিল অমুসলিমদের একটি বিশাল জনগোষ্ঠীর চিন্তাভাবনা ও মনের ভাব প্রকাশের সৃজনশীল মাধ্যম। কবিতা বা গদ্যই হোক, সমস্ত অমুসলিম লেখকদের দীর্ঘ তালিকা রয়েছে। যাদের সৃজনশীল প্রচেষ্টা উপেক্ষা করা যায় না। তারা সাহিত্যের বিভিন্ন শাখায় বিচরণ করেছেন।

গজল উর্দু কাব্যসাহিত্যের একটি জনপ্রিয় শাখা। এই শাখায় যে অমুসলিম কবি বিশেষ অবদান রেখেছেন তিনি হলেন- ব্রজ নারায়ণ চাকবাস্ত। তিনি উর্দু কাব্যসাহিত্যের ইতিহাসে একজন জাতীয় কবি। তিনি উর্দু গজলে যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছেন। তিনি ১৮৯৪ খ্রিস্টাব্দে সর্বপ্রথম গজল রচনা শুরু করেন যা ১৯০৮ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল।তারপর থেকে তিনি একটানা বহু উৎকৃষ্ট গজল রচনা করেন। তার গজলের বিষয়বস্তু ছিল বেশির ভাগই দেশপ্রেম। তিনি দেশকে ছাড়া কোন কিছুই ভাবতে পারতেন

না। দেশের মাটি ও মানুষ সবই তার কাছে আপনজন। সে কারণে তিনি দেশকে নিয়ে অনেক গজল রচনা করেছেন।

অধ্যাপক জগন্নাথ আজাদ অন্যতম সম্মানিত বিশেষজ্ঞ হলেও তিনি একজন সুপরিচিত গজলকার। জগন্নাথ আজাদ অতি অল্প সময়ের মধ্যে গজলে জনপ্রিয়তা অর্জন করেছেন। জগন্নাথ আজাদ যে সময়ে গজল লিখতে শুরু করেন, সে সময় শুধু রাজনৈতিক ও সামাজিক অবস্থা ছিল না সাহিত্যের অবস্থানও বর্তমান ছিল। ওই সময়ে কবিগণ সমাজের বাস্তব চিত্র ও দুঃখের বিষয়ে গজল রচনা করতেন। আজাদ এ বিষয়ে কিছু একমত ছিলেন; কিন্তু তার গজলে প্রেমের বিষয়টি সুন্দরভাবে চিত্রায়িত হয়েছে।

উপরে আলোচিত কবিগণ ছাড়া আরো অনেক অমুসলিম কবি ছিলেন, যারা উর্দু গজলে বিশেষ অবদান রেখেছিলেন। তারা হলেন- আনন্দ নারায়ণ মোল্লা, পণ্ডিত মেলা রাম ওফা, সুরুজ নারায়ণ মেহের, তিলোকচাঁদ মাহরুম, পারভেজ প্রকাশ নাথ, বেইতাব আলীপুরী রমানন্দ, ফেরাকী দরিয়াবাদী, জাযব পণ্ডিত বাখুন্দর রাও, জোশ বাদীউনী রাধারমন, জাওহার বাজনূরী চন্দর প্রকাশ, সাহেব হোসিয়ারপুরী ওম প্রকাশ, ছাবের আবুহরী সরদার রাম, শয়দা ইবনালুবী বেনারসী দাস, ক্রিষনলাল মোহন, নানক লক্ষ্ণৌবী প্রমুখ।

ফেরাক গোরাখপুরীর কবিতা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। কারণ তার পিতা ছিলেন একজন কবি। শৈশবকাল থেকে তিনি কবিতা মেজাজে ছিলেন। তবে ফেরাক ১৯১৮ খ্রি. থেকে ১৯১৯ খ্রিস্টাব্দের মধ্যে আনুষ্ঠানিকভাবে নজম লিখা শুরু করেন। তিনি অসীম জ্ঞান সৃষ্টিকারী কবিতার কবিদের মধ্যে অনন্য হিসেবে গণ্য হন। ফেরাক গোরাখপুরী গজল বাদে কবিতার আরেকটি শাখায় বিশেষ খ্যাতি অর্জন করেন তা হলো নজম। এই শাখায় ফেরাক গজলের মতই সুপরিচিত হন। ফেরাক প্রেমমূলক, প্রাকৃতিক দৃশ্য, রাজনৈতিক, ঐতিহাসিক এবং জীবনীমূলক বিষয়ে কবিতা লিখেছেন।

তিলোকচাঁদ মাহরুম উর্দু সাহিত্যের দুনিয়ায় নিজের জায়গা তৈরি করেছেন কবিতার মাধ্যমে। মাহরুম প্রকৃতপক্ষে একজন নজমের কবি। মাহরুম কবিতার জন্য পুরো

পৃথিবীতে খ্যাতি অর্জন করেছেন। তার খ্যাতি ও সম্মান কাব্যসাহিত্যের মাধ্যমে পুরো পৃথিবীতে বিস্তার লাভ করেছে। তিনি আখলাকী, সামাজিক, রাজনৈতিক, মাজহাবী, দেশ, জাতীয় এবং বাচ্চাদের বিষয়ে কবিতা রচনা করেছেন। মাহরুম সৌন্দর্য সন্ধানী একজন কবি। তার লিখায় সৌন্দর্য একটি বিশেষ বৈশিষ্ট্য। উর্দু নজমে দৃশ্যের বর্ণনা সবচেয়ে বেশি দেখা যায়।তিনি প্রাকৃতিক দৃশ্যের উপর অনেক সংবেদনশীল। তিনি গ্রামে বাস করতেন, তাই তার কাছে চিত্রের বর্ণনা খুব সহজেই আসে। তার বেশিরভাগ নজমই প্রাকৃতিক দৃশ্য বা চিত্রাবলীর উপর চিত্রায়িত হয়েছে।

উপরে উল্লেখিত কবিগণ ছাড়া উর্দু নজমে সে সকল অমুসলিম কবিগণ অসামান্য অবদান রেখেছেন, তারা হলেন- ফেরাক গোরাখপুরী, আনন্দ নারায়ণ মোল্লা, সত্বীয়াপাল আনন্দ, ব্রজ মোহন দাতাতারিয়া কাইফী, চৌধুরী জগত মোহন রাওয়ান, পণ্ডিত মেলা রাম ওফা, পণ্ডিত বদরীনাথ সুদর্শন, সুরজ নারায়ণ মেহের প্রমুখ।

মছনবী কাব্যসাহিত্যে বহু সংখ্যক অমুসলিম কবি অসাধারণ অবদান রেখেছেন। তাদের মধ্যে অন্যতম হলেন- পণ্ডিত দয়া শংকর নাসিম। তার আসল নাম পণ্ডিত দয়া শংকর এবং উপাধি নাম নাসিম। তার পিতার নাম পণ্ডিত গংগা পরশাদ কোল যিনি লক্ষ্মৌতে বসবাস করতেন। তিনি ১৮৪৫ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন। তিনি گلزار نسیم(গুলজারে নাসিম) মছনবীটি রচনা করে বিখ্যাত হয়েছেন। 'গুলজারে নাসিম' মছনবী পণ্ডিত দয়াশংকর নাসিমের একটি প্রেমের কবিতা। এই কবিতার মূল গল্পটি ১৭২২ খ্রিস্টাব্দে এজাতুল্লাহ বাঙ্গালী ফারসি ভাষায় 'কাসন গুল বাকাওলী' নামে তৈরি করেছিলেন। তৃতীয় বারের মতো পণ্ডিত দয়াশংকর নাসিম উর্দু কবিতাটি পরিবেশন করেছিলেন এবং ১৯৩৯ খ্রিস্টাব্দে এটি 'গুলাজারে নাসিম' মছনবী হিসাবে উপস্থাপন করেছেন।

উপরে আলোচনা করা হয়েছে এমন কবি ছাড়া মছনবী সাহিত্যে যারা অশেষ অবদান রেখেছেন তারা হলেন- আশফাত পণ্ডিত অমরনাথ, আশোক প্রেমপাল দেহলবী, আমীর মুন্সী জাওলা শঙ্কর, ইনতেজার মুন্সী পুরাণচাঁদ, আঞ্জুম মুন্সী গীরধারী লাল, মুন্সী সুরজ

বখশ, বারক মুন্সী জাওলা প্রসাদ, শিয়াম সুন্দরলাল, বাশাশ মুন্সী দেবী প্রসাদ, বাহার মুন্সী বাঙ্গে বিহারী লাল, বেইতাব মুন্সী জোগীশর নাথ, বেদাল মুন্সী বাহারী লাল, মুন্সী গুণ্ডদয়াল, মুন্সী রাম সাহায়ে, জিগর শিয়াম মোহনলাল, জিনু চন্দ্রকা প্রসাদ, জোহার রায়ে জোহার সিং, মুন্সী বামন লাল, চমন মুন্সী রাং লাল, চমন মুন্সী সাদী লাল লক্ষ্ণৌ, চমন মুন্সী সীতাপ্রসাদ, হাযীন মুন্সী গোপাল, হায়বত পণ্ডিত আজুধী প্রসাদ, খর্দ মুন্সী রাজা রাম, খাস্তা মুন্সী জয়নাল, মুন্সী জগন্নাথ লাল খোশতার, বাবু আমর সিং খুশগু, লালা ভাজুয়াল সিং বাহাদুর, মুন্সী শংকর দাস, দৌলত সিং, বিলাজী তাবক যারাহ, বালুয়ান সিং বাহাদুর, মুন্সী ভাগোনাথ রায় রাহাত, মুন্সী হুব লাল, সারী মাতকাশী গহর, মুন্সী জগোয়াল দয়াল, মুন্সী ললাত প্রসাদ, অমরাও সিং মায়েল, লালা সারী ক্রিষণ, লাল ইবনী প্রসাদ, গোলাব সিং, পণ্ডিত দীনানাথ, মুন্সী লালা জিসবন্ড় রায়, মৌলচাঁদ নেহাল, মুন্সী বাসেসুর প্রসাদ, মেহের দরগা প্রসাদ, জানকী প্রসাদ, মুন্সী নেহাল চাঁদ নেহাল, মুন্সী মনিয়ালাল, মুন্সী খীম নারায়ণ রন্দ,মুন্সী জগৎ মোহন লাল, মুন্সী দেবী প্রসাদ, মুন্সী ইকবাল বারমা, পণ্ডিত রতন নাথ সরশার, মুন্সী খুশী লাল, মুন্সী রামরায়, মুন্সী ভায়ানী প্রসাদ, মুন্সী বাসাওন লাল সাদা, পণ্ডিত পীম নারায়ণ শাকর, পণ্ডিত শিবনাথ কোল, লাঝমন দাস শায়েক, সালিক রাম সালিক, মুন্সী কন্দন লাল শর্মা, মুন্সী বানোয়ারা লাল, মুন্সী লালতা প্রসাদ, মুন্সী লাঝমী নারায়ণ, মুন্সী কানিহা লাল, মুন্সী ছোটাম লাল তারা, মুন্সী দেবী প্রসাদ আবদ, বাবু নোল সিং আজীজ, মুন্সী রাম প্রসাদ, মুন্সী রহকীর প্রসাদ, লালা খোদাবখশ, মুন্সী ভোলানাথ ফারগ, মুন্সী শংকর দয়াল, মুন্সী গোবিন্দ প্রসাদ, মুন্সী প্রভুদয়াল, মুন্সী জোহার লাল প্রমুখ।

দিলগীর লক্ষ্ণৌবী তার সময়ের একজন বিখ্যাত মারছিয়ার কবি। দিলগীর লক্ষ্ণৌবী এর আসল নাম লালা নগুলাল এবং তার উপাধি তারব। তার বাবার নাম ছিল মুন্সী রাসওয়া রাম। তিনি ১৭৮০ খ্রিস্টাব্দে লক্ষ্ণৌতে জন্মগ্রহণ করেন। তিনি ৬৯ বছর বয়সে ১৮৪৭ খ্রিস্টাব্দে লক্ষ্ণৌতে মৃত্যুবরণ করেন। দিলগীর কারবালার শাহাদাত ছাড়াও মুসলিম, ইমাম হুসেন, হযরত আলী, জনাবা ফাতেমা জোহরা (রা.), রাসুলুল্লাহ (সা.), জনাবা সাকিনা

প্রমুখের অবস্থার বিষয়বস্তু নিয়ে মারছিয়া লিখেছেন। দিলগীর ঐ সময়ের বিখ্যাত মারছিয়া কবি ছিলেন। তার সমসাময়িক কবিদের চেয়ে তার কথাটি আর্তনাদে অতুলনীয় শক্তি ছিল এবং তিনি ছিলেন শোকের প্রধান।

গোপীনাথ আমন একজন বড় মাপের মারছিয়ার কবি ছিলেন। তিনি ১৮৯৮ খ্রিস্টাব্দে ১৪ই সেপ্টেম্বর লক্ষ্মৌর এক পাড়া ঘোশ নগরে জন্মগ্রহণ করেন। তার বাবার নাম জনাব মাহাদি প্রসাদ। যিনি উর্দু ও ফারসিতে কবিতা আবৃত্তি করতেন। তিনি ১৯৮৩ খ্রিস্টাব্দে দুনিয়া ছেড়ে চলে যান। আমন এর বাড়িতে সাহিত্যের পরিবেশ ছিল, যাতে তিনি ছোটবেলা থেকেই কবিতা আবৃত্তি করতে পেরেছিলেন। তার রাসুলগণের প্রতি বিশ্বাস উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। চিন্তার প্রক্রিয়াটি তাকে হোসেন ধর্মের ভক্ত করে তুলেছিল। তার অন্তরে মহাবিশ্বের শিক্ষক হযরত আলী এবং আলীর পরিবারের জন্য ভক্তির মোমবাতি জ্বালানো হয়েছিল।

যেসব অমুসলিম কবিগণ মারছিয়া লিখেছেন তাদের মধ্যে দুইজন কবির মারছিয়া আলোচিত হয়েছে। বাকী অমুসলিম মারছিয়া কবিগণ হলেন- জাহিন লক্ষ্মৌয়ী, রাজা উলফাত রায়, রাজাধনপত রায়, গোপীনাথ আমল লক্ষ্মৌয়ী, দিলু রাম, রূপকুমারী, নানক লক্ষ্মৌবী, মুন্নীলাল জোয়ান, ফেরাকী দরিয়াবাদী, ছাবের সেকুয়াবাদী, নাথুনী লাল ওহাসী, লাল রাম প্রসাদ, কানুয়ার সীন মবতার, রাজা গীরধারী প্রসাদ, মহারাজা চান্দুলাল শাদান, লালতা প্রসাদ শাদ, রায়ে সাধুনাথ বালী, কাশেশ্বর প্রসাদ মনোয়ার, মহারাজা বালুয়ান সিং, সোয়ামী প্রসাদ, মাখন, জগন্নাথ আজাদ, ফেরাক গোরাখপুরী, তিলোকচাঁদ মাহরুম প্রমুখ।

উর্দু গদ্যসাহিত্যে প্রেমচাঁদের স্থান অনেক উর্ধ্বে। তিনি তার লেখনীর মাধ্যমে উর্দু গদ্যসাহিত্যে চির স্মরণীয় হয়ে আছেন। তিনি একাধারে উপন্যাস, ছোটগল্প, নাটক, অনুবাদ, প্রবন্ধ, পত্রসাহিত্য দাপটের সাথে লিখে উর্দু গদ্যসাহিত্যকে সমৃদ্ধ করেছেন। তিনি একজন কলম সৈনিকের স্বাক্ষর রেখেছেন। মুন্সী প্রমচাঁদের প্রকৃত নাম ধনপত রায়;

কিন্তু উপন্যাস ও ছোটগল্পের জগতে তিনি প্রেমচাঁদ নামে পরিচিত। তিনি সাহিত্যের মধ্যে দরিদ্র মানুষের কথা বলার চেষ্টা করেছেন। তিনি তার সাহিত্য জীবনে ১৫টি উপন্যাস রচনা করেছেন।তার সাহিত্যে ভারতের রাজনৈতিক ও সামাজিক জাগরণের প্রতিচ্ছবি সুস্পষ্ট হয়ে উঠেছে। তিনি সাহিত্যের মাধ্যমে ভারতের অবহেলিত শোষিত মানুষের জীবনের কথা তুলে ধরার চেষ্টা করেছেন।

উর্দু উপন্যাসের এক উজ্জ্বল নক্ষত্র হলেন সরশার। সরশারের উপন্যাসের বিষয় লক্ষ্মৌর ক্ষয়িষ্ণু মুসলিম অভিজাত শ্রেণি, ক্ষয়শীল সমাজে বিশৃঙ্ক্ষলা, বিলাসিতা, ভীরুতা, জড়তা ও তার পাশপাশি অন্তপুরের সম্ভ্রান্ত নারীদের চারিত্রিক গাম্ভীর্য, স্বামী প্রবণতা ও ঐতিহ্য পরায়ণতা। মুসলিম অন্তপুরের বেগম, সেখানকার দাসী বাদী, বাইরের পতিতা, চুড়ি বিক্রেতা, ধাত্রী, পুরুষদের মধ্যে নবাব, তোষামোদকারী, পণ্ডিত, লুচ্চা, চোর, আফিমখোর এসব বিচিত্র চরিত্রের মানুষ তার উপন্যাসে উপজীব্য বিষয়।

উপরোল্লেখিত ঔপন্যাসিক ছাড়া কৃষণচন্দ্র, রাজেন্দ্র সিং বেদি, উপেন্দ্র নাথ অশোক, জমনা দাস আখতার, বালুনাত সিং, কৃষণ গোপাল আবিদ, ঠাকুর পুঞ্ছি, মহেন্দ্র নাথ, নর সিং দাস নার্গিস, পণ্ডিত বদরীনাথ সুদর্শন, রমানন্দ সাগর, কাশ্মিরী লাল জাকির, তেজ বাহাদুর ভান, মালিক রাম আনন্দ, বিজয় সুরী, জ্যোতিশ্বর পথক, আনন্দ লেহের, দীপক কানুয়াল, দত্ত ভারতী, মোদন মোহন শর্মা, ডক্টর নরেশ, আশা প্রভাত, শরণ কুমার বার্মা, নন্দ কিশোর বিক্রম, সুরেন্দর প্রকাশ, শান্তি রঞ্জন ভট্টাচার্য ,সত্বীয়াপাল আনন্দ, দিলীপ সিং, গুলশান খান্না ,পুষ্করনাথ, অনিল ঠাকুর, কিরণ কাশ্মিরী, জতীন্দ্র বিল্লু, ডা. কেওয়াল ধীর, অমর মাল মুহী, সুব্রত লাল ব্রাক্ষ্মণ, পণ্ডিত কিশণ প্রসাদ কোল, গোবিন্দ প্রসাদ আফতাব, মজলূম কেথালুবী, শংকর স্বরূপ ভাটনাগীর, রামলাল, এম. এম রাজেন্দ, জোগিন্দরপাল, এম কে মেহতাব, রতন সিং, মোহন ইয়াবার, রামকুমার আবরুল, তাজুর সামরি, প্রেমনাথ পর দেশী, হানস রাজ রাহবার প্রমুখ অমুসলিম সাহিত্যিকগণ সার্থক উর্দু উপন্যাস রচনা করেন।

উর্দু গদ্য সাহিত্যে উপেন্দ্র নাথ অশোক একজন অনন্য সৃষ্টিশীল সাহিত্যিক। তিনি উপন্যাস ও ছোটগল্পে অসামান্য অবদান রেখে উর্দু গদ্য সাহিত্যকে সামনের দিকে এগিয়ে নিতে যৎসামান্য ভূমিকা পালন করেছেন। উর্দু নাটকেও তার অবদান কম নয়। তিনি অনেকগুলো নাটক লিখে উর্দু গদ্য সাহিত্যকে সমৃদ্ধ করেছেন।

করতার সিং দাগল ১৯১৭ খ্রিস্টাব্দে ১ মার্চ পাঞ্জাবের রাওয়ালপিন্ডিতে জন্মগ্রহণ করেন এবং ২০১২ খ্রিস্টাব্দে ২৪ জানুয়ারি মৃত্যুবরণ করেন। তার পিতার নাম জীবন সিং দাগল এবং মাতার নাম সতবন্ড় কেরি। প্রাথমিক শিক্ষা তিনি রাওয়ালপিন্ডিতে করেছিলেন এবং পাঞ্জাব বিশ্বদ্যিালয় থেকে এম. এ ডিগ্রী অর্জন করেন। তারপর তিনি অল ইন্ডিয়ার রেডিওতে চাকরি পেয়েছিলেন। সেখানে তিনি পাঞ্জাবি ও অন্যান্য ভাষায় প্রোগ্রাম চালিয়ে যান এবং সে সুবাদে অনেক নাটকও লিখেন। তিনি বিভিন্ন ভাষায় মোট সাতটি নাটক লিখেছেন।

এ ছাড়া অন্যান্য অমুসলিম নাট্য সাহিত্যিকদের মধ্যে ড. স্যামুয়েল, ব্রজ মোহন দাতাতারিয়া কাইফী, পণ্ডিত কিশন প্রসাদ কোল, পণ্ডিত বদরীনাথ সুদর্শন, গোবিন্দ প্রসাদ আফতাব, প্রেমনাথ পরদেশী,তাজুর সামরি, শংকর স্বরূপ ভাটনাগীর, রেতী সরণ শর্মা, বিজয় সুমন সুসান, রামকুমার আবরুল, কুমার পাশী, বীরেন্দ্র পাটোয়ারী, উপি শাকির, কুলদ্বীপ রানা, সোমনাথ যাতশী, দিলীপ সিং, অনিল ঠাকুর, জিডাসমী জামুর, দয়ানন্দ কাপুর, সরদারী লাল নাশতর, কাহন সিং জামাল, মনোহরী রায় জম্মুর প্রমুখ উল্লেখযোগ্য।

কৃষণচন্দ্রকে উর্দু সাহিত্যের অন্যতম শীর্ষস্থানীয় বহুমুখী ও প্রভাবশালী ব্যক্তিত্ব হিসেবে বিবেচনা করা হয় যিনি সৃজনশীল অন্তর্দৃষ্টি এবং কল্পনা দিয়ে কথাসাহিত্যের জগতকে আলোকিত করতে, উর্দু কথাসাহিত্যকে নতুন দিগন্ত থেকে রূপ দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এবং প্রশংসনীয় ভূমিকা পালন করেছেন। কৃষণচন্দ্র উর্দু ছোটগল্পের এমন একটি নাম যা

ছাড়া উর্দু ছোটগল্পের ইতিহাস অসম্পূর্ণ থেকে যাবে। কৃষণচন্দ্রকে এশিয়ার সবচেয়ে বড় ছোটগল্পকার বলা হয়ে থাকে।

উর্দু গদ্য সাহিত্যে কিংবদন্তি ছোটগল্পকার হলেন রাজেন্দ্র সিং বেদি। তিনি তার সামাজিক জীবন থেকে কথাসাহিত্য রচনার জন্য তার উপাদান পেয়েছেন এবং সততা ও আন্তরিকতার সাথে সামাজিক চিত্র উপস্থাপন করেন। তিনি তার চারপাশের পরিবেশ থেকে আপাতদৃষ্টিতে তুচ্ছ ঘটনাগুলো তার সাহিত্যে স্থান দিয়েছেন। নিষ্ঠুরতা, নৈতিক মূল্যবোধ লঙ্ঘন, অসততা এবং লালসা, বিনয়ী ও দরিদ্রের সরল জীবন, বহু ঘরোয়া সমস্যা, সামাজিক জীবনের বিভিন্ন পরিস্থিতি ও শর্তসমূহ, যৌনতা ইত্যাদি তার গদ্য সাহিত্যের মূল উপজীব্য বিষয়।

উপরোল্লিখিত অমুসলিম ছোটগল্পকার ছাড়া উর্দু গদ্যসাহিত্যে ছোটগল্প লিখে যারা চিরস্মরণীয় হয়ে আছেন তারা হলেন- উপেন্দ্র নাথ অশোক, পণ্ডিত বদরী নাথ সুদর্শন, গোপাল মিত্তল, দেবীন্দর সত্যরথী, প্রেমনাথ পরদেশী, হানস রাজ রাহবার, ধরম বীর, ভারত চাঁদ খান্না, প্রেমনাথ দর, শামশীর সিং নিরোলা,জমনা দাস আখতার, মহেন্দ্র নাথ, হিম্মত রায় শর্মা, আর্নিস্ট ডি ডী ন, হিরানন্দ সুজ, প্রকাশ পণ্ডিত, বিজয় সুমন সুসান, বিলরাজ বার্মা, সোমনাথ যাতশী, সরলা দেবী, ওম প্রকাশ লাগর, মানিক টালা, ওম কৃষণ রাহাত, বাশিশর প্রদীপ, করম চাঁদ ধীমান, হরচরণ চাওলা, নরেশ কুমার শাদ, খীম রাজ সাগর গুপ্ত, গরদিয়াল সিং আরিফ, বংশী নারদোশ, দেবেন্দ্র ইসসার, বলরাজ কোমল, রাজ কানুয়াল, অমর সিং, কনুর সেন, কিশোরী মনচিন্দা, বলদিব শান্ত, সুরেন্দর প্রকাশ, প্রম প্রকাশ কাহনবী, সাবিত্রী গোস্বামী, নরেন্দ্রনাথ সুজ, কৃষণ বেতাব , ইয়াশ সুরুজ, বেদ রাহী ,আমিশ কোল ,বলরাজ মিনরা, ব্রজ কোতিয়াল, কুমার পাশী, ড. ব্রজ প্রেমী, সতীশ বত্রা, সরদার সরণ সিং, কেদারনাথ শর্মা, বীরেন্দ্র পাটোয়ারী, বিজয় সুরী, মদন মোহন শর্মা, গীরধারী লাল খেয়াল, দিপক কানুল, রাজেন্দ্র বার্মা, উপি শাকির, হারবাঁস গঙ্গোত্রা, বিলরাজ বখশ, দিপক বাদকি, জসবন্ত মানহাস, ইন্দিরা শবনম, দেশ চিত্রাকর প্রমুখ।

উর্দু সাহিত্যে অমুসলিম কবি সাহিত্যিকদের অবদান ছিল অতুলনীয়। তারা তাদের লেখনীর মাধ্যমে সাধারণ মানুষের জীবন এবং তাদের সমস্যাগুলো তুলে ধরেন। তারা গ্রামীণ ও নগর জীবন উভয় থেকে তাদের বিষয় নির্বাচন করেন এবং সমাজের প্রতিটি ক্ষেত্রে তাদের বিচরণ রয়েছে। তাদের লেখনীর মাধ্যমে তারা যেমন গ্রামের চিত্র চিত্রিত করেন, তেমনিভাবে নগরজীবনের চাকচিক্যও তুলে ধরেন। তারা সমাজের প্রতিটি দিক সূক্ষ্ম থেকে সূক্ষ্মভাবে দেখেন। সমাজের অনেক দিক রয়েছে যেগুলো তারা তাদের গদ্য ও কাব্য সাহিত্যে অত্যন্ত নিপুণভাবে তুলে ধরেছেন।